# ঘটনাপঞ্জি

## ২০১৮



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০১৮ • প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

# ঘটনাপঞ্জি-২০১৮

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

**প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)**
**গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ**
৩ সার্কিট হাউস রোড, ঢাকা–১০০০



**প্রকাশক**
**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**প্রথম প্রকাশ**
ডিসেম্বর ২০১৯

**প্রচ্ছদ**
সোহেল আশরাফ খান

**বানান সমন্বয়**
রিয়াজ মো. মনজুরুল হক খান
মো. লুৎফর রহমান

**কম্পিউটার বিন্যাস**
ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

**মুদ্রাকর**
এসোসিয়েটস প্রিন্টিং প্রেস
১৬৪ ডিআইটি এক্সটেনশন রোড
ফকিরাপুল, মতিঝিল, ঢাকা

**মূল্য**
৳ ৪৫০.০০

© পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

---

***Chronology 2018: Significant News Published in the Newspapers of Bangladesh***
Chief Editor: Zafar Wazed, Published by Press Institute Bangladesh (PIB)
3 Circuit House Road, Dhaka-1000.
Price : 450.00 Taka. $ 06 Only
ISBN : 978-989-732-052-6
Phone: 9333403, 9330081-84, Fax: 880-02-48317458
E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে: www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০১৮
## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**

জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**সমন্বয় ও ব্যবস্থাপনা**

ফায়জুল হক
পরিচালক, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ (অতিরিক্ত দায়িত্ব)
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**গ্রন্থনা**

শমশের সৈয়দ

**পাণ্ডুলিপি নিরীক্ষণ**

পপি দেবী থাপা
গবেষক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

# মু|খ|ব|ন্ধ

সময় চলমান, চলে যাওয়া সময়কে ফিরিয়ে আনা যায় না, তা সম্ভবও নয়। কিন্তু আগামীদিনের তথ্যানুসন্ধানীদের কাছে চলে যাওয়া সময়ে ঘটে যাওয়া ঘটনাগুলোর আলাদা গুরুত্ব থেকে যায়। অনেক সময় বর্তমানের প্রয়োজনেই অতীতের কাছে পৌঁছতে হয়। আর এ তথ্য প্রাপ্তির অন্যতম উৎস হতে পারে সে সময়ের সংবাদপত্র।

সংবাদপত্র ঘেঁটে কোন নির্দিষ্ট ঘটনা খুঁজে বের করার কাজটি যথেষ্ট পরিশ্রম সাধ্য। সেই পরিশ্রম কিছুটা লাঘব করতে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) প্রতিবছর দেশ-বিদেশে ঘটে যাওয়া গুরুত্বপূর্ণ ঘটনাগুলোকে দিন-তারিখ-সূত্র অনুযায়ী ঘটনাপঞ্জি নামে গ্রন্থাকারে প্রকাশ করে আসছে। তারই ধারাবাহিকতায় প্রকাশিত হচ্ছে 'ঘটনাপঞ্জি ২০১৮ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'।

আমার বিশ্বাস যে, গ্রন্থটি আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও তথ্যানুসন্ধানী যে কোন ব্যক্তির চাহিদাপূরণে সক্ষম হবে। গ্রন্থটি গ্রন্থনা করেছেন জনাব শমশের সৈয়দ, পাণ্ডুলিপি নিরীক্ষণ করেছেন জনাব পপি দেবী থাপা, সমন্বয় ও ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন জনাব ফায়জুল হক। তাঁদের সকলকে ধন্যবাদ।

**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক



# সূ|চি|প|ত্র


জানুয়ারি ▶৭
ফেব্রুয়ারি ▶৩৫
মার্চ ▶৬০
এপ্রিল ▶৮৯
মে ▶১১৪
জুন ▶১৩৭
জুলাই ▶১৫৬
আগস্ট ▶১৮১
সেপ্টেম্বর ▶২০৬
অক্টোবর ▶২২৬
নভেম্বর ▶২৫০
ডিসেম্বর ▶২৭০
২০১৮ সালের উল্লেখযোগ্য ঘটনাবলি: দেশ-বিদেশে ▶২৯৫
২০১৮ সালে যাদের হারিয়েছি ▶২৯৮

## জানুয়ারি-২০১৮

**১ জানুয়ারি, সোমবার**

- **ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন** ॥ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাসব্যাপী 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা' উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে তৈরি পণ্যের বাজার সম্প্রসারণে আরও নতুন নতুন বাজার খুঁজে বের করার জন্য ব্যবসায়ীদের পরামর্শ দিয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় সর্বোচ্চ শাস্তি দাবি** ॥ ২০০৪ সালের ২১ আগস্ট রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগ আয়োজিত সন্ত্রাসবিরোধী সমাবেশে গ্রেনেড হামলা মামলায় আসামি তারেক রহমান, লুৎফুজ্জামান বাবর, আবদুস সালাম পিন্টুসহ ৪৯ আসামির সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড দাবি করেছে রাষ্ট্রপক্ষ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **নতুন বইয়ের আনন্দে উচ্ছ্বসিত শিক্ষার্থীরা**॥ সারাদেশে লক্ষাধিক স্কুল-মাদ্রাসার লাখ লাখ ছাত্রছাত্রীর হাতে তুলে দেওয়া হলো নতুন পাঠ্যবই। সূত্রঃ যুগান্তর

**২ জানুয়ারি, মঙ্গলবার**

- **সুপ্রিমকোর্ট দিবস** ॥ সুপ্রিমকোর্ট দিবস উপলক্ষ্যে কোর্ট চত্বরে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, রাষ্ট্রের মৌলিক তিনটি অঙ্গ–নির্বাহী, আইন ও বিচার বিভাগ। এদের মধ্যে সুসম্পর্ক ও সমন্বয় খুবই জরুরি। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **তিন মন্ত্রী ও এক প্রতিমন্ত্রীর শপথ** ॥ বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নয়া তিন মন্ত্রী ও এক প্রতিমন্ত্রীকে শপথবাক্য পাঠ করান। নতুন মন্ত্রী হিসেবে শপথ নিলেন নারায়ণ চন্দ্র চন্দ, শাহজাহান কামাল, মোস্তাফা জব্বার ও প্রতিমন্ত্রী রাজবাড়ীর সংসদ সদস্য কাজী কেরামত আলী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **একনেক সভায় ১৬ প্রকল্প অনুমোদন** ॥ অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৫ হাজার ২২০ কোটি ৮৩ লাখ



টাকার ১৬ প্রকল্প চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য প্রকল্প হচ্ছে 'পদ্মার তীর রক্ষায় **১১শ** কোটি টাকার এটি পৃথক প্রকল্প। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **জাতীয় সমাজসেবা দিবস-২০১৮** ॥ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় সমাজসেবা দিবস-২০১৮' উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, প্রত্যেকের কর্মশক্তি ও কর্মদক্ষতাকে কাজে লাগিয়েই দেশের আর্থসামাজিক উন্নয়ন ঘটাতে চাই। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশ** ॥ ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বলেছেন, তাঁর দল নির্বাচনে যাবেই, চাইলেও কেউ তা রোধ করতে পারবে না। তবে শেখ হাসিনা ও এই সংসদের অধীনে নয়। নির্বাচন হতে হবে নিরপেক্ষ সরকারের অধীনে। সূত্রঃ যুগান্তর
- **খালেদা জিয়াসহ ৫৫ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা** ॥ ২০ দলীয় জোটের আহ্বানে দেশব্যাপী লাগাতার হরতাল-অবরোধ চলাকালে ২০১৫ সালের ৩ ফেব্রুয়ারি কুমিল্লা জেলার চৌদ্দগ্রামের জগমোহনপুর এলাকায় একটি নৈশকোচে পেট্রোলবোমা মেরে ৮ যাত্রীকে পুড়িয়ে হত্যা মামলায় স্থানীয় একটি আদালত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ বিএনপি-জামায়াতের কেন্দ্রীয় ও স্থানীয় ৫৫ নেতাকর্মীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **খসড়া ভোটার তালিকা প্রকাশ** ॥ খসড়া ভোটার তালিকা প্রকাশিত। দেশে বর্তমানে ভোটার সংখ্যা ১০ কোটি ৪০ লাখ ৫১ হাজার ৮০৩ জন। নয়া ভোটার তালিকায় যুক্ত হচ্ছেন ৪২ লাখ ৯৪ হাজার ৮৮৯ জন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **আইসিসির রানওয়ে লিডার সাকিব** ॥ আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (আইসিসি) গেল বছরের জন্য সাকিবকে 'আইসিসির রানওয়ে লিডার' ঘোষণা করেছে। সূত্রঃ কালের কণ্ঠ
- **'গোল্ড সাম্বা' পেলেন নেইমার** ॥ বর্ষসেরা ব্রাজিলিয়ান খেলোয়াড়ের পুরস্কার 'গোল্ড সাম্বা' জিতে নিয়েছেন ফুটবল তারকা নেইমার। সূত্রঃ কালের কণ্ঠ

**৩ জানুয়ারি, বুধবার**

- **'জাতীয় মানসিক স্বাস্থ্য আইন-২০১৭'** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে অপরাধ সংঘটনে কোনো মানসিক রোগীকে প্ররোচিত করার দায়ে কঠোর শাস্তি প্রদানের পরামর্শ দিয়ে 'জাতীয় মানসিক স্বাস্থ্য আইন-২০১৭' খসড়া অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মন্ত্রিসভার দপ্তর বণ্টন ও রদবদল** ॥ মন্ত্রিসভার দপ্তর বণ্টন ও রদবদল করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নতুন তিন মন্ত্রী এবং এক প্রতিমন্ত্রীর মধ্যে দপ্তর বণ্টনের পাশাপাশি পুরোনো চার মন্ত্রীর দায়িত্ব বদল করা হয়েছে। বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননকে করা হয়েছে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী। তাঁর স্থলে এসেছেন নতুন মন্ত্রী একেএম শাহজাহান কামাল। জাতীয় পার্টির (জেপি-মঞ্জু) চেয়ারম্যান আনোয়ার হোসেন মঞ্জুকে পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য আনিসুল ইসলাম মাহমুদকে পানিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব থেকে সরিয়ে মন্ত্রণালয় অদল-বদল করা হয়েছে। মোস্তাফা জব্বার পেয়েছেন ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়। টেলিযোগাযোগ বিভাগের প্রতিমন্ত্রী তারানা হালিম তথ্য, কাজী কেরামত আলী শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি বিভাগের দায়িত্ব। আর মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ হয়েছেন পূর্ণ মন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দ্বিপাক্ষিক বৈঠক** ॥ ফেনী জেলার রামগড়ে নির্মিতব্য 'বাংলাদেশ-ভারত মৈত্রী সেতু-১' নিয়ে বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধান বিচারপতি নিয়োগ না দেওয়ায় হাইকোর্টে রিট** ॥ প্রধান বিচারপতির পদ শূন্য থাকা এবং নতুন কাউকে নিয়োগ না দেওয়া কেন অসাংবিধানিক হবে না, তা জানতে চেয়ে হাইকোর্টে রিট করেছেন আইনজীবী ইউনূস আলী আকন্দ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুদকের অভিযানে ঘুসের টাকাসহ হাতেনাতে গ্রেফতার** ॥ ঘুসের দুই লাখ টাকাসহ যশোর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপপরিচালক নাজমুল কবীরকে হাতেনাতে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশনের (দুদক) টিম। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **পাকিস্তান ও ফিলিস্তিনকে ট্রাম্পের হুমকি** ॥ যুক্তরাষ্ট্রের বহু বছরের পুরোনো মিত্র পাকিস্তানের পর এবার ফিলিস্তিনে প্রতিশ্রুত আর্থিক সাহায্য বন্ধ করে দেওয়ার হুমকি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **যুক্তরাষ্ট্র-উত্তর কোরিয়া বাগ্‌যুদ্ধ** ॥ যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়ার মধ্যে ক্ষমতার দ্বন্দ্ব আর একে অপরের মধ্যে হুমকি চলছে। উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উন যুক্তরাষ্ট্রকে ইঙ্গিত করে হুঁশিয়ারি দিয়ে বলেন, 'পরমাণু বোমার বোতাম সব সময় আমার টেবিলেই থাকে।' যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পালটা হুমকি দিয়ে বলেন, 'আমার কাছে থাকা পরমাণু বোমাগুলো আরও বড়ো এবং আরও বেশি শক্তিশালী।' সূত্র: সমকাল

**৪ জানুয়ারি, বৃহস্পতিবার**

- **মহিপাল ফ্লাইওভার উদ্বোধন** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সে ফেনী শহরের মহিপালে দেশের প্রথম ও একমাত্র সিক্স লেনের ফ্লাইওভার উদ্বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাফ অনূর্ধ্ব-১৫ নারী চ্যাম্পিয়ন দলকে সংবর্ধনা** ॥ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাফ অনূর্ধ্ব-১৫ নারী চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবল দলকে সংবর্ধনা দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আসামে বৈধ নাগরিক তালিকা নিয়ে উদ্বেগ** ॥ জাতীয় নাগরিকপঞ্জীকরণ নিয়ে তুমুল বিক্ষোভ শুরু হয় আসামে। বিক্ষোভের মুখে দাঁড়িয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং বলেন, আসামের জাতীয় নাগরিকপঞ্জীকরণ থেকে কোনো ভারতীয়র নাম বাদ যাবে না। কারও নাম না উঠলে সেই ভুল পরবর্তীকালে শুধরে নেওয়া হবে। সূত্র: প্রথম আলো

**৫ জানুয়ারি, শুক্রবার**

- **আমরণ অনশন কর্মসূচি প্রত্যাহার** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনার আশ্বাসে এমপিওভুক্তির দাবিতে শিক্ষক-কর্মচারীরা ছয়দিন পর আমরণ অনশন কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আজীবন সম্মাননা পেলেন আহমদ রফিক** ॥ শওকত ওসমানের জন্মশতবর্ষে বাংলা একাডেমিতে 'শতাব্দী পেরিয়ে শওকত ওসমান' শীর্ষক অনুষ্ঠানে বিশিষ্ট লেখক, ভাষাসংগ্রামী ও রবীন্দ্র গবেষক আহমদ রফিককে আজীবন সম্মাননা দেওয়া হয়। সূত্র: সমকাল

- **দেশের প্রথম ক্রুজ টার্মিনাল ॥** কক্সবাজারের রেজু খাল এলাকায় সমুদ্র উপকূলে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পরীক্ষামূলকভাবে দেশের প্রথম ক্রুজ টার্মিনালের যাত্রা শুরু। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মমতার বিরুদ্ধে মামলা ॥** ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় আসাম রাজ্যে চালানো নাগরিকদের নিবন্ধন কার্যক্রম প্রশ্নে উসকানিমূলক বক্তব্য দেওয়ার অভিযোগে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে পুলিশ মামলা করেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বর্ষসেরা ফুটবলার ॥** আফ্রিকার বর্ষসেরা ফুটবলারের খেতাব পেয়েছেন লিভারপুলের তারকা ফরোয়ার্ড মিসরের মোহাম্মদ সালাহ। সূত্রঃ কালের কণ্ঠ

**৬ জানুয়ারি, শনিবার**

- **রবীন্দ্র কুঠিবাড়ি ও লালনের আখড়া পরিদর্শন রাষ্ট্রপতির ॥** কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের শিলাইদহ কুঠিবাড়ি ও সাধক লালন শাহের মাজার পরিদর্শন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **আওয়ামী লীগের কার্যনির্বাহী সভা ॥** আওয়ামী লীগের কার্যনির্বাহী সভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০১৪ সালের ৫ জানুয়ারি নির্বাচন একটি সর্বজন গ্রহণযোগ্য নির্বাচন। তা কোনোভাবেই ভোটারবিহীন নির্বাচন ছিল না, যেমনটি বিএনপি ও এরশাদের আমলে এ দেশে হয়েছিল। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **১১ শাহজাদা গ্রেফতার ॥** বাদশাহর প্রাসাদে প্রতিবাদ এবং প্রাসাদ ত্যাগের নির্দেশ অমান্য করায় শনিবার ১১ প্রিন্সকে গ্রেফতার করেছে সৌদি পুলিশ। বিদ্যুৎ-পানির বিল বাবদ শাহজাদারা রাজকোষ থেকে এতকাল যে পরিমাণ অর্থ পেতেন, তা বন্ধের সিদ্ধান্তের বিরুদ্ধে বিক্ষোভ করলে পুলিশ তাদের গ্রেফতার করে। সূত্রঃ দৈনিক ইত্তেফাক
- **শান্তিরক্ষী হত্যার ঘটনা তদন্ত ॥** জাতিসংঘ কঙ্গোতে সংস্থাটির ১৫ শান্তিরক্ষী বাহিনীর সদস্যকে হত্যার ঘটনা তদন্তে একটি বিশেষ কমিটি গঠন করেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বর্ষসেরা ক্রীড়াবিদ ॥** বাংলাদেশ স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশনের (বিএসপিএ) ২০১৭ বর্ষসেরা ক্রীড়াবিদের পুরস্কার জিতেছেন সাকিব আল হাসান। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



**৭ জানুয়ারি, রোববার**

- **সংসদে রাষ্ট্রপতির আহ্বান ॥** দশম জাতীয় সংসদের ১৯তম অধিবেশনের ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, সন্ত্রাস-জঙ্গিবাদ নির্মূলের মাধ্যমে শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর স্বপ্নের দেশ গড়তে হলে সবাইকে একযোগে কাজ করতে হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শোক প্রস্তাবের ওপর আলোচনা ॥** সংসদে প্রয়াত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ছায়েদুল হকের শোক প্রস্তাবের ওপর আলোচনাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, যদি একজন রাজনীতিক সারাজীবন গণমানুষের সুখে-দুঃখে তাদের পাশে থাকেন এবং প্রয়োজনে তিনি তাদের সমর্থন পান, তাহলে তাঁর জীবনে অর্থবিত্ত-শক্তি কোনো কিছুই কাজে লাগে না। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **তিন ব্যাংকের নিয়োগ প্রশ্নে হাইকোর্ট ॥** রাষ্ট্রায়ত্ত তিন ব্যাংকের নিয়োগ প্রক্রিয়া/পরীক্ষা স্থগিত করেছেন হাইকোর্ট। ব্যাংক তিনটি হলো সোনালী, রূপালী ও জনতা। আদালত একই সঙ্গে গত বছরে দেওয়া ওই তিনটি ব্যাংকের নিয়োগ বিজ্ঞপ্তি কেন বেআইনি বা অবৈধ ঘোষণা এবং বিগত ২০১৬ সালের বিজ্ঞপ্তি অনুযায়ী নিয়োগ পরীক্ষা নিতে কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**৮ জানুয়ারি, সোমবার**

- **পুলিশ সপ্তাহ উদ্বোধনে প্রধানমন্ত্রী ॥** পাঁচ দিনব্যাপী পুলিশ সপ্তাহ-২০১৮ উদ্বোধন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আইনশৃঙ্খলা বা নিরাপত্তা খাতে টাকা দেওয়া বরাদ্দ নয়, বিনিয়োগ। কারণ আজকের বিনিয়োগই একদিন দেশ ও জাতিকে এনে দিবে স্বস্তি, নিয়ে যাবে উন্নতির চরম শিখরে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রিট খারিজ ॥** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আনুষ্ঠানিকভাবে জাতির পিতা হিসেবে স্বীকৃতিসহ আটটি দিবস রাজনৈতিক দলসহ সব নাগরিকের পালন বাধ্যতামূলক চেয়ে করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **খালেদা জিয়ার আরও ১৪ মামলা বিশেষ আদালতে ॥** কোনো রাজনৈতিক উদ্দেশ্যে নয়, নিরাপত্তার স্বার্থেই বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা ১৪টি মামলা পুরান ঢাকার বকশিবাজারের অস্থায়ী আদালতে স্থানান্তর করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইতিহাসে শীতলতম দিন ॥** দেশের ইতিহাসে পঞ্চগড়ের তেঁতুলিয়ায় সর্বনিম্ন রেকর্ড তাপমাত্রা ২.৬ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: সমকাল
- **যুক্তরাষ্ট্রের ক্ষমা প্রার্থনা॥** জাপানে সম্প্রতি মার্কিন সামরিক সরঞ্জামের কারণে বেশ কয়েকটি দুর্ঘটনা ঘটায় দেশটির কাছে ক্ষমা চেয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক

**৯ জানুয়ারি, মঙ্গলবার**

- **১৩ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ১২ হাজার ৪১৫ কোটি ৭৯ লাখ টাকা ব্যয়ের ১৩টি প্রকল্প অনুমোদন একনেকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় পুলিশ সপ্তাহ-২০১৮ ॥** জাতীয় পুলিশ সপ্তাহ-২০১৮ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মতবিনিময় সভায় পুলিশ কর্মকর্তাদের মাদকের বিরুদ্ধে কঠোর হওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রণব মুখার্জিকে ডি-লিট প্রদান ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জিকে 'সম্মানসূচক ডি-লিট' ডিগ্রিতে ভূষিত করার সিদ্ধান্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুই বছর পর দুই কোরিয়ার প্রথম বৈঠক ॥** বরফ গলছে দুই কোরিয়ায়। আসন্ন শীতকালীন অলিম্পিকে অংশ নেবে উত্তর কোরিয়া। এ উপলক্ষ্যে দুই কোরিয়ার সীমান্তে যুদ্ধবিরতি ঘোষিত অঞ্চল পানমুনজমে অনুষ্ঠিত আলোচনায় উত্তর ও দক্ষিণ কোরিয়ার কর্মকর্তারা একমত হয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

**১০ জানুয়ারি, বুধবার**

- **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন ॥** সারাদেশে যথাযাথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়। দিবস উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে সভাপতির ভাষণে তাঁর অঙ্গীকারের কথা ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ



হাসিনা বলেন, জাতির পিতার অসমাপ্ত কাজ শেষ করে বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ে তুলব। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **সংসদে শ্বেতপত্র প্রকাশ-জিয়া পরিবারের দুর্নীতি ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বহুল আলোচিত প্যারাডাইস পেপারসে প্রকাশিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার দুই পুত্রের দুর্নীতির চিত্র এবং বিভিন্ন দেশে পাচার করা অর্থের বিস্তারিত শ্বেতপত্র জাতীয় সংসদে তুলে ধরেছেন। তিনি বলেন, বেলজিয়ামে ৭৫০ মিলিয়ন ডলার, মালয়েশিয়ায় ২৫০ মিলিয়ন ডলার, দুবাইয়ে কয়েক মিলিয়ন ডলারের সম্পত্তি, সৌদি আরবে মার্কেটসহ বিশ্বের আরও কয়েকটি দেশে খালেদা জিয়ার ছেলেদের পাচারকৃত অর্থের সন্ধান পাওয়া গেছে , যা এখনো তদন্তাধীন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা হত্যার স্বীকারোক্তি ॥** রাখাইনে রোহিঙ্গা মুসলমানদের গণকবরের কথা এই প্রথম স্বীকার করল মিয়ানমার সেনাবাহিনী। আরও স্বীকার করেছে, গণকবরে পাওয়া ১০ রোহিঙ্গাকে হত্যা করেছে সেনাসদস্যরাই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ড্রিমার্স প্রকল্প বাতিলে রুল জারি ॥** ওবামা প্রশাসনের 'ড্রিমার প্রকল্প' বাতিলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্তের বিরুদ্ধে রুল জারি করেছেন সানফ্রান্সিসকোর আদালত। সূত্র: যুগান্তর

**১১ জানুয়ারি, বৃহস্পতিবার**

- **বঙ্গভবনে প্রকাশনা উৎসব ॥** বঙ্গভবনের দরবার হলে বাংলা একাডেমি আয়োজিত রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল মো. সরোয়ার হোসেন রচিত '১৯৭১: রেজিস্ট্যান্স, রেজিলিয়েন্স অ্যান্ড রিডেম্পসন' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসবে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **উন্নয়ন মেলা উদ্বোধন ॥** আমরা বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ সোনার বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে সক্ষম হব ইনশাআল্লাহ–গণভবনে ভিডিও কনফারেন্সে দেশব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সৌদি মেয়েরা গাড়ি চালাবে ॥** এবার গাড়ি চালানোর অফিসিয়াল সুযোগ পাচ্ছেন সৌদি নারীরা। এটা আরব দেশের মেয়েদের জন্য দীর্ঘকালের দেওয়াল ভাঙার এক বিরাট খবর। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মার্কিন নাগরিকদের প্রতি সতর্কতা ॥** ভারত ভ্রমণে মার্কিন নাগরিকদের আরও সতর্ক থাকার পরামর্শ দিয়ে নতুন নির্দেশনা প্রকাশ করেছে মার্কিন প্রশাসন। সূত্র: যুগান্তর

**১২ জানুয়ারি, শুক্রবার**

➢ **জাতির উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বিতীয় মেয়াদে সরকারের চার বছর পূর্তি উপলক্ষ্যে জাতির উদ্দেশে প্রদত্ত ভাষণে বলেন, এ বছরেরই শেষদিকে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান হবে। নির্বাচন বয়কট করে কেউ যদি আন্দোলনের নামে জানমালের ক্ষতি করে জনগণ সেটা মেনে নেবে না। নির্বাচন সামনে রেখে কোনো মহল অরাজক পরিস্থিতি সৃষ্টির চেষ্টা করতে পারে, সেজন্য জনগণকে সতর্ক থাকতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আর্মি স্টেডিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠান ॥** সরকারের চার বছর পূর্তি উপলক্ষ্যে রাজধানীর আর্মি স্টেডিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়। সূত্র: সমকাল

➢ **তিন জঙ্গি নিহত ॥** প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাত্র কয়েক শ গজের মধ্যেই জঙ্গি আস্তানার সন্ধান পাওয়া গেছে। তেজগাঁওয়ের পশ্চিম নাখালপাড়ায় এমনই একটি আস্তানায় র‍্যাবের অভিযানে তিন জঙ্গি নিহত হওয়ার আগে র‍্যাবের সঙ্গে গোলাগুলি চালিয়ে যায়। দুই র‍্যাব সদস্য আহত হয়। নিহত জঙ্গিরা জামায়া'তুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) আত্মঘাতী স্কোয়াডের সদস্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু ॥** জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে শুরু হলো ষোড়শ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব-২০১৮। 'ভালো ছবি, ভালো দর্শক সমৃদ্ধ সমাজ'–এই প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশসহ ৬৪টি দেশের ২১৬টি ছবি প্রদর্শিত হয় এই উৎসবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জার্মানিতে জোট সরকার ॥** জার্মানিতে জোট সরকার গঠনে সমঝোতায় পৌঁছেছে চ্যান্সেলর মার্কেলের দল ক্রিশ্চিয়ান ডেমোক্রেটস এবং সাবেক



জোটসঙ্গী সোশ্যাল ডেমোক্রেটস দল। নির্বাচন অনুষ্ঠানের প্রায় তিন মাস পর টানা ২২ ঘণ্টার এক ম্যারাথন সংলাপ-বৈঠক শেষে এই সিদ্ধান্তে পৌঁছাতে পেরেছে রাজনৈতিক দল দুটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **গ্যালারিতে বসে খেলা দেখল সৌদি নারীরা ॥** সৌদি আরবের রাজধানী রিয়াদের কিং ফাহাদ স্টেডিয়ামে সে দেশের ফুটবল ইতিহাসে প্রথমবার গ্যালারিতে বসে খেলা উপভোগ করলেন সৌদি নারীরা।

➢ **পরমাণু চুক্তি বাতিলের উদ্যোগ ॥** পরমাণু সংশ্লিষ্টতার অভিযোগ তুলে চুক্তি বাতিল এবং ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করা হলে দেশটির সঙ্গে ২০১৫ সালে সম্পাদিত পরমাণু চুক্তিতে কী ধরনের প্রভাব ফেলতে পারে তা নিয়ে আলোচনার জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার তার নিরাপত্তা উপদেষ্টাদের সঙ্গে বৈঠক করেছেন। সূত্র: যুগান্তর

**১৩ জানুয়ারি, শনিবার**

➢ **'আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলন-১৪২৪' উদ্বোধন ॥** সাহিত্যচর্চার মাধ্যমে অশুভ শক্তির বিরুদ্ধে অবিরাম লড়াই চালিয়ে যেতে হবে। 'আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলন-১৪২৪' উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, সাহিত্যচর্চা ন্যায়ভিত্তিক সমাজ গঠনে মানুষকে উদ্বুদ্ধ করে, অন্যায়-অসত্যের বিরুদ্ধে মানুষকে লড়তে শেখায়। সূত্র: সমকাল

➢ **সংঘর্ষে এক রোহিঙ্গা নিহত ॥** উখিয়ার কুতুপালংয়ে নবনির্মিত মধুছড়া ক্যাম্পে দুই দল রোহিঙ্গার সংঘর্ষ, ছুরিকাঘাতে নিহত ১, আহত ৫ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ট্রাম্পের বর্ণবাদী নীতি প্রত্যাহারের দাবি ॥** জাতিসংঘে নিযুক্ত আফ্রিকার ৫৫টি দেশের রাষ্ট্রদূতরা এক জরুরি বৈঠকে মিলিত হয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বর্ণবাদী নীতি প্রত্যাহার ও ক্ষমা চাওয়ার দাবি জানিয়েছেন। মার্কিন প্রেসিডেন্ট অভিবাসন নীতি প্রশ্নে আফ্রিকান দেশ ও জাতিগোষ্ঠীকে 'নোংরা' বলে যে ঘৃণাপূর্ণ শব্দ ব্যবহার করেছেন, এর জন্য অপমানিত ও ক্ষুব্ধ আফ্রিকান দেশগুলো বক্তব্য প্রত্যাহার করে তাকে ক্ষমা চাওয়ার দাবি জানিয়েছেন। সূত্র: যুগান্তর

➢ **অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশের জয় ॥** নিউজিল্যান্ডে অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপে প্রথম দিনেই নামিবিয়া যুব দলের বিপক্ষে খেলে ৮৭ রানের ব্যবধানে বড়ো জয় পেয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৪ জানুয়ারি, রোববার**

➢ **বিশ্ব ইজতেমার প্রথমপর্ব সমাপ্ত ॥** টঙ্গীর তুরাগ নদীর তীরে লাখো ধর্মপ্রাণ মুসলমানের কণ্ঠে 'আমিন, আল্লাহ্ হুম্মা আমিন' ধ্বনিতে মুখরিত আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হলো এবারের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। তাবলিগ জামাতের ৫৩ বছরের ইতিহাসে এবারই প্রথম আরবি-উর্দুর পাশাপাশি বাংলায় অনুষ্ঠিত হলো বিশ্ব ইজতেমার আখেরি মোনাজাত। প্রথম পর্বের আখেরি মোনাজাতে গণভবন থেকে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ঢাকায় প্রণব মুখার্জি ॥** ভারতের সাবেক রাষ্ট্রপতি ও প্রবীণ রাজনীতিবিদ প্রণব মুখার্জি পাঁচদিনের সফরে ঢাকায় এলে সবাইকে ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা জানান। সফরে মেয়ে শর্মিষ্ঠা মুখার্জি তাঁর সঙ্গে ছিলেন।

➢ **মহিউদ্দিন চৌধুরীর শোকসভা ॥** চট্টগ্রামের লালদীঘি ময়দানে চট্টগ্রাম মহানগর, উত্তর ও দক্ষিণ জেলা আওয়ামী লীগ আয়োজিত জনপ্রিয় নেতা, সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর শোকসভা হয়।

➢ **পোশাক শ্রমিকদের জন্য নতুন মজুরি বোর্ড গঠনের ঘোষণা ॥** সচিবালয়ে এক বৈঠকে পোশাক শ্রমিকদের জন্য নতুন মজুরি (ওয়েজ) বোর্ড গঠনের ঘোষণা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের।

➢ **মিয়ানমারে বাংলাদেশ প্রতিনিধিদল ॥** রোহিঙ্গাদের প্রত্যাবাসনের লক্ষ্যে বাংলাদেশ প্রতিনিধিদল 'বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে যৌথ ওয়ার্কিং গ্রুপ'-এর প্রথম বৈঠকে যোগ দিতে মিয়ানমার পৌঁছেছে।

➢ **নেতানিয়াহুকে উষ্ণ সংবর্ধনা মোদির ॥** ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এদিন ছয়দিনের রাষ্ট্রীয় সফরে নয়াদিল্লি বিমানবন্দরে এসে পৌঁছামাত্র সব প্রটোকল ভেঙে তাকে উষ্ণ সংবর্ধনা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ইসরাইলের কোনো প্রধানমন্ত্রীর দীর্ঘ ১৫ বছর পর এই প্রথম ভারত সফর। এর আগে ২০০৩ সালে ভারত সফর করেন তদানীন্তন প্রধানমন্ত্রী অ্যারিয়েল শ্যারন। সূত্র: কালের কণ্ঠ



➢ **ডিভি নিয়ে ট্রাম্পের টুইট ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, আর ডিভি লটারি নয়, এখন থেকে মেধার ভিত্তিতে অভিবাসী নেবে যুক্তরাষ্ট্র। আমেরিকাকে যারা শক্তিশালী ও উন্নত করতে পারবেন, যাচাই-বাছাই করে তাদেরই কেবল এদেশে আনা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ জানুয়ারি, সোমবার**

➢ **শেখ হাসিনা-প্রণব মুখার্জি বৈঠক ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন সফররত ভারতের সাবেক রাষ্ট্রপতি ও প্রবীণ রাজনীতিবিদ প্রণব মুখার্জি। এ সময় প্রণবের মেয়ে শর্মিষ্ঠা মুখার্জি উপস্থিত ছিলেন। এছাড়া ধানমন্ডিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করে প্রণব মুখার্জি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। বাংলা একাডেমিতে আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলনের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন তিনি।

➢ **মন্ত্রিসভার বৈঠক ॥** প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ভোলায় একটি নতুন গ্যাসক্ষেত্র পাওয়ার আশা প্রকাশ করেছে বাপেক্স। প্রাথমিকভাবে গ্যাসকূপ খনন পর্যায়ে জেলার ভেদুরিয়ায় নতুন গ্যাসক্ষেত্র পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। মন্ত্রিসভার বৈঠকে এই নতুন আশার কথা জানান প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বাংলা একাডেমিতে প্রণব মুখার্জি ॥** বাংলা একাডেমিতে আন্তর্জাতিক বাংলা সাহিত্য সম্মেলনের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সফররত ভারতের সাবেক রাষ্ট্রপতি ও প্রবীণ রাজনীতিবিদ প্রণব মুখার্জি বলেছেন, কবি-সাহিত্যিকরাই এক নতুন পৃথিবী সৃষ্টি করবেন। এখন পরিবেশ দূষণের চেয়ে বড়ো দূষণ হয়েছে মানুষের চিন্তা ও মননে। ধর্মের ব্যবহারে পৃথিবীতে হিংস্রতা ছড়ায় মানুষ। এ কারণে পৃথিবীর সবচেয়ে বড়ো দূষণ মনুষ্যসৃষ্ট। হিংস্রতার সেই দূষণ থেকে কেউ মুক্ত করতে পারে না—এমনকি জাতিসংঘও। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পোপের ল্যাটিন আমেরিকা সফর ॥** খ্রিষ্টান সম্প্রদায়ের ধর্মগুরু পোপ ফ্রান্সিসের ল্যাটিন আমেরিকা সফর শুরু। সূত্র: যুগান্তর

➢ **৭০ অনুচ্ছেদের বৈধতা নিয়ে রিটে বিভক্ত রায় ॥** রাজনৈতিক দল থেকে পদত্যাগ অথবা দলের বিপক্ষে ভোট দেওয়ার কারণে সংসদীয় আসন শূন্য হওয়া সংক্রান্ত সংবিধানের ৭০ অনুচ্ছেদের বৈধতা নিয়ে করা রিটে বিভক্ত রায় দিয়েছে হাইকোর্ট। বিচারপতি মঈনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামাল সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ সোমবার ওই রিটের শুনানি নিয়ে রুল জারির প্রশ্নে বিভক্ত রায় দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বাগদাদে আত্মঘাতী হামলা ॥** ইরাকের রাজধানী বাগদাদে আত্মঘাতী হামলায় নিহত ৩৮ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ত্রিদেশীয় সিরিজে শুভসূচনা টাইগারদের ॥** নতুন বছরের প্রথম ম্যাচেই জয় তুলে নিল বাংলাদেশ। সাকিব আল হাসান ও তামিম ইকবালের দুর্দান্ত নৈপুণ্যে জিম্বাবুইয়েকে উড়িয়ে দিয়ে ত্রিদেশীয় ওয়ানডে সিরিজে শুভসূচনা করে টাইগাররা। খেলায় জিম্বাবুইকে ৮ উইকেটে হারায় বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বেনজির ভুট্টোকে হত্যার দায় স্বীকার তালেবানের ॥** পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোকে ২০০৭ সালে হত্যার দায় স্বীকার দেশটির তালেবান সংগঠনের। পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে এক নির্বাচনি জনসভায় প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয়েছিল প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোকে। ১০ বছর পর এই হত্যার দায় স্বীকার করে একটি তালেবান জঙ্গিগোষ্ঠী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৬ জানুয়ারি, মঙ্গলবার**

➢ **একনেকের বৈঠক ॥** একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) মিলনায়তনে অনুষ্ঠিত বৈঠকে ১৪ হাজার ৪৮২ কোটি টাকার ১৪টি প্রকল্প অনুমোদন করা হয়।

➢ **ডিএনসিসি মেয়র পদে মনোনয়ন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের সভায়



সর্বসম্মতিতে ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) মেয়র পদে মনোনয়ন পেলেন ব্যবসায়ী নেতা ও বিজিএমইএ'র সাবেক সভাপতি আতিকুল ইসলাম। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ডি-লিট ডিগ্রি গ্রহণ অনুষ্ঠানে প্রণব মুখার্জি ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ডি-লিট ডিগ্রি গ্রহণ অনুষ্ঠানে সফররত ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি বলেছেন, যে মাটিতে দাঁড়িয়ে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন, আজ সেই মাটিতে দাঁড়িয়ে আমি উপলব্ধি করছি, গণতন্ত্র দিয়েই দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। বঙ্গবন্ধুর মৃত্যুকে মহাত্মা গান্ধীর মৃত্যুর সঙ্গে তুলনা করে তিনি বলেন, স্বাধীনতার পরপরই বাংলাদেশের ওপর একটি বড়ো আঘাত নেমে আসে, সেটি হলো ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতার নির্মম হত্যাকাণ্ড। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ব্যাংক কোম্পানি আইন-২০১৮ পাস ॥** একই পরিবারের দুজনের স্থলে চারজন পরিচালক রাখার বিধান রেখে ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন-২০১৮ সংসদে পাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলা ॥** শেষ হলো জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার পক্ষে আদালতে যুক্তিতর্ক উপস্থাপন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **রোহিঙ্গা প্রত্যাবাসন চুক্তি সই ॥** বাংলাদেশে আসা রোহিঙ্গাদের আগামী দুই বছরের মধ্যে ফেরত নেবে মিয়ানমার। এ বিষয়ে মিয়ানমারের রাজধানী নেপিদোতে মঙ্গলবার রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে পররাষ্ট্র সচিব পর্যায়ে গঠিত যৌথ ওয়ার্কিং গ্রুপের 'ফিজিক্যাল অ্যারেঞ্জমেন্ট' চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী প্রতিদিন তিনশ রোহিঙ্গাকে ফিরিয়ে নেবে মিয়ানমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পারমাণবিক যুদ্ধের ভয়াবহতা সম্পর্কে পোপের হুঁশিয়ারি ॥** সারাবিশ্বে সম্ভাব্য পারমাণবিক যুদ্ধের ভয়াবহতার ইস্যুতে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন পোপ। ল্যাটিন আমেরিকার চিলি ও পেরু সফরের পথে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন ক্যাথলিক ধর্মগুরু পোপ ফ্রান্সিস। সূত্র: দৈনিক ইত্তেফাক

**১৭ জানুয়ারি, বুধবার**

- **বঙ্গভবনে প্রণব মুখার্জি ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সফররত ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রণব মুখার্জি বাংলাদেশের অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন। এ সময় তিনি বাংলাদেশ অদূর ভবিষ্যতে উন্নয়ন-অগ্রগতির পথে আরও এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। প্রণব মুখার্জির সম্মানে রাষ্ট্রপতি আয়োজিত নৈশভোজ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বেশ কয়েকজন মন্ত্রী-এমপি এবং সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ডিএনসিসি মেয়র পদে উপনির্বাচন স্থগিত ॥** তফসিল ঘোষণার আট দিনের মাথায় হাইকোর্টের রায়ে আটকে গেল ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে (ডিএনসিসি) উপনির্বাচন এবং সম্প্রসারিত ১৮ ওয়ার্ডের কাউন্সিলর পদের নির্বাচন। বুধবার আদালত তিন মাসের জন্য এই নির্বাচনে স্থগিতাদেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী ॥** আমার সাহস ও কাজ বিএনপির কাছে বড়ো সমস্যা–দশম জাতীয় সংসদের ১৯তম অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। তিনি বলেন, জনগণ জানেন, অনেক ঘাত-প্রতিঘাত, বুলেট-বোমা ইত্যাদি পেরিয়ে আমি সাহস নিয়ে দেশের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। তাই মৃত্যুকে আমি ভয় করি না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিডিএফ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** সমৃদ্ধির পথযাত্রায় বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য বাংলাদেশ উন্নয়ন ফোরামের (বিডিএফ) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'সর্ববঙ্গীয় লেখক-শিল্পী' সম্মেলন ॥** রাজধানীর শিল্পকলা একাডেমিতে বঙ্গীয় সাহিত্য-সংস্কৃতি সংসদের আয়োজনে তিনদিনব্যাপী 'সর্ববঙ্গীয় লেখক-শিল্পী' সম্মেলন শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে ভারত ॥** ভারতের নয়াদিল্লিতে বাংলাদেশ-ভারত পররাষ্ট্রমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত। রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **মিয়ানমারে বিক্ষোভে সাত বৌদ্ধ নিহত ॥** রাখাইন রাজ্যের ম্রাউক-উ শহরে মঙ্গলবার বিক্ষোভরত বৌদ্ধ ধর্মাবলম্বীদের ওপর পুলিশ গুলি চালালে ৭ বৌদ্ধ নিহত হয়েছে। ঘটনায় পুলিশসহ ৩৩ জনের বেশি আহত হয়। 'আরাকান দিবস' নামে প্রচলিত রাখাইন রাজ্যের বৌদ্ধদের ঐতিহ্যবাহী একটি ধর্মীয় উৎসব উদ্‌যাপনের ওপর সরকার নিষেধাজ্ঞা জারি করলে বৌদ্ধরা বিক্ষোভে ফেটে পড়ে। সেই বিক্ষোভই দাঙ্গায় রূপ নিলে পুলিশ গুলি চালায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৮ জানুয়ারি, বৃহস্পতিবার**

- **রংপুর সিটির মেয়র-কাউন্সিলরদের শপথ ॥** গরিব মানুষ লাইন ধরে লঙ্গরখানায় যাচ্ছে–এমন দৃশ্য আর দেখতে হবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর তেজগাঁও কার্যালয়ে রংপুর সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র-কাউন্সিলরদের শপথবাক্য পাঠ অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রণব মুখার্জির ঢাকা ত্যাগ ॥** ভারতের সাবেক রাষ্ট্রপতি ও প্রবীণ রাজনীতিবিদ প্রণব মুখার্জি পাঁচদিনের সফর শেষে ঢাকা ত্যাগ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ডিএসসিসি নির্বাচন স্থগিত ঘোষণা ॥** চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার পর ঢাকা উত্তরের সিটি নির্বাচন স্থগিত ঘোষণা করে আদালত। এর একদিন পরই আবার আরেক আদেশে আদালত ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সম্প্রসারিত ১৮টি সাধারণ ও ৬টি সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচনও চার মাসের জন্য স্থগিত করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্বীকৃতি পেল শেকসপিয়রের সংগৃহীত নথি ॥** ইংরেজি সাহিত্যের অমর প্রতিভা নাট্যকার, কবি ও অভিনেতা উইলিয়াম শেকসপিয়রের বিভিন্ন কাগজপত্র ও নথির সংগ্রহ আন্তর্জাতিক সাংস্কৃতিক তাৎপর্যের স্বীকৃতি লাভ করেছে।

**১৯ জানুয়ারি, শুক্রবার**

- **খালেদা জিয়ার শ্রদ্ধা নিবেদন ॥** বিএনপির প্রতিষ্ঠাতা ও প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শেরেবাংলা নগরে তাঁর মাজারে দলের চেয়ারপারসন খালেদা জিয়ার শ্রদ্ধা নিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **'দ্য ডিপ্লোম্যাট' সাময়িকীতে জয়ের নিবন্ধ ॥** জাপানভিত্তিক সাময়িকী 'দ্য ডিপ্লোম্যাট'-এ রোহিঙ্গাদের নিয়ে নিবন্ধ লিখেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য যোগাযোগ ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। জয় লিখেছেন, নিরাপত্তা নিয়ে উদ্বেগের কারণেই বাংলাদেশ সব রোহিঙ্গাকে স্থায়ীভাবে আশ্রয় দিতে পারছে না। তাছাড়া বাংলাদেশ ইতোমধ্যে অর্থনৈতিকভাবে অগ্রগতি অর্জন করলেও ধনী দেশ হিসেবে এখনো বিবেচিত নয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দ্বিতীয় পর্বের বিশ্ব ইজতেমা শুরু ॥** যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে টঙ্গীর তুরাগ তীরে লাখো ধর্মপ্রাণ মুসল্লির উপস্থিতিতে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘের স্বীকারোক্তি ॥** বিশ্বের বিভিন্ন দেশে নিজস্ব দফতরে কর্মরত নারীকর্মীদের যৌন হয়রানি এবং হামলার ঘটনা বেড়ে যাওয়ার কথা স্বীকার করেছে জাতিসংঘ। একই সঙ্গে অভিযোগকারীদের এড়িয়ে যাওয়া এবং হামলাকারীদের দায়মুক্তির বিষয়টিও স্বীকার করেছে ওই সংস্থাটি। সূত্র: সমকাল

**২০ জানুয়ারি, শনিবার**

- **'প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৮' ॥** কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) অডিটোরিয়ামে 'প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৮' উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। মৎস্য ও প্রাণিসম্পদ কাজে লাগানোর চেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আওয়ামী লীগ সম্পাদকমণ্ডলীতে পরিবর্তনের ইঙ্গিত ॥** আপাতত বাংলাদেশ আওয়ামী লীগের উপকমিটিতে কোনো সহ-সম্পাদক থাকছে না। সভাপতি ও সদস্য সচিব ছাড়া বাকিরা শুধু সদস্য হিসেবে থাকবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা ক্যাম্পে জাতিসংঘ দূত ॥** সফররত জাতিসংঘের বিশেষ দূত ইয়াং ঘি লি টেকনাফে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গাদের ছয়-দফা ॥** রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে, মিয়ানমারের সেনাবাহিনীর নজিরবিহীন গণহত্যার মুখে নিজেদের দেশ ছেড়ে প্রতিবেশী বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গারা পুনরায় স্বদেশে ফিরে যাওয়ার আগে ছয়-দফা দাবি পেশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **পাকিস্তানের প্রতি ভারতের আহ্বান ॥** জাতিসংঘে আফগানিস্তান নিয়ে নিরাপত্তা পরিষদের বৈঠকে আফগানিস্তানে 'সন্ত্রাসী হামলা চালানোর মানসিকতা' পরিবর্তন করতে পাকিস্তানের প্রতি আহ্বান জানিয়েছে ভারত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **আমেরিকায় শাটডাউন, হোয়াইট হাউস বন্ধ ॥** যুক্তরাষ্ট্রে সরকারি ব্যয় সংক্রান্ত বিল পাস না হওয়ায় হোয়াইট হাউসসহ সব সরকারি অফিস বন্ধ হয়ে গেছে। দেশের প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্পের বর্ষপূর্তির দিনেই আমেরিকাজুড়ে এই নজিরবিহীন অচলাবস্থা শুরু হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ জানুয়ারি, রোববার**

- **কাপ্তাইয়ে পাড়াকেন্দ্র উদ্বোধন, ভূমির মালিকানা চট্টগ্রামবাসীরই থাকবে॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রামের জনগণের প্রতি শান্তি-শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানিয়ে বলেছেন, পার্বত্য চট্টগ্রামের ভূমির মালিকানা চট্টগ্রামবাসীরই থাকবে। শান্তি চুক্তির সিংহভাগ বাস্তবায়ন করেছি। যেটুকু বাকি আছে সেটুকুও আমরাই বাস্তবায়ন করব। এজন্য ওই অঞ্চলের মানুষকে শান্ত থাকতে হবে। এক ভিডিও কনফারেন্সে কাপ্তাইয়ে নির্মিত ৪০০০তম পাড়াকেন্দ্র উদ্বোধনকালে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিশ্ব ইজতেমা সমাপ্ত ॥** আখেরি মোনাজাতে মুসলিম উম্মাহর ঐক্য, শান্তি ও সমৃদ্ধি কামনার মধ্য দিয়ে টঙ্গীতে বিশ্ব ইজতেমা সমাপ্ত।
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষ শক্তির জয়লাভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্রে ট্রাম্পবিরোধী বিক্ষোভ ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দায়িত্ব গ্রহণের বর্ষপূর্তিতে বিভিন্ন স্টেটে ট্রাম্পবিরোধীদের বিক্ষোভ প্রদর্শিত হয়েছে। তবে এসব বিক্ষোভে পুরুষের চেয়ে নারীরাই বেশি সোচ্চার ছিল। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২২ জানুয়ারি, সোমবার**

➢ **মন্ত্রীদের প্রতি প্রধানমন্ত্রীর নির্দেশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে শূন্যপদ পূরণ, ই-টেন্ডারিং ও ই-ফাইলিং চালুসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে 'পেন্ডিং' থাকা সব সিদ্ধান্ত দ্রুত নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **এসডিজি অর্জনে শেখ হাসিনাকে আরেকবার দেশ পরিচালনার সুযোগ দিন—মুহিত ॥** এসডিজি অর্জনে বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আরেকবার দেশ পরিচালনার সুযোগ দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পার্বত্য শান্তিচুক্তিবিষয়ক প্রজ্ঞাপন জারি ॥** পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়ন কমিটি পুনর্গঠন করেছে সরকার। পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয় সোমবার একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার শুনানি ॥** অত্যন্ত স্পর্শকাতর এবং বহু আলোচিত ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার পলাতক আসামি বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আদালতে যুক্তিতর্ক উপস্থাপন শুরু করেছেন। আসামি তারেকের পক্ষে আইনজীবী একেএম আখতার হোসেন বলেন, আমার মক্কেলকে উদ্দেশ্যমূলকভাবে এই মামলায় জড়ানো হয়েছে। অন্যদিকে এর জবাবে রাষ্ট্রপক্ষের চিফ প্রসিকিউটর সৈয়দ রেজাউর রহমান সাংবাদিকদের বলেন, ২১ আগস্টের ভয়াবহ গ্রেনেড হামলার ষড়যন্ত্রের সঙ্গে তারেক রহমান সন্দেহাতীতভাবে জড়িত, রাষ্ট্রপক্ষ তা প্রমাণ করতে সক্ষম হয়েছে। তারেক রহমান তার তৎকালীন বনানীর অফিস সর্বজন কথিত 'হাওয়া ভবনে' এ বিষয়ে যে ষড়যন্ত্রমূলক বৈঠক করেছেন তা-ও আদালতে প্রমাণিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **১০ হাজার মাদ্রাসা চালু ॥** সারাদেশে ১০ হাজার বিশেষ মাদ্রাসা চালু করেছে ইসলামিক ফাউন্ডেশন (ইফা)। সূত্র: কালের কণ্ঠ

➢ **অচলাবস্থা নিরসনে যুক্তরাষ্ট্রে দুই দল একমত ॥** যুক্তরাষ্ট্রে সরকারি কাজের অচলাবস্থা নিরসনে ঐকমত্যে পৌঁছেছে দেশটির রিপাবলিকান ও বিরোধী ডেমোক্রেটরা। সূত্র: কালের কণ্ঠ



➢ **ফুটবল তারকা হলেন প্রেসিডেন্ট ॥** পশ্চিম আফ্রিকার দেশ লাইবেরিয়ায় দীর্ঘ ৭০ বছরের ইতিহাসে এই প্রথম শান্তিপূর্ণ ও গণতান্ত্রিকভাবে ক্ষমতা হস্তান্তর করা হলো। দেশটির নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছেন সাবেক আন্তর্জাতিক ফুটবল তারকা জর্জ উইয়াহ (৫১)। সূত্র: সমকাল

**২৩ জানুয়ারি, মঙ্গলবার**

➢ **এশিয়াটিক সোসাইটির জাদুঘর উদ্বোধন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মঙ্গলবার এশিয়াটিক সোসাইটির ঐতিহ্য জাদুঘরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। সূত্র: সমকাল

➢ **মসলার চাষ বাড়াতে কৃষকদের প্রণোদনা দেওয়া হবে ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ৬ হাজার ২২৮ কোটি ৪৯ লাখ টাকার ১৪টি প্রকল্প অনুমোদন করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দেশের যেসব জেলায় পেঁয়াজসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় মসলার চাষ বেশি হয় সেখানকার কৃষকদের আর্থিক প্রণোদনা দেবে সরকার। সূত্র: সমকাল

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘ প্রতিনিধির সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রীর সংসদ ভবন কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নবনিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ও ইউএনডিপি আবাসিক প্রতিনিধি মিস মিয়া সেপো। এ সময় প্রধানমন্ত্রী মিয়ানমারের বাস্তুচ্যুত নাগরিকদের অবিলম্বে প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপসহ রোহিঙ্গা পুনর্বাসনে মিয়ানমারকে বাধ্য করতে চাপ সৃষ্টির আহ্বান জানান। সূত্র: যুগান্তর

➢ **জিয়া অরফানেজ ট্রাস্ট মামলা অব্যাহত ॥** ছেলে আরাফাত রহমান কোকোর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে চলমান জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় হাজিরা দেওয়া থেকে একদিনের জন্য অব্যাহতি দিয়েছে আদালত। সূত্র: যুগান্তর

➢ **আইডিআই প্রতিবেদনে বাংলাদেশ এগিয়ে ॥** ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইনডেক্সের (আইডিআই) সম্প্রতি প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী বিশ্ব অর্থনৈতিক ফোরামের সূচকে দক্ষিণ এশিয়ায় ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কাকে পেছনে ফেলে বাংলাদেশের বর্তমান অবস্থান ৩৪তম। সূত্র: যুগান্তর

- **রিপাবলিকান-ডেমোক্রেট সমঝোতা, বিল পাস ॥** যুক্তরাষ্ট্রে সাময়িক অর্থ বরাদ্দ সংক্রান্ত বিলের বিষয়ে রিপাবলিকান ও বিরোধী ডেমোক্রেটদের মধ্যে সমঝোতার পর অচলাবস্থার অবসান, সিনেটে বিল পাস। সূত্র: প্রথম আলো
- **টাইগারদের ত্রিদেশীয় সিরিজ জয় ॥** মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ত্রিদেশীয় সিরিজে ৯১ রানে জিম্বাবুয়েকে হারিয়ে বিজয়ী হয়েছে বাংলাদেশ। সূত্র: প্রথম আলো

**২৪ জানুয়ারি, বুধবার**

- **জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে ফজিলাতুননেসা বাপ্পীর এক সম্পূরক প্রশ্নের জবাবে সুশীলসমাজের কঠোর সমালোচনা করে বলেছেন, দেশে কিছু মানুষ আছে যারা চোখ থাকতে অন্ধ, কান থাকতেও বধির। তাই দেশের এত উন্নয়ন ও অগ্রগতি তাদের চোখে পড়ে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বেপজা সামিট উদ্বোধন ॥** 'বেপজা ইন্টারন্যাশনাল ইনভেস্টরস সামিট-২০১৮' উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের উন্নয়নের জন্য সব সময় আন্তরিকতার সঙ্গে কাজ করে থাকি। আমার রাজনীতি দেশের কৃষক, শ্রমিক ও মেহনতি মানুষের ভাগ্য উন্নয়নের রাজনীতি। দেশে বিনিয়োগ পরিবেশ সৃষ্টি করতে কিছু মেগা প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৭ মার্চের ভাষণের স্বীকৃতি ॥** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের স্বীকৃতির ওপর পাঁচটি সনদ বাংলাদেশের কাছে পাঠিয়েছে জাতিসংঘের শিক্ষাবিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা (ইউনেস্কো)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঐতিহাসিক 'গণঅভ্যুত্থান' দিবস পালন ॥** যথাযোগ্য মর্যাদায় এবং নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হলো বাঙালি জাতির স্বাধিকার আন্দোলনের অন্যতম প্রধান মাইলফলক ঐতিহাসিক 'গণঅভ্যুত্থান' দিবস। জাতির মুক্তিসনদ বলে খ্যাত ঐতিহাসিক ছয়-দফা দাবি এবং পরবর্তীকালে আন্দোলনরত ছাত্রসমাজের দেওয়া ১১ দফা কর্মসূচির প্রেক্ষাপটে সংঘটিত হয়েছিল এ গণঅভ্যুত্থান। সূত্র: প্রথম আলো



- **১৬টি ক্রয়প্রস্তাব অনুমোদন ॥** সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১৬টি ক্রয়প্রস্তাব অনুমোদন। সূত্র: প্রথম আলো
- **রায় দেখে সিদ্ধান্ত নেবে বিএনপি ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট মামলার রায় দেখে নির্বাচনে যাওয়ার সিদ্ধান্ত নেবে বিএনপি। রায়ের আগে সহায়ক সরকারের রূপরেখাও দেবে না বিএনপি। সূত্র: প্রথম আলো
- **মিয়ানমারের প্রতি জাতিসংঘের আহ্বান ॥** বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরে যাওয়ার আগেই মিয়ানমারে নির্মিত শিবিরগুলোয় ত্রাণ সংস্থাগুলোকে অবাধে প্রবেশের অনুমতি দেওয়ার আহ্বান জানিয়েছে জাতিসংঘ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **সেভ দ্য চিলড্রেন কার্যালয়ে জঙ্গি হামলা ॥** আফগানিস্তানে আন্তর্জাতিক ত্রাণ সংস্থা সেভ দ্য চিলড্রেন কার্যালয়ে জঙ্গি হামলায় ২ জন নিহত এবং অন্তত ১২ জন আহত হয়েছে। নৃশংস হামলার এ ঘটনায় সংস্থার কার্যক্রম স্থগিত এবং দপ্তর বন্ধ করে দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২৫ জানুয়ারি, বৃহস্পতিবার**

- **ভোলার জনসভায় রাষ্ট্রপতি ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ভোলায় এক জনসভায় বলেন, স্বাধীনতাবিরোধী চক্র দেশে এখনো চক্রান্ত চালিয়ে যাচ্ছে। তিনি তাঁর ভাষণে গণতান্ত্রিক ধারাবাহিকতা নিশ্চিত এবং দেশের উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **যমুনা-পদ্মা নদীবিষয়ক মডেল প্রদর্শন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'কম্প্রিহেনসিভ প্ল্যান ফর স্টাবিলাইজেশন অব দ্য যমুনা-পদ্মা রিভার পাইলট ইন্টারভেনশন ফর ল্যান্ড রিক্লামেশন'-এর ওপর মডেল প্রদর্শন করেন। এ সময় প্রধানমন্ত্রী সুষ্ঠু নদী ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করে বলেন, দেশ রক্ষা ও উন্নয়নের জন্য নদী বাঁচাতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হাসপাতালে কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করুন ॥** প্রধানমন্ত্রীর ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালের সম্প্রসারণ এবং আধুনিকায়ন সংক্রান্ত মডেল উপস্থাপনকালে দেশের হাসপাতালগুলোতে জনগণের কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা ॥** বাংলাদেশের ২১তম রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ১৮ ফেব্রুয়ারি নতুন রাষ্ট্রপতি নির্বাচনের জন্য জাতীয় সংসদে ভোট গ্রহণ করা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চলে গেলেন গণমানুষের কথাকার শওকত আলী ॥** একুশে পদকজয়ী অসামান্য সাহিত্যিক, ঔপন্যাসিক শওকত আলী চলে গেলেন না-ফেরার দেশে। প্রগতিশীল স্বচ্ছ দৃষ্টির লেখক ছিলেন তিনি। কেউ কেউ তাকে 'প্রান্তিক মানুষের কথাকার' হিসেবে অভিহিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নতুন আইজিপি নিয়োগ ॥** বাংলাদেশ পুলিশের নতুন মহাপরিদর্শক (আইজিপি) হিসেবে নিয়োগ পেয়েছেন স্পেশাল ব্রাঞ্চ (এসবি) প্রধান অতিরিক্ত আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মোদি-সু চি বৈঠক ॥** ভারতের রাজধানী নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সফররত মিয়ানমারের স্টেট কাউন্সেলর অং সান সু চির বৈঠক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আবার এক হওয়ার ডাক উত্তর কোরিয়ার ॥** উত্তর ও দক্ষিণ কোরিয়া তাদের মধ্যকার সুদীর্ঘকালের বিচ্ছেদের অবসান ঘটিয়ে আবার ঐক্যবদ্ধ হতে চাচ্ছে। একত্রিত হওয়ার ডাকটি প্রথম এলো উত্তর কোরিয়ার কাছ থেকেই। তবে এ আহবানের সঙ্গে পিয়ংইয়ংয়ের পক্ষ থেকে কিছু শর্ত জুড়ে দেওয়া হয়েছে। এর মধ্যে প্রধান শর্ত হচ্ছে পুনরেকত্রীকরণ প্রক্রিয়ার কাজে তৃতীয় কোনো দেশের সহায়তা বা মধ্যস্থতার কোনো প্রয়োজন নেই। সূত্র: যুগান্তর

**২৬ জানুয়ারি, শুক্রবার**

- **ঢাকায় 'ভারতের প্রজাতন্ত্র দিবস' উদ্‌যাপন ॥** যথাযথ মর্যাদায় ঢাকায় 'ভারতের প্রজাতন্ত্র দিবস' উদ্‌যাপন করেছে ভারতীয় হাইকমিশন। দিবসটি পালন উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এবং ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বক্তব্যে বলেন, 'বাংলদেশ-ভারত সম্পর্কের ক্ষেত্রে সোনালি অধ্যায় শুরু হয়েছে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ভারত-আসিয়ান সংহতি ॥** ভারতের প্রজাতন্ত্র দিবসে নয়াদিল্লিতে অতিথি হয়ে এসেছিলেন আসিয়ানভুক্ত ১০ দেশের সরকারপ্রধান। আসিয়ানভুক্ত দেশের সঙ্গে সম্পর্কোন্নয়ন এই আয়োজনের অন্যতম উদ্দেশ্য বলে এক 'নিবন্ধে' উল্লেখ করেছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: সমকাল
- **বিশ্ব অর্থনৈতিক ফোরামের সম্মেলন ॥** সুইজারল্যান্ডের দাভোসে অনুষ্ঠিত বিশ্ব অর্থনৈতিক ফোরামের সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ব্যাবসা-বাণিজ্যের জন্য যুক্তরাষ্ট্র সবার জন্য উন্মুক্ত। এ সময় তিনি বৈষম্যমূলক বাণিজ্য সম্পর্কেও সংশ্লিষ্ট সবাইকে সতর্ক করে দেন। সূত্র: সমকাল

**২৭ জানুয়ারি, শনিবার**

- **শেখ হাসিনা সরকারের পাশে থাকার ঘোষণা মাদ্রাসা শিক্ষকদের ॥** মাদ্রাসা শিক্ষা জাতীয়করণের দাবিতে অনুষ্ঠিত মহাসমাবেশ থেকে মাদ্রাসা শিক্ষার উন্নয়নের জন্য বর্তমান সরকারের প্রশংসা করে শেখ হাসিনার পাশে থাকার ঘোষণা দিয়েছেন লাখো আলেম-ওলামাসহ মাদ্রাসা শিক্ষকরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ত্রিদেশীয় সিরিজে চ্যাম্পিয়ন শ্রীলঙ্কা ॥** ঢাকার মাঠে ত্রিদেশীয় সিরিজ ফাইনাল ম্যাচে ৭৯ রানে বাংলাদেশকে হারিয়ে চ্যাম্পিয়ন শ্রীলঙ্কা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা ॥** ২০১৭ সালের বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত লেখকদের নাম ঘোষণা করা হয়েছে। কবিতা ও কথাসাহিত্যসহ ১০টি শাখায় এ বছর বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পেয়েছেন ১২ জন বিশিষ্ট কবি, লেখক ও গবেষক। পুরস্কারপ্রাপ্তরা হলেন কবিতায় যৌথভাবে মোহাম্মদ সাদিক ও মারুফুল ইসলাম, কথাসাহিত্যে মামুন হুসাইন, প্রবন্ধে মাহবুবুল হক, গবেষণায় অধ্যাপক রফিকুল্লাহ খান, অনুবাদ সাহিত্যে আমিনুল ইসলাম ভূঁইয়া, মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্যে যৌথভাবে কামরুল ইসলাম ভূঁইয়া ও সুরমা জাহিদ, ভ্রমণকাহিনিতে শাকুর মজিদ, নাটকে মলয় ভৌমিক, বৈজ্ঞানিক কল্পকাহিনিতে মোশতাক আহমেদ এবং শিল্প-সাহিত্যে ঝর্ণা দাশ পুরকায়স্থ।

- **ঢাকা সফরে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট ॥** রোহিঙ্গা পরিস্থিতি দেখতে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো তিনদিনের সফরে ঢাকায় এসেছেন। সফরে প্রেসিডেন্টের সফরসঙ্গী হয়েছেন দেশটির ফার্স্ট লেডি ইরিয়ানা জোকো উইদোদো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ধর্মঘটে অচল ভারতের আসামের একাংশ ॥** পুলিশের গুলিতে দুই আদিবাসী নিহতের ঘটনায় বিক্ষোভ ও ধর্মঘটে অচল হয়ে পড়েছে ভারতের আসামের একাংশ। বিচ্ছিন্ন রেল যোগাযোগ। সূত্র: যুগান্তর

**২৮ জানুয়ারি, রোববার**

- **মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সে ১শ' মেগাওয়াট মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জাপান সরকারকে ধন্যবাদ জানিয়ে এখানে এই প্রকল্পে কাজ করতে আসা বিদেশি নাগরিকদের সর্বোচ্চ নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দেন। এ সময় গণভবনে জাইকার ভাইস প্রেসিডেন্ট এবং জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ দূতসহ জাপানি প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠক ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদোর সৌজন্য সাক্ষাৎ হয়েছে। এ সময় দুই নেতার মধ্যে অনুষ্ঠিত বৈঠকে রোহিঙ্গা সংকটের দ্রুত ও শান্তিপূর্ণ সমাধানের আহ্বান জানিয়েছে ইন্দোনেশিয়া। এছাড়া সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে ঢাকা- জাকার্তা একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করা হয়। ইন্দোনেশিয়া থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানিসহ বাংলাদেশ-ইন্দোনেশিয়ার মধ্যে পাঁচটি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বৈঠক শেষে রাজনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক জোরদারে ১৯ দফা যৌথ ঘোষণা দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা ছাড়া নির্বাচন নয় ॥** দলের চেয়ারপারসন খালেদা জিয়া ছাড়া আসন্ন নির্বাচনে অংশ নেবে না বিএনপি। রোববার আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সিইসি কার্যালয়ে বৈঠকে প্রধান নির্বাচন কমিশনারকে (সিইসি) সাফ এ কথা জানিয়েছেন বিএনপি নেতারা। সূত্র: দৈনিক ইত্তেফাক



- **পুতিনের বিরুদ্ধে বিক্ষোভে বিরোধী নেতা আটক ॥** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে। এই ইস্যুতে দেশটির বিরোধীদলের নেতা অ্যালেক্সাই নাভালনিকে রোববার আটক করেছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২৯ জানুয়ারি, সোমবার**

- **আইসিটি প্রযুক্তি আইনের খসড়া অনুমোদন এবং সংরক্ষিত নারী আসনের মেয়াদ বৃদ্ধি ॥** 'ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮'-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। তথ্য ও প্রযুক্তি যোগাযোগ আইনের বিতর্কিত ৫৭ ধারাসহ কয়েকটি ধারা বিলুপ্তির বিধান রেখে এই আইনের অনুমোদন দেওয়া হলো। বৈঠকে আরও সিদ্ধান্ত হয়–মুক্তিযুদ্ধ ও জাতির পিতার বিরুদ্ধে অপপ্রচার চালালে যাবজ্জীবন কারাদণ্ড। এছাড়া একই বৈঠকে জাতীয় সংসদে সংরক্ষিত ৫০টি নারী আসনের মেয়াদ আরও ২৫ বছর বাড়ানোর সিদ্ধান্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নবম ওয়েজবোর্ড গঠন ॥** নবম সংবাদপত্র মজুরি বোর্ড গঠন করেছে সরকার। এ বিষয়ে তথ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনে বলা হয়, সংবাদপত্রে কর্মরত সাংবাদিক-কর্মচারীদের জন্য নতুন বেতন কাঠামো নির্ধারণে সরকার নতুন ওয়েজবোর্ড গঠন করেছে। ১৩ সদস্যের এই বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে সুপ্রিমকোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি নিজামুল হককে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কাবুলে জঙ্গি হামলায় ১১ সেনা নিহত ॥** আফগানিস্তানের রাজধানী কাবুলের একটি সামরিক একাডেমিতে জঙ্গি হামলায় ১১ সেনা নিহত হয়েছে। এ ঘটনায় চার হামলাকারীও নিহত হয়। জঙ্গি সংগঠন আইএস তাদের নিজস্ব ওয়েবসাইট আমাকের মাধ্যমে এই হামলার দায় স্বীকার করেছে। পরে কর্তৃপক্ষ দেশটিতে সর্বোচ্চ সতর্কতা জারি করে। সূত্র: সমকাল
- **অস্ত্র রফতানিতে শীর্ষ দশে থাকতে চায় অস্ট্রেলিয়া ॥** অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুল সিডনিতে সাংবাদিকদের জানান, সামরিক সরঞ্জাম তৈরিতে সরকারি ঋণ ৩৮০ কোটি অস্ট্রেলিয়ান ডলারে (৩১০

কোটি মার্কিন ডলার) উন্নীত করা হয়েছে। এই প্যাকেজের অধীনে বিশ্বব্যাপী শীর্ষ ১০ প্রতিরক্ষা সরঞ্জাম রফতানিকারক দেশ হিসেবে পরিণত হবে অস্ট্রেলিয়া। সূত্র: যুগান্তর

**৩০ জানুয়ারি, মঙ্গলবার**

- **আওয়ামী লীগের নির্বাচনি প্রচার শুরু ॥** আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সিলেটে বিশাল জনসভার আয়োজনের মধ্য দিয়ে দলের নির্বাচনি প্রচার শুরু করেছেন বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সিলেটে হযরত শাহজালাল (রহ.), হযরত শাহপরাণ (রহ.) এবং সিলেটে প্রথম মুলিম গাজী বুরহান উদ্দিনের মাজার জিয়ারতের মধ্য দিয়ে শেখ হাসিনা ২০১৮ সালের আসন্ন নির্বাচনের প্রথম প্রচারাভিযান শুরু করলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রিজনভ্যান ভাঙল বিএনপি কর্মীরা ॥** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চ্যারিটেবল ট্রাস্ট মামলার হাজিরা শেষে খালেদা জিয়ার ফেরার পথে হাইকোর্টের সামনে প্রিজনভ্যান ভেঙে দুই আসামি ছিনিয়ে নিয়েছে বিএনপির নেতাকর্মী-সন্ত্রাসীরা। এ সময় ৮ পুলিশ আহত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৫ শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি পরীক্ষায় জালিয়াতির সঙ্গে জড়িত থাকায় ১৫ শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল করা হয়েছে। এদের মধ্যে ছাত্রলীগের এক কেন্দ্রীয় নেতাসহ তিনজন এবং জালিয়াতির সুযোগ নিয়ে ভর্তি হওয়া ১২ শিক্ষার্থী রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঝুঁকিপূর্ণ ১১ দেশের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিল যুক্তরাষ্ট্র ॥** গেল বছরের অক্টোবরে 'উচ্চমাত্রায় ঝুঁকিপূর্ণ' আখ্যা দিয়ে ১১টি দেশের শরণার্থী প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছিল যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের সদ্য জারি করা প্রজ্ঞাপন অনুযায়ী পূর্বকথিত 'ঝুঁকিপূর্ণ' ১১টি দেশের শরণার্থী প্রবেশে এখন আর কোনো নিষেধাজ্ঞা থাকছে না। সূত্র: যুগান্তর
- **সৌদিতে বিদেশিদের চাকরির ওপর কড়াকড়ি ॥** সৌদি আরবের শ্রম মন্ত্রণালয় থেকে জারি করা এক সরকারি প্রজ্ঞাপনে বলা হয়েছে, এখন থেকে সৌদি আরবে এসে বিদেশিরা বিশেষ ১২টি পেশায় আর চাকরি করতে পারবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**৩১ জানুয়ারি, বুধবার**

- **দ্বিতীয় মেয়াদের জন্য রাষ্ট্রপতি পদে আবদুল হামিদকেই মনোনয়ন ॥** বর্তমান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকেই দ্বিতীয় মেয়াদের জন্য দেশের ২১তম রাষ্ট্রপতি পদে মনোনয়ন দিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দলের সংসদীয় বোর্ডের সভায় সর্বসম্মতভাবে এ সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সহায়ক সরকারের দাবি অসাংবিধানিক ॥** জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে বক্তব্য প্রদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নির্বাচনকালীন সরকারের পরিসর ছোটো হবে। সংবিধানে ১২৬ অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন দায়িত্ব পালন করবে। নির্বাচনকালীন সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হবে। আর ওই সরকার শুধু রুটিন কার্যক্রম পরিচালনা করবে, কোনো নীতিগত সিদ্ধান্ত নেবে না। 'সহায়ক সরকার' প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, বিএনপির দাবি অসাংবিধানিক, গ্রহণযোগ্য নয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ॥** নির্বাচন কমিশন সারাদেশে ভোটার হালনাগাদ কার্যক্রম শেষ করার পর এক সংবাদ সম্মেলন করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে। এই তালিকা অনুযায়ী দেশে এখন মোট ভোটার ১০ কোটি ৪১ লাখ ৪২ হাজার ৩৮১ জন। এবার হালনাগাদে ভোটার বেড়েছে ৪৬ লাখ ৫৫ হাজার ৫৪৫ জন।
- **খালেদা জিয়ার গাড়িবহরে হামলাকারীর বিষয়ে বিএনপির পরোক্ষ স্বীকারোক্তি ॥** হাইকোর্টের সামনে মঙ্গলবার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার গাড়িবহর থেকে পুলিশের ওপর হামলাকারীরা অনুপ্রবেশকারী। পল্টনের দলীয় কার্যালয়ে সংবাদ সম্মেলন ডেকে এমন দাবি করেন বিএনপি নেতৃবৃন্দ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঐক্যের ডাক দিলেন ট্রাম্প ॥** 'স্টেট অব দ্য ইউনিয়ন' ভাষণে সব মতপার্থক্য ভুলে পারস্পরিক সমঝোতা আর জাতীয়ভাবে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ক্ষমতাসীন হওয়ার পর প্রেসিডেন্ট ট্রাম্পের এটাই প্রথম স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ। সূত্র: যুগান্তর

## ফেব্রুয়ারি-২০১৮

**১ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

➢ **রাষ্ট্রপতি পদে আওয়ামী লীগের মনোনয়ন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি পদে মনোনয়ন সংক্রান্ত আওয়ামী লীগের নির্বাচন বোর্ডের 'সিদ্ধান্তপত্র' আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছেন আওয়ামী লীগ সংসদীয় বোর্ডের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **'অমর একুশে গ্রন্থমেলা' উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলা একাডেমি প্রাঙ্গণে 'অমর একুশে গ্রন্থমেলা' উদ্বোধন অনুষ্ঠানে নিজ দেশের সংস্কৃতিকে মর্যাদা প্রদানের আহ্বান জানিয়ে বলেন, বাঙালির ভাষা শিল্প ও সংস্কৃতিকে সারাবিশ্বে ছড়িয়ে দিতে হবে। বাংলা ভাষা, সাহিত্য ও শিল্প-সংস্কৃতির চর্চা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে তিনি আরও বলেন, আমরা যদি নিজেদের ভাষা ও শিল্প-সংস্কৃতিকে মর্যাদা দিতে না পারি এবং তার উৎকর্ষসাধন করতে না পারি, তাহলে ভবিষ্যতে কোনোদিন বিশ্বদরবারে মাথা উঁচু করে দাঁড়াতে পারব না। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **অভিন্ন প্রশ্নপত্রে সারাদেশে এসএসসি পরীক্ষা শুরু ॥** প্রশ্নফাঁস-সংকট উত্তরণে নিয়মের কড়াকড়ির মধ্য দিয়ে একই প্রশ্নপত্রে দেশব্যাপী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী বলেছেন, প্রশ্নফাঁস ঠেকাতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **রাখাইনে পাঁচ গণকবরের সন্ধান ॥** মিয়ানমার সেনাবাহিনী সে দেশের সংখ্যালঘু রাখাইন রাজ্যের মুসলমান রোহিঙ্গাদের বেশির ভাগ গ্রামে নির্মম হত্যাযজ্ঞ চালিয়েছে। হত্যাকাণ্ডের পরপরই তারা লাশগুলো গণকবরে মাটিচাপা দিয়ে রাখে। তদন্তে এ রকমের পাঁচটি গণকবরের সন্ধান পেয়েছে বার্তা সংস্থা এসোসিয়েটেড প্রেস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বিশ্বের সবচেয়ে বড়ো স্বাস্থ্যবিমার ঘোষণা করেছে ভারত ॥** ২০১৮-১৯ অর্থবছরের সাধারণ বাজেট পেশ করেছেন ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলি। প্রস্তাবিত বাজেটে নিম্ন আয়ের মানুষের জন্য বিশাল এক স্বাস্থ্যবিমার ঘোষণা করেন তিনি। সূত্র: সমকাল



**২ ফেব্রুয়ারি, শুক্রবার**

➢ **প্রধান বিচারপতি নিয়োগ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শুক্রবার সুপ্রিমকোর্টের আপিল বিভাগের বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনকে দেশের ২২তম প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ দিয়েছেন। সূত্র: প্রথম আলো

➢ **বিএনপির দাবির জবাবে এরশাদ ॥** সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ বলেন, আমাদের সংবিধানে 'সহায়ক সরকার' বলে কিছু নেই, সংবিধানে যেভাবে যা যা লেখা আছে, ঠিক সেই বিধান অনুযায়ী আগামী নির্বাচন অনষ্ঠিত হবে। সূত্র: প্রথম আলো

➢ **চীন সফরে ব্রিটিশ প্রধানমন্ত্রী ॥** ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে তিনদিনের চীন সফরে এসে দেশটির সঙ্গে ১,৩২৬ কোটি ডলারের বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছেন। সূত্র: সমকাল

**৩ ফেব্রুয়ারি, শনিবার**

➢ **প্রধান বিচারপতির শপথ গ্রহণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে বঙ্গভবনের দরবার হলে নয়া প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সৈয়দ মাহমুদ হোসেন দেশের ২২তম প্রধান বিচারপতি হলেন। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ শপথ অনুষ্ঠান পরিচালনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **খালেদা জিয়ার ছয় শর্ত ॥** বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সভায় উদ্বোধনী ভাষণে আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে ছয়টি শর্ত দিয়েছেন দলের চেয়ারপারসন খালেদা জিয়া। শর্তগুলো হচ্ছে: ১. ভোট হতে হবে নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে। ২. জনগণকে ভোটকেন্দ্রে আসার মতো পরিবেশ তৈরি করতে হবে। ৩. ভোটের আগে সংসদ ভেঙে দিতে হবে। ৪. নির্বাচন কমিশনকে নিরপেক্ষতা বজায় রেখে কাজ করতে হবে। ৫. ভোটের সময় সেনাবাহিনী মোতায়েন করতে হবে, সেনাবাহিনী মোবাইল ফোর্স হিসেবে কাজ করবে এবং ৬. ভোটের জন্য ইভিএম/ডিভিএম ব্যবহার করা যাবে না। সূত্র: প্রথম আলো

➢ **বান্দরবানে পুঁতে রাখা মাইন বিস্ফোরণ ॥** বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি সীমান্তে মিয়ানমার সেনাদের পুঁতে রাখা মাইন বিস্ফোরণে এক বাংলাদেশির দুই পা বিচ্ছিন্ন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **এপির দাবি অস্বীকার করল মিয়ানমার ॥** আন্তর্জাতিক বার্তা সংস্থা এসোসিয়েটেড প্রেসের রাখাইন রাজ্যে নতুন করে পাঁচটি গণকবর পাওয়ার সংবাদ অস্বীকার করে মিয়ানমার সরকার বলেছে এ ধরনের কোনো কিছুর অস্তিত্ব নেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **তিন মাসে ইয়েমেনে হামলায় ৬৮ শিশু নিহত ॥** জাতিসংঘ প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, গত বছরের জুলাই থেকে সেপ্টেম্বর তিন মাসে ইয়েমেনে প্রতিপক্ষের হামলায় অন্তত ৬৮ শিশু নিহত হয়েছে। এসব হামলায় আহত হয়েছে ৩৯ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে ভারতের চতুর্থ রেকর্ড জয় ॥** ১২তম অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফাইনালে অস্ট্রেলিয়াকে ৮ উইকেটের বড়ো ব্যবধানে হারিয়ে রেকর্ড চতুর্থ শিরোপা জয় করল ভারত। সূত্র: প্রথম আলো

**৪ ফেব্রুয়ারি, রোববার**

➢ **রোহিঙ্গা পরিস্থিতি দেখতে ঢাকায় সুইস প্রেসিডেন্ট ॥** সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে চারদিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায় এসে পৌঁছলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রেসিডেন্ট আঁলা বেরসে বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের বর্তমান অবস্থা স্বচক্ষে দেখতে ঢাকা সফরে এসেছেন। সফরকালে প্রেসিডেন্ট বেরসে কক্সবাজারে কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শন শেষে সেখানে একটি হাসপাতালের কার্যক্রম পরিদর্শন করবেন। প্রেসিডেন্ট আঁলা বেরসে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে দেওয়া সাহায্য অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **একনেক বৈঠকে ১১ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় ৭ হাজার ৪২৩ কোটি ৭২ লাখ টাকার ১১টি প্রকল্প অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত শিক্ষা সমাবেশ ॥** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত শিক্ষা সমাবেশে



প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষকদের আন্দোলন প্রসঙ্গে বলেন, সরকারকে চাপ দিয়ে কোনো দাবি আদায় করা যাবে না। সূত্র: যুগান্তর

➢ **আন্তর্জাতিক শ্রমকল্যাণ সম্মেলন শুরু ॥** 'টেকসই উন্নয়নের জন্য অভিবাসী কল্যাণ' প্রতিপাদ্য নিয়ে ঢাকায় পাঁচদিনব্যাপী সিরডাপ মিলনায়তনে আন্তর্জাতিক শ্রমকল্যাণ সম্মেলন শুরু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রশ্নফাঁসকারীকে ধরিয়ে দিতে পাঁচ লাখ টাকা পুরস্কার ঘোষণা ॥** এসএসসি পরীক্ষার প্রশ্নফাঁসকারী ধরতে পাঁচ লাখ টাকা পুরস্কার ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। প্রতিবছর অব্যাহত প্রশ্ন ফাঁসের অভিযোগের প্রেক্ষাপটে এবার সরকার এই পুরস্কার ঘোষণা করল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মালদ্বীপে পার্লামেন্ট ভবন সিলগালা ॥** মালদ্বীপের প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামিনের অভিশংসনের গুঞ্জনের মধ্যেই দেশটির সেনাবাহিনী নিয়ন্ত্রণে নিয়েছে মালদ্বীপ পার্লামেন্ট ভবন। এ সময় তারা দুজন পার্লামেন্ট সদস্যকে আটক করে। নিয়ন্ত্রণ নেওয়ার পরপরই সেনাবাহিনী ভবনটি সিলগালা করে দেয়। সূত্র: সমকাল

**৫ ফেব্রুয়ারি, সোমবার**

➢ **রাষ্ট্রপতির সঙ্গে সুইস প্রেসিডেন্ট আঁলা বেরসের বৈঠক ॥** বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সফররত সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে সৌজন্য সাক্ষাৎ করেছেন। বৈঠকে দুই প্রেসিডেন্ট বাংলাদেশের রোহিঙ্গা ইস্যুসহ দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। পরে তাঁর সম্মানে দেওয়া রাষ্ট্রপতির নৈশভোজে অংশ নেন তিনি। নৈশভোজ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে যৌথ ঘোষণা ॥** সফররত সুইস প্রেসিডেন্ট আঁলা বেরসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক শেষে এক যৌথ বিবৃতিতে সুইস প্রেসিডেন্ট রোহিঙ্গা সংকটে দৃঢ়ভাবে বাংলাদেশের পাশে থাকার ওয়াদা করেন। বিবৃতিতে রোহিঙ্গাদের সহায়তায় ১২ মিলিয়ন সুইস ফ্রাঁ (প্রায় ১০৮ কোটি টাকা) অনুদানের ঘোষণা দেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **'ওয়ানস্টপ' সার্ভিস বিল-২০১৮ পাস ॥** দেশি-বিদেশি বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে বিনিয়োগকারীদের এক ছাতার নিচে আনতে সংসদে 'ওয়ানস্টপ' সার্ভিস বিল-২০১৮ পাস।

➢ **পিআইবি ও বিএডিসি আইনের খসড়া অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) ও বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) আইনের খসড়া অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সাংবাদিকের সংজ্ঞা নির্ধারণ ও পিআইবি ॥** 'বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট আইন-২০১৮' অনুযায়ী সাংবাদিকের সংজ্ঞা নির্ধারিত হয় এভাবে (সংক্ষেপে): একজন ব্যক্তি যিনি প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়া এবং বার্তা সংস্থার সংবাদ-সংশ্লিষ্ট কাজে সার্বক্ষণিকভাবে যুক্ত থাকবেন তিনিই সাংবাদিক বলে গণ্য বা বিবেচিত হবেন। পিআইবি মূলত ট্রেনিং ইনস্টিটিউট। বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান বা সংস্থার জনসংযোগ কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিকসহ বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের পেশাগত উন্নয়নে স্বল্প মেয়াদে বুনিয়াদি এবং কার্যকরী প্রশিক্ষণ, সনদ প্রদান ও সাংবাদিকতাবিষয়ক প্রকাশনাসহ সংশ্লিষ্ট আরও অনেক কাজ করা হয় পিআইবির মাধ্যমে। সূত্র: প্রথম আলো

➢ **বিএডিসি আইন-২০১৮-এর খসড়া অনুমোদন ॥** বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) নোটিশ অমান্য করলে ১০ হাজার টাকা জরিমানার বিধান রেখে নতুন আইন 'বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন আইন-২০১৮' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র: প্রথম আলো

➢ **ওআইসিভুক্ত দেশগুলোর মন্ত্রী পর্যায়ের সম্মেলন শুরু ॥** বাংলাদেশে প্রথমবারের মতো তিন দিনব্যাপী ওআইসিভুক্ত মুসলিম দেশগুলোর পর্যটনমন্ত্রীদের সম্মেলন শুরু হয়েছে সোমবার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মালদ্বীপে জরুরি অবস্থা জারি ॥** মালদ্বীপে আদালত ও সরকারের মধ্যে চলমান সংকটে দেশটিতে ১৫ দিনের জন্য জরুরি অবস্থা জারি করেছেন প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামিন। অবশ্য পরবর্তীকালে রাজনৈতিক সংকট আরও জটিল আকার ধারণ করলে মঙ্গলবার ভোরে দেশটির প্রধান



বিচারপতি আবদুল্লাহ সাইদ এবং সাবেক প্রেসিডেন্ট মামুন আবদুল গাইয়ুমসহ সাতজনকে গ্রেফতার করেছে পুলিশ। সূত্র: প্রথম আলো

**৬ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

➢ **ওআইসিভুক্ত দেশের পর্যটনমন্ত্রীদের সম্মেলন উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওআইসিভুক্ত মুসলিম দেশগুলোর পর্যটনমন্ত্রীদের দশম ইসলামিক সম্মেলনের (আইসিটিএম) উদ্বোধনী অনুষ্ঠানে দেওয়া ভাষণে বিশ্বজুড়ে হালাল পণ্য ও সেবার বাজার সম্প্রসারণের বিপুল সম্ভাবনার কথা তুলে ধরে এ বিষয়ে ওআইসিভুক্ত দেশগুলোর সহযোগিতা বাড়ানোর ওপর জোর দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বেসরকারি বিশ্ববিদ্যালয়কে আইন মেনে চলতে হবে ॥** বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের মতবিনিময় সভায় বিদ্যমান আইনকানুন মেনে চলতে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সিরিয়ার প্রেসিডেন্ট আসাদের বিরুদ্ধে ক্লোরিন গ্যাস হামলার অভিযোগ ॥** সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদের বিরুদ্ধে সরকারবিরোধীদের ওপর নতুন করে ক্লোরিন গ্যাস হামলার অভিযোগ করেছে দেশটির স্বেচ্ছাসেবী সংগঠন 'হোয়াইট হেলমেট'। সিরিয়ার বিদ্রোহী নিয়ন্ত্রিত ঘৌতার পূর্বাঞ্চলীয় এলাকায় এইসব হামলার ঘটনায় ওয়াশিংটনের নিন্দা প্রস্তাব নিয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে সোমবার যুক্তরাষ্ট্র ও রাশিয়া তীব্র বাদানুবাদে জড়িয়ে পড়ে। সাম্প্রতিককালের এসব ক্লোরিন গ্যাস হামলায় শিশুসহ বহুলোক আহত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ ফেব্রুয়ারি, বুধবার**

➢ **আবদুল হামিদ ফের রাষ্ট্রপতি ॥** বর্তমান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিনা প্রতিদ্বন্দ্বিতায় দ্বিতীয় মেয়াদের জন্য বাংলাদেশের ২১তম রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন। নির্বাচিত ঘোষণার পর এদিন বিকেলেই এ সংক্রান্ত গেজেট প্রকাশ করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠান ॥** মিরপুর সেনানিবাসে ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ

কলেজ ২০১৭-১৮ সালের কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আধুনিক প্রশিক্ষণ ও সরঞ্জামাদির সমন্বয়ে বর্তমানে বাংলাদেশের সশস্ত্রবাহিনী অনেক বেশি উন্নত, দক্ষ ও চৌকশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **জার্মানিতে মহাজোট সরকার গঠনের চুক্তি চূড়ান্ত ॥** অবশেষে জার্মানির মধ্য-ডানপন্থি সোশ্যাল ডেমোক্রেট পার্টির (এসপিডি) সঙ্গে চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেলের ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাট ইউনিয়নের কোয়ালিশন সরকার গঠনে সমঝোতায় পৌঁছেছেন। টানা প্রায় ২৪ ঘণ্টা আলাপ-আলোচনার পর তারা উভয়ে দেশে একটি মহাজোট সরকার গঠনের পক্ষে একমত হয়েছেন। আলোচনার টেবিলে প্রধান দুটি পক্ষ ছিল চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল এবং মার্টিন শুলজের শিবির। সূত্রঃ যুগান্তর

**৮ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

- **খালেদা জিয়ার পাঁচ বছরের জেল ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। অন্যদিকে একই মামলায় দলটির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানসহ পাঁচ আসামিকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একই সঙ্গে তাদের সবার ২ কোটি ১০ লাখ ৭১ হাজার ৬৭১ টাকা করে জরিমানা করা হয়েছে। মামলার অন্য আসামিরা হলেন মাগুরা সাবেক এমপি কাজী সালিমুল হক কামাল ওরফে ইকোনো কামাল, ব্যবসায়ী শরফুদ্দিন আহমেদ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক সচিব কামাল উদ্দিন সিদ্দিকী (পলাতক) এবং সাবেক রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমানের ভাগনে মমিনুর রহমান (পলাতক)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রায় প্রত্যাখ্যান করে বিএনপির দুদিনের প্রতিবাদ কর্মসূচি ঘোষণা ॥** প্রধানমন্ত্রীর প্রতিহিংসা চরিতার্থ করার জন্য দলের চেয়ারপারসন খালেদা জিয়াকে আদালত পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে বলে অভিযোগ তুলে এ রায় প্রত্যাখ্যান করেছে বিএনপি। ঘোষিত রায়ের প্রতিবাদে শুক্র ও শনিবার সারাদেশে দুইদিনের বিক্ষোভ কর্মসূচি আহ্বান করেছে বিএনপি। সূত্রঃ প্রথম আলো



- **একুশে পদক ঘোষণা ॥** সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা একুশে পদকের জন্য মনোনীতদের নাম ঘোষণা করেছে সরকার। এবার পদকপ্রাপ্তরা হলেন ভাষা আন্দোলনে আ জ ম তকীয়ুল্লাহ (মরণোত্তর) ও অধ্যাপক মির্জা মাজহারুল ইসলাম। সংগীতে শেখ সাদী খান, সুজেয় শ্যাম, ইন্দ্রমোহন রাজবংশী, খুরশীদ আলম ও মতিউল হক খান। নৃত্যে মীনু হক (মীনু বিল্লাহ)। অভিনয়ে হুমায়ুন ফরীদি (মরণোত্তর)। নাটকে নিখিল সেন। চারুকলায় কালিদাস কর্মকার। আলোকচিত্রে গোলাম মুস্তাফা। সাংবাদিকতায় রণেশ মৈত্র। গবেষণায় ভাষাসংগ্রামী অধ্যাপক জুলেখা হক (মরণোত্তর)। অর্থনীতিতে ড. মইনুল ইসলাম। সমাজসেবায় ইলিয়াস কাঞ্চন। ভাষা ও সাহিত্যে সৈয়দ মঞ্জুরুল ইসলাম, সাইফুল ইসলাম (কবি হায়াৎ সাইফ), সুব্রত বড়ুয়া, রবিউল হুসাইন ও খালেকদাদ চৌধুরী (মরণোত্তর)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **দক্ষিণ সুদান প্রসঙ্গে জাতিসংঘের প্রতিবেদন ॥** জাতিসংঘ থেকে প্রকাশিত এক রিপোর্টে বলা হয়েছে, দক্ষিণ সুদানে বন্দি তিন শতাধিক শিশুসেনাকে মুক্তি দেওয়া হয়েছে। সূত্রঃ সমকাল
- **নিরাপত্তা পরিষদে উঠছে মালদ্বীপ সংকট ॥** মালদ্বীপে সরকার ও সুপ্রিমকোর্টের মধ্যকার দ্বন্দ্ব চূড়ান্ত রূপ নেওয়ায় বিষয়টি অবশেষে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে উঠছে। এর আগে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস জরুরি অবস্থা প্রত্যাহার করে দেশটির পরিস্থিতি শান্ত রাখতে মালদ্বীপের প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামেনকে আহ্বান জানিয়েছেন।

**৯ ফেব্রুয়ারি, শুক্রবার**

- **আন্তর্জাতিক সম্প্রদায়কে নিয়ে রোহিঙ্গা সমস্যার সমাধান ॥** সফররত ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন বলেছেন, রোহিঙ্গা সমস্যা মনুষ্যসৃষ্ট বিপর্যয়। রাজনৈতিক সদিচ্ছা, সহনশীলতা আর সহযোগিতার মাধ্যমে এই বিপর্যয় কাটানো সম্ভব। এছাড়া আন্তর্জাতিক সম্প্রদায়কে সঙ্গে নিয়ে এই বিপর্যয় কাটানোর আহ্বান জানান তিনি। পরে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে বৈঠকে রোহিঙ্গা ইস্যুসহ দ্বিপক্ষীয় ও আন্তর্জাতিক বিষয় নিয়ে দুই মন্ত্রী আলোচনা করেন। সূত্রঃ প্রথম আলো

- **লুসি হেলেনের সহায়তায় এগিয়ে এলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ দেশে ৫৭ বছর ধরে বসবাসকারী ব্রিটিশ নাগরিক লুসি হেলেনের সহায়তায় এগিয়ে এলেন। প্রতিবছর ভিসা নবায়নের ঝক্কি থেকে মুক্ত করে মানবতাবাদী নারী লুসির হাতে বৃহস্পতিবার ১৫ বছরের মাল্টিপল ভিসাসহ বাংলাদেশি পাসপোর্ট তুলে দেন এবং এই মহীয়সী নারীর সঙ্গে কিছু সময় কথা বলেন প্রধানমন্ত্রী। ৮৭ বছর বয়সি লুসি হেলেন বর্তমানে বরিশাল নগরীর অক্সফোর্ড মিশনে কর্মরত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাঁচ শতাধিক নেতাকর্মীর বিরুদ্ধে পুলিশের মামলা ॥** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া আদালতে যাওয়ার পথে বিভিন্ন স্থানে সহিংসতার ঘটনায় বিএনপির পাঁচ শতাধিক নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ওদের একমাত্র অপরাধ ওরা রোহিঙ্গা ॥** মিয়ানমারে রোহিঙ্গা নিধনযজ্ঞে দেশটির সেনাসংশ্লিষ্টতার ভয়াবহ তথ্য প্রকাশ করে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স। প্রতিবেদনের সঙ্গে প্রকাশিত একটি ছবিই বলে দেয়, রোহিঙ্গারা কী নির্মম হত্যাযজ্ঞের অসহায় শিকার হয়েছে। ছবিতে দেখা যায়, গুলি করে হত্যার পূর্বমুহূর্তে ওদের দুহাত পিছমুড়ো করে বেঁধে হাঁটু উপুড় করে মাটিতে বসিয়ে রাখা হয়েছে। আর পেছনে সতর্ক পাহারা দিচ্ছে একদল সশস্ত্র ব্যক্তি। সূত্র: সমকাল
- **মালদ্বীপ সংকট ও রোহিঙ্গা ইস্যুতে ট্রাম্প-মোদি ফোনালাপ ॥** চলমান মালদ্বীপ সংকট ও রোহিঙ্গা ইস্যুতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যে ফোনালাপ হয়েছে। টেলিফোনে দুই নেতা গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও আইনের শাসনের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের আহ্বান জানান। সূত্র: কালের কণ্ঠ

**১০ ফেব্রুয়ারি, শনিবার**

- **কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পে জনসন ॥** সফররত ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন কক্সবাজারের উখিয়া ও বালুখালী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, নির্যাতনের শিকার হয়ে মিয়ানমার থেকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সম্মানজনক প্রত্যাবাসনের পক্ষে কাজ করবে যুক্তরাজ্য। তিনি আরও বলেন,



যুক্তরাজ্য চায় রোহিঙ্গারা তাদের নিজ দেশের নাগরিকত্ব ফিরে পাক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ঐতিহ্যবাহী পুরোনো ভবন পরিদর্শন ॥** পুরান ঢাকার ঐতিহ্যবাহী পুরোনো ভবন পরিদর্শন করেন ১১টি দেশের রাষ্ট্রদূত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফিলিস্তিন সফরে মোদি ॥** বিশ্ব স্বীকৃত 'স্বাধীন এবং সার্বভৌম রাষ্ট্র' হিসেবে ফিলিস্তিনকে দেখতে চায় ভারত। ফিলিস্তিনি নেতা ও দেশটির প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের সঙ্গে এক যৌথ প্রেস ব্রিফিংয়ে ভারতের এই আকাঙ্ক্ষার কথা জানান নরেন্দ্র মোদি। ৩০ বছর আগে স্বাধীন রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনকে স্বীকৃতি দেয় ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১১ ফেব্রুয়ারি, রোববার**

- **ইফাদ অধিবেশনে যোগ দিতে রোম পৌঁছেছেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ কৃষি উন্নয়ন তহবিলের (ইফাদ) পরিচালনা পর্ষদের ৪১তম বার্ষিক অধিবেশনে যোগ দিতে ইতালির রাজধানী রোমের লিওনার্দো দ্য ভিঞ্চি ফিউমিনিচো আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। ইতালিতে বাংলাদেশের রাষ্ট্রদূত আবদুস সোবহান সিকদার এবং ইফাদের সহসভাপতি ক্লডিয়া রিচার্ড বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান।
- **দ্রুত বিচার সংশোধন আইন-২০১৮ ॥** শাস্তির মেয়াদ বাড়িয়ে 'আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) সংশোধন আইন-২০১৮ রোববার জাতীয় সংসদে পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়াকে কারাগারে প্রথম শ্রেণির মর্যাদা প্রদান ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় পাঁচ বছরের সাজায় দণ্ডিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে আদালতের আদেশে প্রথম শ্রেণির বন্দির মর্যাদা (ডিভিশন) দিয়েছে কারা কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নেপিদোতে সু চি-জনসন বৈঠক ॥** মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা হত্যাযজ্ঞের ঘটনায় সঠিক তদন্ত ও দোষী পুলিশ সদস্যের শাস্তি দেওয়ার চাপ প্রয়োগ করতে দেশটির স্টেট কাউন্সেলর অং সান সু চির সঙ্গে নেপিদোতে বৈঠক করেছেন সফররত ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **রুশ যাত্রীবাহী বিমান বিধ্বস্ত ॥** রাশিয়ায় বিমান বিধ্বস্ত হয়ে ৭১ আরোহীর সবাই নিহত হয়েছেন। মস্কো থেকে কাজাখস্তানের সীমান্তবর্তী রেস্ক শহরে যাওয়ার পথে বিমানটি বিধ্বস্ত হয়। এ দুর্ঘটনায় নিহতদের মধ্যে ৬৫ জন যাত্রী এবং ৬ জন ক্রু। সূত্র: কালের কণ্ঠ

➤ **মানবাধিকারকর্মী আসমা জাহাঙ্গীর আর নেই ॥** বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ও পাকিস্তানের প্রখ্যাত মানবাধিকার কর্মী ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবী আসমা জাহাঙ্গীর ইন্তেকাল করেছেন। হৃদরোগে আক্রান্ত হলে তাঁকে পাকিস্তানের একটি হাসপাতালে নেওয়া হলে সেখানে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আসমা জাহাঙ্গীরের বাবা মালিক গোলাম জাহাঙ্গীর ১৯৭১ সালে তদানীন্তন পশ্চিম পাকিস্তান আওয়ামী লীগের সহসভাপতি ছিলেন। এই মানবদরদি কর্মী আসমা জাহাঙ্গীরের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল

**১২ ফেব্রুয়ারি, সোমবার**

➤ **বঙ্গভবনে গেলেন প্রধান বিচারপতি ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন সৌজন্য সাক্ষাৎ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ভ্যাটিকান সিটিতে পোপের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক ॥** ইতালির ভ্যাটিকান সিটিতে ক্যাথলিক ধর্মগুরু পোপ ফ্রান্সিসের সঙ্গে বৈঠক করেছেন দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সংসদে নজরুল ইনস্টিটিউট বিল পাস ॥** জাতীয় সংসদে 'কবি নজরুল ইনস্টিটিউট বিল-২০১৮' সংশোধিত আকারে পাস হয়েছে। সামরিক সরকারের আমলে ১৯৮৪ সালে জারি করা নজরুল ইনস্টিটিউট অর্ডিন্যান্স বাতিল করে আইন প্রণয়নে নতুন বিধান রেখে এই বিল পাস করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **পোড়া গ্রামে রোহিঙ্গাদের পোড়া জীবন দেখলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ॥** চার দিনের এশিয়া সফরের তৃতীয় দিনে রোববার ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন পরিদর্শনে যান মিয়ানমারের মংডুর পেন দাউ পিন গ্রামে। একের পর এক গ্রাম ঘুরে তিনি দেখেন শুধু আগুনে পোড়ার



ধ্বংসস্তূপ আর ভস্মীভূত স্মৃতিচিহ্ন। একটি ছোট্ট শিশুর বাইসাইকেলের পোড়া অংশ হাতে তুলে নেন তিনি, হয়তো সেই শিশুটির করুণ পরিণতির কথা ভেবে কিছুক্ষণ বাকরুদ্ধ হয়ে থাকেন। সেখানকার ধ্বংসযজ্ঞ নিজ চোখে দেখে আবেগপ্রবণ হয়ে প্রধানমন্ত্রী, একপর্যায়ে অশ্রু সজল হয়ে কান্নায় ভেঙে পড়েন। এ সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী বলেন, মানুষ কীভাবে মানুষকে পুড়িয়ে মারতে পারে আমি ভাবতেও পারি না।

➤ **দলবদ্ধ বা গণধর্ষণ মামলার রায় প্রদানে ইতিহাস সৃষ্টি ॥** এ দেশে আশ্চর্য মনে হলেও সত্য যে, টাঙ্গাইলে চলন্ত বাসে কলেজছাত্রীকে 'গণধর্ষণের পর হত্যা' মামলার রায় দেওয়া হয়েছে মাত্র ১৪ কার্যদিবসে। রায়ে চার আসামিকে ফাঁসি এবং একজনকে সাত বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

➤ **সংসদে রাষ্ট্রপতির কুশল বিনিময় ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংসদ ভবনের সাংবাদিক লাউঞ্জে সাংবাদিকদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ইফাদের পরিচালনা পর্ষদের ৪১তম অধিবেশন ॥** ইতালি সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোমে ইফাদের পরিচালনা পর্ষদের ৪১তম অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে ক্ষুধা ও দারিদ্র্য দূরীকরণে গ্রামীণ অর্থনীতিতে বিনিয়োগ করার জন্য উন্নয়ন সহযোগীদের প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে বলেছেন, এক্ষেত্রে আপনাদের আরও একটু বেশি উদার হতে হবে। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ইফাদের সঙ্গে ৯ কোটি ২০ লাখ ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **অস্ট্রেলিয়ার পার্লামেন্টে আন্তর্জাতিক মাতৃভাষা বিল পাস ॥** অস্ট্রেলিয়ায় জাতীয়ভাবে ১৯৫২ সালের বাংলাদেশের ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত দিন মহান ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালনের জন্য সোমবার দেশটির ফেডারেল পার্লামেন্টে সর্বসম্মতিক্রমে বিল পাস করা হয়েছে। সূত্র: সমকাল

১৪ ফেব্রুয়ারি, বুধবার

➢ **'কৃষি পদক' প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি** ॥ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) অডিটোরিয়ামে 'কৃষি পদক' প্রদান অনুষ্ঠানে দেশের কৃষিবিদ-গবেষকদের গবেষণালব্ধ জ্ঞান কাজে লাগিয়ে টেকসই, দুর্যোগসহিষ্ণু ও পরিবেশবান্ধব শস্যজাত উৎপাদন পদ্ধতি উদ্ভাবনের আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদ সংশ্লিষ্টদের অবশ্যই বিচার হবে** ॥ দেশের উন্নয়ন স্বার্থে দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়িতদের অবশ্যই বিচার করা হবে। ইতালির রোমে আওয়ামী লীগ ইতালি শাখা আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: প্রথম আলো

➢ **তারেক দুই মামলায় ১৭ বছর সাজাপ্রাপ্ত** ॥ বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দুটি মামলায় ১৭ বছর সাজাপ্রাপ্ত এবং তার বিরুদ্ধে অন্য আরও ছয়টি মামলা বিচারাধীন রয়েছে। জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে বক্তব্য প্রদানকালে আইনমন্ত্রী আনিসুল হক এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সিইসির সঙ্গে ইপি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ** ॥ প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে সফররত ইউরোপিয়ান ইউনিয়নের পার্লামেন্টারি (ইপি) প্রতিনিধিদল বুধবার সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **যুক্তরাষ্ট্রে নিরাপত্তা সদর দফতরে হামলা** ॥ যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংস্থার সদর দফতরের সামনে ব্যাপক গোলাগুলির ঘটনা ঘটেছে। এ সময় অন্তত তিনজন গুলিবিদ্ধ হয়েছে। ঘটনাস্থল থেকে এক সন্দেহভাজন বন্দুকধারীকে আটক করে নিরাপত্তা হেফাজতে নিয়েছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৫ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার

➢ **রোহিঙ্গাদের নিরাপদে ফেরার পরিবেশ সৃষ্টি** ॥ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে মিয়ানমারের সফররত স্বরাষ্ট্রমন্ত্রী লে. জে. কিউসির নেতৃত্বে এক প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেছে। সাক্ষাতে



আলাপকালে রাষ্ট্রপতি হামিদ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের তাদের স্বদেশভূমি রাখাইনে মর্যাদার সঙ্গে এবং নিরাপদে ফেরার পরিবেশ সৃষ্টি করার জন্য মিয়ানমার সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দেশে ফেরার পথে আবুধাবীতে প্রধানমন্ত্রী** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালি ও ভ্যাটিকান সিটিতে চারদিনের সফর শেষে সকালে রোম থেকে সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবীতে পৌঁছেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **৩২ ধারা নিয়ে পিআইবিতে মন্ত্রী-সম্পাদকদের বৈঠক** ॥ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) মিলনায়তনে ডিজিটাল নিরাপত্তা আইনের ৩২ ধারাসহ বিতর্কিত ধারাগুলো নিয়ে বিভিন্ন গণমাধ্যমের সম্পাদকদের সঙ্গে বৃহস্পতিবার বৈঠক করেন সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এবং তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র: কালের কণ্ঠ

➢ **প্রশ্নফাঁসে হাইকোর্টের দুই তদন্ত কমিটি গঠন** ॥ এসএসসিসহ বিভিন্ন পাবলিক পরীক্ষার প্রশ্ন ফাঁসের ঘটনায় দুটি তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে প্রশ্নফাঁস রোধে ভবিষ্যতে কী কৌশল গ্রহণ করা যায়, অথবা এই সমস্যার সমাধান কী তা খুঁজে বের করতে বুয়েটের শিক্ষক অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদের নেতৃত্বে পাঁচ সদস্যের আরেকটি পৃথক কমিটি গঠন করে দিয়েছে আদালত। সূত্র: যুগান্তর

➢ **ফের রক্ত ঝরল ফ্লোরিডায়** ॥ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় এক অস্ত্রধারী দুর্বৃত্ত একটি হাইস্কুলে হঠাৎ ঢুকে নির্বিচার গুলি চালিয়ে ১৭ শিক্ষার্থীকে হত্যা করেছে। এ ঘটনায় আহত হয়েছে অন্তত এক ডজন শিক্ষার্থী। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। সূত্র: যুগান্তর

➢ **দক্ষিণ আফ্রিকায় রামাফোসা নয়া প্রেসিডেন্ট** ॥ দক্ষিণ আফ্রিকার ক্ষমতাসীন দল আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস (এএনসি) নেতাদের চাপের মুখে দুর্নীতির অভিযোগে অবশেষে পদত্যাগ করলেন দেশটির প্রেসিডেন্ট জ্যাকব জুমা। এদিকে জুমা সরে যাওয়ায় তার স্থলাভিষিক্ত হয়ে নতুন প্রেসিডেন্ট হলেন দেশটির ভাইস প্রেসিডেন্ট ও ক্ষমতাসীন এএনসির দলীয় প্রধানের দায়িত্বে থাকা সিরিল রামাফোসা। সূত্র: সমকাল

**১৬ ফেব্রুয়ারি, শুক্রবার**

- **ঢাকায় বাংলাদেশ-মিয়ানমার স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বৈঠক ॥** রোহিঙ্গা ইস্যুতে ঢাকায় সচিবালয়ে বাংলাদেশ-মিয়ানমার স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রথমবারের মতো মিয়ানমারের কাছে আট হাজার ৩২ জন রোহিঙ্গার তালিকা হস্তান্তর করেছে বাংলাদেশ। তবে এদের ফিরিয়ে নেওয়ার আগে তালিকা যাচাই করবে মিয়ানমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মির্জা ফখরুলের অভিযোগের জবাব দিলেন আনিসুল হক ॥** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মামলার রায়ের কপি নিয়ে সরকার ধূম্রজাল সৃষ্টি করছে বলে মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেন। এদিকে, ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, রায়ের কপির অনুলিপি টাইপ করা শেষ হলে তা দিতে এক মিনিটও দেরি হবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'শিশু আইন-২০১৩' বাস্তবায়নের নির্দেশ ॥** রমনা ও তেজগাঁও থানা এবং ভিকটিম সাপোর্ট সেন্টার পরিদর্শন শেষে 'শিশু আইন-২০১৩' যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৭ ফেব্রুয়ারি, শনিবার**

- **ইতালি সফর শেষে প্রধানমন্ত্রীর প্রত্যাবর্তন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালি ও ভ্যাটিকান সিটিতে চারদিনের সরকারি সফর শেষে রাতে দেশে ফিরেছেন। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান মন্ত্রিপরিষদ সদস্য এবং আওয়ামী লীগ ও সরকারি জোটবদ্ধ দলের নেতৃবৃন্দ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিএনপির অব্যাহত আন্দোলনের ঘোষণা ॥** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া কারামুক্ত না হওয়া পর্যন্ত গণস্বাক্ষরসহ আন্দোলন কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে বিএনপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **রোহিঙ্গা ক্যাম্প ঘুরে দেখল মার্কিন প্রতিনিধিদল ॥** কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করে যুক্তরাষ্ট্রের পলিটিক্যাল ইকোনমিক সেন্টারের টিমলিডার উইলিয়াম মমলারের নেতৃত্বে ২০ সদস্যের প্রতিনিধিদল। উখিয়ার কুতুপালং, লম্বাশিংয়া ও মধুরছড়াসহ আশেপাশের কয়েকটি শরণার্থী ক্যাম্প ও বস্তি এলাকা ঘুরে দেখেন মার্কিন প্রতিনিধিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দ্বৈত ভোটার ও সহায়তাকারীদের বিরুদ্ধে মামলার নির্দেশ ॥** সারাদেশে উপজেলা নির্বাচনি কর্মকর্তাদের কাছে পাঠানো চিঠিতে দ্বৈত ভোটারদের ও তাদের সহায়তাকারীদের বিরুদ্ধে মামলার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জেনারেল সোয়েকের ব্যাংক হিসাব জব্দ॥** রোহিঙ্গাদের জাতিগতভাবে নিধনকারীদের অন্যতম হোতা মিয়ানমারের জেনারেল মং মং সোয়েকে কানাডায় নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে তার সব ব্যাংক অ্যাকাউন্ট জব্দ করারও ঘোষণা দিয়েছে কানাডা সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রতিরক্ষা সহযোগিতায় ভারত-ইরান মতৈক্য ॥** নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে সফররত ইরানের প্রেসিডেন্ট রুহানিকে তোপধ্বনি দিয়ে স্বাগত জানান ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও সফররত ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির মধ্যে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সূত্র: যুগান্তর

**১৮ ফেব্রুয়ারি, রোববার**

- **প্রেস কাউন্সিল পদক বিতরণ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এক অনুষ্ঠানে প্রেস কাউন্সিল পদক বিতরণ করেন। এ সময় গণমাধ্যমকে তথ্যভিত্তিক সমালোচনা করার আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি সাংবাদিকদের উদ্দেশে বলেন, 'স্বাধীনতা আর যথেচ্ছাচার' এক বিষয় নয়। 'সাদাকে সাদা আর কালোকে কালো' বলার সৎসাহসই পারে একজন সাংবাদিককে তাঁর পেশাগত উৎকর্ষের শীর্ষে নিয়ে যেতে। সূত্র: প্রথম আলো

➢ **চা প্রদর্শনী উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা চা প্রদর্শনী উদ্বোধন করেন। এ সময় প্রধানমন্ত্রী চায়ের বহুমুখী ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেন, সরকার চায় বাংলাদেশের চা গুণগতমানে উন্নত হয়ে সারা বিশ্বে নিজের স্থান করে নেবে। সূত্র: প্রথম আলো

➢ **প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি ॥** এসএসসি পরীক্ষার একটি বিষয়ে সম্পূর্ণ ও কয়েকটি বিষয়ে আংশিক প্রশ্নফাঁসের প্রমাণ পেয়েছে কমিটি। সূত্র: প্রথম আলো

➢ **বিমানে সরাসরি কার্গো পরিবহণ, নিষেধাজ্ঞা প্রত্যাহার ॥** বাংলাদেশ থেকে আকাশপথে সরাসরি কার্গো পরিবহণের ওপর নিষেধাজ্ঞা তুলে নিয়েছে যুক্তরাজ্য। কোনো ধরনের শর্ত ছাড়াই দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে বাংলাদেশ থেকে সরাসরি আকাশপথে পণ্য পরিবহণে (কার্গো) নিষেধাজ্ঞা তুলে নিল যুক্তরাজ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ইরানে যাত্রীবাহী বিমান বিধ্বস্ত ॥** ইরানে একটি যাত্রীবাহী বিমান বিধ্বস্ত হলে বিমানটিতে থাকা ৬৬ আরোহীর সবাই নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুবাইয়ে বিশ্বের সর্বোচ্চ হোটেল 'জিভোরা' চালু ॥** আকাশচুম্বী ভবনের শহর বলে খ্যাত দুবাইয়ে পর্যটকদের জন্য স্থাপিত হলো বিশ্বের সর্বোচ্চ হোটেল ভবন নাম জিভোরা। এর উচ্চতা ৩৫৬ মিটার বা ১,১৬৮ ফুট। হোটেলটির প্রবেশদ্বার স্বর্ণ দিয়ে মোড়া এবং এর ছাদে রয়েছে একটি ঘূর্ণায়মান রেস্তোরাঁ। সূত্র: প্রথম আলো

**১৯ ফেব্রুয়ারি, সোমবার**

➢ **বিএসএমএমইউ'র তৃতীয় সমাবর্তন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে সনদ প্রদান করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সংবিধান অনুযায়ী সময়মতো নির্বাচন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবিধান অনুযায়ী সঠিক সময়ে আগামী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে জানিয়ে বলেছেন, যারা গণতন্ত্র বিশ্বাস করে, জনগণের ভোটের অধিকারে বিশ্বাস করে, যাদের গণতন্ত্রের ওপর আস্থা আছে– তারা নির্বাচন করবে। আর কেউ যদি নির্বাচন না করে সেক্ষেত্রে আমাদের কারো কিছুই করার নেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৮তম জাতীয় সমাবেশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারের উন্নয়ন অগ্রযাত্রার গুরুত্বপূর্ণ অংশীদার বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী। গাজীপুর জেলার কালিয়াকৈরের শফিপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৮তম জাতীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে উপরিউক্ত কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মামলার রায়ের কপি পেয়েছেন খালেদার আইনজীবীরা ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলার রায়ের কপি হাতে পেয়েছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আইনজীবীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সাজাপ্রাপ্ত হওয়ায় খালেদা জিয়া নির্বাচন করতে পারবেন না ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় সম্প্রতি দণ্ডপ্রাপ্ত হওয়ায় এ অবস্থায় সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া আগামী সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদা এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মুক্তি পেল বোকো হারামের জঙ্গি সদস্যরা ॥** শুধু প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণের অভাবে নাইজেরিয়ার জঙ্গি সংগঠন বোকো হারামের ৪৭৫ সন্দেহভাজন সদস্যকে কারামুক্তি দিয়েছে দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২০ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

➢ **পিএসসির বার্ষিক প্রতিবেদন-২০১৭ পেশ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে পাবলিক সার্ভিস কমিশনের বার্ষিক প্রতিবেদন-২০১৭ পেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বাঙালির স্বকীয়তা বজায় রাখার আহ্বান প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বায়নের এই যুগে বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে গিয়ে বাঙালি জাতি হিসেবে আমাদের স্বকীয়তা যেন হারিয়ে না যায় সে বিষয়ে সবাইকে সজাগ থাকার আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **স্বাধীনতা পুরস্কার ঘোষণা ॥** দেশ ও জাতির কল্যাণে গৌরবোজ্জ্বল অবদানের স্বীকৃতিস্বরূপ ২০১৮ সালের স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন ১৮ গুণিজন। বিভিন্ন ক্ষেত্রে অনন্য ভূমিকার জন্য এবার এই রাষ্ট্রীয়

পুরস্কার দেওয়া হচ্ছে সাবেক স্পিকার প্রয়াত হুমায়ুন রশীদ চৌধুরী, শহিদ সার্জেন্ট জহিরুল হক এবং কথাসাহিত্যিক সেলিনা হোসেনসহ প্রয়াত ও জীবিত ১৬ বরেণ্য ব্যক্তিকে। এ বছরের জন্য স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীতদের নাম ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **নাইজেরিয়ার বোকো হারামের ২০৫ সদস্যের কারাদণ্ড ॥** নাইজেরিয়ার জঙ্গি সংগঠন বোকো হারামের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ২০৫ সদস্যকে কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্রিটেনভিত্তিক মানবাধিকার সংস্থা সিরিয়ান অবজারভেটরি রিপোর্ট ॥** সিরিয়ার বিদ্রোহী নিয়ন্ত্রিত এলাকা পূর্ব ঘৌতায় সরকারি বাহিনীর বিমান হামলায় ১০০ জন নিহত হয়েছে। জাতিসংঘ অবিলম্বে এই রক্তক্ষয়ী অমানবিক যুদ্ধ বন্ধের আহ্বান জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ ফেব্রুয়ারি, বুধবার**

- **একুশের প্রথম প্রহরে ॥** অন্যান্য বছরের মতো এবারও মহান একুশের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেন্দ্রীয় শহিদ মিনারে গিয়ে ভাষাশহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান। এ সময় করুণ সুরে বিউগলে বেজে ওঠে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি'। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন শহিদ বেদিতে। পরে প্রটোকল অনুযায়ী একে একে অন্যরা শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানাতে শুরু করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ॥** দৃপ্ত চেতনার শপথে বলীয়ান জাতি যথাযোগ্য মর্যাদায় সারাদেশ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। কেন্দ্রীয় শহিদ মিনার ছাড়াও দেশের বিভিন্ন স্থানে নির্মিত প্রতীকী শহিদ মিনারে পুষ্পার্ঘ্য নিবেদন এবং আলোচনা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদ্‌যাপন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **প্রতি ১৪ দিনে হারিয়ে যাচ্ছে একটি ভাষা ॥** আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে উপজীব্য করে জাতিসংঘ ইউনেস্কোর সূত্রে প্রাপ্ত এক তথ্যে জানা গেছে, বৈচিত্র্যময় এই বিশ্বের বুক থেকে প্রতিনিয়ত হারিয়ে



যাচ্ছে কোনো না কোনো ভাষা! এই অনাকাঙ্ক্ষিত বিলুপ্তির হাত থেকে ভাষাগুলোকে রক্ষায় অবিলম্বে প্রয়োজনীয় জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন সংস্থাটির মহাপরিচালক অদ্রে অ্যাজুলাই। বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করে অদ্রে অ্যাজুলাই বলেন, প্রতি দুই সপ্তাহে একটি করে ভাষা হারিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে হারিয়ে যাচ্ছে মানুষের ইতিহাস ও সংস্কৃতির অংশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে চারদিনের কর্মসূচি উদ্বোধন ॥** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নিজস্ব মিলনায়তনে চারদিনের কর্মসূচি উদ্বোধন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা রক্ত দিয়ে মাতৃভাষার মর্যাদা রক্ষা করেছি এবং এ বিষয়ে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছি। এটা আমাদের জন্য এক বিরাট গৌরবের বিষয়। তাই ভাষার চর্চা ভুলে যাওয়া উচিত নয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৩০ লাখ বৃক্ষরোপণের উদ্যোগ ॥** মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদের স্মরণে সারাদেশে ৩০ লাখ বৃক্ষরোপণের উদ্যোগ নিয়েছে সরকারের বন ও পরিবেশ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সীমান্তে দুই বাংলার মানুষের মিলনমেলা ॥** ভাষার টানে যেন নিজেদের সীমানা ভুলে গেলেন দুই বাংলার মানুষ। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বেনাপোল ও হিলি সীমান্তে দুই বাংলার প্রায় দুই লাখ মানুষ একুশে মিলনমেলায় যোগ দেয়। ভৌগোলিক সীমানা ভুলে গিয়ে মহান ভাষা দিবসের দিনে বেনাপোল সীমান্তের শূন্যরেখায় একে অপরের সঙ্গে সৌহার্দ বিনিময় করেন। সূত্র: সমকাল
- **নোম্যানস ল্যান্ডে আটকে পড়াদের ফেরত নেবে মিয়ানমার ॥** বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের নোম্যানস ল্যান্ডে আটকেপড়া সাড়ে পাঁচ হাজার রোহিঙ্গাকে ফেরত নেবে মিয়ানমার। দুই দেশের সরকারি কর্মকর্তাদের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন তারা। বৈঠকে নেতৃত্ব দেন চট্টগ্রাম বিভাগীয় কমিশনার আবদুল মান্নান। সূত্র: যুগান্তর
- **মিয়ানমার সেনাপ্রধানের বিচার দাবি ॥** রোহিঙ্গা ইস্যুতে আন্তর্জাতিক আদালতে বুধবার মিয়ানমার সেনাপ্রধানের বিচার দাবি করে চিঠি দিয়েছেন শতাধিক ব্রিটিশ এমপি। সূত্র: যুগান্তর

**২২ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

- **রাষ্ট্রপতির সিঙ্গাপুর যাত্রা ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুর গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গড়ার অঙ্গীকার ॥** আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীর ঐতিহাসিক মাদ্রাসা মাঠে আগামী নির্বাচনে নৌকার পক্ষে ভোট চাইলেন। প্রধানমন্ত্রী বলেন, আপনারা নৌকায় ভোট দিন আমরা দেশকে উন্নয়ন দেব এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তুলব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইসিএসএমই কোরের ষষ্ঠ পুনর্মিলনী অনুষ্ঠান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা নাটোরের কাদিরাবাদ সেনানিবাসে ইঞ্জিনিয়ার্স সেন্টার অ্যান্ড স্কুল অব মিলিটারি ইঞ্জিনিয়ারিং (ইসিএসএমই) কোরের ষষ্ঠ পুনর্মিলনী অনুষ্ঠানে গণতন্ত্র ও সংবিধান সমুন্নত রাখতে সেনাবাহিনীর প্রতি আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রী বলেন, কোনো অশুভ এবং স্বাধীনতাবিরোধী শক্তি যেন আমাদের কোনো ক্ষতি করতে না পারে, সেজন্য সবাইকে সজাগ থাকতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার বিরুদ্ধে মামলার রায়ের আপিল শুনানির জন্য হাইকোর্টে গৃহীত ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় পাঁচ বছরের সাজার রায়ের বিরুদ্ধে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার করা আপিল আবেদন শুনানির জন্য গ্রহণ করেছে হাইকোর্ট। একই সঙ্গে ওই মামলায় বিচারিক আদালতে খালেদা জিয়াকে দেওয়া জরিমানার আদেশ স্থগিত করা হয়েছে। সূত্র: প্রথম আলো
- **ঢাকায় দুইদিনের আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন শুরু ॥** বাংলা একাডেমির আয়োজনে ঢাকায় দুইদিনের আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন একাডেমি প্রাঙ্গণে শুরু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সিরিয়ার পূর্ব ঘৌতা ইস্যুতে নিরাপত্তা পরিষদে বৈঠক ॥** সিরিয়ার রাজধানী দামেস্কের উপকণ্ঠে পূর্ব ঘৌতা এলাকায় সহিংসতা ছড়িয়ে পড়ায় সেখানে টানা দ্বিতীয় দিনের মতো সরকারি বাহিনীর হামলায় শতাধিক নিরীহ মানুষ নিহত হয়েছে। এই পরিস্থিতিতে মঙ্গলবার গভীর শঙ্কা প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। সূত্র: সমকাল



**২৩ ফেব্রুয়ারি, শুক্রবার**

- **রোহিঙ্গা ইস্যুতে সিঙ্গাপুরের সহযোগিতা কামনা রাষ্ট্রপতির ॥** বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবাসনে সিঙ্গাপুরের সহযোগিতা চেয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব দেশটিতে সফররত বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে স্থানীয় সময় সকাল ১০টায় টেলিফোন করলে রাষ্ট্রপতি এ সহযোগিতা কামনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৫৫ রোহিঙ্গা গ্রাম নিশ্চিহ্ন ॥** মিয়ানমার সেনাবাহিনীর দমন অভিযানে জনশূন্য হয়ে পড়া রোহিঙ্গা গ্রামগুলো বুলডোজার দিয়ে মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া হচ্ছে। মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) এক রিপোর্ট থেকে জানা গেছে, মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের গণহত্যার প্রমাণ নিশ্চিহ্ন করতে অর্ধশত গ্রাম গুঁড়িয়ে দিয়েছে দেশটির সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা শিশুদের নিয়ে ইউনিসেফের রিপোর্ট ॥** মিয়ানমারে বসবাসরত এবং বাংলাদেশে আশ্রিত ৭ লাখ ২০ হাজার রোহিঙ্গা শিশুর স্বাস্থ্য নিরাপত্তা হুমকির মধ্যে রয়েছে বলে জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনিসেফ এক রিপোর্টে উল্লেখ করেছে। জেনেভায় ইউনিসেফের বাংলাদেশবিষয়ক প্রতিনিধি এডুয়ার্ড বেগডোর সংবাদ সম্মেলনে রিপোর্ট প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বৈঠকে মোদি-ট্রুডো ॥** ভারতে সফরে যাওয়ার প্রায় পাঁচদিনের মাথায় দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেছেন সফররত কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন দুই নেতা। সূত্র: প্রথম আলো

**২৪ ফেব্রুয়ারি, শনিবার**

- **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগের আলোচনাসভা ॥** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনাসভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উচ্চ আদালতের বিচারকদের অনুরোধ করে বলেছেন, দয়া করে আপনারা বাংলায় রায় দিয়ে রায়ের বিষয়টি সাধারণ মানুষকে জানার, বোঝার সুযোগ করে দিন। এই অধিকার

তাদের রয়েছে। তিনি বলেন, নিম্ন আদালতে ইতোমধ্যে বাংলায় রায় দেওয়া শুরু হয়েছে, উচ্চ আদালতেও সেটা চালু হবে বলে আশা করা যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ভারতীয় প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেল বাংলাদেশের এটুআই ॥** ভারতের 'প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড' পেল ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিন বিএনপি নেতা গ্রেফতার ॥** ঢাকায় অর্ধশতাধিক পেট্রোলবোমা উদ্ধার করা হয়েছে। এর সঙ্গে জড়িত সন্দেহে বিএনপির তিন নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘে আইপিইউ'র পাঁচ দফা ॥** জাতিসংঘ সদর দফতরে ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) বার্ষিক সংসদীয় শুনানিতে অভিবাসীদের জন্য পাঁচ দফা উপস্থাপন করেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৫ ফেব্রুয়ারি, রোববার**

- **ইউজিসি প্রদত্ত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক- ২০১৫ ও ২০১৬' প্রদান অনুষ্ঠান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষার গুণগত মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, বিশ্বায়নের এই যুগে বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে হলে মানসম্পন্ন এবং সময়োপযোগী উচ্চশিক্ষার বিকল্প নেই। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) প্রদত্ত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক- ২০১৫ ও ২০১৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুব উন্নয়ন ইনস্টিটিউট বিল-২০১৮ পাস ॥** জাতীয় সংসদে 'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বিল-২০১৮' সর্বসম্মতক্রমে পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **২২ জেলায় নতুন ডিসি ॥** ঢাকাসহ ২২ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শান্তিতে নোবেল বিজয়ী তিন নারীর রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন ॥** কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন সফররত তিন দেশের তিন নারী শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী। তারা হলেন ইরানের শিরিন এবাদি, ইয়েমেনের তাওয়াক্কাল কারমান ও উত্তর আয়ারল্যান্ডের মেইরিড ম্যাগুয়ার। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতি প্রস্তাব পাস ॥** পরাশক্তি দেশগুলোর মতবিরোধের জেরে অবশেষে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে সর্বসম্মতিক্রমে সিরিয়ার পূর্ব ঘৌতা ইস্যুতে ৩০ দিনের যুদ্ধবিরতির প্রস্তাব পাস হয়েছে। ত্রাণ ও চিকিৎসা সরবরাহে একমত হয়েছে সংস্থাটির স্থায়ী-অস্থায়ী ১৫টি দেশ।

**২৬ ফেব্রুয়ারি, সোমবার**

- **প্রধানমন্ত্রীর কাছে ইউএনডিপির সনদ হস্তান্তর ॥** প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ওজোনস্তরের ক্ষয় রোধে মন্ট্রিয়াল প্রটোকল বাস্তবায়নে বাংলাদেশের গৃহীত কার্যক্রমের সাফল্য অর্জনের জন্য জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (ইউএনডিপি) বাংলাদেশকে দেওয়া সার্টিফিকেট অব অ্যাপ্রিসিয়েশন (প্রশংসা সনদ) হস্তান্তর করেন পানিসম্পদ মন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পিআইবি সংকলিত বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বই প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর ॥** তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে লেখা একটি বই প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেন। বইটির নাম 'সংবাদপত্রে বঙ্গবন্ধু'। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ বইটি সংকলন করেছে। তথ্য সচিব মো. নাসিরউদ্দিন এ সময় উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদার জামিন ১৩ মার্চ পর্যন্ত বাড়ল ॥** জিয়া চ্যারিট্যাবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন ১৩ মার্চ পর্যন্ত বাড়াল আদালত। সূত্র: কালের কণ্ঠ
- **মিয়ানমারের সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপে ইউ একমত ॥** রাখাইনে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হত্যা ও নির্যাতনের অভিযোগে মিয়ানমার সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপে ইউরোপীয় ইউনিয়নের (ইউ) পররাষ্ট্রমন্ত্রীরা একমত হয়েছেন। বিবিসি জানিয়েছে, উল্লিখিত অপরাধে ইইউ পররাষ্ট্রমন্ত্রীরা মিয়ানমারের সেনাবাহিনী এবং দেশটির বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনেরও অভিযোগে এনেছে। ইইউর বিদেশনীতি বিষয়ক প্রধান ফেডরিকা মোঘেরিনি পররাষ্ট্রমন্ত্রীদের এই বৈঠক ডেকেছেন। বৈঠক শেষে মন্ত্রীরা এক বিবৃতিতে মিয়ানমার সেনা কর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা এবং দেশটির ওপর অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের বিষয়ে এই ঘোষণা দেন। সূত্র: সমকাল

- **রাখাইনকে কসাইখানা বানিয়েছে মিয়ানমার ॥** জেনেভায় অনুষ্ঠিত মানবাধিকার কাউন্সিলের ৩৭তম অধিবেশনে জাতিসংঘ মানবাধিকার সংস্থা প্রধান জেইদ রাদ আল হুসেইন বলেছেন, রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর নির্বিচার হত্যাযজ্ঞ চালিয়ে রাখাইনকে কসাইখানা বানিয়েছে মিয়ানমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

- **স্বাস্থ্য পরীক্ষা শেষে রাষ্ট্রপতি ফিরেছেন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সিঙ্গাপুরে তাঁর স্বাস্থ্য পরীক্ষা শেষে দেশে ফিরে এসেছেন।
- **ইচ্ছা থাকলে উন্নয়ন করা সম্ভব ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ইচ্ছা থাকলে একটি সরকার দেশের উন্নয়ন করতে পারে আমরা তা প্রমাণ করেছি। তিনি বলেন, বাংলাদেশ আজ সবদিক থেকে এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবেই। জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর সমাপন বক্তব্যে প্রধানমন্ত্রী উপরিউক্ত মন্তব্য করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **একনেক বৈঠকে ১৫ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১৭ হাজার ৯৮৭ কোটি ২৩ লাখ টাকার ১৫টি প্রকল্প অনুমোদন করা হয়। এর মধ্যে রয়েছে বিদ্যুতের পূর্বাঞ্চলীয় গ্রিড সক্ষমতা বাড়ানোর জন্য ৫ হাজার ৮০৩ কোটি টাকার বৃহৎ প্রকল্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আদালতে বড়ো ধাক্কা খেলেন ট্রাম্প ॥** যুক্তরাষ্ট্রে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা প্রশাসনের করা 'ড্রিমার্স প্রকল্প' বাতিল করতে বর্তমান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের শুনানির আবেদন খারিজ করে দিয়েছে দেশটির সুপ্রিমকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ ফেব্রুয়ারি, বুধবার**

- **১৯তম অধিবেশনের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী ॥** দশম জাতীয় সংসদের ১৯তম অধিবেশনের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, অপরাধী যেই হোক শাস্তি তাকে পেতেই হবে। আমরা চাই দেশ এগিয়ে যাক, উন্নত হোক। কেউ দুর্নীতি করলে তাকে শাস্তি পেতে হবেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাখাইনের গণহত্যায় দোষীদের আন্তর্জাতিক আদালতে শাস্তি দাবি ॥** রাখাইন থেকে রোহিঙ্গাদের নির্মূলে পরিকল্পিতভাবে গণহত্যা চালানো



হয়েছে বলে মন্তব্য করেছেন শান্তিতে নোবেলজয়ী তিন নারী। ইয়েমেনের তাওয়াক্কাল কারমান, উত্তর আয়ারল্যান্ডের মেইরিড ম্যাগুয়ার এবং ইরানের শিরিন এবাদি আট দিনের সফরে গত ২৪ ফেব্রুয়ারি বাংলাদেশে আসেন। তাঁরা কক্সবাজারে গিয়ে উখিয়া ক্যাম্প ঘুরে রোহিঙ্গাদের নির্যাতনের কাহিনি শুনে চোখের পানি ধরে রাখতে পারেননি। সূত্র: সমকাল

- **রাখাইনে গণহত্যা হয়েছে॥** সফররত নোবেলজয়ী তিন নারী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাতে তাঁরা রাখাইনে রোহিঙ্গাদের ওপর যে নৃশংসতা হয়েছে তাকে গণহত্যা বলে অভিহিত করেন। এ সময় নোবেলজয়ী তিন নারী প্রধানমন্ত্রীকে বলেন, এ নৃশংসতার জন্য দায়ী ব্যক্তিদের অবশ্যই বিচারের সম্মুখীন হতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **একুশে গ্রন্থমেলা সমাপ্ত ॥** দীর্ঘ এক মাস পর বাংলা একাডেমি চত্বরে শেষ হলো মাসব্যাপী 'অমর একুশে গ্রন্থমেলা'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৩৮তম বিসিএস (প্রিলি) ফল প্রকাশ ॥** ৩৮তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাক-ভারত সীমান্ত উত্তেজনা নিরসনে আলোচনায় বসার আহ্বান ॥** সম্প্রতি জম্মু ও কাশ্মীরে ভারত-পাকিস্তানের সীমান্ত উত্তেজনা নিরসনে দুই দেশকে আলোচনায় বসার আহ্বান জানিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## মার্চ-২০১৮

**১ মার্চ, বৃহস্পতিবার**

- **বঙ্গবন্ধু কৃষি পুরস্কার প্রদান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কৃষিতে ব্যবহারিক শিক্ষার ওপর জোর দিতে হবে। তিনি কৃষি বিষয়ে ব্যবহারিক শিক্ষা পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্বারোপ করে বলেন, মাটিতে হাত দিয়ে চারা রোপণ করলে বা কাজ করলে লজ্জার কিছু নেই, বরং নিজের হাতে বাগান করা অনেক বেশি গর্বের কাজ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু কৃষি পুরস্কার প্রদান করেন। এবার ৩২

ব্যক্তি ও প্রতিষ্ঠান পেল বঙ্গবন্ধু কৃষি পুরস্কার। এর মধ্যে ব্যক্তি পর্যায়ে ২৬ জন এবং প্রতিষ্ঠান ৬টি। সূত্র: প্রথম আলো

- **ত্রিপক্ষীয় পরমাণু চুক্তি সই ॥** মস্কোয় বাংলাদেশ-ভারত-রাশিয়া ত্রিপক্ষীয় পরমাণু চুক্তি সই হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্রিটিশ এমপিদের রাখাইনে ঢুকতে দেবে না মিয়ানমার ॥** রোহিঙ্গা নির্যাতনের সমালোচনা করায় যুক্তরাজ্যের পার্লামেন্টারি কমিটির সদস্যের মিয়ানমার সফরের পরিকল্পনা নাকচ করে দিয়েছে মিয়ানমার কর্তৃপক্ষ। রাখাইনের প্রকৃত অবস্থা দেখতে তারা ওই সফরে আসতে চেয়েছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তমব্রু সীমান্তে মিয়ানমারের ভারী অস্ত্র বৃদ্ধিসহ সেনা মোতায়েন ॥** বান্দরবানের তমব্রু সীমান্তে ভারী অস্ত্রসহ অতিরিক্ত সেনা মোতায়েন করেছে মিয়ানমার। সেই সঙ্গে তারা মাইকিং করছে যাতে সেই দেশের শূন্যরেখা থেকে আশ্রিত রোহিঙ্গারা চলে যায়। এর পাশাপাশি সৈন্যরা সেখানে ভারী অস্ত্রশস্ত্রের মহড়া শুরু করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মাইন বিস্ফোরণে চার বাংলাদেশি শান্তিরক্ষী নিহত ॥** আফ্রিকার মালিতে এক শক্তিশালী মাইন বিস্ফোরণে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে কর্মরত চার বাংলাদেশি শান্তিরক্ষী নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২ মার্চ, শুক্রবার**

- **মিয়ানমারের সঙ্গে পতাকা বৈঠক, উত্তেজনা প্রশমিত ॥** বান্দরবানের তমব্রু সীমান্তে বাংলাদেশ-মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে মিয়ানমার বলেছে, অভ্যন্তরীণ নিরাপত্তার স্বার্থে তমব্রু সীমান্তে সেনা টহল জোরদার করা হয়েছে। বৈঠকে শূন্যরেখায় অবস্থানকারী রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার আশ্বাস দিয়েছে নেপিডো। সূত্র: সমকাল
- **আগামী নির্বাচন অংশগ্রহণমূলক হবে ॥** বাংলাদেশে আগামী সংসদ নির্বাচন অংশগ্রহণমূলক হবে বলে আশা প্রকাশ করেছেন জাতিসংঘের আবাসিক সমন্বয়ক মিয়া সেপো। ঢাকায় নিযুক্ত নিজ কার্যালয়ে বার্তা সংস্থা ইউএনবির সঙ্গে এক সাক্ষাৎকারে জাতিসংঘের আবাসিক সমন্বয়ক মিয়া সেপো এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ঢাবিতে 'পতাকা উত্তোলন' দিবসের অনুষ্ঠান উদ্বোধন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলাভবন সংলগ্ন বটতলা প্রাঙ্গণে ঐতিহাসিক 'পতাকা উত্তোলন' দিবসের অনুষ্ঠান উদ্বোধন করেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান। ১৯৭১ সালের এই দিনে মহান স্বাধীনতা আন্দোলনে বঙ্গবন্ধুর একান্ত ঘনিষ্ঠ চার খলিফার একজন আ স ম আবদুর রব প্রথম স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফ্লোরিডায় বন্দুক হামলার প্রতিবাদে বিক্ষোভ করায় নাখোশ ট্রাম্প ॥** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার স্কুলে নির্বিচার বন্দুক হামলায় স্কুলছাত্র হতাহতের ঘটনার প্রতিবাদে দেশটিতে বিক্ষোভ করায় নাখোশ হয়েছেন ট্রাম্প। আর তারই প্রতিক্রিয়ায় অস্ত্র আইনের পক্ষে অবস্থান নিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩ মার্চ, শনিবার**

- **খুলনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুলনা সার্কিট হাউস মাঠে জনসভায় ভাষণ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ড. মুহাম্মদ জাফর ইকবালের প্রাণনাশের চেষ্টা ॥** দেশের বিশিষ্ট লেখক ও শিক্ষাবিদ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের প্রাণনাশের চেষ্টায় ক্যাম্পাসে তাঁর ওপর ছুরি দিয়ে হামলা চালানো হয়েছে। হামলাকারী জনতার হাতে ধরা পড়েছে, তাকে পুলিশে সোপর্দ করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাফর ইকবালের ওপর হামলার ঘটনায় প্রধানমন্ত্রীর নির্দেশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও বিশিষ্ট লেখক ড. মুহম্মদ জাফর ইকবালকে শাবিপ্রবি ক্যাম্পাসে সন্ত্রাসী হামলার ঘটনায় দোষীদের অবিলম্বে গ্রেফতার করে আইনের আওতায় আনার নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে লিসা কার্টিস ॥** কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন সফররত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপসহকারী লিসা কার্টিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **তমব্রু থেকে সেনা সরাল মিয়ানমার ॥** পতাকা বৈঠক, রাষ্ট্রদূত তলব এবং টহল জোরদার করার মতো সরকারের তাৎক্ষণিক কিছু পদক্ষেপের কারণে বান্দরবানের তমব্রু সীমান্ত থেকে ভারী অস্ত্র সরিয়ে নিয়েছে মিয়ানমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সিরিয়ায় মানবাধিকার লঙ্ঘন ও যুদ্ধাপরাধ ঘটছে, জাতিসংঘের উদ্বেগ ॥** সিরিয়ার রাজধানী দামেস্কের উপকণ্ঠ পূর্ব ঘৌতায় 'যুদ্ধবিরতি' ঘোষণা সত্ত্বেও বোমা হামলা অব্যাহত রয়েছে। ফলে ১৩ দিনে সেখানে প্রায় ৭০০ নিরীহ নারী-পুরুষ ও শিশু নিহত হয়েছে। সূত্র: সমকাল

**৪ মার্চ, রোববার**

- **ঢাকায় ভিয়েতনামের প্রেসিডেন্ট ॥** ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রান দাই কুয়াং তিনদিনের সফরে ঢাকায় এসে পৌঁছলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান। ভিয়েতনামী প্রেসিডেন্টের সফরসঙ্গীদের মধ্যে তাঁর স্ত্রী গুয়েন থি হিয়েন রয়েছেন। বিমানবন্দরে এসে পৌঁছালে দাই কুয়াং দম্পতিকে রাষ্ট্রপতি আবদুল হামিদ এবং তাঁর স্ত্রী রাশিদা খানম অভ্যর্থনা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বঙ্গবন্ধু ফেলোশিপ ও গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশিষ্ট লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর হামলার প্রেক্ষাপটে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, বাংলাদেশে কোনো ধরনের সন্ত্রাস বা জঙ্গিবাদী কর্মকাণ্ড চলতে দেওয়া যাবে না। এ বিষয়ে সরকার প্রতিজ্ঞাবদ্ধ। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে বঙ্গবন্ধু ফেলোশিপ ও গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শাবিপ্রবিতে জাফর ইকবালের ওপর হামলায় সারাদেশ উত্তাল ॥** ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসী হামলার ঘটনার প্রতিবাদে বিক্ষোভকারীরা হামলাকারীর দৃষ্টান্তমূলক শাস্তি এবং অবিলম্বে জঙ্গিবাদ নির্মূলের দাবি জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **পাটের নতুন বীজ উদ্ভাবন ॥** বাংলার ঐতিহ্যবাহী সোনালি আঁশের খ্যাতি অর্জনে বড়োই অগ্রগতি হয়েছে পাটের। টানা চার বছর পরিশ্রম করে দেশের বিজ্ঞানীরা জন্মরহস্যের (জিনোম) তথ্য দিয়ে পাটের নতুন বীজ উদ্ভাবন করেছেন। বাংলাদেশ জুট রিসার্চ ইনস্টিটিউটের (বিজেআরআই) মাঠে ট্রায়ালের পর আগামী পাট মৌসুমেই সেই বীজ কৃষকের আবাদের জন্য মাঠে যাচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমার সীমান্তে ফের সেনা টহল বাড়িয়েছে ॥** বান্দরবানের তমব্রু সীমান্তে আরও সৈন্য সংখ্যা এবং সেনা টহল বাড়িয়েছে মিয়ানমার সরকার। বাংলাদেশের পক্ষ থেকে কঠোর পদক্ষেপ গ্রহণের পর গত শনিবার সকালে এর আগে সমাবেশকৃত সৈন্য সরিয়ে নেওয়ার মাত্র ২৪ ঘণ্টার মধ্যে বিস্ময়করভাবে নতুনকরে সেনা সমাবেশ এবং একই সঙ্গে বাঙ্কার খনন শুরু করায় উভয় দিকের অধিবাসীদের মধ্যে ফের আতঙ্ক দেখা দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানে ইতিহাসে প্রথম হিন্দু নারী নেত্রী নির্বাচিত ॥** পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) কৃষ্ণা কুমারী কোহলি দেশটির ইতিহাসে প্রথম হিন্দু নারী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন। পাকিস্তান পার্লামেন্টের উচ্চকক্ষে এই প্রথম কোনো হিন্দু নারী সদস্য নির্বাচিত হলো। সূত্র: সমকাল

**৫ মার্চ, সোমবার**

- **রাষ্ট্রপতির সঙ্গে ত্রান দাই কুয়াংয়ের সাক্ষাৎ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সোমবার সন্ধ্যায় বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সফররত ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রান দাই কুয়াংয়ের সৌজন্য সাক্ষাৎ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে থাকবে ভিয়েতনাম ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে সফররত ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রান দাই কুয়াংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গা সংকট এই অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতার জন্য হুমকি। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার করেছেন ভিয়েতনামী প্রেসিডেন্ট। এর আগে ভিয়েতনামের সঙ্গে বাংলাদেশের তিনটি দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক সই হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ড. জাফর ইকবালকে দেখতে সিএমএইচে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসী হামলায় মাথায় আঘাতপ্রাপ্ত চিকিৎসাধীন শাবিপ্রবি শিক্ষক ও বিশিষ্ট লেখক ড. মুহম্মদ জাফর ইকবালকে দেখতে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে যান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১৬ বিশিষ্ট ব্যক্তি পাচ্ছেন স্বাধীনতা পুরস্কার ॥** জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য ১৬ জন বিশিষ্ট ব্যক্তিকে এবার 'স্বাধীনতা পুরস্কার-২০১৮'-এর জন্য মনোনীত করেছে সরকার। চূড়ান্ত মনোনয়নপ্রাপ্তরা হলেন মরহুম কাজী জাকির হাসান, শহিদ বুদ্ধিজীবী এসএমএ রাশীদুল হাসান, প্রয়াত শংকর গোবিন্দ চৌধুরী, এয়ার ভাইস মার্শাল (অব.) সুলতান মাহমুদ বীরউত্তম, মরহুম এম আব্দুর রহিম, প্রয়াত ভূপতি ভূষণ চৌধুরী ওরফে মানিক চৌধুরী, শহিদ লে. মো. আনোয়ারুল আজিম, মরহুম হুমায়ুন রশীদ চৌধুরী, শহিদ আমানুল্লাহ মোহাম্মদ আসাদুজ্জামান, শহিদ মতিউর রহমান মল্লিক, শহিদ সার্জেন্ট জহুরুল হক ও আমজাদুল হক, অধ্যাপক ডা. একেএমডি আহসান আলী, অধ্যাপক একে আজাদ খান, ড. মো. আব্দুল মজিদ ও সেলিনা হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সীমান্তে মিয়ানমারের নয়া ভেলকিবাজি ॥** বান্দরবানের তমব্রু সীমান্তের পর এবার কক্সবাজারের টেকনাফ সীমান্তের ওপারে অতিরিক্ত সেনা মোতায়েন করেছে মিয়ানমার সরকার। বাঙ্কার না করার অঙ্গীকার ভঙ্গ করে সীমান্তের শূন্য রেখায় অবিরাম কাজ চালিয়ে ইতোমধ্যে বহু বাঙ্কার নির্মাণ করেছে । সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ মার্চ, মঙ্গলবার**

- **প্রশ্ন ফাঁসকারীদের ফায়ারিং স্কোয়াডে দেওয়া উচিত: রাষ্ট্রপতি ॥** একের পর এক প্রশ্নফাঁস ঠেকাতে ধারাবাহিক ব্যর্থতার মধ্যে এবার ক্ষুব্ধ প্রতিক্রিয়া এসেছে খোদ রাষ্ট্রপতির কাছ থেকে। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ' উদ্বোধন অনুষ্ঠানের ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, দেশ ও জাতির আগামী প্রজন্মকে ধ্বংসের এ প্রক্রিয়ায় যারা জড়িত, তাদের ধরে 'ফায়ারিং স্কোয়াডে' দেওয়া উচিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **পাঁচ সংস্থা ও প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের ইউনেস্কো সনদ হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার রাতে গণভবনে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর 'ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' রেজিস্টারে অন্তর্ভুক্ত হওয়ার প্রত্যয়নপত্র দেশের পাঁচ প্রতিষ্ঠানকে হস্তান্তর করেছেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের আবেদন চিরন্তন, জাতির মানসপট থেকে এটি কখনো মুছে যাবে না। কারণ, এই ভাষণের মধ্য দিয়েই বাঙালি জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছিল। প্রধানমন্ত্রী এদিন রাতে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীন মুক্তিযুদ্ধ জাদুঘর, তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, বাংলাদেশ বেতার এবং আইসিটি মন্ত্রণালয়ের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং প্রতিষ্ঠান-দপ্তরের প্রধানরা প্রধানমন্ত্রীর কাছ থেকে এই সনদ গ্রহণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিনদিনব্যাপী পাটপণ্য মেলার উদ্বোধনীতে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাট খাতের যান্ত্রিকীকরণের ওপর গুরুত্বারোপ করে দেশের সরকারি খাতের পাটকলগুলোকে লাভজনক করে তুলতে আন্তরিকভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, আমরা পাটকে আরও আধুনিকীকরণের মাধ্যমে পাট উৎপাদন, পাট সংগ্রহ ও পাট সংরক্ষণ করার ব্যবস্থা করেছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় পাট দিবস-২০১৮' উপলক্ষ্যে তিনদিনের পাটপণ্য মেলা উদ্বোধনকালে উপরিউক্ত কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সংশোধিত এডিপি অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় ১ লাখ ৫৭ হাজার ৫৯৪ কোটি টাকার সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বীর মুক্তিযোদ্ধা, ভাস্কর ও বীরাঙ্গনা ফেরদৌসী প্রিয়ভাষিণীর ইন্তেকাল ॥** বীর মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণী আর নেই। এই বীর বাঙালি অযত্ন-অবহেলায় পড়ে থাকা গাছের গুঁড়ি, ডালপালা, কিংবা শেকড়ের

আশ্রয়ে তিনি গড়ে তুলেছেন অসংখ্য শিল্পকর্ম। রাজধানীর ল্যাবএইড হাসপাতালে ৭১ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। তিনি স্বামী ও ছয় ছেলে-মেয়ে রেখে গেছেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন।

**৭ মার্চ, বুধবার**

➢ **বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন ॥** ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় নেতাকর্মীদের সঙ্গে নিয়ে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক করে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **অর্থনৈতিক উন্নয়নে চাই ধারাবাহিক সরকার॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণদানকালে বলেছেন, আমার পিতা আপনাদের রাজনৈতিক স্বাধীনতা এনে দিয়েছেন। আমি আপনাদের এনে দেব তাঁর দ্বিতীয় স্বপ্ন অর্থনৈতিক মুক্তি। এ সময় তিনি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার কথা পুনর্ব্যক্ত করেন। লাখো মানুষের জনসমুদ্রের সামনে এ দেশের মানুষের অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকারের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **যুক্তরাজ্যে সৌদি যুবরাজকে লাল গালিচা সংবর্ধনা ॥** সৌদি আরবের নতুন যুবরাজ মোহাম্মদ বিন সালমান বিশ্ব সফরে বের হয়েছেন। এ লক্ষ্যে তিনি যুক্তরাজ্যে পৌছালে লন্ডনে তাকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়। সূত্র: প্রথম আলো

**৮ মার্চ, বৃহস্পতিবার**

➢ **রাষ্ট্রপতির ভারত সফর ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পাঁচদিনের ভারত সফরে আসামের গোহাটি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে তাঁকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়। পরে স্থানীয় হোটেল ভিয়াভন্ত বাই তাজে রাজ্যপাল জগদীশ মুন্সী ও মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল তাঁর সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: কালের কণ্ঠ



➢ **নিজের পায়ে দাঁড়াতে হবে ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিয়ের জন্য তাড়াহুড়ো না করে কন্যাসন্তানকে উপযুক্ত শিক্ষা দিয়ে স্বাবলম্বী করে তুলতে অভিভাবকদের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, অর্থনৈতিক স্বাধীনতা অর্জন নারীর জন্য অত্যন্ত জরুরি। নারীদের আত্মবিশ্বাস এবং মর্যাদা নিয়ে চলে নিজের পায়ে দাঁড়িয়ে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে হবে। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকির সভাপতিত্বে অনুষ্ঠানে নারীর উন্নয়ন-অগ্রযাত্রায় বিশেষ অবদানের জন্য পাঁচ নারীর হাতে শ্রেষ্ঠ জয়িতার পুরস্কার তুলে দেন প্রধানমন্ত্রী।

➢ **একনেক বৈঠকে ৭৪৬৬ কোটি টাকার ছয় প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠকে ৭ হাজার ৪৬৬ কোটি ৭৩ লাখ টাকার ৬টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। এর মধ্যে রয়েছে নগর অবকাঠামো ও সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি এবং অসচ্ছল মুক্তিযোদ্ধা পরিবারের জন্য ৮ হাজার ফ্ল্যাট নির্মাণ নামে দুটি প্রকল্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আর নতুন কোনো উদ্যোগ নয় ॥** আসন্ন একাদশ সংসদ নির্বাচনে সব দলের অংশগ্রহণের জন্য নতুন কোনো উদ্যোগ নেওয়া হবে না। ব্রাহ্মণবাড়িয়ায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদা এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সু চিকে দেওয়া পুরস্কার প্রত্যাহার করে নিয়েছে হলোকাস্ট মেমোরিয়াল ॥** রোহিঙ্গাদের বিরুদ্ধে জাতিগত নিধনে কার্যকর ভূমিকা রাখতে ব্যর্থ হওয়ায় মিয়ানমারের রাষ্ট্রীয় পরামর্শক ও শান্তিতে নোবেলজয়ী অং সান সু চিকে দেওয়া মর্যাদাপূর্ণ পদক ফিরিয়ে নিয়েছে যুক্তরাষ্ট্রের হলোকাস্ট মিউজিয়াম। অং সান সু চি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য তার দেশের ইতিহাসে সুদীর্ঘকালের সামরিক স্বৈরশাসনের বিরুদ্ধে লড়াই-সংগ্রাম করার জন্য যুক্তরাষ্ট্রের হলোকাস্ট স্মৃতি জাদুঘর থেকে 'এলি উইজেল অ্যাওয়ার্ড' পেয়েছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জাতিসংঘ পরিসংখ্যান রিপোর্ট ॥** জাতিসংঘ পরিসংখ্যান ব্যুরোর প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে নারীরাই বেশি ক্ষতিগ্রস্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শীতকালীন ঝড়ে জবুথবু যুক্তরাষ্ট্র ॥** এক সপ্তাহের কম সময়ের ব্যবধানে যুক্তরাষ্ট্রের উত্তর-পূর্বাঞ্চলে ফের শীতকালীন তুষার ঝড় শুরু হয়েছে। তীব্র ঠাণ্ডা ও তুষারপাতে সাতজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। স্থানীয় সময় সকাল পর্যন্ত প্রায় ২৭ শ ফ্লাইট বাতিলসহ দেশটির একাধিক অঙ্গরাজ্যে জরুরি অবস্থা জারি করা হয়েছে। ঝড়ের কারণে বহু ট্রেনের সূচিও স্থগিত ও পরিবর্তন করা হয়েছে। সূত্রঃ যুগান্তর

**৯ মার্চ, শুক্রবার**

- **ভারতের মেঘালয় রাজ্যের বালাত গ্রামে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ রাষ্ট্রপতির ॥** ভারত সফররত রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় তাঁর অবস্থানের স্মৃতিবিজড়িত ভারতের মেঘালয় গ্রাম পরিদর্শন করেছেন। এ সময় তিনি একাত্তরের মুক্তিযুদ্ধের সময় এই গ্রামে তাঁর অবস্থানের স্মৃতিচারণ করেন। দীর্ঘ ৪৭ বছর পর এই গ্রামে গিয়ে তিনি স্থানীয় লোকজনের সঙ্গে মতবিনিময় করেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **৭ মার্চের ভাষণ প্রতিবাদের কণ্ঠস্বর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ৭ মার্চের ভাষণ রিহার্সেল দিয়ে তৈরি করা হয়নি। এই ভাষণ দীর্ঘ ২৩ বছরের লাঞ্ছনা-বঞ্চনা ও প্রতিবাদের কণ্ঠস্বর। তাই এই ভাষণের আবেদন যুগ যুগ ধরে থাকবে। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে ঐতিহাসিক '৭ই মার্চের ভাষণ এবং বঙ্গবন্ধুর রাজনৈতিক প্রজ্ঞা' শীর্ষক সেমিনারে বক্তব্যদানকালে তিনি এ কথা বলেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বেনাপোল সীমান্তের ৮.৩ কিমি. এলাকা 'অপরাধমুক্ত' ঘোষণা ॥** ভারতের রাজধানী নয়াদিল্লিতে অনুষ্ঠিত ২০১৭ সালের অক্টোবরে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের বৈঠকে এই বিষয়ে প্রস্তাব উত্থাপনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ও ভারতের বেনাপোল সীমান্তের ৮ দশমিক ৩ কিলোমিটার এলাকাকে প্রথমবারের মতো 'ক্রাইম ফ্রি জোন' বা অপরাধমুক্ত এলাকা হিসেবে যৌথভাবে ঘোষণা করেছে বিজিবি-বিএসএফ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশকে পাশে চাইলেন ত্রিপুরার নতুন মুখ্যমন্ত্রী ॥** ভারতের ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী পদে শুক্রবার শপথ নিলেন বাংলাদেশি



বংশোদ্ভূত বিজেপি নেতা বিপ্লব কুমার দেব। শপথ নেওয়ার আগে তিনি ঢাকায় ফোন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কিছু সময় কথা বলেন এবং ত্রিপুরার উন্নয়নে বাংলাদেশের সহযোগিতা চান।

**১০ মার্চ, শনিবার**

- **ইন্টারন্যাশনাল সোলার সামিটে যোগ দিতে রাষ্ট্রপতি দিল্লিতে ॥** রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ ফাইন্ডিং কনফারেন্স অব দ্য ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স (আইএসএ) অ্যান্ড সোলার সামিট-২০১৮তে যোগ দিতে ভারতের রাজধানী নয়াদিল্লি পৌঁছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশ যুব গেমসের বর্ণিল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন আয়োজিত বাংলাদেশ যুব গেমসের শুভ উদ্বোধন করেছেন। এ সময় তিনি বলেন, দেশে প্রথমবারের মতো আয়োজিত যুব গেমস প্রত্যন্ত অঞ্চলের সুপ্ত প্রতিভাকে উদ্ভাসিত এবং খেলাধুলার প্রতি সাধারণ মানুষের আগ্রহ আরও বাড়িয়ে তুলবে। খেলাধুলার মধ্য দিয়ে আমরা যেমন দেশে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ মোকাবিলা করব, তেমনই মাদকাসক্তি থেকেও আমাদের যুবসমাজকে রক্ষা করব। দেশে প্রথমবারের মতো এই গেমসের আয়োজন করায় বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ভারত-ফ্রান্স সামরিক সহযোগিতা চুক্তি সই, চিন্তিত চীন ॥** নয়াদিল্লিতে ভারত-ফ্রান্স দুদেশের মধ্যে একটি সামরিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর করেছে। শুক্রবার ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ চারদিনের সফরে দিল্লি এসে পৌঁছালে উভয় দেশের মধ্যে এই চুক্তি স্বাক্ষরিত হয়। এদিকে, এই দুটি দেশের মধ্যে স্বাক্ষরিত সামরিক সহযোগিতা চুক্তিকে ভালো চোখে দেখছে না চীন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শ্রীলঙ্কায় ইতিহাস গড়া জয় বাংলাদেশের ॥** কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে অনুষ্ঠিত টি ২০ ম্যাচে শ্রীলঙ্কাকে ৫ উইকেটে হারিয়ে বাংলাদেশ দলের ইতিহাস গড়া, অবিশ্বাস্য এবং চিত্তাকর্ষক জয়লাভ। এই জয়ের অন্যতম নায়ক মুশফিকুর রহীম। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১১ মার্চ, রোববার**

- **দিল্লিতে হামিদ-মোদি বৈঠক ॥** নয়াদিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেশটিতে সফররত রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বৈঠক করেছেন। তিস্তার পানি বণ্টন চুক্তিতে ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে রাজি করাতে নয়াদিল্লি সব সময় সচেষ্ট রয়েছে বলে রাষ্ট্রপতি আবদুল হামিদকে জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরে ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা চারদিনের সরকারি সফরে সিঙ্গাপুরের চাঙ্গি বিমানবন্দরে পৌঁছলে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। দেশটির একজন সিনিয়র প্রতিমন্ত্রী ড. অ্যামি খোর এবং সিঙ্গাপুরে বাংলাদেশের হাইকমিশনার মো. মোস্তাফিজুর রহমান বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আজীবন প্রেসিডেন্ট শি জিনপিং ॥** সংবিধান সংশোধনের মাধ্যমে ‘আজীবন’ প্রেসিডেন্ট হওয়ার ক্ষমতা পেলেন ন্যাশনাল পিপলস পার্টি অব চায়নার ও দেশটির বর্তমান প্রেসিডেন্ট শি জিনপিং। চীনের পার্লামেন্ট প্রেসিডেন্টের দায়িত্ব পালনের নির্দিষ্ট সময়সীমা বিলুপ্ত করার পক্ষে ভোট দিয়েছে। এটি কার্যকর হলে প্রেসিডেন্ট শি জিনপিং আজীবন ক্ষমতায় থাকতে পারবেন। সূত্র: কালের কণ্ঠ
- **এশিয়ান গেমস হকির বাছাইপর্বের সেমিতে বাংলাদেশ ॥** ওমানে এশিয়ান গেমস হকির বাছাইয়ের দ্বিতীয় খেলায় হংকংকে ৫-১ গোলের ব্যবধানে হারিয়ে টুর্নামেন্টের সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ মার্চ, সোমবার**

- **সফর শেষে ফিরেছেন রাষ্ট্রপতি ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ চারদিনের ভারত সফর শেষে দেশে ফিরেছেন। কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী ও সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেননসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা বিমান বন্দরে তাঁকে স্বাগত জানান।
- **কাঠমান্ডুতে ইউএস-বাংলা বিমান বিধ্বস্ত ॥** নেপালের রাজধানী কাঠমান্ডুতে ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিমান বিধ্বস্ত হয়ে কমপক্ষে ৫১ যাত্রী নিহত হয়েছেন।



এ দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ১৯ জন। কাঠমান্ডু বিমানবন্দরে অবতরণের সময় এ দুর্ঘটনা ঘটে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। নেপালের সেনাবাহিনী সূত্র নিশ্চিত করে বলেছে, বিমানটিতে চার ক্রু ও ৬৭ যাত্রীসহ মোট ৭১ জন আরোহী ছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে বোঝান ॥** বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিতে মিয়ানমারকে ‘বোঝানো’র জন্য সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লোংয়ের সঙ্গে পৃথক বৈঠকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার অন্তর্বর্তী জামিন ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় কারাগারে আটক বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া হাইকোর্ট থেকে চার মাসের অন্তর্বর্তীকালীন জামিন পেয়েছেন। খালেদা জিয়ার বয়স এবং শারীরিক অসুস্থতার বিষয়টি বিবেচনায় এনে আদালত তাঁকে জামিন দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারতে কৃষিঋণ প্রত্যাহারের ঘোষণা ॥** ভারতের মহারাষ্ট্রের কৃষকদের চলমান তুমুল বিদ্রোহের মুখে মুম্বাইয়ের বিধানসভা ঘেরাও করা হলে কৃষিঋণ প্রত্যাহারের ঘোষণা দিলেন রাজ্যের সেচমন্ত্রী গিরিশ মহাজন। সূত্র: যুগান্তর

**১৩ মার্চ, মঙ্গলবার**

- **সিঙ্গাপুরে নিজের নামে অর্কিড উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরের বোটানিক্যাল গার্ডেনের অর্কিড উদ্যানে নিজের নামে ‘ডানড্রোবিয়াম শেখ হাসিনা’ উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী ইউনেস্কো বিশ্ব হেরিটেজ হিসেবে স্বীকৃত সিঙ্গাপুরে বোটানিক্যাল গার্ডেনে তাঁর নামে এই অর্কিড উন্মোচন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **উন্নয়নের অংশীদার হোন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় শরিক হতে সিঙ্গাপুরে পাঁচ শ একর বা তার চেয়েও বেশি জমি বরাদ্দে তার সরকার প্রস্তুত রয়েছে। তিনি সারাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলতে ব্যবসায়ীদের আহ্বান জানিয়ে বলেন, নিজস্ব শিল্পপার্ক গড়ে তুলতে সরকার তাদের

প্রয়োজনীয় সহযোগিতা দিতে প্রস্তুত। প্রধানমন্ত্রীর এই সফরকালে দুদেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা জোরদারে চারটি সমঝোতা স্মারক বা চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাঠমান্ডুতে ইউএস-বাংলার বাংলাদেশি বিমান দুর্ঘটনার কারণে সিঙ্গাপুরের সফর সংক্ষিপ্ত করে দেশে ফিরে এসেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদার জামিন স্থগিত চেয়ে দুদকের আপিল ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় কারাগারে আটক বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে হাইকোর্টের দেওয়া জামিন আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হোয়াইট হাউসের সম্মেলন বর্জন ফিলিস্তিন প্রতিনিধিদের ॥** ইসরাইল অধিকৃত গাজা উপত্যকায় মানবিক সংকট ইস্যুতে মার্কিন প্রেসিডেন্টের দাপ্তরিক ভবন হোয়াইট হাউসে আয়োজিত সম্মেলনে যোগ দেয়নি ফিলিস্তিন প্রতিনিধিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৪ মার্চ, বুধবার**

- **নেপালে বিমান দুর্ঘটনায় আহতদের সুচিকিৎসার নির্দেশ প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত এক জরুরি বৈঠকে নেপালে ইউএস-বাংলার বিমান দুর্ঘটনায় আহতদের সুচিকিৎসার ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন।
- **সীমানা পুনর্বিন্যাসের খসড়া প্রকাশ করল ইসি ॥** আগারগাঁও নির্বাচন ভবনে সিইসি কেএম নূরুল হুদার সভাপতিত্বে কমিশন সভায় অনুমোদনের পর সংসদ নির্বাচন সামনে রেখে সংসদীয় আসনের সীমানা পুনর্বিন্যাসের খসড়া প্রকাশ করেছে ইসি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়াকে হাইকোর্টের দেওয়া জামিন স্থগিত ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় সাজাপ্রাপ্ত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে হাইকোর্টের দেওয়া জামিন আদেশ স্থগিত করেছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অ্যাঞ্জেলা মার্কেল ফের জার্মান চ্যান্সেলর হলেন ॥** জার্মানিতে চতুর্থবারের মতো চ্যান্সেলর নির্বাচিত হলেন ক্রিশ্চিয়ান ডেমোক্রেটিক



পার্টির (সিডিইউ) অ্যাঞ্জেলা মার্কেল। গত বছরের ২৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত দেশটির সাধারণ নির্বাচনে কোনো দলই একক সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় অনেক কাঠখড় পোড়ানোর পর কট্টর বিরোধীদের সঙ্গেও সমঝোতা করে দীর্ঘ ছয় মাস পর পার্লামেন্ট সদস্যদের ভোটে অবশেষে চ্যান্সেলর পদে আসীন হলেন মার্কেল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **সৃষ্টিতত্ত্বের বিস্ময়কর বিজ্ঞানী হকিংস আর নেই ॥** বিশ্বখ্যাত ব্রিটিশ পদার্থবিদ, আধুনিক সৃষ্টিতত্ত্বের উজ্জ্বল নক্ষত্র ৭৬ বছর বয়সি স্টিফেন উইলিয়াম হকিংস মারা গেছেন। সূত্র: কালের কণ্ঠ

**১৫ মার্চ, বৃহস্পতিবার**

- **সারাদেশে একদিনের রাষ্ট্রীয় শোক পালন ॥** নেপালে বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে সারাদেশে একদিনের রাষ্ট্রীয় শোক পালন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আগামী জুলাইর মধ্যে পাঁচ সিটি নির্বাচন ॥** আগামী জুলাইয়ের মধ্যে পাঁচ সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্রিটেন থেকে ২৩ রুশ কূটনীতিক বহিষ্কার ॥** যুক্তরাজ্যে সাবেক রুশ গুপ্তচর ও তার মেয়ের ওপর বিষ প্রয়োগে হত্যাচেষ্টার অভিযোগে ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে ব্রিটেন থেকে ২৩ রুশ কূটনীতিককে বহিষ্কারের ঘোষণা দেন। এদিকে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকে মের ঘোষণাকে স্বাগত জানায় যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৬ মার্চ, শুক্রবার**

- **তিন জাতি নিদাহাস ট্রফির ফাইনালে বাংলাদেশ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ত্রিদেশীয় টি ২০ নিদাহাস ট্রফির লিগ পর্বের টেস্ট ম্যাচে শ্রীলঙ্কাকে হারিয়ে ফাইনালে ওঠায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অনন্য উচ্চতা-এলডিসি উত্তরণে প্রথম ধাপ পেরোলো বাংলাদেশ ॥** প্রথমবারের মতো স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বেরিয়ে আসার প্রথম ধাপ পেরোলো বাংলাদেশ। এ বিষয়ে এক ঘোষণায় বলা

হয়েছে, এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের তিনটি সূচকই প্রথমবারের মতো অর্জনের স্বীকৃতি লাভ করেছে বাংলাদেশ। প্রথম পর্যায় স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বেরোনোর এ সিদ্ধান্ত চূড়ান্ত করেছে জাতিসংঘ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ট্রাম্পের ব্যবসা প্রতিষ্ঠানের কাছে নথি চেয়ে সমন জারি ॥** ২০১৬ সালে অনুষ্ঠিত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে রাশিয়ার সম্ভাব্য হস্তক্ষেপের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ব্যবসা প্রতিষ্ঠানের কাছে নথি চেয়ে সমন জারি করেছেন দেশটির তদন্তকারী দলের প্রধান রবার্ট মুলার। সূত্র: যুগান্তর

**১৭ মার্চ, শনিবার**

- **জন্মদিনে জাতির পিতার সমাধিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা ॥** রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে মোনাজাত করেন। এ সময় উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা এবং বিভিন্ন পর্যায়ের দলীয় নেতাকর্মী-সমর্থকরা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এলডিসি থেকে উত্তরণের চিঠি পেল বাংলাদেশ ॥** জাতিসংঘের সিডিপির এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জনের ঘোষণা সংক্রান্ত চিঠি নিউইয়র্কে বাংলাদেশ মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেনের হাতে তুলে দেন সিডিপি সেক্রেটারিয়েট প্রধান রোলান্ড মোলেরাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতির পিতার জন্মদিনে আরও একধাপ এগোলো দেশ ॥** স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জনে উৎফুল্ল প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আর পিছিয়ে নেই। এটি জাতির জন্য বিরাট অর্জন। তিনি বলেন, জাতির পিতার যে স্বপ্ন-আকাঙ্ক্ষা, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠা সেই পথেই আমরা একধাপ এগিয়েছি। জাতির পিতার আদর্শ বুকে নিয়ে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। টুঙ্গিপাড়ায় জাতির পিতার



সমাধি কমপ্লেক্সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আয়োজিত শিশু সমাবেশ, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: সমকাল

- **ভারতে কংগ্রেসের শীর্ষ নেতাদের সঙ্গে আওয়ামী লীগ নেতাদের বৈঠক ॥** নয়াদিল্লিতে সফররত বাংলাদেশ আওয়ামী লীগ প্রতিনিধিদল ভারতীয় জাতীয় কংগ্রেসের শীর্ষ নেতাদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সু চির বিচার চান ব্রিটিশ মন্ত্রী এবং অস্ট্রেলিয়ায় আইনি প্রক্রিয়া শুরু ॥** রাখাইনে রোহিঙ্গা নিধন এবং তাদের ওপর মানবাধিকারবিরোধী অপরাধ সংঘটনের দায়ে মিয়ানমারের রাষ্ট্রীয় পরামর্শক ও প্রকৃত সরকারপ্রধান অং সান সু চির আন্তর্জাতিক আদালতে বিচার চান যুক্তরাজ্যের পররাষ্ট্র এবং কমনওয়েলথ দফতরের এশিয়া ও প্যাসিফিক বিষয়ক প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড। তিনি বৃহস্পতিবার হাউস অব কমনসে রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে যে হালনাগাদ প্রতিবেদন তুলে ধরেন তাতে তিনি সু চির বিচার হওয়া উচিত বলে মন্তব্য করেন। এছাড়া একই কারণে অং সান সু চির বিচার করতে চান অস্ট্রেলিয়ার শীর্ষস্থানীয় আইনজীবীরা। এ বিষয়ে আইনি প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র: সমকাল
- **দ্বিতীয় মেয়াদে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ॥** আগামী পাঁচ বছরের জন্য চীনের প্রেসিডেন্ট হিসেবে শি জিনপিং পুনর্নির্বাচিত হয়েছেন। দেশটির ন্যাশনাল পিপলস কংগ্রেস (এনপিসি) ভোটাভুটির মাধ্যমে তাঁকে প্রেসিডেন্ট হিসেবে পুনর্নির্বাচিত করে। একই সঙ্গে শি জিনপিংয়ের ঘনিষ্ঠ মিত্র ওয়াং কিশানকে দেশটির ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত করা হয়েছে। সূত্র: সমকাল

**১৮ মার্চ, রোববার**

- **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উপলক্ষ্যে আওয়ামী লীগের আলোচনাসভা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তব্যে নিজেদের সবকিছু ত্যাগের

বিনিময়ে বাংলাদেশকে আরও উন্নত করে গড়ে তোলার দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেছেন। তিনি বলেন, উন্নয়নশীল দেশের পথ ধরে বাংলাদেশ আগামীতে আরও দ্রুত উন্নত-সমৃদ্ধির পথে এগিয়ে যাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **সংবিধানের ৭০ অনুচ্ছেদ নিয়ে রিট হাইকোর্টে খারিজ ॥** রাজনৈতিক দল থেকে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে সংসদীয় আসন শূন্য হওয়া সংক্রান্ত সংবিধানের ৭০ অনুচ্ছেদ নিয়ে দায়ের করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ড. জাফর ইকবালের ওপর হামলার দায় স্বীকার ॥** প্রখ্যাত লেখক ও শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর হামলার দায় স্বীকার করে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছে গ্রেফতার ফয়জুল হাসান ওরফে শফিকুর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আসিয়ানে রোহিঙ্গা ইস্যুতে চাপের মুখে সু চি ॥** অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত তিনদিনের বিশেষ সম্মেলনে আসিয়ান জোটভুক্ত দেশের নেতারা রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের নেত্রী অং সান সু চিকে চাপ দিয়েছেন। নেতারা রাখাইনে গণহত্যার জন্য দেশটির কার্যকর ক্ষমতাধর ব্যক্তি হিসেবে অং সান সু চিকেই দায়ী করেছেন। সূত্র: যুগান্তর

**১৯ মার্চ, সোমবার**

- **শেখ হাসিনা বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী ॥** সিঙ্গাপুরভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল এক প্রতিবেদনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী নির্বাচিত করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'জাতীয় প্রতিরক্ষা নীতিমালা-২০১৮' অনুমোদন ॥** প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে 'জাতীয় প্রতিরক্ষা নীতিমালা-২০১৮' অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **উন্নয়নশীল দেশের স্বীকৃতি সমালোচকদের মুখে চপেটাঘাত ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হওয়ায় স্বাধীনতার পর যারা এই দেশকে তলাবিহীন ঝুড়ি বলত



তাদের মুখে চপেটাঘাত পড়েছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে শিল্পী শাহাবুদ্দিন আহমেদের মাসব্যাপী একক চিত্রপ্রদর্শনীর উদ্বোধনকালে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শাহজালালে ২৩ বাংলাদেশির মরদেহ॥** নেপালের কাঠমান্ডুতে বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত ২৩ বাংলাদেশির মরদেহ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমানমন্ত্রী, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এবং বিমানবাহিনীর প্রধান গ্রহণ করেন। এরপর রাজধানীর আর্মি স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে তাঁদের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পুতিন ফের রাশিয়ার প্রেসিডেন্ট ॥** ভ্লাদিমির পুতিন রাশিয়ায় চতুর্থবারের মতো প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন। পরপর চারবার প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভ্লাদিমির পুতিনকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২০ মার্চ, মঙ্গলবার**

- **কারাসপ্তাহ-২০১৮ উদ্বোধন ॥** কারা প্রশাসনের দক্ষ নেতৃত্বের কারণে দেশের কারাগারগুলো ক্রমান্বয়ে সংশোধনাগারে পরিণত হচ্ছে বলে জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাষ্ট্রপতি গাজীপুরে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার কমপ্লেক্স প্রাঙ্গণে 'কারাসপ্তাহ-২০১৮' উদ্বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **একনেক সভায় ১৬ প্রকল্প অনুমোদন ॥** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৯ হাজার ৬৮০ কোটি টাকা ব্যয়ে ১৬টি প্রকল্প অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এবার খালেদার পক্ষে লর্ড কারলাইল ॥** জামায়াত নেতা মীর কাসেম আলীসহ যুদ্ধাপরাধীদের বিচারের বিরুদ্ধে যুক্তরাজ্যে সোচ্চার সেই লর্ড কারলাইলকে খালেদা জিয়ার আইনজীবী হিসেবে নিয়োগ দিয়েছে বিএনপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চীনকে বিভাজন প্রচেষ্টায় তাইওয়ানের বিরুদ্ধে জিনপিংয়ের হুঁশিয়ারি ॥** চীনের আজীবন প্রেসিডেন্ট শি জিনপিং বলেছেন, চীনকে বিচ্ছিন্ন করার যে কোনো প্রচেষ্টা কঠোরভাবে রুখে দেওয়া হবে। তিনি বলেন,

দেশকে যারা বিভাজন করতে চায় তাদের পরিণাম ভালো হবে না। চীনের ন্যাশনাল পিপলস কংগ্রেসের (এনপিসি) বার্ষিক অধিবেশনে এই হুঁশিয়ারি দেন জিনপিং। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২১ মার্চ, বুধবার**

➢ **আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের পটিয়ায় আওয়ামী লীগ আয়োজিত জনসভায় বলেছেন, আওয়ামী লীগ মানেই উন্নয়ন, এই আওয়ামী লীগই বঙ্গবন্ধুর নেতৃত্বে দেশের স্বাধীনতা এনে দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আরও মেরিটাইম পেট্রোল এয়ারক্র্যাফট ও কপ্টার কেনা হচ্ছে ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের সমুদ্রসীমায় নজরদারি ও টহল জোরদার করতে আরও অত্যাধুনিক মেরিটাইম, পেট্রোল এয়ারক্র্যাফট ও হেলিকপ্টার কেনার প্রক্রিয়া চলছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **চলে গেলেন মুক্তিযোদ্ধা কাকন বিবি ॥** একাত্তরের অগ্নিকন্যা, বীরসেনানী মুক্তিযোদ্ধা নূরজাহান ওরফে কাকন বিবি বীরপ্রতীক সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাত সোয়া ১১টায় মারা যান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ডব্লিউএসআইএস পুরস্কার-২০১৮ পেল বাংলাদেশ ॥** তথ্যপ্রযুক্তি খাতে পঞ্চমবারের মতো বিশ্বের সবচেয়ে সম্মানজনক 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) পুরস্কার-২০১৮' অর্জন করেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মিয়ানমার প্রেসিডেন্ট থিন কিয়াওর পদত্যাগ ॥** দায়িত্ব গ্রহণের মাত্র দুবছরের মাথায় পদত্যাগ করেছেন মিয়ানমার প্রেসিডেন্ট থিন কিয়াও। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সৌদি যুবরাজকে অস্ত্র কেনা ও বিনিয়োগের আহ্বান ট্রাম্পের ॥** হোয়াইট হাউসে সাক্ষাৎকালে সৌদি যুবরাজকে যুক্তরাষ্ট্র থেকে আরও অস্ত্র কেনার আহ্বান জানান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: সমকাল

**২২ মার্চ, বৃহস্পতিবার**

➢ **রাষ্ট্রের এ সাফল্য জনগণের ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে ওঠার যোগ্যতা অর্জনের স্বীকৃতিকে জনগণের প্রতি উৎসর্গ করেছেন। দেশের এই উন্নয়ন, অগ্রযাত্রা ও



সাফল্য ধরে রাখার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, এই অগ্রযাত্রাকে আমাদের ধরে রাখতে হবে। এই অর্জন যেন কোনো ভাবেই হারিয়ে না যায়। বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রদত্ত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ মন্তব্য করেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বাংলাদেশের প্রত্যয় প্রশংসার যোগ্য ॥** জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস বলেছেন, দারিদ্র্যমুক্তির ক্ষেত্রে বাংলাদেশের জনগণের প্রত্যয় প্রশংসার যোগ্য। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেওয়া সংবর্ধনা অনুষ্ঠান চলাকালে এক ভিডিওবার্তায় জাতিসংঘ মহাসচিব এই মন্তব্য করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৩ মার্চ, শুক্রবার**

➢ **বিবিএস পেল বিশ্বব্যাংক সহযোগিতা ॥** জাতীয় পরিসংখ্যানের মানোন্নয়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে (বিবিএস) ১৫ মিলিয়ন ডলারের আর্থিক সহযোগিতা অনুমোদন করেছে বিশ্বব্যাংক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আন্তর্জাতিক পানি দশকের উদ্বোধন ॥** পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, আন্তর্জাতিক পানি দশক বিশ্ববাসীকে একত্রে কাজ করার সুযোগ এনে দেবে। জাতিসংঘ সদর দপ্তরে 'আন্তর্জাতিক পানি দশকের উদ্বোধন এবং টেকসই উন্নয়নের জন্য পানি (২০১৮-২০২৮)' শীর্ষক এক উচ্চপর্যায়ের আলোচনাসভায় প্রতিমন্ত্রী এ কথা বলেন । সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মালদ্বীপে জরুরি অবস্থা প্রত্যাহার ॥** মালদ্বীপে ৪৫ দিনের জরুরি অবস্থা প্রত্যাহার করেছেন দেশটির প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামিন। প্রেসিডেন্টের অফিস থেকে জারি করা এক ঘোষণায় এ কথা জানানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মস্কো থেকে ইইউর রাষ্ট্রদূত প্রত্যাহার ॥** গুপ্তচর হত্যাচেষ্টা ইস্যুতে রাশিয়ায় নিয়োজিত রাষ্ট্রদূতকে প্রত্যাহার করে নিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **চীন-যুক্তরাষ্ট্র বাণিজ্য যুদ্ধের আশঙ্কা** ॥ মেধাস্বত্ব চুরির (প্রযুক্তি পাচার) বিষয়টি নিয়ে চলমান বিরোধ আরও তীব্রতর হওয়ায় চীন-যুক্তরাষ্ট্র সম্পর্কে চিড় ধরেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার চীনা পণ্যের ওপর অতিরিক্ত ৬ হাজার কোটি মার্কিন ডলার শুল্ক আরোপের কথা ঘোষণা করেছেন। এর মধ্য দিয়ে বিশ্বের দুটি শক্তিশালী 'অর্থনীতি' পরস্পরের বিরুদ্ধে বাণিজ্য যুদ্ধের আরও কাছাকাছি হলো বলে আশঙ্কা করা হচ্ছে। সূত্রঃ সমকাল

**২৪ মার্চ, শনিবার**

- **রাষ্ট্রপতি হাতিয়ায় সেনাবাহিনীর প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন** ॥ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নোয়াখালীর স্বর্ণদ্বীপকে 'বিরাট সম্ভাবনা' উল্লেখ করে বলেন, পরিকল্পিত পদক্ষেপ নিলে এই দ্বীপ জাতীয় অর্থনীতিতে বিরাট অবদান রাখতে পারবে। নোয়াখালীর হাতিয়ায় সেনাবাহিনীর প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনে এসে অভিভূত হয়ে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের মূল ভূখণ্ড থেকে আলাদা হলেও এই দ্বীপ সমুদ্রের একদম কাছাকাছি এবং এটি আয়তনে প্রায় সিঙ্গাপুরের সমান। এ সময় রাষ্ট্রপতি বলেন, দ্বীপটি হতে পারে আমাদের সিঙ্গাপুর। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সতর্কতা জারি** ॥ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা এক বিজ্ঞপ্তিতে অভিযানকালে সব ধরনের অপরাধী গ্রেফতারে ১৭ বিষয়ে বিশেষ সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের প্রতি দিকনির্দেশনা দেওয়া হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **খালেদা ছাড়া নির্বাচন নয়** ॥ রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে দলের শীর্ষ নেতাদের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ছাড়া নির্বাচনে যাবে না ২০ দলীয় জোট। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কাতালোনিয়ায় স্বাধীনতাপন্থিদের বিচার শুরু** ॥ কাতালোনিয়ায় স্বাধীনতাপন্থি নেতাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ শুরু করেছে স্পেন। সূত্রঃ সমকাল
- **সাউথ এশিয়ান আর্চারি উদ্বোধন** ॥ বাংলাদেশ আর্চারি ফেডারেশনের ব্যবস্থাপনায় ঢাকার বিকেএসপিতে 'দ্য ব্লোজার বিডি-বিকেএসপি



তৃতীয় সাউথ এশিয়ান আর্চারি চ্যাম্পিয়নশিপস'র শুভ উদ্বোধন করেন বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. সামছুর রহমান। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২৫ মার্চ, রোববার**

- **রাত ৯টায় দেশব্যাপী এক মিনিটের আঁধারি** ॥ একাত্তরে ২৫ মার্চ কালরাত্রির গণহত্যা স্মরণে রোববার দেশব্যাপী বাতি নিভিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। রাত নয়টা বাজার সঙ্গে সঙ্গে ১ মিনিটের জন্য নিষ্প্রদীপ হয়ে গিয়েছিল সারাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **গণহত্যা দিবস** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৫ মার্চ 'গণহত্যা দিবস' উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত সভায় সভাপতির বক্তব্যে, একাত্তরের গণহত্যাকারী ও তাদের দোসর-মদতদাতাদের প্রতি চরম ঘৃণা প্রকাশ করে বলেছেন, একাত্তরের গণহত্যাকারী যুদ্ধাপরাধীদের যারা প্রধানমন্ত্রী মন্ত্রী ও উপদেষ্টা বানিয়ে পুরস্কৃত করেছে, মদত দিয়েছে তারাও সমান অপরাধী। উভয়েই সমান দোষে দোষী। যুদ্ধাপরাধীদের মতো তাদেরও সমানভাবে বিচার হওয়া উচিত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার সাজা বাড়াতে দুদকের আপিল** ॥ জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতির মামলায় পাঁচ বছরের কারাদণ্ডে দণ্ডিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সাজার মেয়াদ আরও বাড়াতে উচ্চ আদালতে আপিল করেছে দুদক। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **অস্ত্র আইন কঠোর করার দাবিতে যুক্তরাষ্ট্রে ১০ লাখ মানুষের বিক্ষোভ** ॥ অত্যন্ত কঠোরভাবে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের দাবিতে শনিবার যুক্তরাষ্ট্রে অন্তত ১০ লাখের বেশি মার্কিন জনতা বিক্ষোভে ফেটে পড়েছে। ফ্লোরিডা অঙ্গরাজ্যে সম্প্রতি এক বন্দুকধারীর গুলিতে ১৭ জন নিহত হন। এই ঘটনার প্রতিবাদে যুক্তরাষ্ট্রজুড়ে কঠোরভাবে বন্দুক নিয়ন্ত্রণের দাবি ওঠে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বল টেম্পারিং, অস্ট্রেলিয়া ক্রিকেটে তোলপাড়** ॥ দক্ষিণ আফ্রিকা-অস্ট্রেলিয়ার চলতি কেপটাউন টেস্টের তৃতীয় দিনের খেলায় বল টেম্পারিংয়ের অভিযোগ উঠে অস্ট্রেলীয় অধিনায়ক ও ওপেনারের

বিরুদ্ধে। অভিযুক্তরা টেম্পারিংয়ের দায় স্বীকার করে নিলে প্রধানমন্ত্রীর তাৎক্ষণিক নির্দেশে অস্ট্রেলিয়ান অধিনায়ক স্টিভেন স্মিথ এবং ওপেনার ডেভিড ওয়ার্নারকে সহ-অধিনায়কের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়। সূত্রঃ কালের কণ্ঠ

**২৬ মার্চ, সোমবার**

- **স্বাধীনতা ও জাতীয় দিবসে উন্নত দেশ গড়ার শপথ ॥** যথাযথ মর্যাদা এবং বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্য দিয়ে সারাদেশে 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উদ্‌যাপন করা হয়। দিনটিতে এক অন্যরকমের স্বস্তি আনন্দ ও শপথে জেগে উঠেছিল বাঙালি। এবার সারাদেশেই নতুন প্রজন্মের অভূতপূর্ব গণজাগরণ এক নতুন মাত্রা যোগ হয়েছে স্বাধীনতা দিবসে। এদিন শিশু থেকে বৃদ্ধ সবার কণ্ঠেই ধ্বনিত হয়েছে 'জঙ্গিবাদমুক্ত, সমৃদ্ধ দেশ গড়ার শপথ'। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সালাম গ্রহণ ॥** 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে রাষ্ট্রীয় সালাম গ্রহণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তাঁরা কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন, বিউগলে বেজে ওঠে করুণ সুর! সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **এই প্রথম সোনার বাংলায় এককণ্ঠ সারাদেশ ॥** এবার মহান স্বাধীনতা দিবসে প্রথমবারের মতো প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কণ্ঠ মিলিয়ে একসঙ্গে শুদ্ধসুরে জাতীয় সংগীত গাইল পুরো জাতি। শুধু দেশেই নয়, বিদেশেও একযোগে একই সময়ে শুদ্ধসুরে জাতীয় সংগীত গাওয়া হয়। দেশে এই প্রথম এমন ব্যতিক্রমী অনুষ্ঠান পালন করা হলো। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **গুপ্তচর হত্যাচেষ্টা ইস্যুতে রাশিয়া একা, পশ্চিমারা একাট্টা ॥** ইউরোপ ও আমেরিকা থেকে শতাধিক রুশ কর্মকর্তা-কূটনীতিক বহিষ্কারের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন। পক্ষত্যাগী এক রুশ কূটনীতিক ও তার মেয়েকে নার্ভ এজেন্ট গ্যাস প্রয়োগে হত্যাচেষ্টার অভিযোগে রাশিয়ার বিরুদ্ধে একজোট হয়ে এ ঘোষণা দিয়েছে ইউরোপ-আমেরিকা। সূত্রঃ প্রথম আলো



**২৭ মার্চ, মঙ্গলবার**

- **স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের স্বাধীনতাকে যারা ব্যর্থ করে দিতে চায়, তারা যেন কোনোদিন আর ক্ষমতায় আসতে না পারে সেজন্য দেশবাসীকে সজাগ থাকতে হবে। দেশবাসীকে মনে রাখতে হবে ৩০ লাখ শহিদের রক্তে কেনা আমাদের এই স্বাধীনতা যেন ব্যর্থ হয়ে না যায়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিশ্ব পানি দিবস-২০১৮ ॥** 'বিশ্ব পানি দিবস-২০১৮' উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে নিজস্ব পানি ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নদীর নাব্যতা বাড়ানোর জন্য যেমন ড্রেজিং করবে, তেমনি বর্ষার পানি ধরে রাখারও বন্দোবস্ত রাখতে হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **নির্বাচনের আগে প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে হবেঃ ফখরুল ॥** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাজধানীতে শোভাযাত্রা করেছে বিএনপি। র‍্যালির আগে বক্তব্য রাখতে গিয়ে দলের মহাসচিব ফখরুল ইসলাম আলমগীর বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পদত্যাগ করতে হবে। নির্বাচনের আগে সংসদ ভেঙে নির্দলীয় নিরপেক্ষ সরকার গঠন করতে হবে এবং সেই সরকারের অধীনেই নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত, কোচিং বন্ধ ॥** চলতি বছরের এইচএসসি পরীক্ষা ২ এপ্রিল সারাদেশে একযোগে শুরু হচ্ছে। এ কারণে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বৃহস্পতিবার থেকেই কোচিং সেন্টার বন্ধ থাকবে। সূত্রঃ যুগান্তর
- **বাংলাদেশ একটি মানবিক রাষ্ট্র ॥** 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উপলক্ষ্যে যুক্তরাজ্যে আয়োজিত এক অনুষ্ঠানে ব্রিটিশ ফরেন অ্যান্ড কমনওয়েলথ অফিসের সাউথ এশিয়াবিষয়ক মন্ত্রী মার্ক ফিল্ড বলেছেন, জাতি হিসেবে বাঙালির মানবিকতা আজ বিশ্বব্যাপী সমাদৃত। সূত্রঃ প্রথম আলো

- **ঢাকায় ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল ॥** বঙ্গোপসাগরের উপকূলবর্তী দেশগুলোর জোট বিমসটেকের নিরাপত্তা প্রধানদের বৈঠকে যোগ দিতে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল মঙ্গলবার ঢাকায় পৌঁছেন। সূত্র: প্রথম আলো
- **মানবাধিকার নিয়ে ইইউর প্রস্তাব প্রত্যাখ্যান মিয়ানমারের ॥** রোহিঙ্গা ইস্যুতে মানবাধিকার পরিস্থিতি নিয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রস্তাবের খসড়া প্রত্যাখ্যান করে মিয়ানমার বলেছে, প্রস্তাবের কয়েকটি অনুচ্ছেদ অনধিকার প্রবেশমূলক এবং তা সরাসরি মিয়ানমারের সার্বভৌমত্বকে চ্যালেঞ্জ করে। সূত্র: যুগান্তর
- **আর্চারিতে বাংলাদেশের ছয় স্বর্ণ জয় ॥** বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) অনুষ্ঠিত তৃতীয় দক্ষিণ এশিয়ান আর্চারিতে ছয়টি স্বর্ণসহ **১২**টি পদক জয় করেছেন বাংলাদেশের খেলোয়াড়রা। সূত্র: যুগান্তর

**২৮ মার্চ, বুধবার**

- **ইএমই পঞ্চম কোর পুনর্মিলনী-২০১৮ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নীলফামারী জেলার সৈয়দপুর সেনানিবাসে বাংলাদেশ আর্মি ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স কোরের (ইএমই) পঞ্চম কোর পুনর্মিলনী-২০১৮ উপলক্ষ্যে ভাষণদানকালে জাতির পিতার হাতে গড়া দেশের সেনাবাহিনীকে আস্থা ও গর্বের প্রতীক উল্লেখ করে বলেন, মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে গড়ে ওঠা আমাদের সশস্ত্রবাহিনী দেশের অহংকার ও গর্বের প্রতীক। তিনি সেনাবাহিনীকে কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও উন্নত প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আধুনিক প্রযুক্তির চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষমতা অর্জনের আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রীর সঙ্গে বিআইএমএসটিইসি রাষ্ট্রগুলোর ন্যাশনাল সিকিউরিটি প্রধানদের সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিমসটেক (বিআইএমএসটিইসি) রাষ্ট্রগুলোর ন্যাশনাল সিকিউরিটি প্রধানরা সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী উন্নত সমৃদ্ধ অঞ্চল প্রতিষ্ঠায় এতদঞ্চলের সব ধরনের সন্ত্রাস সমূলে নির্মূল করার আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **জয় বাংলা স্লোগানে মুখর হাউস অব কমন্স ॥** বাংলাদেশের মহান স্বাধীনতার ৪৭তম বার্ষিকী উপলক্ষ্যে যুক্তরাজ্য আওয়ামী লীগ ব্রিটিশ পার্লামেন্টের হাউস অব কমন্সের 'দ্য টেরেস প্যাভিলিয়নে' ২৭ মার্চ অর্ধশতাধিক এমপির উপস্থিতিতে এক অনন্য মর্যাদায় বাঙালি জাতির গৌরবময় এ দিনটি উদ্‌যাপন করেছে। কনজারভেটিভ পার্টি, লেবার পার্টি, লিবারেল ডেমোক্রেটস ও স্কটিশ ন্যাশনালিস্ট পার্টির এমপিরা এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আওয়ামী লীগ নেতারা **১৯৭১** সালের মুক্তিযুদ্ধে ব্রিটিশ এমপিদের ইতিবাচক ভূমিকার কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে এসে আওয়ামী লীগ নেতাকর্মীরা মহান মুক্তিযুদ্ধের সেই অমোঘ বাণী 'জয় বাংলা' স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন পার্লামেন্ট ভবন। সূত্র: যুগান্তর
- **খালেদার সাজা প্রসঙ্গে হাইকোর্টের রুল ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় খালেদা জিয়ার সাজা কেন বাড়ানো হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রণদা প্রসাদ সাহা হত্যা মামলায় চার্জ গঠন, বিচার শুরুর আদেশ ॥** একাত্তরে মুক্তিযুদ্ধ চলাকালে টাঙ্গাইলের মির্জাপুরের দানবীর রণদা প্রসাদ সাহাসহ ৬২ জনকে হত্যার অভিযোগে দায়ের করা মামলায় মাহবুবুর রহমানের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দিয়েছেন যুদ্ধাপরাধ ট্রাইবুনাল-**১**। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কারাগার থেকে টেলিসেবা চালু ॥** দেশে প্রথমবারের মতো চালু হলো 'জেলখানা থেকে টেলিসেবা'। এখন বন্দিরা কারাগারে বসেই তাদের স্বজনদের সঙ্গে সেলফোনে কথা বলার সুযোগ পাবেন। টাঙ্গাইল কারাগার থেকে সরকার এই টেলিসেবা চালু করল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আজকের এই খুদে ফুটবলাররাই আগামী দিনে কোনো একদিন বিশ্বকাপ ফুটবল খেলবে। তিনি আশা প্রকাশ করে বলেন, এরাই দেশকে বিশ্বকাপে নিয়ে যাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণকালে এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **স্মিথদের নিষিদ্ধ করল ক্রিকেট অস্ট্রেলিয়া ॥** ইতিহাস আলোচিত বল টেম্পারিং কেলেঙ্কারিতে জড়িত থাকায় আন্তর্জাতিক ও ঘরোয়া ক্রিকেটে অস্ট্রেলিয়ান অধিনায়ক স্টিভেন স্মিথ ও সহ-অধিনায়ক ডেভিড ওয়ার্নারকে এক বছরের জন্য সব ধরনের খেলায় নিষিদ্ধ ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ মার্চ, বৃহস্পতিবার**

- **পরীক্ষায় অনৈতিক প্রতিযোগিতা থেকে সরে আসুন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রাজধানীর দুটি প্রাইভেট ভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে প্রাথমিক ও মাধ্যমিকসহ পাবলিক পরীক্ষায় সন্তানদের 'এ-প্লাস' অর্জনে সহায়তার জন্য কোনো অশুভ ও অসৎ প্রতিযোগিতায় লিপ্ত না হতে অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নৌকায় ভোট দিন, উন্নয়ন দেব ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ঠাকুরগাঁওয়ে এক জনসভায় প্রধান অতিথির ভাষণে বলেন, আপনারা নৌকায় ভোট দিন আমি আপনাদের উন্নয়ন দেব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আদালতের রায়ে বাংলায় সন-তারিখ লেখার নির্দেশ ॥** প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন নিম্ন আদালতের বিচারকদের রায়ে ইংরেজির পাশাপাশি বাংলায় সন ও তারিখ লেখার নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্র ও পশ্চিমাদের বিরুদ্ধে রাশিয়ার পালটা ব্যবস্থা ॥** যুক্তরাজ্যে রুশ গুপ্তচর হত্যাচেষ্টা ইস্যুতে সৃষ্ট বিরোধের জেরে পালটা ব্যবস্থা নিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি এবার যুক্তরাষ্ট্রের ৬০ জনসহ পশ্চিমা দেশের (ইইউ) ১৫০ কুটনীতিককে বহিষ্কার করলেন। সূত্র: কালের কণ্ঠ

**৩০ মার্চ, শুক্রবার**

- **ধানমন্ডি ৩২ নম্বরে মিলাদ মাহফিল ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর দাদা এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পিতা শেখ লুৎফর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে আয়োজিত মিলাদ মাহফিলে অংশ নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **মৌলবাদ ও সন্ত্রাস মোকাবিলায় শেখ হাসিনার প্রশংসায় ব্রিটিশ মন্ত্রী ॥** লন্ডনে বাংলাদেশ হাইকমিশনের উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ব্রিটিশ মন্ত্রী লর্ড আহমেদ অব উইম্বলডন সন্ত্রাস ও মৌলবাদ মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছেন। এছাড়া মন্ত্রী লর্ড রোহিঙ্গাদের বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে তাঁর সাহসী এবং মানবতাবাদী ভূমিকার জন্য ধন্যবাদ জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইসরাইলি হামলায় প্রাণ হারাল ১২ ফিলিস্তিনি ॥** ভূমি দিবসে ফিলিস্তিনি কৃষকদের ওপর ট্যাঙ্ক হামলা চালাল ইসরাইল। ফিলিস্তিনি কৃষকরা 'ভূমি দিবস' পালনকালে ইসরাইলিরা তাদের লক্ষ্য করে ট্যাঙ্কের গোলা ছুড়লে অন্তত ৯ ফিলিস্তিন কৃষকসহ ১২ জন নিহত হয়। এই হামলায় আহত হয়েছে এক হাজার জনের বেশি ফিলিস্তিনি। সূত্র: যুগান্তর
- **মালয়েশিয়াকে গোলবন্যায় ভাসাল বাংলাদেশ ॥** হংকংয়ের সিউ সাই ওয়ান স্পোর্টস গ্রাউন্ডে জকি কাপের চার জাতি টুর্নামেন্টের প্রথম ম্যাচে মালয়েশিয়ার বিপক্ষে ১০-১ গোলে জয় ছিনিয়ে নিয়েছে মারিয়ার নেতৃত্বাধীন বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩১ মার্চ, শনিবার**

- **এপিবি ২৯তম বার্ষিক সম্মেলন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অ্যাসোসিয়েশন অব ফিজিশিয়ানস অব বাংলাদেশের (এপিবি) ২৯তম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে সততার সঙ্গে মানবতার সেবায় সর্বদা সচেষ্ট থাকার জন্য চিকিৎসকদের প্রতি উদাত্ত আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আওয়ামী লীগ কার্যনির্বাহী সংসদের রুদ্ধদ্বার বৈঠক ॥** আওয়ামী লীগ কার্যনির্বাহী সংসদের রুদ্ধদ্বার বৈঠকে, সরকারি খরচে নির্বাচনি প্রচার চালানো এবং জনসভা করার যে অভিযোগ বিএনপি তুলেছে তার জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, তিনি একটি দলের সভাপতি। নির্বাচনের আগে তিনি তার দলের জন্য জনগণের কাছে ভোট চাইতেই পারেন। তিনি আরও বলেন, 'নৌকা মার্কায় ভোট চাওয়া আমার রাজনৈতিক অধিকার।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বাংলাদেশের নাগরিক হলো ব্রিটিশ লুসি হেলেন হল্ট ॥** বাংলাদেশকে ভালোবেসে দীর্ঘ ৫৭ বছর এ দেশে মানবতার সেবায় নিয়োজিত থাকার স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ব্রিটিশ নাগরিক লুসি হেলেন ফ্রান্সিস হল্টকে (৮৭) বাংলাদেশের নাগরিকত্ব দিয়েছে বাংলাদেশ সরকার। প্রধানমন্ত্রী গণভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে নিজে লুসি হেলেনের হাতে নাগরিকত্ব সনদ তুলে দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **২৭ জাহাজকে নিষেধাজ্ঞা জাতিসংঘের ॥** নিষেধাজ্ঞা এড়িয়ে উত্তর কোরিয়াকে পণ্য পাচার ও সহযোগিতা করায় নতুন করে ২১টি জাহাজ কোম্পানি, ২৭টি জাহাজ এবং এক ব্যক্তির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। এর মধ্যে ১৬টি জাহাজ কোম্পানি উত্তর কোরিয়ার, পাঁচটি হংকংয়ের, দুটি চীনের, দুটি তাইওয়ানের এবং একটি করে পানামা ও সিঙ্গাপুরের। দুটি চীনা কোম্পানি কালো তালিকাভুক্ত হওয়ায় পরোক্ষভাবে চীনের ওপরও জাতিসংঘের এই নিষেধাজ্ঞা আরোপিত হলো। সূত্র: প্রথম আলো
- **এবার ইরানকে ৮-১ গোলে উড়িয়ে দিল মারিয়ারা ॥** হংকংয়ে চার জাতি আন্তর্জাতিক ইয়ুথ ফুটবলে টুর্নামেন্টে ইরানকে ৮-১ গোলে হারিয়ে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী দলের বিরাট জয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## এপ্রিল-২০১৮

**১ এপ্রিল, রোববার**

- **আন্তর্জাতিক নারী ইয়ুথ ফুটবল টুর্নামেন্টে জয়ী বাংলাদেশ দলকে অভিনন্দন ॥** হংকংয়ে চার জাতি নারী ফুটবল আসরে অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ জাতীয় নারী ফুটবল দলকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চাঁদপুরে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা চাঁদপুর স্টেডিয়ামে আওয়ামী লীগ আয়োজিত এক বিশাল জনসভায় বলেন, উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে হলে এবারও নৌকা মার্কায় ভোট দিতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **সিটি নির্বাচনে অংশ নেবে বিএনপি ॥** আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। সূত্র: প্রথম আলো
- **সিরিয়ায় মার্কিন সাহায্য বন্ধ ঘোষণা ॥** যুদ্ধবিধ্বস্ত সিরিয়া পুনর্গঠনে 'মার্কিন সাহায্য বন্ধ ঘোষণা' করেছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি ইতোমধ্যে বরাদ্দ ২০ কোটি ডলার সাহায্য স্থগিত করার জন্য মার্কিন পররাষ্ট্র দফতরকে নির্দেশ দিয়েছেন। সূত্র: প্রথম আলো

**২ এপ্রিল, সোমবার**

- **পদ্মা সেতু প্রকল্প এলাকায় রাষ্ট্রপতি ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মুন্সীগঞ্জের লৌহজংয়ে পদ্মা সেতু প্রকল্প এলাকা পরিদর্শনে যান। সেখানে রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং স্থানীয় সংসদ সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১ মার্চ 'জাতীয় ভোটার দিবস' ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রতিবছর ১ মার্চ 'জাতীয় ভোটার দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এই সিদ্ধান্ত আগামী বছর (২০১৯ সাল) ১ মার্চ থেকে কার্যকর হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' উপলক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে বলেন, অটিজম আক্রান্তরা আমাদের সমাজের অবিচ্ছেদ্য অংশ। অনেক সুস্থ মানুষ যা করতে পারে না, অটিজম আক্রান্তদের মধ্যেও তা করার মতো সুপ্ত প্রতিভা লুকিয়ে রয়েছে। আমাদের সেই সুপ্ত প্রতিভাগুলোকে বিকশিত হওয়ার সুযোগ সৃষ্টি এবং সমাজে তাদের জন্য সুন্দর স্থান করে দিতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এইচএসসি পরীক্ষা শুরু ॥** দেশব্যাপী এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাঁচ জেলার নামের ইংরেজি বানান পরিবর্তন, ময়মনসিংহ হলো সিটি করপোরেশন ॥** ময়মনসিংহ পৌরসভাকে দেশের দ্বাদশ সিটি করপোরেশনে উন্নীত করেছে সরকার। একই সঙ্গে এদিন প্রচলিত বাংলার সঙ্গে সামঞ্জস্য আনতে দেশের পাঁচ জেলার নামের ইংরেজি

বানান পরিবর্তন করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) বৈঠকে এ প্রস্তাবগুলো অনুমোদন করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, বগুড়া ও যশোর জেলার নামের ইংরেজি বানান হবেঃ Chattogram, Cumilla, Barishal, Bogura, Jashore। সূত্রঃ প্রথম আলো

- **নির্বাচনি পর্যবেক্ষক ॥** নির্বাচনি পর্যবেক্ষক হিসেবে নিবন্ধনের জন্য ১২০ সংস্থাকে প্রাথমিকভাবে মনোনীত করে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে নির্বাচন কমিশন। একই সঙ্গে এসব সংস্থার বিরুদ্ধে কারো কোনো দাবি, আপত্তি বা অভিযোগ থাকলে উপযুক্ত প্রমাণাদিসহ তা এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষকে জানাতে বলা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মার্কিন ১২৮ পণ্যে সর্বোচ্চ শুল্ক আরোপ চীনের ॥** 'আমেরিকা ফার্স্ট'-নীতির আওতায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পদক্ষেপের জবাবে ১২৮টি মার্কিন পণ্যের ওপর সর্বোচ্চ ২৫ ভাগ শুল্ক আরোপ করেছে চীন। সূত্রঃ যুগান্তর

**৩ এপ্রিল, মঙ্গলবার**

- **১০ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি মিলনায়তনে মঙ্গলবার অনুষ্ঠিত সভায় ৩ হাজার ৪১৫ কোটি ৯৩ লাখ টাকার ১০টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **চিকিৎসাবিষয়ক প্রতিবেদন ॥** কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসাবিষয়ক একটি প্রতিবেদন কারা কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছে তাঁর চিকিৎসায় গঠিত মেডিকেল বোর্ড। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পরীক্ষামূলক মালবাহী ট্রেন সার্ভিস চালু ॥** বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রথমবারের মতো পরীক্ষামূলক মালবাহী ট্রেন সার্ভিস চালু হলো। কলকাতায় এই ট্রেন সার্ভিস উদ্বোধন করা হয়। কলকাতার মাঝেরহাট রেলস্টেশন থেকে ৩০ বগির এই মালবাহী ট্রেনটি পরীক্ষামূলকভাবে চালু হয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



- **নির্বাচন সম্পন্ন করতে দুই সিটিতে আলাদা সমন্বয় কমিটি ॥** আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে দুই সিটিতে আলাদা সমন্বয় কমিটি গঠন করেছে নির্বাচন কমিশন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **চীনা জবাবের জেরে মার্কিন শেয়ারবাজারে ধস ॥** ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার আগেই তাঁর অন্যতম নির্বাচনি কৌশল হিসেবে বেছে নিয়েছিলেন চীনের বিরুদ্ধে বাণিজ্য অভিযোগ। সেই প্রতিশ্রুতি অনুযায়ী ট্রাম্প এখন চীনের বিরুদ্ধে নানা পদক্ষেপ নিতে শুরু করেছেন। এর পালটা ব্যবস্থা হিসেবে চীনও এখন মার্কিন পণ্যে সর্বোচ্চ শুল্ক আরোপ করেছে। এই ঘটনার পরপরই মার্কিন শেয়ারবাজারে ব্যাপক ধস নেমেছে। সূত্রঃ সমকাল

**৪ এপ্রিল, বুধবার**

- **খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে বলেন, পাঠ্যপুস্তকভিত্তিক শিক্ষা এবং সনদ প্রদানই কেবল বিশ্ববিদ্যালয়ের কাজ নয়, বরং মেধা বিকাশ, উন্মুক্ত চিন্তাচেতনার উন্মেষ ও বুদ্ধিবৃত্তিক চর্চা প্রয়োগের শ্রেষ্ঠ কেন্দ্র বিশ্ববিদ্যালয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় 'এসএমই মেলা-২০১৮' ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ষষ্ঠ জাতীয় 'এসএমই মেলা-২০১৮' উদ্বোধন অনুষ্ঠানে বলেন, দেশের ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের বিকাশে প্রত্যেক জেলা-উপজেলায় এসএমই পরামর্শ কেন্দ্র স্থাপন করা হবে। এই কেন্দ্রগুলো এসএমই'র প্রসারে ওয়ানস্টপ সার্ভিস সেন্টার হিসেবে কাজ করবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রীর ফ্লাইটে যান্ত্রিক ত্রুটি ॥** ঢাকা থেকে বুদাপেস্ট যাওয়ার পথে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটির ঘটনায় রাষ্ট্রদ্রোহিতার মামলা থেকে ১১ কর্মকর্তাকে অব্যাহতি দেওয়া হয়েছে। একই সঙ্গে অব্যাহতি পাওয়াদের মধ্যে তিনজনের বিরুদ্ধে দায়িত্বে অবহেলার অভিযোগ প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি ২৮৭ ধারায় নতুন করে মামলার নির্দেশ দিয়েছে আদালত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **রোহিঙ্গাদের কানাডায় আশ্রয় দেওয়ার সুপারিশ ॥** কানাডাভিত্তিক সম্প্রচার মাধ্যম সি টিভিতে রোহিঙ্গা ইস্যুতে সম্প্রচারিত এক বিশেষ প্রতিবেদনে বলা হয়েছে, মিয়ানমারে জাতিগত নিধনযজ্ঞে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের কানাডায় আশ্রয় দিতে সুপারিশ করেছেন দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর বিশেষ দূত বব রে। সূত্র: প্রথম আলো
- **গোল্ডকোস্ট কমনওয়েলথ গেমস ॥** দীর্ঘ চার বছর পর জমকালো আয়োজনের মধ্য দিয়ে অস্ট্রেলিয়ার গোল্ডকোস্টের ক্যারারা স্টেডিয়ামে ২১তম 'কমনওয়েলথ গেমস-২০১৮' শুরু হয়েছে। এবারের গেমসের স্লোগান 'এসো স্বপ্নকে ভাগাভাগি করি'। সূত্র: যুগান্তর

**৫ এপ্রিল, বৃহস্পতিবার**

- **পশুর নদীর চ্যানেল পরিদর্শন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দুইদিনের খুলনা সফরের শেষদিনে মোংলায় পশুর নদীর চ্যানেল পরিদর্শন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সড়ক ও সেতুসহ কুমিল্লায় চার প্রকল্প উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুমিল্লায় চারটি উন্নয়ন প্রকল্প উদ্বোধন করেছেন। প্রকল্পগুলো হচ্ছে: কোম্পানীগঞ্জ-মুরাদনগর-হোমনা মহাসড়ক ও গৌরীপুর-হোমনা সেতু, কুমিল্লা শহরের শাসনগাছা রেলওয়ে ওভারপাস এবং কুমিল্লার পাদুয়ার বাজার রেলওয়ের ওভারপাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা প্রত্যাবাসনে বাস্তব অগ্রগতি নেই ॥** দুদেশের সরকারের মধ্যে ভালো কিছু উদ্যোগ গ্রহণের পরও বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে নেওয়ার ক্ষেত্রে বাস্তবে কোনো অগ্রগতি হচ্ছে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সফররত অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের মহাসচিব সলিল শেঠি গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে গেলে তাঁর সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিরাপত্তা পরিষদের বৈঠক ডেকেছে রাশিয়া ॥** পক্ষত্যাগী সাবেক রুশ গুপ্তচরের ওপর রাসায়নিক হামলার অভিযোগে যুক্তরাজ্য এবং তার মিত্রদের সঙ্গে রাশিয়ার কূটনৈতিক সম্পর্কে যে টানাপোড়েন দেখা দিয়েছে তা নিরসনে রাশিয়া নিরাপত্তা পরিষদের বৈঠক ডেকেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **আবাহনীর শিরোপা জয় ॥** ঢাকা প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগে ২০১৭-১৮ মৌসুমে চ্যাম্পিয়ন হয়েছে আবাহনী। লিজেন্ডস অব রূপগঞ্জকে ৯৪ রানের ব্যবধানে হারিয়ে সর্বোচ্চ ২৪ পয়েন্ট নিয়েই শিরোপা জিতে নেয় আবাহনী লিমিটেড। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ এপ্রিল, শুক্রবার**

- **প্রধানমন্ত্রীকে জাতিসংঘ মহাসচিবের ফোন, রোহিঙ্গা ইস্যুতে প্রশংসা ॥** জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোন করে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের গৃহীত বিভিন্ন পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেছেন। এ সময় রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের সঙ্গে মিয়ানমারের সম্পাদিত চুক্তির বাস্তবায়নে জাতিসংঘের সহযোগিতা চান শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাবেক প্রেসিডেন্ট পার্ক গিউন হাইয়ের ২৪ বছর জেল ॥** দুর্নীতির মামলায় দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট পার্ক গিউন হাইকে শুক্রবার ২৪ বছর কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। একই সঙ্গে তাঁকে ১৭ মিলিয়ন ডলার জরিমানাও করা হয়েছে। সূত্র: সমকাল
- **রোহিঙ্গাদের ওপর নির্বিচার গণহত্যা ॥** ফিলিপাইনের প্রেসিডেন্ট প্রাসাদে রোহিঙ্গা ইস্যুতে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণদানকালে দেশটির প্রেসিডেন্ট রদ্রিগো দুয়ার্তে অভিযোগ করেন মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর নির্বিচার গণহত্যা চলছে। সূত্র: সমকাল

**৭ এপ্রিল, শনিবার**

- **বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সভা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সভা অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাংবাদিকদের প্রশিক্ষণ কর্মশালায় সিইসি ॥** প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা বলেছেন, ভোটের সময় প্রতিদ্বন্দ্বিতাকারী এমপিদের ক্ষমতা খর্ব করা প্রয়োজন। এর জন্য আচরণবিধি সংশোধন করা জরুরি। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) আয়োজিত সাংবাদিকদের এক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান নির্বাচন কমিশনার এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- **বসানো হলো মেট্রোরেলের প্রথম গার্ডার ॥** রাজধানীর উত্তরার দিয়াবাড়ীতে মেট্রোরেলের প্রথম গার্ডার বসানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **'ব্যুখান' পেল ব্রুনাই সরকারের স্বীকৃতি ॥** বাংলাদেশের আত্মরক্ষামূলক ক্রীড়া 'ব্যুখান' ব্রুনাইয়ে জাতীয় পর্যায়ে স্বীকৃতি লাভ করেছে। গত বৃহস্পতিবার দেশটির যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেয়। ব্রুনাইয়ে অবস্থানরত বর্তমান বিশ্বে ব্যুখানের প্রাণপুরুষ ইউরি বজ্রমুনি শুক্রবার এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৮ এপ্রিল, রোববার**

- **দুদকের বার্ষিক প্রতিবেদন ২০১৭ ॥** দুর্নীতিবাজ যে-ই হোক না কেন তাকে অবশ্যই শাস্তি পেতে হবে–এমন একটি বার্তা সমাজের সব স্তরে পৌঁছে দিতে দুর্নীতি দমন কমিশনকে পরামর্শ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল সংস্থার বার্ষিক প্রতিবেদন-২০১৭ রাষ্ট্রপতির কাছে পেশ করতে এলে তিনি তাদের এ পরামর্শ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় সংসদের ২০তম অধিবেশন ॥** শুরু হয়েছে দশম জাতীয় সংসদের ২০তম অধিবেশন। এটি চলতি বছরের দ্বিতীয় অধিবেশন। নিয়ম রক্ষার এ সংক্ষিপ্ত অধিবেশন চলবে ১২ এপ্রিল পর্যন্ত। অধিবেশন শুরুর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাসায়নিক হামলায় ৭০ জন নিহত ॥** সিরিয়ার বিদ্রোহীদের সর্বশেষ ঘাঁটি দুমায় বিষাক্ত রাসায়নিক হামলায় অন্তত ৭০ জন নারী ও শিশু নিহত হয়েছে। হামলায় আক্রান্ত বা আহত হয়েছে শতাধিক ব্যক্তি। সূত্র: যুগান্তর
- **শুটিংয়ে প্রথম রৌপ্যপদক জয় ॥** অস্ট্রেলিয়ার গোল্ডকোস্টে ক্যারারা স্টেডিয়ামে চলমান ২১তম কমনওয়েলথ গেমসে বাংলাদেশের শুটার আবদুল্লাহ হেল বাকী প্রথম রৌপ্যপদকজয়ী হিসেবে ইতিহাসে নিজের নাম লেখালেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৯ এপ্রিল, সোমবার**

- **চাকরির কোটা পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার বৈঠকে জনপ্রশাসন মন্ত্রণালয়কে সরকারি চাকরির বর্তমান



কোটা পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষা করার নির্দেশ দিয়েছেন। বৈঠকে একই সঙ্গে এটি গ্রহণযোগ্য ব্যাখ্যা গণমাধ্যমেও দিতে বলেছেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **৩২ ধারা বহাল রেখে 'ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮' ॥** উত্থাপিত বিলে ইচ্ছাকৃতভাবে গুরুত্বপূর্ণ তথ্য কাঠামোতে বারবার অনুপ্রবেশ করলে যাবজ্জীবন কারাদণ্ড এবং পাঁচ কোটি টাকার অর্থদণ্ড করার বিধান রাখা হয়েছে। এতে যে কোনো ধরনের ইলেকট্রনিক যন্ত্র দিয়ে সরকারি আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ কোনো সংস্থার তথ্য-উপাত্ত ধারণ, প্রেরণ, সংরক্ষণ করা বা করতে সহায়তা করাকে গুপ্তচরবৃত্তির অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। এজন্য ১৪ বছর কারাদণ্ড, ২৫ লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত করার বিধান রাখা হয়েছে। সংসদে বিলটি উত্থাপন করেন ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিবিষয়ক মন্ত্রী মোস্তাফা জব্বার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিস্তা ইস্যু ॥** বহু আলোচিত তিস্তা নদীর পানিবণ্টন সমস্যা সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুনরায় আশাবাদ ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে সফররত ভারতের পররাষ্ট্র সচিব বিজয় কেশব গোখলে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় গোখলের সঙ্গে আলাপকালে তিনি এই আশাবাদ ব্যক্ত করেন। সূত্র: সমকাল
- **১৩৭ প্রার্থীকে আওয়ামী লীগের মনোনয়ন ॥** দলের ও মনোনয়ন বোর্ডের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভায় ১৩৭ প্রার্থীকে আওয়ামী লীগের মনোনয়ন দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাবি উপাচার্যের বাসভবনে হামলা ॥** সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিকে কেন্দ্র করে চলমান ছাত্র আন্দোলনের মধ্যে একদল লোক রোববার গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামানের বাসভবনে হামলা চালিয়েছে। হামলাকারীরা ভিসির বাসার সিলিং ফ্যান ও টয়লেটের কমোড থেকে শুরু করে বিভিন্ন প্রয়োজনীয় জিনিসপত্র ভাঙচুর, তছনছ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ফ্রান্সে পুলিশের সঙ্গে পরিবেশবাদীদের সংঘর্ষ ॥** ফ্রান্সের লরি-আটলান্টিকের নটরডেম দ্য ল্যান্ডস এলাকায় নতুন বিমানবন্দর তৈরির প্রস্তাবের বিরোধিতা করে প্রতিবাদে দেশটির পুলিশের সঙ্গে পরিবেশবাদীদের তুমুল সংঘর্ষ বাধে। এতে পুলিশসহ বেশ কয়েকজন আহত হয়। সূত্র: যুগান্তর

**১০ এপ্রিল, মঙ্গলবার**

- **একনেক বৈঠকে ১৬ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি মিলনায়তনে অনুষ্ঠিত একনেক সভায় ১৫ হাজার ৬৮৩ কোটি ২৪ লাখ টাকার ১৬টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কুমিল্লার আদালতে খালেদা জিয়ার জামিন আবেদন নামঞ্জুর ॥** কুমিল্লায় যাত্রীবাহী নৈশকোচে পেট্রোলবোমা হামলায় ৮ যাত্রী নিহতের মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদন নামঞ্জুর করেছে আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারে সাত সেনাসদস্যের কারাদণ্ড ॥** গত সেপ্টেম্বরে রাখাইন প্রদেশের প্রত্যন্ত অঞ্চলে মিয়ানমারে ১০ রোহিঙ্গাকে গুলি করে হত্যার দায়ে দেশের সাত সেনাসদস্যের ১০ বছর করে কারাদণ্ড দিয়েছে দেশটির আদালত। মিয়ানমার সেনা সদরের এক বিবৃতিতে এই দণ্ডের কথা জানানো হয়। সূত্র: সমকাল
- **নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠক ॥** সিরিয়া ইস্যুতে জাতিসংঘের সদর দফতরে সোমবার নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে গত শনিবারের রাসায়নিক হামলার বিষয়ে বাগ্‌যুদ্ধে জড়িয়ে পড়ে যুক্তরাষ্ট্র ও রাশিয়া। এ সময় একপক্ষ আরেক পক্ষকে তীব্র ভাষায় আক্রমণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১১ এপ্রিল, বুধবার**

- **কোটা পদ্ধতি বাতিল ঘোষণা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে বক্তব্য রাখতে গিয়ে সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের ঘোষণা দেন। তিনি বললেন, কেউ যখন কোটা চায় না, তখন আর এটার দরকার কী। এখন থেকে মেধার



ভিত্তিতেই সব নিয়োগ হবে। তবে প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের বিষয়ে ভিন্ন ব্যবস্থা নেওয়া হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- **১৬ ক্রয় প্রস্তাব অনুমোদন ॥** সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় মোট ৪,৫৭৮ কোটি ৬৪ লাখ টাকা ব্যয়ে ১৬টি ক্রয় প্রস্তাব অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুদিনের ঢাকা সফরে মিয়ানমারের মন্ত্রী ॥** মিয়ানমারের সমাজকল্যাণ, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী উইন মিয়াত আয়ে দুইদিনের সফরে ঢাকায় পৌঁছেছেন। সফরকালে উইন মিয়াত আয়ে চলমান রোহিঙ্গা সংকট এবং অন্যান্য দ্বিপক্ষীয় বিষয় নিয়ে পররাষ্ট্র ও স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ে আলোচনা করবেন। এছাড়া তিনি রোহিঙ্গাদের অবস্থা নিজ চোখে দেখতে কক্সবাজারে শরণার্থী শিবির পরিদর্শনে যেতে পারেন। সূত্র: প্রথম আলো
- **আর রোহিঙ্গাবিদ্বেষী মন্তব্য নয় ॥** মিয়ানমারের রোহিঙ্গাদের প্রতি 'রোহিঙ্গাবিদ্বেষী' বক্তব্য নিয়ন্ত্রণের অঙ্গীকার করেছেন ফেসবুক প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জাকারবার্গ। সূত্র: যুগান্তর
- **আলজেরিয়ায় সামরিক বিমান বিধ্বস্ত ॥** আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে একটি সামরিক উড়োজাহাজ বিধ্বস্ত হলে কমপক্ষে ২৫৭ জন আরোহীর মৃত্যু হয়েছে বলে জানিয়েছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। দুর্ঘটনায় বেঁচে যাওয়া ব্যক্তিদের সামরিক হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। সূত্র: যুগান্তর
- **শুটিংয়ে আরেকটি রৌপ্যপদক পেল বাংলাদেশ ॥** গোল্ডকোস্টের ক্যারারা স্টেডিয়ামে অনুষ্ঠিত ২১তম কমনওয়েলথ গেমসে দেশের জন্য দ্বিতীয় রৌপ্যপদক জিতে নিলেন শুটার শাকিল আহমেদ। এটি এই গেমসে বাংলাদেশের পক্ষে দ্বিতীয় রৌপ্যপদক জয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ এপ্রিল, বৃহস্পতিবার**

- **জাতীয় সংসদ অধিবেশনের সমাপনী ভাষণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ অধিবেশনের সমাপনী ভাষণে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে আগামী নির্বাচনে দেশবাসীর কাছে নৌকা মার্কায় ভোট চাইলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **১৫ উপজেলায় বিদ্যুতায়ন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ১৫ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় তিনি বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইন্টারনেটভিত্তিক সব সেবা থেকে রাজস্ব আদায় ॥** ইন্টারনেটভিত্তিক প্রতিষ্ঠান গুগল, ইউটিউব, ফেসবুকসহ অন্যান্য সেবা প্রদানকারী কোম্পানি থেকে ভ্যাট, ট্যাক্সসহ সব ধরনের রাজস্ব আদায়ের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গাদের নাগরিকত্ব ॥** প্রাণভয়ে পালিয়ে আসা রোহিঙ্গাদের দ্রুত দেশে ফিরিয়ে নেওয়ার পাশাপাশি তাদের নাগরিকত্ব দেওয়া হবে জানিয়েছেন ঢাকায় সফররত মিয়ানমারের সমাজকল্যাণ ও পুনর্বাসনবিষয়ক মন্ত্রী উইন মিয়াত আয়ে। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী এএইচ এম মাহমুদ আলী এবং স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালের সঙ্গে বৈঠক শেষে সেখানে উপস্থিত সাংবাদিকদের এ কথা জানান মিয়ানমারের মন্ত্রী। সূত্র: সমকাল
- **শ্রীলঙ্কায় ছয় মন্ত্রীর পদত্যাগ ॥** দেশটিতে জোট সরকারের ছয় মন্ত্রী একযোগে পদত্যাগ করেছেন। পদত্যাগী এই ছয় মন্ত্রী প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার নেতৃত্বাধীন শ্রীলঙ্কান ফ্রিডম পার্টির (এসএলএফপি) সদস্য। তাঁরা প্রেসিডেন্ট সিরিসেনার কাছে তাদের পদত্যাগপত্র জমা দেন। সূত্র: কালের কণ্ঠ

**১৩ এপ্রিল, শুক্রবার**

- **একুশে আগস্ট গ্রেনেড হামলায় হতাহতদের পরিবারে প্রধানমন্ত্রীর অনুদান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা একুশে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের পরিবার ও আহতদের মাঝে অনুদানের চেক হস্তান্তর করেন। এ সময় প্রধানমন্ত্রী তাদের পরিবারের দুঃখকষ্টের কথা মন দিয়ে শোনেন এবং সমবেদনা প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গুজব ছড়ানোয় তথ্যপ্রযুক্তি আইনে মামলা করল পুলিশ ॥** সরকারি চাকরিতে কোটা পদ্ধতি সংস্কার আন্দোলনের সময় পুলিশের গুলিতে আন্দোলনকারীর মৃত্যুর গুজবসহ বিভিন্ন গুজব ছড়ানোর অভিযোগে তথ্যপ্রযুক্তি আইনে মামলা করেছে পুলিশ। তবে মামলার এজাহারে কারো নাম-ঠিকানা উল্লেখ করা হয়নি। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **জাতিসংঘ সংস্থা ইউএনএইচসিআর'র সঙ্গে বাংলাদেশের এমওইউ স্বাক্ষর ॥** রোহিঙ্গা প্রত্যাবাসন ইস্যুতে জেনেভায় জাতিসংঘের শরণার্থী সংস্থার (ইউএনএইচসিআর) সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। চুক্তিতে বাংলাদেশের পক্ষে সই করেন পররাষ্ট্র সচিব এম শহিদুল হক এবং ইউএনএইচসিআর'র পক্ষে সংস্থার মহাপরিচালক ফিলিপো গ্র্যান্ডি। সূত্র: কালের কণ্ঠ
- **দিল্লিতে এনার্জি ফোরাম সম্মেলন ॥** নয়াদিল্লিতে ইন্টারন্যাশনাল এনার্জি ফোরামের মন্ত্রী পর্যায়ের তিনদিনের সম্মেলনে জ্বালানির দায়িত্বশীল ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদবিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী। সূত্র: কালের কণ্ঠ
- **চৈত্রসংক্রান্তি উদ্‌যাপন ॥** সারাদেশে ১৪২৪ বঙ্গাব্দের শেষদিন চৈত্রসংক্রান্তি উদ্‌যাপিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ট্রাম্পের নববর্ষের শুভেচ্ছা ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক বিবৃতিতে বিশ্বজুড়ে বাঙালিদের আগাম 'বাংলা নববর্ষে'র শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নওয়াজ শরিফকে রাষ্ট্রীয় পদে আজীবন অযোগ্য ঘোষণা ॥** দুর্নীতির দায়ে ক্ষমতাচ্যুত পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট নওয়াজ শরিফকে রাষ্ট্রীয় পদে আজীবন অযোগ্য ঘোষণা করেছেন দেশটির সর্বোচ্চ আদালত। সূত্র: যুগান্তর

**১৪ এপ্রিল, শনিবার**

- **বাংলা নববর্ষ উদ্‌যাপন ॥** বাঙালির বর্ষবরণ মানেই ছায়ানট। এবারও যথারীতি পহেলা বৈশাখ অগুণতি মানুষের ঢল নামে রমনার বটমূলে। এভাবে শুধু গ্রামবাংলা নয়, রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে জাতি বাংলা নতুন বছর ১৪২৫ বরণ করে নেয়। এছাড়া এদিন দেশের বাইরে বিভিন্ন দূতাবাসে উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এক অঙ্কে সুদের হার ॥** দেশে বিনিয়োগের খরা কাটাতে ব্যাংক ঋণের সুদহার এক অঙ্কে নামিয়ে আনতে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার গণভবনে ব্যাংক মালিকদের সামনে বিষয়টি তুলে ধরেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **সিরিয়ায় তিন দেশের যৌথ বিমান হামলা ॥** সিরিয়ায় যৌথভাবে বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য ও ফ্রান্স। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৫ এপ্রিল, রোববার**

- **প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আটদিনের সরকারি সফরের প্রথম ধাপে সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে সৌদি আরবের দাম্মাম বিমানবন্দরে পৌছেছেন। সেখানে সব আনুষ্ঠানিকতা এবং সফরসূচি শেষে তিনি যুক্তরাজ্যের উদ্দেশে রিয়াদ ত্যাগ করবেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিশেষ বিসিএসের জন্য চারটি হেল্পলাইন ॥** বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনলাইনে আবেদনের সহযোগিতায় ৩৯তম বিশেষ বিসিএসের (স্বাস্থ্য) জন্য চারটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **সিরিয়া ইস্যুতে রিয়াদে আরব লিগ নেতাদের শীর্ষ সম্মেলন শুরু ॥** সিরিয়া নিয়ে বিশ্বনেতাদের দ্বন্দ্ব এবং সৌদি আরবে সঙ্গে ইরানের উত্তেজনা বেড়ে যাওয়ায় প্রেক্ষাপটে আরবলীগ নেতৃবৃন্দ এক শীর্ষ বৈঠকে মিলিত হয়েছেন। তবে এই সম্মেলনে সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদকে ডাকা হয়নি। সূত্রঃ যুগান্তর

**১৬ এপ্রিল, সোমবার**

- **বাদশাহ সালমানের সঙ্গে সামরিক মহড়া দেখলেন প্রধানমন্ত্রী ॥** সৌদি আরবের নেতৃত্বাধীন মুসলিম দেশগুলোর জোটের যৌথ সামরিক মহড়া 'গালফ শিল্ড-১' এর কুচকাওয়াজ ও সমাপন অনুষ্ঠানে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মহড়ায় বাংলাদেশসহ ২৪টি দেশ অংশ নিয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাজ্যের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌদি আরব ত্যাগ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবে দুদিনের সরকারি সফর শেষে যুক্তরাজ্যের উদ্দেশ্যে সৌদি আরব ত্যাগ করেছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পঞ্চম শ্রেণির পরীক্ষায় এমসিকিউ পদ্ধতি বাদ ॥** জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন (এমসিকিউ) পদ্ধতি বাদ দিয়ে সংক্ষিপ্ত লিখিত প্রশ্ন যুক্ত করা হয়েছে। সূত্রঃ প্রথম আলো



- **গাসিক নির্বাচন ॥** আসন্ন গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। বাছাইকালে শেষদিনে মেয়র পদে ৯, সংরক্ষিত নারী আসনে ৮৪ ও সাধারণ ওয়ার্ডে ২৭৫ প্রার্থীসহ মোট ৩৬৮ প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে। সূত্রঃ প্রথম আলো
- **মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব পালনে নৈতিকভাবে অযোগ্য ॥** মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআইয়ের সাবেক প্রধান জেমস কোমি এবিসি নিউজের সঙ্গে সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেছেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর দায়িত্ব পালনে 'নৈতিকভাবে অযোগ্য'। কোমির মতে, ট্রাম্প নারীর প্রতি যথেষ্ট সম্মান প্রদর্শন করেন না। বরং নারীকে তিনি 'মাংসের টুকরো' মনে করেন এবং তিনি অবিরাম মিথ্যা কথা বলে থাকেন। সূত্রঃ সমকাল

**১৭ এপ্রিল, মঙ্গলবার**

- **ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন ॥** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি, আলোচনাসভা এবং জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দেশব্যাপী পালিত হয়েছে ঐতিহাসিক মুজিবনগর দিবস। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কমনওয়েলথ উইমেনস ফোরাম আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে রানী দ্বিতীয় এলিজাবেথ কনফারেন্স সেন্টার-২ এ কমনওয়েলথ উইমেনস ফোরাম আয়োজিত 'নারীর ক্ষমতায়ন, কমনওয়েলথভুক্ত দেশগুলোর নারীর জন্য গুণগত মানের প্রাথমিক শিক্ষা ও বাস্তবভিত্তিক মাধ্যমিক শিক্ষা এবং সমতা আনয়ন' শীর্ষক প্লেনারি সেশনে মূল বক্তব্য প্রদানকালে বলেন, বিশ্ব শান্তি ও নারীর ক্ষমতায়নকে মূল স্তম্ভের উপর দাঁড় করিয়ে ভবিষ্যতে আমরা দারিদ্র্য ও সংঘাতমুক্ত বৈষম্যহীন সমাজ গড়ে তুলতে চাই। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারের ওপর আরও চাপ সৃষ্টির আহ্বান ॥** নানা ঘাত-প্রতিঘাত, প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট দুর্যোগ এবং বারবার তার প্রাণনাশের চেষ্টাসহ নানা প্রতিবন্ধকতা মোকাবিলা করে অপ্রতিরোধ্য গতিতে বাংলাদেশের উন্নয়ন-অগ্রযাত্রা ও অর্জনের কথা কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের সরকারপ্রধানদের

শোনালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে এসবের পাশাপাশি কমনওয়েলথ সম্মেলনে রোহিঙ্গা ইস্যুটি জোরালোভাবেই তুলে ধরে মিয়ানমারের ওপর আরও চাপ সৃষ্টির আহ্বান জানান তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **যুক্তরাজ্যের কাছে সাজাপ্রাপ্ত তারেককে ফেরত চাইলেন প্রধানমন্ত্রী ॥** যুক্তরাজ্য সরকারের কাছে দেশটিতে পলাতক থাকা বিভিন্ন মামলায় আদালতে সাজাপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত ভাইস চেয়ারম্যান তারেক রহমানকে ফেরত চাইলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। লন্ডনে আন্তর্জাতিক উন্নয়ন ও মানবিক বিষয়ে যুক্তরাজ্যভিত্তিক থিঙ্কট্যাঙ্ক প্রতিষ্ঠান ওভারসিজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ওডিআই) আয়োজিত এক অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে এ বিষয়ে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন।
- **বাংলাদেশি সাংবাদিকের প্রথম পুলিৎজার জয় ॥** প্রথম বাংলাদেশি হিসেবে মোহম্মদ পনির হোসেন সাংবাদিকতায় বিশ্বের সবচেয়ে মর্যাদাকর পুরস্কার 'পুলিৎজার' অর্জন করেছেন। চলতি বছর আন্তর্জাতিক প্রতিবেদন ও ফটোগ্রাফিতে যুক্তরাজ্যের সংবাদ সংস্থা রয়টার্স এই পুরস্কার জিতে নিয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- **মিয়ানমার বাহিনীর বিচার চাইলেন রোহিঙ্গা আইনজীবী সুলতানা ॥** রোহিঙ্গা আইনজীবী রাজিয়া সুলতানা রাখাইনে রোহিঙ্গা মুসলমানদের ওপর মিয়ানমার সরকারের অমানবিক নির্যাতনের অপরাধের বিষয় উল্লেখ করে আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিটি) দেশটির নেতাদের বিচার দাবি করেছেন। সূত্র: প্রথম আলো

**১৮ এপ্রিল, বুধবার**

- **ওডিআইর উচ্চপর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রীর ভাষণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যের থিঙ্কট্যাঙ্ক বৈদেশিক উন্নয়ন ইনস্টিটিউট (ওডিআই) আয়োজিত উচ্চপর্যায়ের বৈঠকে ভাষণ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এশিয়ার সেরা বিনিয়োগ হাব বাংলাদেশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে এশিয়ার সেরা বিনিয়োগ হাব হিসেবে উল্লেখ করে বিশ্বের শীর্ষ ব্যবসায়ীদের বিনিয়োগের আহ্বান জানিয়েছেন। তিনি ব্যবসায়ীদের উদ্দেশ্যে আরও বলেন, আমি নিশ্চয়তা দিচ্ছি, আপনারা বাংলাদেশে বিনিয়োগ করলে সরকারের পক্ষ থেকে সহযোগিতা পাবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **'বিশ্ব নেতৃত্ব দেওয়ার প্রস্তুতি নিন' ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনের গিল্ড হলে অনুষ্ঠিত স্থানীয় শীর্ষ ব্যবসায়ীদের গোলটেবিল বৈঠকে ভাষণদানকালে শান্তিপূর্ণ, উন্নত ও স্থিতিশীল এশিয়া গঠনে পারস্পরিক সেতুবন্ধ সৃষ্টি, যোগাযোগ বৃদ্ধি, জনগণের মতবিনিময় ও বোঝাপড়া বাড়ানোর উদ্যোগ নিতে এশীয় অঞ্চলের নেতাদের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কৃষক লীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ॥** বাংলাদেশ কৃষকলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে এক বাণীতে প্রধানমন্ত্রী কৃষক লীগের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। প্রধানমন্ত্রী বলেন, সারাদেশের কৃষকের ডাটাবেজ তৈরি করা হচ্ছে। পর্যায়ক্রমে তিন কোটি কৃষককে এই ডাটাবেজের আওতায় আনা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন ॥** বাংলাদেশ সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১ হাজার ৬১০ কোটি ৬০ লাখ টাকা ব্যয়ে ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা সমস্যা সমাধানে পাশে থাকবে যুক্তরাষ্ট্র ॥** ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট উখিয়ায় রোহিঙ্গা আশ্রয়কেন্দ্র পরিদর্শন করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্রের সাবেক ফার্স্টলেডি বারবারা বুশের মৃত্যু ॥** যুক্তরাষ্ট্রের সাবেক ফার্স্ট লেডি ও মার্কিন গণসাক্ষরতা অভিযানের সংগঠক বারবারা বুশ মঙ্গলবার মারা গেছেন। সূত্র: সমকাল
- **পূর্ব ঘৌতায় বাশার বাহিনীর সামরিক অস্ত্র ব্যবহারের নিন্দা ॥** সিরিয়ার পূর্ব ঘৌতার দৌমা শহরে প্রেসিডেন্ট বাশার বাহিনীর সামরিক অস্ত্র ব্যবহারের তীব্র নিন্দা জানিয়েছে শিল্পোন্নত দেশগুলোর জোট জি-সেভেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৯ এপ্রিল, বৃহস্পতিবার**

- **কমনওয়েলথ সংস্কারের প্রস্তাব প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বার্কিংহাম প্যালেসে শুরু হওয়া দুইদিনব্যাপী ২৫তম কমনওয়েলথ দেশগুলোর সরকারপ্রধানদের (সিএইচওজিএম) সভায় ভাষণদানকালে বলেছেন, চাহিদা ও প্রত্যাশা পূরণে প্রয়োজন কমনওয়েলথ সংস্কার। তিনি বিখ্যাত ব্যক্তিদের নিয়ে একটি গ্রুপ গঠনের পরামর্শ দিয়ে বলেন,

এই গ্রুপ কমনওয়েলথ সচিবালয়ের ব্যাপক সংস্কারের বিষয়টি দেখভাল করবে। সূত্র: যুগান্তর

- **বিশ্বের প্রভাবশালী ১০০ জনের তালিকায় শেখ হাসিনা ॥** বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী টাইম ম্যাগাজিনের দৃষ্টিতে বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ জনের তালিকায় 'লিডারস' ক্যাটাগরিতে স্থান করে নিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **লন্ডনে হাসিনা-মোদি বৈঠক ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে লন্ডনে ল্যানক্যাস্টার হাউসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে প্রাধান্য পায় রোহিঙ্গা ও তিস্তা ইস্যু। বিস্তারিত আলোচনার পর রোহিঙ্গা ইস্যুতে আগের অবস্থান থেকে অনেকটাই সরে এসেছে ভারত। এই ইস্যুতে দুদেশের অবস্থান এখন অনেকটাই কাছাকাছি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কিউবার নতুন নেতা মিগেল দিয়াস কানেল ॥** পাঁচ দশকের বেশি সময়ের পর কিউবার নতুন প্রেসিডেন্ট হলেন মিগেল দিয়াস কানেল। রাউল ক্যাস্ট্রো তাঁর ঘনিষ্ঠ সহযোগী মিগেল দিয়াস কানেলের কাছে প্রেসিডেন্টের দায়িত্ব হস্তান্তর করেছেন। সূত্র: সমকাল

**২০ এপ্রিল, শুক্রবার**

- **রোহিঙ্গাদের ফিরিয়ে নিন, কমনওয়েলথ শীর্ষ সম্মেলন শেষে যৌথ ইশতাহার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের পর কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে সদস্যভুক্ত দেশগুলোর জোরালো সমর্থন আদায়ে সক্ষম হয়েছেন। দুদিনের এই সম্মেলনের শেষদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বক্তব্যে রোহিঙ্গা ইস্যু বিশ্ব নেতৃবৃন্দের সামনে তুলে ধরেন। সম্মেলন শেষে যৌথ ইশতাহারে বলা হয়, রাখাইনে রোহিঙ্গাদের ওপর গণহারে মানবাধিকার লঙ্ঘনকারী অপরাধীদের বিচার করতে হবে। সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার করেন কমনওয়েলথ নেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কমনওয়েলথের পরবর্তী প্রধান প্রিন্স চার্লস ॥** রানী দ্বিতীয় এলিজাবেথের প্রস্তাবে সংস্থার ৫৩ সদস্য দেশের সম্মতিতে কমনওয়েলথের পরবর্তী প্রধান নির্বাচিত হলেন ব্রিটিশ প্রিন্স চার্লস। সম্মেলনের শেষদিনে এই প্রস্তাব গৃহীত হয়। সূত্র: যুগান্তর



- **মিয়ানমারকে দেওয়া রোহিঙ্গা তালিকা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ ॥** রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ থেকে মিয়ানমারকে পাঠানো তালিকাকে অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ বলে অভিযোগ করেছে মিয়ানমার। প্রত্যাবাসনের লক্ষ্যে দুই দেশের চুক্তি অনুযায়ী ফরম পূরণ করে পাঠানো হয়নি বলে মিয়ানমারের অভিযোগ। বাংলাদেশের দেওয়া তালিকা থেকে যাচাইয়ের পর মাত্র ৭৫০ জনকে রাখাইনে ফিরিয়ে নিতে রাজি হয়েছে দেশটি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **মার্কিন সিনেটে নতুন প্রস্তাব পাস ॥** মার্কিন সিনেটে কোলের শিশু সন্তানকে সঙ্গে নিয়ে ভোটদানের প্রস্তাব পাস হয়েছে।

**২১ এপ্রিল, শনিবার**

- **যুক্তরাজ্যে আওয়ামী লীগ আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা লন্ডনে ওয়েস্টমিনিস্টারে যুক্তরাজ্যে আওয়ামী লীগ আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, বাংলাদেশের আদালতে সাজাপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে নেওয়ার বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করে বলেছেন, যেভাবেই হোক তারেককে আমরা দেশে ফেরত নেবই নেব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জামায়াত এখন একটি এনজিও॥** একাত্তরে পাকিস্তানের পক্ষে থাকা যুক্তরাষ্ট্র যুদ্ধাপরাধের দায়ে অভিযুক্ত জামায়াতে ইসলামীকে এখন একটি বেসরকারি সংস্থা বা এনজিও বলে অভিহিত করছে। ২০১৭ সালের বিশ্বের দুইশ দেশের মানবাধিকার পরিস্থিতির ওপর প্রকাশিত মার্কিন যুক্তরাষ্ট্রের এক বিশাল প্রতিবেদনের বাংলাদেশ অংশে এই অভিযোগ করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গাদের ওপর নির্যাতনকারী সেনাসদস্যদের দায়মুক্তি দিচ্ছে মিয়ানমার সরকার ॥** রাখাইনে নিরীহ রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর অমানবিক নির্যাতনকারী এবং দেশটির সেনাবাহিনীর সহিংস অভিযানে ব্যাপক হত্যা, গুম, আটকের ঘটনায় জড়িতদের দায়মুক্তি দিচ্ছে মিয়ানমার সরকার। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত বার্ষিক 'মানবাধিকার রিপোর্ট-২০১৭'তে এই তথ্য পাওয়া গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **সিরিয়ার রাসায়নিক হামলাস্থল পরিদর্শনে বিশেষজ্ঞ দল** ॥ সিরিয়ার পূর্ব ঘৌতার দৌমা শহরে রাসায়নিক হামলাস্থল পরিদর্শন করেছে আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২২ এপ্রিল, রোববার**

- **রাষ্ট্রপতির কাছে বিজেএসসির বার্ষিক রিপোর্ট পেশ** ॥ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনের (বিজেএসসি) একটি প্রতিনিধিদল 'বার্ষিক প্রতিবেদন-২০১৭' পেশ করেছে। রাষ্ট্রপতি হামিদ এ সময় যথাসময়ে নিষ্ঠার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনের (বিজেএসসি) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **লন্ডনে প্রধানমন্ত্রীর সঙ্গে ইউরোপীয় আওয়ামী নেতাদের সৌজন্য সাক্ষাৎ** ॥ ব্রিটেন সফররত আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে লন্ডনে তাঁর হোটেল স্যুটে অল ইউরোপিয়ান আওয়ামী লীগ নেতারা সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- **ইউনাইটেডে খালেদার চিকিৎসার দাবি** ॥ স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সঙ্গে এক বৈঠকে কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য ইউনাইটেড হাসপাতালে স্থানান্তরের দাবি জানিয়েছেন বিএনপি নেতারা। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী তাঁর (খালেদা জিয়া) বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র: প্রথম আলো
- **সরকারি চাকরিতে কোটা পদ্ধতি সংস্কারের পক্ষে মত** ॥ সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে সরকারি চাকরিতে কোটা পদ্ধতি সংস্কারের পক্ষে মত দিয়েছে জনপ্রশাসন সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারত সফরে আওয়ামী লীগ প্রতিনিধিদল** ॥ জাতীয় জনতা পার্টির (বিজেপি) আমন্ত্রণে তিনদিনের রাজনৈতিক সফরে বাংলাদেশ আওয়ামী লীগের ১৯ সদস্যের প্রতিনিধিদল ভারত পৌঁছেছে। ১৯ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **কাবুলে আত্মঘাতী বোমা হামলায় নিহত ৩১** ॥ আফগানিস্তানের রাজধানী কাবুলে একটি ভোটার রেজিস্ট্রেশন সেন্টারের বাইরে আত্মঘাতী বোমা হামলায় নিহত হয়েছেন ৩১ জন। কাবুলের পশ্চিমাংশের দাশত-ই বার্চি এলাকায় ভোট কেন্দ্রের বাইরে ভোটাররা যখন পরিচয়পত্র সংগ্রহের জন্য অপেক্ষা করছিলেন, ঠিক তখনই হঠাৎ করে এই বিস্ফোরণ ঘটে। সূত্র: সমকাল

**২৩ এপ্রিল, সোমবার**

- **সৌদি আরব ও যুক্তরাজ্য সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরব ও যুক্তরাজ্যে আটদিনের সরকারি সফর শেষে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে সফরসঙ্গীদের নিয়ে বেলা ১১টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সরকারি কর্মচারী আইন-২০১৮ অনুমোদন** ॥ সচিব কমিটি সচিবালয়ে এক বৈঠকে মিলিত হয়ে 'সরকারি কর্মচারী আইন-২০১৮' অনুমোদন করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাজ্যে তারেক পরিবারের পাসপোর্ট সমর্পণ** ॥ শুধু তারেক রহমান নন, তাঁর স্ত্রী জোবাইদা রহমান ও কন্যা জাইমা জান্নাত রহমান ২০১৪ সালের ২ জুন তারিখে তাঁদের বাংলাদেশি পাসপোর্ট যুক্তরাজ্যের পররাষ্ট্র দপ্তরে সমর্পণ করেছেন। ফলে বিদেশে অবস্থানকালে বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের কোনো বৈধ দলিল আর তাঁদের কাছে রইল না। সূত্র: কালের কণ্ঠ
- **শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে** ॥ শেখ হাসিনার বলিষ্ঠ ও সাহসী নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারত সফররত আওয়ামী লীগ প্রতিনিধিদলের সদস্যরা নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে মোদি বলেন, তিনি (শেখ মুজিব) যেভাবে দেশটাকে গড়তে চেয়েছিলেন, তাঁর কন্যা শেখ হাসিনা পিতার অঙ্কিত সেই পথেই এগিয়ে যাচ্ছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৪ এপ্রিল, মঙ্গলবার**

- **ইতিহাস গড়লেন রাষ্ট্রপতি আবদুল হামিদ ॥** দ্বিতীয় মেয়াদে দেশের ২১তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য দীর্ঘ রাজনৈতিক জীবনের অধিকারী মো. আবদুল হামিদ সন্ধ্যা ৭টা ৪৩ মিনিটে বঙ্গভবনে শপথ নিয়েছেন। তিনি আগামী পাঁচ বছরের জন্য রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন। জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী তাঁকে শপথবাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও সংসদে বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ, সংসদ উপনেতা সাজেদা চৌধুরী, প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও মন্ত্রিপরিষদ সদস্যবৃন্দসহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ এবং রাষ্ট্রপতির পত্নী রাশেদা খানম ও বঙ্গবন্ধুর ছোটো কন্যা শেখ রেহানা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চলে গেলেন কবি বেলাল চৌধুরী ॥** কবি বেলাল চৌধুরী রাজধানীর একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। রাষ্ট্রপতি আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ রাজনৈতিক ও সংস্কৃতি অঙ্গন এবং সমাজের বিশিষ্টজনরাও শোক প্রকাশ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সরকারি কর্মচারী নাশকতায় লিপ্ত হলে শাস্তি ॥** সরকারি কর্মচারীরা রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড বা কোনোরূপ নাশকতায় লিপ্ত হলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এমন কঠোর বিধান রেখে সরকারি কর্মচারী শৃঙ্খলা-আপিল বিধিমালার গেজেট প্রকাশ করা হয়েছে। সেক্ষেত্রে রাষ্ট্রপতি মনে করলে তাকে আপিল বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিবেন। এছাড়া অন্যান্য বিধিমালা আগের মতোই বহাল থাকছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাকায় বিজিবি ও বিএসএফ সীমান্ত সম্মেলন শুরু ॥** বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন রাজধানী ঢাকায় শুরু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তারেক রহমান এখনো বাংলাদেশের নাগরিক ॥** যুক্তরাজ্যের আইন অনুযায়ী লন্ডনে রাজনৈতিক আশ্রয় নিতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সে দেশের স্বরাষ্ট্র বিভাগে তাঁর ও পরিবারের সদস্যদের



পাসপোর্ট জমা দিয়েছেন বলে জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দুপুরে নয়াপল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **এনএসআইয়ের সাবেক ডিজি গ্রেফতার ॥** একাত্তরের মহান মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) সাবেক মহাপরিচালক (ডিজি) ওয়াহিদুল হককে গ্রেফতার করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা ইস্যুতে সবার গঠনমূলক ভূমিকা দেখতে চায় যুক্তরাষ্ট্র ॥** কানাডার টরেন্টোয় অনুষ্ঠিত জি-৭ সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে সবাইকে গঠনমূলক ভূমিকা পালনের আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। একই সঙ্গে দেশটি রোহিঙ্গাদের জন্য আরও পাঁচ কোটি ডলার সহায়তার ঘোষণা করেছে।

**২৫ এপ্রিল, বুধবার**

- **জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতির শ্রদ্ধা ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদের শুরুতে জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। এরপর রাষ্ট্রপতি ধানমন্ডির ৩২ নম্বরে গিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাতটি ক্রয়প্রস্তাব অনুমোদন ॥** সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় প্রায় ৩৬০ কোটি টাকা ব্যয়ে সাতটি ক্রয়প্রস্তাব অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সংসদীয় আসনের খসড়া সীমানার ওপর দাবি-আপত্তির শুনানি শেষ ॥** নতুন করে সৃষ্ট সংসদীয় আসনের খসড়া সীমানার ওপর উত্থাপিত দাবি-আপত্তির শুনানি শেষ করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাবেক ডিআইজি ওয়াহিদুল হককে কারাগারে পাঠানোর নির্দেশ ॥** যুদ্ধাপরাধের অভিযোগে গ্রেফতারকৃত এনএসআইয়ের সাবেক ডিজি ওয়াহিদুল হককে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **রাখাইনে রোহিঙ্গা নির্যাতন খতিয়ে দেখছে যুক্তরাষ্ট্র ॥** মিয়ানমারের রাখাইনে সংঘটিত রোহিঙ্গাদের বিরুদ্ধে নৃশংসতার অভিযোগগুলো খতিয়ে দেখছে যুক্তরাষ্ট্র সরকার। মানবতাবিরোধী অপরাধের জন্য মিয়ানমারের সামরিকবাহিনীকে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে সুদানের দারফুর স্টাইলে তদন্ত চালিয়ে নথিবদ্ধ করা হচ্ছে গণহত্যা, ধর্ষণ ও মারধরসহ রোহিঙ্গাদের ওপর অন্যান্য সহিংসতার ঘটনা।

**২৬ এপ্রিল, বৃহস্পতিবার**

- **অস্ট্রেলিয়ার উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রেলিয়ায় তিনদিনের সরকারি সফরে 'গ্লোবাল সামিট অব উইমেন' সম্মেলনে যোগ দিতে ঢাকা ত্যাগ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সীমান্তে হত্যাসহ সব অপরাধ বন্ধে বিজিবি-বিএসএফ একমত ॥** সীমান্তে হত্যাসহ সব অপরাধ শূন্যের কোঠায় নামিয়ে আনতে একমত হয়েছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি এবং ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। এজন্য দুই বাহিনীর মহাপরিচালকরা প্রাণঘাতী অস্ত্র ব্যবহার না করার ধারাবাহিকতা ধরে রাখতে চান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারের বিরুদ্ধে আরও নিষেধাজ্ঞা আরোপ করল ইইউ ॥** রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারে অস্ত্র রফতানিতে আরও এক বছর নিষেধাজ্ঞা বাড়িয়েছে ইউরোপিয়ন ইউনিয়ন (ইইউ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারে বিশেষ দূত নিয়োগ ॥** জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস মিয়ানমারের অভ্যন্তরীণ বিষয়াদি তদারকি করার জন্য সেখানে একজন বিশেষ দূত নিয়োগ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুব অলিম্পিক হকিতে বাংলাদেশের জয়লাভ ॥** থাইল্যান্ডে যুব অলিম্পিক গেমস হকির বাছাই টুর্নামেন্টে কম্বোডিয়াকে ২০-০ গোলে হারিয়ে বাংলাদেশ দলের জয়লাভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ এপ্রিল, শুক্রবার**

- **তিনদিনের সফরে অস্ট্রেলিয়ায় প্রধানমন্ত্রী ॥** অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুলের আমন্ত্রণে তিনদিনের সফরে সিডনি পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সফরেই তিনি নারী নেতৃত্বে সফলতার স্বীকৃতি হিসেবে 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড' গ্রহণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **বিশ্বে নারীর অধিকার আদায়ে শেখ হাসিনার চার দফা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বে নারীর অধিকার আদায় করে নেওয়ার লক্ষ্য পূরণে অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত 'গ্লোবাল সামিট অন উইমেন' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে চার দফা প্রস্তাব তুলে ধরেন তিনি। দফাগুলো হচ্ছে: ১. নারীর সক্ষমতা নিয়ে সমাজের প্রচলিত ধারণা ভাঙতে হবে। ২. পৌঁছাতে হবে ঝুঁকির মুখে থাকা প্রান্তিক নারীদের কাছে। ৩. উৎপাদন ক্ষমতা বাড়াতে সুনির্দিষ্ট স্বাস্থ্যঝুঁকি হ্রাসে কাজ করতে হবে। ৪. সবক্ষেত্রে তৈরি করতে হবে সমান সুযোগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখুন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখা এবং পাশাপাশি বাংলাদেশে অবস্থানকালে রোহিঙ্গাদের মানবিক সাহায্য প্রদানের জন্য অস্ট্রেলিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন। অস্ট্রেলীয় পররাষ্ট্রমন্ত্রী জুলি বিশপ প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর হোটেলে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পদ্মা সেতুতে রেল সংযোগের জন্য ২৬৬ কোটি ডলারের ঋণচুক্তি সই ॥** মে মাসেই শুরু হচ্ছে পদ্মা সেতুতে রেলসংযোগ স্থাপনের মূল ভৌত অবকাঠামোর নির্মাণ কাজ। এরই অংশ হিসেবে চীনে পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্পের আওতায় ২ দশমিক ৬৬ বিলিয়ন ডলার বা ২৬৬ কোটি ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র: যুগান্তর
- **সম্পর্কের বরফ গলাতে 'ঘরোয়া আলোচনায়' মোদি-জিনপিং বৈঠক ॥** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুইদিনের চীন সফরকালে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে অনানুষ্ঠানিক বৈঠক করেছেন। সূত্র: যুগান্তর

**২৮ এপ্রিল, শনিবার**

- **মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখবে অস্ট্রেলিয়া ॥** রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিডনিতে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুলের সঙ্গে তাঁর বাসভবনে সৌজন্য সাক্ষাতে গেলে দুই প্রধানমন্ত্রীর আলোচনা থেকে এই ঘোষণা আসে। সূত্র: সমকাল

➤ **কক্সবাজারে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদল ॥** রোহিঙ্গা পরিস্থিতি স্বচক্ষে দেখতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল কক্সবাজার পৌঁছেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ এপ্রিল, রোববার**

➤ **মিয়ানমারকেই রোহিঙ্গা সমস্যার সমাধান করতে হবে ॥** কক্সবাজার ও কুতুপালং শরণার্থীশিবিরে গিয়ে তাদের সঙ্গে কথা বলে এবং রোহিঙ্গাদের বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষণ শেষে কক্সবাজারের কুতুপালংয়ে এসে এক সংবাদ সম্মেলনে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদল সাংবাদিকদের বলেছে, খোদ মিয়ানমারকেই রোহিঙ্গা সমস্যার সমাধান করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সীমান্ত উত্তেজনা কমাতে রাজি ভারত-চীন ॥** উহানের বিখ্যাত হ্রদের ধার ঘেঁষে সকালে হাঁটতে দেখা গেল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে। এমন ঘরোয়া ও আন্তরিক পরিবেশে দফায় দফায় অনুষ্ঠিত বৈঠকে দুই নেতা রাজি হয়ে গেলেন সীমান্ত উত্তেজনা নিরসনে। ফলে ডোকলাম সীমান্ত নিয়ে ভারত-চীনের সেনাবাহিনীর যুদ্ধংদেহী পরিস্থিতি এক লহমায় ভেসে গেল সেই হ্রদের জলে। সূত্র: সমকাল

➤ **যুব অলিম্পিকে বাংলাদেশ দলের তৃতীয় স্থান অধিকার ॥** থাইল্যান্ডে অনুষ্ঠিত যুব অলিম্পিক বাছাইপর্বের টুর্নামেন্টে কোরিয়াকে ৫-৪ গোলে হারিয়ে বাংলাদেশ দল তৃতীয় স্থান অধিকার করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩০ এপ্রিল, সোমবার**

➤ **বৌদ্ধ ধর্মাবলম্বীদের সঙ্গে রাষ্ট্রপতির শুভেচ্ছা বিনিময় ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সকলের প্রতি সাম্প্রদায়িক সম্প্রীতি ও ঐতিহ্য সমুন্নত রেখে জাতীয় উন্নয়নে দলমত এবং ধর্মীয় বিশ্বাস নির্বিশেষে যথাযথ ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। বঙ্গভবনে 'বুদ্ধপূর্ণিমা' উপলক্ষ্যে দেশের বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি এই আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **চীন, রাশিয়া ও ভারতের জোরালো ভূমিকা চান প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গা সংকট সমাধানে চীন, রাশিয়া ও



ভারতের মতো দেশগুলো জোরালো ভূমিকা রাখবে বলে বাংলাদেশ আশা করে। গণভবনে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সংসদীয় ২৫ আসনের সীমানা পরিবর্তন ॥** জাতীয় সংসদের ২৫টি আসনে পরিবর্তন এনে সীমানা চূড়ান্ত করে গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **বিশ্বে নতুন মহামারি সম্পর্কে চরম হুঁশিয়ারি বিল গেটসের ॥** 'প্রাণঘাতী রোগ আসছে বিশ্বে, যা মহামারি আকারে ছড়িয়ে পড়বে দেশে দেশে। অপ্রতিরোধ্য এ রোগের কারণ বুঝে ওঠার আগেই ৬ মাসের মধ্যে মারা যেতে পারে তিন কোটি মানুষ। ম্যাসাচুসেটস মেডিকেল সোসাইটি ও দ্য নিউ ইংল্যান্ড জার্নাল অব মেডিসিন আয়োজিত মহামারিবিষয়ক এক আলোচনায় এই চরম হুঁশিয়ারি দেন বিল গেটস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **পুলিশ কর্মকর্তাকে জেলে দিল মিয়ানমার ॥** রাখাইনে রোহিঙ্গা গণহত্যার সংবাদ সংগ্রহ করতে গিয়ে কারাগারে আটক রয়টার্সের সাংবাদিকদের পক্ষে সাক্ষ্য দেওয়া এক পুলিশ কর্মকর্তাকে কারাদণ্ড দিয়েছে মিয়ানমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ইরাকে ১৯ রুশ নারীর যাবজ্জীবন ॥** জঙ্গি সংগঠন ইসলামিক স্টেটে (আইএস) যোগদানের দায়ে ১৯ রুশ নারীকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে ইরাক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## মে-২০১৮

**১ মে, মঙ্গলবার**

➤ **মে দিবস ॥** মহান মে দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, লাখো শহিদের রক্তে রঞ্জিত আমাদের স্বাধীনতা। এই স্বাধীনতাকে সমুন্নত রাখা দেশবাসী এবং দেশকে বিশ্বের দরবারে সম্মানিত করা– এটাই আমাদের লক্ষ্য, কারো কাছে মাথা নিচু করা নয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বর্বরতার প্রমাণ সংগ্রহে তদারকির প্রস্তাব ॥** জাতিসংঘে ব্রিটিশ রাষ্ট্রদূত কারেন পিয়ার্স বলেছেন, রাখাইনে সেনা অভিযানে রোহিঙ্গাদের ওপর চালানো বর্বরতার প্রমাণ সংগ্রহে মিয়ানমারকে কীভাবে সহযোগিতা করা যায়, সে বিষয়টি নিরাপত্তা পরিষদ ভাবতে পারে। সূত্র: যুগান্তর
- **টেস্ট র‍্যাংকিংয়ে আটে বাংলাদেশ ॥** আইসিসি টেস্ট র‍্যাংকিংয়ে ওয়েস্ট ইন্ডিজকে টপকে নিজেদের ইতিহাসে প্রথমবারের মতো আট নম্বরে স্থান করে নিয়েছে বাংলাদেশ। রেটিং পয়েন্ট ৭৫ নিয়ে বাংলাদেশ এখন ওয়েস্ট ইন্ডিজের ওপরে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মে দিবসে প্যারিস ও ইস্তানবুলে সহিংসতা ॥** ফ্রান্সের রাজধানী প্যারিসে মে দিবসের মিছিল চলাকালে গাড়িতে অগ্নিসংযোগ, ভাঙচুর, লুটপাট ও পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসময় দুই শতাধিক বিক্ষোভকারীকে পুলিশ আটক করে। একই দিন অনুরূপ ঘটনা ঘটে তুরস্কের রাজধানী ইস্তানবুলেও। এখানকার পুলিশ অন্তত ৮৪ জন বিক্ষোভকারীকে গ্রেফতার করেছে। সূত্র: কালের কণ্ঠ

**২ মে, বুধবার**

- **নাইজেরিয়ায় মসজিদে জোড়া বোমা হামলা ॥** নাইজেরিয়ায় একটি মসজিদের ভেতরে ও বাইরে দুটি আত্মঘাতী বোমা হামলায় ২৭ জন নিহত এবং ৫৬ জন আহত হয়েছে। সূত্র: যুগান্তর
- **লিবিয়ায় আত্মঘাতী বোমা হামলা ॥** লিবিয়ার রাজধানী ত্রিপোলিতে নির্বাচন কমিশন কার্যালয়ে জঙ্গিদের আত্মঘাতী বোমা হামলায় অন্তত ১২ জন নিহত হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **ভারতে প্রবল ধূলিঝড় ও বজ্রপাত ॥** প্রবল ধূলিঝড় ও বজ্রপাতে বিপর্যস্ত ভারতের উত্তরাঞ্চলীয় তিন রাজ্য উত্তর প্রদেশ, রাজস্থান ও পাঞ্জাব রাজ্য। এ ঝড়ে ১২৫ জনের প্রাণহানি এবং প্রায় দেড় শ লোক আহত হয়েছেন। উত্তরাখণ্ড রাজ্যেও ব্যাপক ধূলিঝড় হয়। সূত্র: সমকাল

**৩ মে, বৃহস্পতিবার**

- **র‍্যাবের ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন ॥** বাংলাদেশ হবে একটি শান্তির দেশ। এমন প্রত্যাশা ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কুর্মিটোলা সদর দপ্তরে র‍্যাবের ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বলেন, জঙ্গি দমনের মতো মাদক নির্মূলেও ভূমিকা রাখতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **রোহিঙ্গা প্রত্যাবাসনে মার্কিন চাপ অব্যাহত থাকবে ॥** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উদ্দেশ্য করে লেখা এক চিঠিতে তাঁর ভূয়সী প্রশংসা করে বলেছেন, আপনার গৃহীত বিভিন্ন পদক্ষেপে বাংলাদেশের জনগণের চরিত্র ও দৃঢ়তা প্রতিফলিত হয়েছে। তিনি আরও বলেন, রোহিঙ্গা জনগোষ্ঠীকে নিরাপদে ও স্বেচ্ছায় তাদের নিজেদের দেশে প্রত্যাবাসনে যুক্তরাষ্ট্রের চাপ অব্যাহত থাকবে। ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শিয়া ব্লুম বার্নিকাট গণভবনে সৌজন্য সাক্ষাতে গেলে তিনি প্রধানমন্ত্রীর কাছে ট্রাম্পের এই চিঠি হস্তান্তর করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস উদযাপন ॥** বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু জঙ্গি, অপরাধী ও রাজাকারচক্রকে গণমাধ্যমের প্রতিপক্ষ হিসেবে বর্ণনা করে বলেন, এদের দমনে ঐক্যবদ্ধভাবে সবাইকে কাজ করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নতুন আতঙ্ক 'রিচ কিডস গ্রুপ' ॥** চট্টগ্রামের ইংলিশ মিডিয়ামের স্কুলছাত্রী তাসফিয়া আমিন হত্যাকাণ্ডের পর অভিভাবকদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে। তাসফিয়ার বন্ধু আদনানকে বুধবার রাতে জালালাবাদ আবাসিক এলাকা থেকে পুলিশ আদনানকে গ্রেফতার করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুই চেয়ারম্যানকে গুলি করে হত্যা ॥** রাঙ্গামাটির নানিয়ারচর উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি (এমএন লারমা) শক্তিমান চাকমাকে গুলি করে হত্যা করা হয়েছে। উপজেলা সদরে এই হত্যাকাণ্ড ঘটে। অপরদিকে নরসিংদীর রায়পুরা উপজেলায় বাঁশগাড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সিরাজুল হককে (৭০) গুলি করে হত্যা করা হয়েছে। নিহত সিরাজুল হক রায়পুরা উপজেলা পরিষদের সহসভাপতি ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৪ মে, শুক্রবার**

- **রোহিঙ্গা সংকট মিয়ানমারকেই সমাধান করতে হবে ॥** রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন শেষে ওআইসিভুক্ত ৫৮ দেশের মন্ত্রীরা এক প্রেসব্রিফিংয়ে মন্তব্য করেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর যে নিপীড়ন চলেছে তা গণহত্যা এবং এই সমস্যাও

মিয়ানমারেরই তৈরি। তাই রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিতে যে পরিবেশ তৈরি করা প্রয়োজন তা সৃষ্টি করার দায়িত্বও মিয়ানমারেরই। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **পাহাড়ে বাসর্ট ফায়ারে পাঁচ খুন ॥** রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলার সীমানা সংলগ্ন নানিয়ারচরে পাহাড়ি সন্ত্রাসীদের বার্স্ট ফায়ারে ইউপিডিএফ গণতান্ত্রিক দলের প্রধান তপন জ্যোতি চাকমা ওরফে বর্মাসহ পাঁচজন নিহত হয়েছে। শক্তিমাণ চাকমাকে হত্যার ২৪ ঘণ্টার মধ্যে এই পালটা হামলার ঘটনা ঘটল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হকি লিগ ট্রফি মোহামেডানের ॥** জাতীয় হকি লিগ-২০১৮ ট্রফি জিতে নিল মোহামেডান স্পোর্টিং ক্লাব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মাহমুদ আব্বাস ফের পিএলও প্রধান ॥** ফিলিস্তিনি নেতা মাহমুদ আব্বাস আবারও প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশনের (পিএলও) নির্বাহী কমিটির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। সূত্র: সমকাল

**৫ মে, শনিবার**

- **সন্ত্রাস ও উগ্র জঙ্গিবাদের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স ॥** বাংলাদেশ সন্ত্রাসবাদ ও উগ্র জঙ্গিবাদের বিরুদ্ধে সর্বদা জিরো টলারেন্স নীতি অনুসরণ করে আসছে। সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী আদেল বিন আহমেদ আল জুবেরের সঙ্গে সাক্ষাৎকালে রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, 'ইসলামে জঙ্গিবাদের কোনো জায়গা নেই। তাই এই বিষয়ে বাংলাদেশ সৌদি আরবের সঙ্গে এক হয়ে কাজ করবে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলনের উদ্বোধনী পর্বে বলেন, ইসলামি সহযোগিতা সংস্থাকে বিপন্ন রোহিঙ্গা জনগোষ্ঠীর পাশে দৃঢ়ভাবে দাঁড়াতে হবে। শুধু তা-ই নয়, ওআইসিকে অবশ্যই মিয়ানমারের ওপর আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপ অব্যাহত রাখতে হবে, যাতে মিয়ানমার ও বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা অনুযায়ী এ দেশে আশ্রিত রোহিঙ্গারা নিরাপদে তাদের স্বদেশভূমিতে ফিরে যেতে পারে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার সঙ্গে আইনজীবীদের সাক্ষাৎ ॥** কারাগারে বন্দি বিএনপি নেত্রী খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাতের সময় আইনজীবীদের উদ্দেশে বিএনপি চেয়ারপারসন বলেন, 'আমাকে রাজনৈতিক কারণে জেলে



রাখা হয়েছে, সাজা দিয়েছে, সেখানে আমার কোনো সম্পৃক্ততা নেই। কোনো চেকে আমি সাইন করিনি। অযথা আমাকে এই সাজা দেওয়া হয়েছে।' সূত্র: প্রথম আলো

- **ওআইসির সহকারী মহাসচিব পদে হারল বাংলাদেশ ॥** তুরস্ক ও পাকিস্তানের বিরোধিতার কারণে ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) সহকারী মহাসচিব পদে হেরে গেল বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- **কার্ল মার্কসের ২০০তম জন্মবার্ষিকী ॥** দুই শ বছর পেরিয়ে গেছে কার্ল মার্কস আজও প্রাসঙ্গিক–সেই ১৮১৮ সালের ৫ মে জার্মানির রাইন্যান্ডের ট্রিয়ের শহরে জন্ম নেন এই দার্শনিক। নিজের কর্মগুণে বিশ্বের তরুণ সমাজের কাছে আজও তিনি প্রাসঙ্গিক। সূত্র: সমকাল
- **ধর্ষণের পর জীবন্ত পুড়িয়ে হত্যা ॥** ভারতের ঝাড়খণ্ড রাজ্যে ১৬ বছর বয়সি এক কিশোরীকে ধর্ষণ করেও ক্ষান্ত হয়নি নরপিশাচরা। তারা ওই কিশোরীকে তার পরিবারের সদস্যদের সামনেই জীবন্ত পুড়িয়ে হত্যা করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ মে, রোববার**

- **এসএসসির ফল প্রকাশ ॥** এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। পাসের হার ৭৭ দশমিক ৭৭ শতাংশ, শীর্ষে রাজশাহী বোর্ড। এবার এই পরীক্ষায় ১০ বোর্ডে পাসের হার ৭৭.৭৭ শতাংশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাহাড়ে শান্তি বজায় রাখুন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাহাড়ি ও বাঙালিদের মধ্যে সৌহার্দ বজায় রাখার ওপর গুরুত্বারোপ করে গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিন উপজেলায় পারিবারিক সাইলো বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা চাই পাহাড়ে শান্তি বজায় থাকুক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে বৌদ্ধধর্মীয় নেতৃবৃন্দ এবং বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময় ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে বৌদ্ধধর্মীয় নেতৃবৃন্দ এবং বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময়কালে বাংলাদেশে বিদ্যমান ধর্মীয় সম্প্রীতি থেকে শিক্ষা গ্রহণের জন্য মিয়ানমারকে পরামর্শ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **গাজীপুর সিটি করপোরেশন নির্বাচন স্থগিত ॥** গাজীপুর সিটি করপোরেশন নির্বাচন তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ওমানের সঙ্গে এলএনজি চুক্তি সই ॥** কাতারের পর এবার ওমানের সঙ্গে এলএনজি আমদানি চুক্তি সই করল বাংলাদেশ। বার্ষিক এক মিলিয়ন তরলীকৃত গ্যাস (এলএনজি) আমদানির জন্য ওমান ট্রেডিং ইন্টারন্যাশনালের সঙ্গে চুক্তি সই করেছে পেট্রোবাংলা। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিদ্যুৎকেন্দ্র নির্মাণে জেভিএ চুক্তি সই ॥** মহেশখালীতে আরও একটি এক হাজার ৩২০ মেগাওয়াট কয়লাচালিত বিদ্যুৎকেন্দ্র নির্মাণে যৌথ মূলধনি কোম্পানি জেভিএ চুক্তি সই করেছে। চীনা হুদিয়ান হংকং কোম্পানি (সিএইচডিএইচকে) এবং বাংলাদেশে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) চুক্তিটি সই করে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ইরানি প্রেসিডেন্টের সতর্কবার্তা ॥** ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি এক সমাবেশে দেওয়া বক্তব্যে ফের মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পকে হুঁশিয়ারি দিয়ে বলেছেন, আন্তর্জাতিক পরমাণু চুক্তি থেকে সরে দাঁড়ালে যুক্তরাষ্ট্র ঐতিহাসিক ভুল করবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী গুলিবিদ্ধ ॥** জনসভায় বক্তব্য রাখার সময় বন্দুকধারীর গুলিতে আহত হয়েছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী আহসান ইকবাল। পাঞ্জাবের নারোওয়াল শহরের কাসবাকাঞ্জ রোড এলাকায় ক্ষমতাসীন পাকিস্তান মুসলিম লীগের (পিএমএল-নওয়াজ) এই নেতাকে গুলি করা হয়। সূত্রঃ কালের কণ্ঠ
- **আফগানিস্তানে মসজিদে বোমা বিস্ফোরণ ॥** আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় প্রদেশ খোস্তের একটি মসজিদে আসর নামাজের পর শক্তিশালী বোমা বিস্ফোরিত হলে ঘটনাস্থলেই ১৭ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হন ৩৪ মুসল্লি। সূত্রঃ প্রথম আলো

**৭ মে, সোমবার**

- **যৌতুক নিয়ে মিথ্যা মামলায় জেল-জরিমানা ॥** যৌতুক নিয়ে মিথ্যা মামলা করলে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ ৫০ হাজার টাকা বা উভয় দণ্ডে দণ্ডিত করার বিধান রেখে মন্ত্রিসভায় 'যৌতুক নিরোধ আইন- ২০১৮'র খসড়ার চূড়ান্ত অনুমোদন পেয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



- **সরকারি হলো আরও ১২ মাধ্যমিক স্কুল ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী আরও ১২টি বেসরকারি মাধ্যমিক স্কুলকে সরকারি করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রবীন্দ্র পুরস্কার -২০১৮ ॥** বাংলা একাডেমি প্রবর্তিত রবীন্দ্র পুরস্কার-২০১৮ এবার পেলেন গবেষক আবুল মোমেন ও শিল্পী ফাহিম হোসেন চৌধুরী। রবীন্দ্র সাহিত্যে গবেষণায় সামগ্রিক অবদানের স্বীকৃতিস্বরূপ আবুল মোমেন এবং রবীন্দ্র সংগীত চর্চার স্বীকৃতিস্বরূপ ফাহিম হোসেন চৌধুরী এ পুরস্কার পেয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **চতুর্থবারের মতো রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ॥** গেল মার্চে অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে বিপুল ভোটে জয় পাওয়া ভ্লাদিমির পুতিন রাশিয়ার প্রেসিডেন্ট হিসেবে চতুর্থ মেয়াদ শুরু করতে যাচ্ছেন। সূত্রঃ কালের কণ্ঠ

**৮ মে, মঙ্গলবার**

- **১৩ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠক ১৩ প্রকল্প অনুমোদন করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্ঘটনা এড়াতে মহাসড়কের পাশে বাস ও ট্রাক চালকদের জন্য বিশ্রামাগার নির্মাণের নির্দেশ দেন। সূত্র : যুগান্তর
- **রাবি শিক্ষক রেজাউল হত্যা মামলায় দুই জঙ্গির ফাঁসি, যাবজ্জীবন তিন ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী (মুকুল) হত্যা মামলার রায় দুই জঙ্গির ফাঁসি ও তিনজনের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ ঘোষণা রাজশাহী বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালের। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশের মতামত জানতে চায় আইসিসি ॥** রাখাইনে রোহিঙ্গাদের ওপর বর্বর নির্যাতনের বিষয়ে মামলা চালানোর অধিকার নিয়ে বাংলাদেশের মতামত জানতে চেয়েছেন আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **তথ্যপ্রযুক্তি মেলায় বাংলাদেশ ॥** জাপানে অনুষ্ঠিত সর্ববৃহৎ তথ্যপ্রযুক্তি মেলায় এবার যোগ দিয়েছে বাংলাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন ॥** সারা দেশে উদ্‌যাপিত হলো কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭তম জন্মজয়ন্তী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইরানের সঙ্গে পরমাণু চুক্তি ॥** পরমাণু চুক্তি থেকে বেরিয়ে এসে আবারও ইরানের ওপর পুনরায় অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক

**৯ মে, বুধবার**

- **চলে গেলেন জাতীয় অধ্যাপক ভাষাসৈনিক মুস্তফা নূরউল ইসলাম ॥** নিভে গেল জাতির আরেক আলোকবর্তিকা, বাতিঘর, দেশের শিল্প-সাহিত্য-সংস্কৃতির অন্যতম অভিভাবক, জাতীয় অধ্যাপক ও বিশিষ্ট ভাষাসৈনিক মুস্তফা নূরউল ইসলাম। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মাহাথির মোহাম্মদের ঐতিহাসিক বিজয় ॥** মালয়েশিয়ার ১৪তম সাধারণ নির্বাচনে ৯২ বছর বয়সি ড. মাহাথির মোহাম্মদ ও তার জোট পাকাতান হারপান ফের জয়লাভ করেছে। এর মাধ্যমে বিশ্বের প্রবীণতম প্রধানমন্ত্রী হওয়ারও গৌরব অর্জন করলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আর্চারিতে চ্যাম্পিয়ন বাংলাদেশ ॥** আন্তর্জাতিক সলিডারিটি আর্চারি চ্যাম্পিয়নশিপে এবার একটি স্বর্ণপদক কম পেলেও বাংলাদেশ শিরোপা ধরে রেখেছে। দ্বিতীয় আসরে পাঁচটি স্বর্ণপদক জয় করে বাংলাদেশ ঘরের মাঠে চ্যাম্পিয়ন হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সেভিয়ার কাছে হার মাদ্রিদের ॥** চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ওঠা রিয়াল মাদ্রিদকে ৩-২ গোলে হারাল সেভিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ মে, বৃহস্পতিবার**

- **গৌরবের সোনালি সোপানে পদার্পণ ॥** বাংলাদেশের প্রথম 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' এর সফল উৎক্ষেপণের মাহেন্দ্রক্ষণ শুরু। গভীর রাতে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ পা রাখছে মহাকাশযাত্রার সোনালি সোপানে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **এক লাখ ৮০ হাজার কোটি টাকার এডিপি ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) বৈঠকে ২০১৮-১৯ অর্থবছরের জন্য ১ লাখ ৮০ হাজার কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বদরবাহিনী প্রধান রিয়াজ ফকিরের ফাঁসি ॥** একাত্তরের মুক্তিযুদ্ধের সময়ের স্বাধীনতাবিরোধী আলবদরপ্রধান ময়মনসিংহের ফুলবাড়িয়ার রিয়াজউদ্দিন ফকিরকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফিফা রেফারি মুনীর হোসেন আর নেই ॥** সাবেক ফুটবলার এবং আন্তর্জাতিক ফুটবল অঙ্গনে বাংলাদেশের প্রথম প্রতিনিধিত্বকারী ফিফা রেফারি মুনীর হোসেন (৮৫) রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদার জামিন ॥** জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া জামিন পেলেন ৪ জুন পর্যন্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফের প্রধানমন্ত্রী হলেন মাহাথির মোহাম্মদ, শপথ গ্রহণ ॥** মালয়েশিয়ার সপ্তম প্রধানমন্ত্রী হিসেবে ড. মাহাথির মোহাম্মদ শপথ গ্রহণ করেছেন। তিনি ইতিহাসে সবচেয়ে বেশি বয়সি রাজনৈতিক নেতা হিসেবে শপথ নিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১১ মে, শুক্রবার**

- **এবার মহাকাশে পা রাখল বাংলাদেশ ॥** মহাকাশ জয়ের পথে সৃষ্টি হলো নতুন ইতিহাস। মহাকাশের পথে উৎক্ষেপণ করা হলো 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১'। এই মহাকাশযাত্রার মধ্য দিয়ে বিশ্বের ৫৭তম দেশ হিসেবে মহাকাশে বিচরণকারীদের অভিজাত ক্লাবে (শ্রেণি) পা রাখল বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আমরা প্রবেশ করলাম এক নতুন যুগে ॥** বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেতার ও টেলিভিশনে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে বলেছেন, এটি আমাদের গৌরবের দিন। এর মধ্য দিয়ে আমরা আজ মহাকাশে বাংলাদেশের পতাকা উত্তোলন করছি। আর আজ থেকে আমরাও স্যাটেলাইট ক্লাবের গর্বিত সদস্য হলাম, প্রবেশ করলাম এক নতুন যুগে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ভাঙচুর চলবে না ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্রলীগের ২৯তম সম্মেলনে সন্ত্রাস-জঙ্গিবাদ ও মাদকাসক্তি থেকে দূরে থাকার আহ্বান জানিয়ে সংগঠনের নেতাকর্মী, দেশের ছাত্রসমাজকে বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে কোনোরূপ ধ্বংসাত্মক কর্মকাণ্ড বা ভাঙচুরের ঘটনা বরদাশত করা হবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাকা-দিল্লি প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর ॥** প্রতিরক্ষা সহযোগিতা ঋণ বাস্তবায়ন এবং সার্বিক সহযোগিতার বিস্তার ঘটাতে বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্বেচ্ছায় জীবনের অবসান ঘটালেন বিজ্ঞানী গুডাল ॥** স্বেচ্ছামৃত্যু কার্যকর করতে অস্ট্রেলিয়া থেকে সুইজারল্যান্ডে যাওয়া ১০৪ বছর বয়সি বিজ্ঞানী ডেভিড গুডাল শেষ পর্যন্ত নিজের জীবনের অবসান ঘটিয়েছেন। বাসেলের লাইফ সার্কেল সুইস ক্লিনিকে ডাক্তারের পরামর্শ অনুযায়ী প্রাণনাশক ওষুধের সাহায্যে বৃহস্পতিবার তিনি মৃত্যুবরণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে ভারত সহযোগিতা করবে ॥** মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনে ভারত সরকার সহযোগিতা করতে প্রস্তুত বলে জানিয়েছেন দেশটি সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। সূত্র: যুগান্তর
- **৩৪ বছরের পুরোনো রেকর্ড ভাঙলেন নাদাল ॥** জন ম্যাকেনরোর একই কোর্টে টানা ৪৯ সেট জয়ের রেকর্ড ভেঙে দিলেন বিশ্বসেরা টেনিস তারকা রাফায়েল নাদাল। মাদ্রিদ ওপেনের দ্বিতীয় রাউন্ডে গায়েল মনফিরসকে সরাসরি সেটে হারানোয় তাঁর ব্যক্তিগত রেকর্ড গিয়ে দাঁড়ায় ৪৮-এ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ মে, শনিবার**

- **বঙ্গবন্ধু স্যাটেলাইটের সিগন্যাল পৌঁছেছে গ্রাউন্ড স্টেশনে ॥** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় কেনেডি স্পেস সেন্টার থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের ঠিক ৪০ মিনিট পর গাজীপুরে নির্মিত গ্রাউন্ড স্টেশনে একটি সিগন্যাল আসে। এই সিগন্যালই জানান দিয়েছে স্যাটেলাইটটি সফলভাবে মহাশূন্যে পৌঁছে গেছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং



প্রধানমন্ত্রী শেখ হাসিনা সফলভাবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের পর দেশবাসীকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্সড নার্সিং এডুকেশন অ্যান্ড রিসার্চের উদ্বোধন ॥** রাজধানীর মুগদাপাড়ায় ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্সড নার্সিং এডুকেশন অ্যান্ড রিসার্চের (এনআইএএনইআর) উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মুজিবনগর সরকারের অর্থ উপদেষ্টা একে চৌধুরী আর নেই ॥** বীর মুক্তিযোদ্ধা ও অন্তর্বর্তীকালীন মুজিবনগর সরকারের অর্থ উপদেষ্টা, দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টস অব বাংলাদেশের (আইসিএবি) প্রতিষ্ঠাতা কাউন্সিল মেম্বার এবং সাবেক সভাপতি ও ম্যানেজিং পার্টনার হুদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং, একে চৌধুরী (৭৮) ইন্তেকাল করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পদত্যাগ করলেন মার্কিন পরমাণু বিশেষজ্ঞ রিচার্ড জনসন ॥** ইরান চুক্তি থেকে প্রেসিডেন্ট ট্রাম্পের সরে দাঁড়ানোর প্রতিবাদে পদত্যাগ করলেন মার্কিন পরমাণু বিশেষজ্ঞ রিচার্ড জনসন। সূত্র: যুগান্তর

**১৩ মে, রোববার**

- **২৭টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সেনাবাহিনীর সঙ্গে আমার পারিবারিক বন্ধন রয়েছে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাত্রিতে মা-বাবার সঙ্গে ঘাতকদের হাতে শহিদ শেখ জামাল তখন সেনাবাহিনীর সদস্য ছিলেন। এই পরিবারের একজন সদস্য হিসেবে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের উপযোগী করে সেনাবাহিনীকে গড়ে তোলা আমি আমার দায়িত্ব বলে মনে করি। ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের বিভিন্ন সেনানিবাসে ২৭টি উন্নয়ন প্রকল্প উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিদেশি কূটনীতিকদের সঙ্গে বিএনপির বৈঠক ॥** দলের চেয়ারপারসন খালেদা জিয়া কারাগারে যথাযথ চিকিৎসা পাচ্ছেন না বলে ঢাকায় কর্মরত বিদেশি কূটনীতিকদের কাছে অভিযোগ করেছে বিএনপি। একই সঙ্গে আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে 'লেভেল প্লেয়িং ফিল্ড' সংকোচন করে বিরোধীদলের নেতাকর্মীদের গ্রেফতারসহ হুমকি-ধমকি দেওয়ার অভিযোগও করেছে দলটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ইন্দোনেশিয়ার তিন গির্জায় হামলায় নিহত ১৩ ॥** ইন্দোনেশিয়ার দ্বিতীয় বৃহত্তম সুরাবায়া শহরের তিনটি গির্জায় আত্মঘাতী বোমা হামলায় অন্তত ১৩ জন নিহত ও ৪০ জন আহত হয়েছেন। সূত্র: যুগান্তর
- **অনূর্ধ্ব-১৮ ফুটবলে আবাহনীর যুবারা চ্যাম্পিয়ন ॥** জুনিয়র ফুটবলে ফরাশগঞ্জ স্পোর্টিং ক্লাবকে ১-০ গোলে হারিয়ে আবাহনী প্রথম শিরোপা জয় করল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৪ মে, সোমবার**

- **কোটা থাকবে না ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনির্ধারিত আলোচনায় কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলন নিয়ে কথা উঠলে প্রধানমন্ত্রী বলেন, আমি বঙ্গবন্ধুর মেয়ে, আলটিমেটামে মাথা নত করি না। আমি তো একবার বলেছি 'কোটা থাকবে না, ব্যস থাকবে না।'
- **পদদলিত হয়ে ১০ নারীর মৃত্যু ॥** চট্টগ্রামের সাতকানিয়ায় জাকাত ও ইফতারসামগ্রী নিতে গিয়ে পদদলিত হয়ে ১০ জনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। জাকাত প্রদানের এ আয়োজন করেছিল জেলার অন্যতম বৃহৎ শিল্পগ্রুপ কেএসআরএম (কবির স্টিল অ্যান্ড রি-রোলিং মিলস) কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন ॥** বর্তমান পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে নতুন নাম রাখা হয়েছে 'পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারতের পশ্চিমবঙ্গে নবম পঞ্চায়েত নির্বাচনে সহিংসতা ॥** পঞ্চায়েত নির্বাচন ঘিরে সারা পশ্চিমবঙ্গে ব্যাপক সহিংস ঘটনা ঘটেছে। এতে নিহত হয়েছেন ১৩ জন। সূত্র: প্রথম আলো
- **গাজায় ৫২ ফিলিস্তিনি নিহত ॥** অধিকৃত গাজায় নিজেদের ভূমি ফিরিয়ে দেওয়ার দাবিতে এবং জেরুজালেমে নতুন মার্কিন দূতাবাস উদ্বোধনকালে ইসরাইলি সেনাদের গুলিতে ৫২ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন দুই হাজারের বেশি। জাতিসংঘ, আরব লিগ এবং ওআইসিসহ বিশ্বনেতারা ইসরাইলি সেনাবাহিনীর হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। সূত্র: সমকাল



**১৫ মে, মঙ্গলবার**

- **ফিলিস্তিনিদের ওপর ইসরাইলি শক্তি প্রয়োগের নিন্দা প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি ফিলিস্তিনিদের ওপর ইসরাইলি বাহিনী শক্তি প্রয়োগের নিন্দা করে একে মানবাধিকার লঙ্ঘন হিসেবে বর্ণনা করেছেন। তুরস্কের প্রধানমন্ত্রী বিনালী ইলদ্রিম প্রধানমন্ত্রীকে ফোন করলে তিনি এ নিন্দা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'প্রতিবন্ধিতা ও দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনা' শীর্ষক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে প্রাকৃতিক দুর্যোগের আগাম পূর্বাভাস পাওয়া যাবে, এতে দুর্যোগ মোকাবিলা ও প্রস্তুতি নেওয়ার অভূতপূর্ব সুযোগ মিলবে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'প্রতিবন্ধিতা ও দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনা' শীর্ষক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী আরও বলেন, বাংলাদেশ এখন যে কোনো ধরনের দুর্যোগ মোকাবিলা করার সক্ষমতা অর্জন করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খুলনা সিটি নির্বাচনে আওয়ামী লীগের জয় ॥** খুলনা সিটি করপোরেশন নির্বাচনে জয়লাভ করেছেন আওয়ামী লীগের প্রার্থী তালুকদার আবদুল খালেক। ২৮৯ কেন্দ্রের মধ্যে ২৮৬ কেন্দ্রের বেসরকারি ফলে আওয়ামী লীগ প্রার্থী নৌকা মার্কায় পেয়েছেন ১ লাখ ৭৬ হাজার ৯০২ ভোট। অপরদিকে প্রধান প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী নজরুল ইসলাম মঞ্জু ধানের শীষ প্রতীকে পেয়েছেন এক লাখ ৮ হাজার ৯৫৬ ভোট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৬ মে, বুধবার**

- **নবীন এএসপিদের প্রশিক্ষণ সমাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** রাজশাহীর সারদায় ৩৫তম বিসিএস (পুলিশ) ব্যাচের নবীন এএসপিদের প্রশিক্ষণ সমাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মানুষ বিপদের সময় পুলিশের কাছে সাহায্যের জন্য আসে, তাই সেবা ও মানবিক আচরণের মাধ্যমে মানুষের আস্থা অর্জনে প্রত্যেক পুলিশ সদস্যকে সচেতন হতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **আপিলেও খালেদা জিয়ার জামিন বহাল ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে দেওয়া হাইকোর্টের জামিন বহাল রেখেছেন আপিল বিভাগ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিশ্বজুড়ে ইসরাইল ও যুক্তরাষ্ট্রবিরোধী বিক্ষোভ ॥** ইসরাইলে যুক্তরাষ্ট্রের দূতাবাস পবিত্র নগরী জেরুজালেমে সরিয়ে নেওয়ার প্রতিবাদে বিক্ষোভ হয়েছে খোদ ওয়াশিংটন, শিকাগোসহ বুয়েন্স এয়ারস, সাও পাওলো, এথেন্স ইস্তাম্বুল এবং বিশ্বের অন্যান্য শহরে। এদিকে গাজায় ইসরাইলি হামলার নিন্দা করেছেন পোপ ফ্রান্সিস। আর ইসরাইলের রাষ্ট্রদূতকে ইস্তাম্বুল ছাড়তে বলেছে তুরস্ক। এই বিক্ষোভে অংশ নিয়েছে যুক্তরাষ্ট্রে বসবাসকারী ফিলিস্তিনি নাগরিকরাও। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৭ মে, বৃহস্পতিবার**

- **বিএফইউজে দ্বিবার্ষিক সম্মেলন ॥** জাতীয় প্রেস ক্লাব প্রাঙ্গণে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সাফল্য ও অর্জনগুলো জনগণের সামনে তুলে ধরতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানান। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস ॥** সারাদেশে পালিত হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস। এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা তাঁর অবর্তমানে বাংলাদেশ আওয়ামী লীগের নতুন নেতৃত্ব খুঁজে বের করার জন্য দলের নেতাকর্মীদের পরামর্শ দিয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা প্রত্যাবাসনে কোনো অগ্রগতি নেই, ঢাকায় দুদেশের বৈঠক ॥** রোহিঙ্গা প্রত্যাবাসনে তেমন কোনো অগ্রগতি ছাড়াই বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠক শেষ হয়েছে। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে রোহিঙ্গাদের অবিলম্বে ফিরিয়ে নেওয়া এবং রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের নিরাপদে বসবাসের যোগ্য পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানানো হয়। তবে এসব বিষয়ে মিয়ানমারের পক্ষ থেকে কোনো আশ্বাস দেওয়া হয়নি। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



- **জাতীয় ফুটবল দলের ব্রিটিশ কোচ জেমি ডে ॥** জাতীয় ফুটবল দলের নতুন হেডকোচ হলেন ৩৮ বছর বয়সি ব্রিটিশ নাগরিক জেমি ডে (জেমস ডে)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৮ মে, শুক্রবার**

- **যুক্তরাষ্ট্রে স্কুলে সন্ত্রাসী হামলা ॥** যুক্তরাষ্ট্রের টেক্সাসের একটি হাইস্কুলে বন্দুকধারীদের গুলিতে অন্তত ১০ শিক্ষার্থী নিহত হয়েছে। জড়িত সন্দেহে দুইজনকে আটক করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কিউবায় বিমান বিধ্বস্ত ॥** কিউবার রাজধানী হাভানায় ১০৪ জন যাত্রী নিয়ে উড্ডয়নের পরপরই রাষ্ট্রায়ত্ত বিমান পরিবহণ সংস্থার কিউবানার একটি বোয়িং-৭৩৭ যাত্রীবাহী বিমান হাভানা হোসে মার্তি আন্তর্জাতিক বিমানবন্দরে বিধ্বস্ত হলে যাত্রীরা সবাই নিহত হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কঙ্গোয় ইবোলা ভাইরাসে ২৩ জনের মৃত্যু ॥** ডিআর কঙ্গোয় ইবোলা ভাইরাসের প্রকোপ, নারী ও শিশুসহ ২৩ জনের মৃত্যু। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৯ মে, শনিবার**

- **প্রিন্স হ্যারি ও মেগান মার্কেলের রূপকথার বিয়ে ॥** ব্রিটিশ রাজপরিবারের ইতিহাসে এক অনন্য জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে পরস্পরের জীবনসঙ্গী হলেন প্রিন্স হ্যারি ও মেগান মার্কেল। সেন্ট জর্জ চ্যাপেল গির্জায় রানী দ্বিতীয় এলিজাবেথ ও অভিজাত ৬০০ অতিথির উপস্থিতিতে পরস্পর বিয়ের বন্ধনে আবদ্ধ হলেন তাঁরা। সূত্রঃ সমকাল
- **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে নজির স্থাপন বাংলাদেশের ॥** ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে অনন্য নজির স্থাপন করল বাংলাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কর্ণাটকে নতুন মুখ্যমন্ত্রী জেডিএসের কুমারাস্বামী ॥** সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে ব্যর্থ হবেন নিশ্চিত জেনেই আস্থাভোটে গেলেন না

ইয়েদুরাপ্পা। ফলে রাজ্যে তিনদিনের মধ্যে পতন ঘটল বিজেপি সরকারের। রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন জেডিএসের কুমারাস্বামী। সূত্রঃ সমকাল

- **আফগানিস্তানে স্টেডিয়ামে সিরিজ বোমা হামলা ॥** আফগানিস্তানের নানহারগড় প্রদেশের রাজধানী জালালাবাদের একটি স্টেডিয়ামে ক্রিকেট ম্যাচ চলাকালে শক্তিশালী তিনটি বোমা বিস্ফোরণে ৮ জন নিহত ও ৪৫ জন আহত হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২০ মে, রোববার**

- **খুলনা সিটি নির্বাচন ॥** আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, খুলনা সিটি নির্বাচনে সরকারের বিশাল উন্নয়ন কর্মকাণ্ডের প্রতি জনগণের বিশ্বাস ও আস্থার প্রতিফলন ঘটেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রী আঁকলেন 'মুক্তিযোদ্ধা' চিত্রকর্ম ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিজ হাতে আঁকা একটি চিত্রকর্ম তাঁকেই উপহার হিসেবে দেওয়া হবে। চিত্রকর্মটির ক্যানভাস এখন শিল্পকলা একাডেমিতে রক্ষিত আছে। প্রখ্যাত চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমদের চিত্রকর্ম উদ্বোধন করতে গিয়ে রোববার তিনি ওই শিল্পীর সঙ্গে উক্ত চিত্রকর্মটি যৌথভাবে আঁকেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট সংসদে অনুমোদন পেল ॥** জাতীয় সংসদের উন্নয়ন ও অনুন্নয়ন খাতে ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩৩২ কোটি ৫৩ লাখ টাকার বাজেট রোববার অনুমোদন করা হয়েছে। সংসদ সচিবালয় কমিশনের বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিসিবি একাডেমি কাপ শুরু ॥** তরুণ প্রতিভাবান ক্রিকেটার খুঁজে বের করার লক্ষ্যে ৩২টি দল নিয়ে একাডেমি কাপ ক্রিকেট শুরু হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২১ মে, সোমবার**

- **কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্পে প্রিয়াঙ্কা চোপড়া ॥** টেকনাফের শ্যামলাপুর রোহিঙ্গা ক্যাম্প সোমবার বিকেলে পরিদর্শন করেছেন বলিউড তারকা



অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। ফ্রান্স থেকে ইউনিসেফের শুভেচ্ছাদূত হয়ে সরাসরি বাংলাদেশে আসেন ফ্যাশনসচেতন এই অভিনেত্রী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **কক্ষপথে অবস্থান নিয়েছে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ॥** বাংলাদেশের প্রথম যোগাযোগ উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাই-১ (বিএস-১) যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে উৎক্ষেপণের ঠিক ১০ দিন পর এটি তার নিজস্ব অবস্থানে (অরবিট স্লট) পৌঁছেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পাহাড়ধসে চারজনের মৃত্যু ॥** বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুমে সোমবার পাহাড় কাটার সময় মাটিচাপায় চারজনের মৃত্যু হয়েছে। ঘটনার সাত ঘণ্টা পর মাটি খুঁড়ে একজনকে জীবিত উদ্ধার করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ভারতে নিপা ভাইরাসের প্রকোপ ॥** ভারতের কেরালা রাজ্যে নিপা ভাইরাসের প্রকোপ দেখা দিয়েছে। এই ভাইরাস সর্বত্র ছড়িয়ে পড়ায় আক্রান্তের সংখ্যা দিন দিন বাড়ছে। সোমবার এই রোগে আক্রান্ত হয়ে এক সেবিকাসহ ১০ জনের মৃত্যু হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২২ মে, মঙ্গলবার**

- **কানাডার কোর্টের রায়ে বিএনপি সন্ত্রাসী দল ॥** বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপিকে তৃতীয়বারের মতো 'সন্ত্রাসী সংগঠন' হিসেবেই রায় দিয়েছেন কানাডার ফেডারেল আদালত। দেশটিতে আশ্রয়প্রার্থী বিএনপি কর্মী মোস্তফা কামালের পক্ষ থেকে দায়ের করা এক রিভিউ আবেদন খারিজ করে তার পরিপ্রেক্ষিতে দেওয়া রায়ে আদালত এই মন্তব্য করেছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৬ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশের শিল্প খাতে প্রবৃদ্ধির চলতি ধারা অব্যাহত রাখতে হলে বিনিয়োগের নতুন সম্ভাবনা খুঁজে বের করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রাকৃতিক সম্পদ আহরণে বিদেশি বিনিয়োগের একটি চমৎকার পরিবেশ তৈরি হয়েছে এ দেশে। রাষ্ট্রপতি 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার-২০১৬' বিতরণ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে ৩৮ হাজার কোটি টাকা বরাদ্দ ॥** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি প্রকল্প অনুমোদনকালে স্কুলগুলোয় বাংলা ও ইংরেজিতে বেশি জোর দেওয়ার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মৃত মুক্তিযোদ্ধার অবমাননায় শোকজ ॥** পাবনার বেড়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধা তাহেজ উদ্দিন সরকারকে জাতীয় পতাকার পরিবর্তে বাঁশের চাটাইয়ে জড়িয়ে (!) গার্ড অব অনার দেওয়ার ঘটনায় জেলা প্রশাসককে (ডিসি) শোকজ করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **চলে গেলেন তাজিন আহমেদ ॥** অভিনয়, অনুষ্ঠান উপস্থাপনায় রেখেছিলেন অসাধারণ মুনশিয়ানার স্বাক্ষর। মঞ্চনাটকেও ছিল তাঁর সদর্প বিচরণ। সব কাজ ফেলে রেখে হঠাৎ করেই চলে গেলেন তাজিন (৪৩)। মঙ্গলবার বিকেলে উত্তরার বাসায় তাঁর হার্ট অ্যাটাক হলে হাসপাতালে নেওয়ার পর ডাক্তার তাঁকে মৃত ঘোষণা করেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২৩ মে, বুধবার**

- **এক লাখ রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তর করা হবে ॥** জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং ইউএনএফপিএ'র এক্সিকিউটিভ ডিরেক্টর নাতালিয়া ক্যানেম প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, শিগগিরই এক লাখ রোহিঙ্গাকে টেকনাফের শিবির থেকে ভাসানচরে স্থানান্তর করা হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বললেন ভিলিয়ার্স ॥** আন্তর্জাতিক ক্রিকেট অঙ্গন থেকে অবসর নিলেন দক্ষিণ আফ্রিকার তারকা ক্রিকেটার এবি ডি ভিলিয়ার্স। সূত্রঃ যুগান্তর
- **বন্দুকযুদ্ধ, সাত জেলায় আট মাদক বিক্রেতা নিহত ॥** মাদকবিরোধী অভিযান চলাকালে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে পৃথক বন্দুকযুদ্ধে সাত জেলায় আট মাদক বিক্রেতা নিহত হয়েছে। মঙ্গলবার রাত থেকে বুধবার ভোর পর্যন্ত পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' কুমিল্লায় দুইজন এবং জামালপুর, কুমিল্লা, ঠাকুরগাঁও, লালমনিরহাট ও রংপুরে একজন করে মাদক বিক্রেতা নিহত হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



**২৪ মে, বৃহস্পতিবার**

- **প্রধানমন্ত্রীর সঙ্গে প্রিয়াঙ্কা চোপড়ার সাক্ষাৎ ॥** বাংলাদেশ সফর শেষে ফেরার আগে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে সাবেক বিশ্বসুন্দরী প্রিয়াঙ্কা চোপড়া বলেন, মিয়ানমারের নৃশংসতার শিকার হয়ে পালিয়ে আসা লাখ লাখ রোহিঙ্গাকে বাংলাদেশ যেভাবে আশ্রয় দিয়েছে, তা 'বিশ্বের জন্য অনুসরণীয়'। বাংলাদেশের মানুষের কাছে বিশ্বের অনেক কিছু শেখার আছে। তিনি অর্থ, খাদ্য, শ্রম, সমর্থন ও সম্ভাব্য যে কোনো কিছু দিয়ে অসহায় রোহিঙ্গাদের পাশে দাঁড়ানোর জন্য বিশ্ববাসীর প্রতি আহ্বান জানান। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ফেসবুকে কটূক্তির জের ॥** বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীকে নিয়ে ফেসবুকে কটূক্তি করায় ফরিদপুরের বোয়ালমারী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. মিনহাজুর রহমানকে পুলিশ গ্রেফতার করেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কিমের সঙ্গে বৈঠক বাতিল করলেন ট্রাম্প ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের মধ্যে নির্ধারিত বৈঠক হচ্ছে না। আগামী ১২ জুন সিঙ্গাপুরে এই বৈঠক হওয়ার কথা ছিল। হঠাৎ করেই কিমের কাছে লেখা এক চিঠিতে প্রেসিডেন্ট ট্রাম্প বৈঠক বাতিলের বিষয়টি জানিয়েছেন। হোয়াইট হাউস বৃহস্পতিবার এই চিঠি প্রকাশ করে। সূত্রঃ যুগান্তর

**২৫ মে, শুক্রবার**

- **পাশে থাকার অঙ্গীকার ঢাকা-দিল্লির ॥** ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে বিশ্বকবি রবীন্দ্রনাথ প্রতিষ্ঠিত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ ভবন' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই অনুষ্ঠানেই বন্ধু হিসেবে পাশে থাকার অঙ্গীকার করেন দুই দেশের দুই নেতা। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কবি কাজী নজরুল ইসলামের ১১১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ময়মনসিংহের ত্রিশালের দরিরামপুর একাডেমি মাঠে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বলেন, জাগরণের কবি কাজী নজরুল ইসলামের লেখনী জাতীয় সংগ্রাম এবং মহান মুক্তিযুদ্ধের সময় আমাদের উজ্জীবিত করেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **'নজরুল বিশ্ববিদ্যালয় সম্মাননা-২০১৮'** ॥ গবেষণা ও নজরুলসংগীতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ এবার দুই বাংলার চার গুণী পেলেন নজরুল বিশ্ববিদ্যালয় সম্মাননা-২০১৮। গবেষণায় অবদানের জন্য অধ্যাপক যতীন সরকার ও আবু হেনা আবদুল আউয়াল এবং নজরুলসংগীতে অবদানের জন্য ভারতের শিল্পী এমএ মান্নান ও মায়া রায় এই সম্মাননা পুরস্কার পান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র** ॥ রোহিঙ্গা সংকট মোকাবিলায় যুক্তরাষ্ট্র সব সময় বাংলাদেশের পাশে থাকবে বলে আবারও মন্তব্য করেছেন দেশটির নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও। বৃহস্পতিবার দেশটির আইনপ্রণেতাদের তিনি এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাক ক্রিকেটারদের ওপর নিষেধাজ্ঞা** ॥ ক্রিকেট খেলার সময় পাকিস্তানি ক্রিকেটাররা স্মার্ট ওয়াচ পরতে পারবেন না। আইসিসির অ্যান্টি-করাপশন ইউনিট এই নিষেধাজ্ঞা জারি করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৬ মে, শনিবার**

- **প্রধানমন্ত্রীকে ডি-লিট ডিগ্রি প্রদান** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টর অব লিটারেচার (ডি-লিট) ডিগ্রি প্রদান করল ভারতের কাজী নজরুল বিশ্ববিদ্যালয়। ডিগ্রি দেওয়ার কারণ ব্যাখ্যা করে বিশ্ববিদ্যালয়টির ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক সাধন চক্রবর্তী বলেন, শোষণমুক্ত-বৈষম্যহীন সমাজ গঠন, গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যদূরীকরণ এবং আর্থসামাজিকসহ সাধারণ মানুষের জীবনমান উন্নয়নে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ তাঁকে এই বিশেষ সম্মান দেখানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হাসিনা-মমতা বৈঠক** ॥ ভারত সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটির পশ্চিমবঙ্গের তাজ হোটেলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছেন। বৈঠক প্রসঙ্গে মমতা বলেন, আমাদের দুজনার সম্পর্ক খুবই সৌহার্দপূর্ণ। তিনি বলেন, দুই দেশের সীমারেখা কখনো পশ্চিমবঙ্গ ও বাংলাদেশকে ভাগ করতে পারেনি। বরং একই সংস্কৃতি ও ভাষা নিয়েই এগিয়ে যাচ্ছে দুই বাংলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ভ্লাদিমির পুতিনের সতর্কবার্তা** ॥ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প 'ইরান পরমাণু চুক্তি' থেকে সরে আসার পর চুক্তিটি বহাল রাখতে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) চেষ্টা ব্যর্থ হলে তা ভয়াবহ পরিণতি ডেকে আনবে বলে সতর্ক করলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইরানের সঙ্গে যুদ্ধের ক্ষমতা হারালেন ট্রাম্প** ॥ চিরশত্রু ইরানের বিরুদ্ধে চাইলেই যুদ্ধ ঘোষণার ক্ষমতা হারালেন ডোনাল্ড ট্রাম্প। বুধবার মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে সর্বসম্মতভাবে একটি বিল পাস হওয়ায় এ ক্ষমতা হারান তিনি। ইরানের সঙ্গে স্বাক্ষরিত পরমাণু চুক্তি বাতিলের দুই সপ্তাহ পর এই বিলটি পাস হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কোরিয়ায় কিম-মুন হঠাৎ বৈঠক** ॥ পূর্ব ঘোষণা ছাড়াই হঠাৎ বৈঠকে বসে গোটা বিশ্বকে নতুন চমক দেখালেন দুই কোরিয়ার দুই নেতা। শনিবার দুই কোরিয়ার সীমান্তে যুদ্ধবিরতি-গ্রাম পানজুমে আবারও সাক্ষাৎ করেছেন উত্তর ও দক্ষিণ কোরিয়ার দুই রাষ্ট্রনায়ক। মাত্র এক মাসের কম সময়ের মধ্যে এটা ছিল এই দুই নেতার দ্বিতীয় বৈঠক। সূত্র: যুগান্তর

**২৭ মে, রোববার**

- **বেপজার ষষ্ঠ গভর্নিং কাউন্সিলের বৈঠক** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা রফতানি পণ্য উৎপাদনকারী বিশেষ অর্থনৈতিক অঞ্চলসমূহে শিল্প-কারখানা স্থাপনের ক্ষেত্রে পরিবেশের মান রক্ষা এবং আইনগত বাধ্যবাধকতা কঠোরভাবে নিশ্চিত করার জন্য বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেপজা) প্রতি নির্দেশ দিয়েছেন। বেপজার ষষ্ঠ গভর্নিং কাউন্সিলের বৈঠকে এই নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১২ জেলায় ১২ মাদক কারবারি নিহত** ॥ আইনশৃঙ্খলা বাহিনীর চলমান মাদকবিরোধী বিশেষ অভিযানে র‍্যাব ও পুলিশের সঙ্গে গুলিবিনিময়কালে ১২ জেলায় ১২ মাদক কারবারি নিহত হয়েছে। সূত্র: প্রথম আলো

**২৮ মে, সোমবার**

- **'শিল্পকলা পদক-২০১৭' প্রদান অনুষ্ঠান** ॥ নিজস্ব স্যাটেলাইটের সম্ভাবনা কাজে লাগিয়ে বাংলাদেশি সংস্কৃতিকে বহির্বিশ্বে ছড়িয়ে

দেওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। 'শিল্পকলা পদক-২০১৭' প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **মন্ত্রিপরিষদে প্রধানমন্ত্রীকে অভিনন্দন ॥** ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক 'ডক্টর অব লিটারেচার' ডিগ্রি লাভ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে সর্বসম্মতভাবে আন্তরিক অভিনন্দন জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গণভবনে প্রধানমন্ত্রীর ইফতার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের শীর্ষস্থানীয় বিভিন্ন শ্রেণির পেশাজীবী-বুদ্ধিজীবীদের সম্মানে তাঁর সরকারি বাসভবন গণভবনে এক ইফতার মাহফিলের আয়োজন করেন। ইফতারের আগে প্রধানমন্ত্রী মাহফিলে আগত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **থাই রাজকুমারী সিরিনধর্ন ঢাকায় ॥** চারদিনের সফরে সোমবার ঢাকায় এসেছেন থাইল্যান্ডের রাজকুমারী মাহা চাকরি সিরিনধর্ন। পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলীর আমন্ত্রণে এসে তিনি বেশকিছু উন্নয়ন প্রকল্প পরিদর্শন এবং কিছু প্রকল্প উদ্বোধন করবেন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম রাজকুমারীকে স্বাগত জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মার্কিন নিষেধাজ্ঞা মানবে না ভারত ॥** ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বলেছেন, ইরানের বিরুদ্ধে জাতিসংঘের দেওয়া নিষেধাজ্ঞা মানলেও যুক্তরাষ্ট্র বা অন্য কোনো দেশের আরোপিত একতরফা নিষেধাজ্ঞা মানবে না ভারত। এদিন ভারত সফররত ইরানি পররাষ্ট্রমন্ত্রী জাভেদ জারিফের সঙ্গে বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ মে, মঙ্গলবার**

- **সশস্ত্রবাহিনীর ইফতার মাহফিলে অংশ নিলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার ঢাকা সেনানিবাসে সশস্ত্রবাহিনীর ইফতার মাহফিলে যোগদান করেছেন। সেনা মালঞ্চে মঙ্গলবার আয়োজিত ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী সশস্ত্রবাহিনীর সদস্যসহ বিশিষ্টজনদের



সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং তাঁদের খোঁজ খবর নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ত্রিপুরা থেকে আরও ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির সিদ্ধান্ত ॥** ভারতের ত্রিপুরা থেকে আরও ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। ত্রিপুরার সূর্যমণি নগর থেকে কুমিল্লা হয়ে এ বিদ্যুৎ বাংলাদেশে আসবে। এজন্য কুমিল্লায় ৫০০ মেগাওয়াট এইচভিডিসি ব্যাক-টু-ব্যাক স্টেশন নির্মাণ করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারত গেল বাংলাদেশ ক্রিকেট দল ॥** আফগানিস্তানের বিপক্ষে টি-২০ সিরিজে অংশ নিতে ভারত গেল বাংলাদেশ ক্রিকেট দল। ইনজুরির কারণে এই সিরিজ খেলতে পারলেন না কাটার মাস্টার মোস্তাফিজুর রহমান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বন্দুকযুদ্ধে আরও ১০ মাদক কারবারি নিহত ॥** মাদকবিরোধী অভিযানে রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় পৃথক বন্দুকযুদ্ধে ১০ সন্ত্রাসী-মাদক কারবারি নিহত হয়েছে। সূত্র: যুগান্তর

**৩০ মে, বুধবার**

- **ভারত সফর নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেল ॥** ভারত সফর নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নোত্তর পর্বের শুরুতেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাংবাদিকদের প্রশ্নের জবাবে মাদকের বিরুদ্ধে তার সরকারের 'জিরো টলারেন্স' নীতির কথা উল্লেখ করে বলেন, যত প্রভাবশালী হোক না কেন, ডন কিংবা গডফাদার অথবা বাহিনীর লোক কাউকেই কোনো ছাড় দেওয়া হবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জেনারেল জিয়ার মৃত্যুবার্ষিকী পালিত ॥** সারাদেশে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমানের ৩৭তম মৃত্যুবার্ষিকী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হাইকোর্টে ১৮ অতিরিক্ত বিচারপতি নিয়োগ ॥** রাষ্ট্রপতি আবদুল হামিদ সংবিধানের ৯৮ অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে হাইকোর্ট বিভাগে ১৮ জন অতিরিক্ত বিচারপতি নিয়োগ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

### ৩১ মে, বৃহস্পতিবার

- **বাংলাদেশ-থাইল্যান্ড কৃষি সহযোগিতা জোরদারের আহ্বান প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন সফররত থাইল্যান্ডের রাজকুমারী মাহা চাকরি সিরিনধর্ন। সাক্ষাতে আলোচনাকালে বাংলাদেশ এবং থাইল্যান্ডের মধ্যে কৃষি খাতে পারস্পরিক সহযোগিতা জোরদারের আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গিয়াস কাদের চৌধুরীর বিরুদ্ধে চারটি পৃথক রাষ্ট্রদ্রোহ মামলা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রকাশ্যে হত্যার হুমকি এবং রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগে বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর বিরুদ্ধে চট্টগ্রাম আদালতে চারটি পৃথক রাষ্ট্রদ্রোহ মামলা করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শপথ নিলেন হাইকোর্টের নবনিযুক্ত ১৮ অতিরিক্ত বিচারক ॥** সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে সদ্য নিয়োগ পাওয়া ১৮ জন অতিরিক্ত বিচারপতি বৃহস্পতিবার শপথ নিয়েছেন। বিকেলে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন সুপ্রিমকোর্টের জাজেস লাউঞ্জে তাঁদের শপথবাক্য পাঠ করান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## জুন-২০১৮

### ১ জুন, শুক্রবার

- **তফাজ্জল হোসেন মানিক মিয়ার মৃত্যুবার্ষিকী পালিত ॥** যথাযথ মর্যাদায় পালিত হলো দেশের সাংবাদিকতাজগতের অন্যতম পথিকৃৎ ব্যক্তিত্ব, নির্ভীক সাংবাদিক তফাজ্জল হোসেন মানিক মিয়ার ৪৯তম মৃত্যুবার্ষিকী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান সাবেক প্রধান বিচারপতি নাসির-উল-মুলক ॥** পাকিস্তানের সাবেক প্রধান বিচারপতি নাসির-উল-মুলক দেশটির তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে শপথ নিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্পেনের নতুন প্রধানমন্ত্রী সমাজতন্ত্রী নেতা পেদ্রো স্যানচেজ ॥** স্পেনের পার্লামেন্টে অনাস্থা ভোটে হেরে ক্ষমতাচ্যুত হলেন প্রধানমন্ত্রী



ম্যারিয়েনো র‍্যাজয়। বর্তমানে নতুন প্রধানমন্ত্রী সমাজতন্ত্রী নেতা পেদ্রো স্যানচেজ। সূত্র: সমকাল

- **ইতালির প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন জুসেপ কন্তে ॥** ইতালির পার্লামেন্টের সংখ্যাগরিষ্ঠ দল ফাইভ স্টার এবং রাইট উইং লিগ অবশেষে জোট সরকার গঠনের বিষয়ে একমত হয়েছে। তাদের এই ঐকমত্যের পর শুক্রবারই দেশটির নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন জুসেপ কন্তে। সূত্র: যুগান্তর
- **রিয়াল মাদ্রিদ থেকে জিদানের পদত্যাগ ॥** রিয়াল মাদ্রিদকে টানা তিন বছর তিনটি লিগ জেতানো কোচ জিনেদিন জিদান দলটিকে বিদায় জানালেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্রকে অবশ্যই সিরিয়া ছাড়তে হবে: আসাদ ॥** 'যুক্তরাষ্ট্রকে সিরিয়া ছাড়তেই হবে' মন্তব্য করে সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদ ওয়াশিংটনকে ইরাক যুদ্ধের থেকে শিক্ষা নিতে পরামর্শ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

### ২ জুন, শনিবার

- **বঙ্গবন্ধুর সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা ॥** গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তাঁর সঙ্গে ছিলেন ছোটো বোন শেখ রেহানা এবং চাচাতো ভাই শেখ সালাউদ্দিন জুয়েল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'দোলনচাঁপা' নামে নারীদের জন্য বাস পরিষেবা চালু ॥** রাজধানীতে প্রথমবারের মতো বেসরকারি উদ্যোগে নারীদের জন্য 'দোলনচাঁপা' নামে একটি বাস পরিষেবা চালু করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সব রোহিঙ্গা ফেরত নিতে চায় মিয়ানমার ॥** নিজ দেশে নির্যাতিত হয়ে বাংলাদেশে পালিয়ে আসা সব রোহিঙ্গাকে ফিরিয়ে নিতে রাজি মিয়ানমার। সিঙ্গাপুরে অনুষ্ঠিত আঞ্চলিক নিরাপত্তাবিষয়ক সাংগ্রিলা সংলাপে যোগ দিয়ে মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থাউন তুন এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

### ৩ জুন, রোববার

- **'শেখ হাসিনা ধরলা সেতু' উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী

উপজেলার ধরলা নদীর ওপর নির্মিত 'শেখ হাসিনা ধরলা সেতু' উদ্বোধন করেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন, সরকারের ধারাবাহিকতা এবং আন্তরিকতা থাকলে দেশের উন্নয়ন ও সমৃদ্ধি সম্ভব। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **মাদকের বিরুদ্ধে চাই সামাজিক আন্দোলন ॥** গণভবনে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মাদকাসক্তের বিরুদ্ধে সবাইকে সোচ্চার থাকতে হবে। জঙ্গিবাদের বিরুদ্ধে যেমন সবাই ঐক্যবদ্ধভাবে একটি সামাজিক আন্দোলন গড়ে তুলেছিলেন, মাদকের বিরুদ্ধেও তেমনই একটি সামাজিক আন্দোলন গড়ে তুলবেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **'বন্দুকযুদ্ধে' রংপুর ও টাঙ্গাইলে দুই মাদক কারবারি নিহত ॥** রংপুরে দুই গ্রুপের গোলাগুলির ঘটনায় এক মাদক কারবারি এবং টাঙ্গাইলে র‍্যাবের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' এক মাদক কারবারি নিহত হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **গোপালগঞ্জের মুকসুদপুরে প্রতিপক্ষের হামলায় মুক্তিযোদ্ধা নিহত ॥** দুই পক্ষের কোন্দল থামাতে গিয়ে মারধরের শিকার হয়ে প্রাণ হারিয়েছেন মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী শেখ (৭০)। উপজেলার গোহালা ইউনিয়নের মুনিরকান্দি গ্রামে এ ঘটনা ঘটে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **জম্মু ও কাশ্মীরে যুদ্ধবিরতি লঙ্ঘন ॥** যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে পাকিস্তানি রেঞ্জার্স ইন্টারন্যাশনাল বর্ডার (আইবি) বরাবর ভারতীয় বাহিনীকে লক্ষ্য করে গুলি চালানো হয়েছে। এতে ভারত নিয়ন্ত্রিত জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা আখনুর সেক্টরে দুজন বিএসএফ জওয়ান নিহত হয়েছে। সূত্রঃ যুগান্তর

**৪ জুন, সোমবার**

- **রাজনৈতিক নেতাদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের সম্মানে ইফতার মাহফিলের আয়োজন করেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের বিপক্ষে অবিস্মরণীয় জয় সালমাদের ॥** এশিয়া কাপ টি ২০ ক্রিকেটে শক্তিশালী প্রতিপক্ষ পাকিস্তান মহিলা দলকে ৭ উইকেটে বিধ্বস্ত করে অবিস্মরণীয় এক জয় তুলে নিল বাংলাদেশের সালমারা।



এটি পাকি মেয়েদের বিপক্ষে বাংলাদেশের মেয়েদের প্রথম জয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **পদত্যাগ করলেন জর্ডানের প্রধানমন্ত্রী ॥** দ্রব্যমূল্য বৃদ্ধি ও আয়কর বাড়ানোর প্রতিবাদে উত্তাল বিক্ষোভ-আন্দোলনের মুখে পদত্যাগ করেছেন জর্ডানের প্রধানমন্ত্রী হানি আল মুলকি। সূত্রঃ যুগান্তর

**৫ জুন, মঙ্গলবার**

- **মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখুন ॥** ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটির (আইআরসি) প্রেসিডেন্ট ও সিইও ডেভিড মিলিব্যান্ড প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি পুনরায় আহ্বান জানান। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিমানবাহিনী প্রধান হলেন মাসিহুজ্জামান সেরনিয়াবাত ॥** সরকার এয়ার ভাইস মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাতকে চিফ এয়ার মার্শাল হিসেবে পদোন্নতি দিয়ে বিমানবাহিনী প্রধান হিসেবে নিয়োগ দিয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **চাঁদপুরে আওয়ামী লীগ নেত্রীর রক্তাক্ত লাশ ॥** চাঁদপুরে নিজ বাসায় খুন হলেন ফরিদগঞ্জ গল্লাক আদর্শ ডিগ্রি কলেজের অধ্যক্ষ, মহিলা আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য, শাহিনা সুলতানা ফেন্সি (৫৭)। এই ঘটনায় নিহত ফেন্সির স্বামী অ্যাডভোকেট জহিরুল ইসলামকে আটক করে পুলিশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **অগ্ন্যুৎপাতে নিহত ৭৫ ॥** মধ্য আমেরিকার দেশ গুয়াতেমালায় আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে ৭৫ জন নিহত হয়েছেন। এ ঘটনায় নিখোঁজ রয়েছে ১৯২ জন। আহত হয়েছেন তিন শতাধিক। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মহিলাদের ড্রাইভিং লাইসেন্স দিল সৌদি সরকার ॥** কট্টর রক্ষণশীল দেশ সৌদি আরবে মহিলাদের ড্রাইভিং লাইসেন্স দেওয়া শুরু করেছে দেশটির সরকার। ১০ নারীকে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **সিরিজ জিতল আফগানিস্তান ॥** ভারতের দেরাদুনের রাজিব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত দ্বিতীয় টি ২০ সিরিজের প্রথম ম্যাচে সফরসঙ্গী আফগানিস্তান ৬ উইকেটে হারায় বাংলাদেশকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ জুন, বুধবার**

- **স্যাটেলাইটের মালিকানা বাংলাদেশের ॥** বাজেট অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে 'উৎক্ষেপিত স্যাটেলাইটের মালিক দুই ব্যক্তি'–বিএনপির এমন অভিযোগের জবাব প্রদানকালে প্রধানমন্ত্রী বলেন, এই স্যাটেলাইটের মালিকানা বাংলাদেশের, বাংলাদেশ সরকারের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আইনজীবীদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার ॥** গণভবনে আইনজীবীদের সঙ্গে ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে সারাদেশে জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হত্যার হুমকি দিয়ে জেএমবির চিঠি ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের নবনিযুক্ত চেয়ারপারসন অধ্যাপক ড. কাবেরী গায়েনকে হত্যার হুমকি দিয়ে জেএমবি চিঠি দিয়েছে। এ ঘটনায় শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘ-মিয়ানমার সমঝোতা স্মারক স্বাক্ষর ॥** রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে মিয়ানমার এবং জাতিসংঘ সংস্থাগুলোর মধ্যে এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মিয়ানমারের রাজধানী নেপিদোতে এই চুক্তি স্বাক্ষর করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আসিফ আকবর কারাগারে ॥** তথ্য ও যোগাযোগপ্রযুক্তি আইনে (আইসিটি) দায়ের করা মামলায় গ্রেফতার করে কারাগারে পাঠানো হয়েছে সংগীতশিল্পী আসিফ আকবরকে। সূত্র: কালের কণ্ঠ
- **ভারতকে হারাল বাংলাদেশ ॥** নারী এশিয়া কাপ টি ২০তে ছয়বারের চ্যাম্পিয়ন শক্তিশালী ভারতকে ৭ উইকেটে হারাল বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অস্ট্রেলীয় ক্রিকেট প্রধানের পদত্যাগ ॥** অস্ট্রেলিয়া দলের ক্রিকেটারদের বল টেম্পারিংয়ের অভিযোগে পদত্যাগ করতে হলো দলের প্রধান নির্বাহী জেমস সদারকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**৭ জুন, বৃহস্পতিবার**

- **জি-৭ শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ ॥** কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর আমন্ত্রণে জি-৭ আউটরিচ শীর্ষ সম্মেলনে যোগ দিতে দেশটির উদ্দেশে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় ক্রিকেট দলের নতুন কোচ স্টিভ রোডস ॥** বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের নতুন কোচ হিসেবে দুই বছরের জন্য চুক্তিবদ্ধ হলেন ইংল্যান্ডের সাবেক ক্রিকেটার স্টিভ রোডস। সূত্র: কালের কণ্ঠ
- **হোয়াইটওয়াশ বাংলাদেশ ॥** টি ২০ সিরিজের শেষ ম্যাচেও একই চিত্রনাট্য। পরাজয়ের লজ্জা মাথায় নিয়েই মাঠ ছাড়লেন সাকিব-মুশফিকরা। যুগান্তর

**৮ জুন, শুক্রবার**

- **ত্রিপক্ষীয় সমঝোতায় যুক্তরাষ্ট্রের সায় ॥** অমানুষিক নিপীড়নের মুখে রাখাইন ছেড়ে আসা রোহিঙ্গাদের স্বেচ্ছায় প্রত্যাবাসনে সহযোগিতা নিশ্চিতে মিয়ানমারসহ ত্রিপক্ষীয় সমঝোতাকে স্বাগত জানিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিন জেলায় বন্দুকযুদ্ধে তিন মাদক কারবারি নিহত ॥** তিন জেলায় বন্দুকযুদ্ধে তিন মাদক কারবারি নিহত হয়েছে। এর মধ্যে রংপুর ও ঠাকুরগাঁওয়ে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে একজন করে এবং দিনাজপুরে নিজেদের মধ্যে বন্দুকযুদ্ধে আরেক মাদক কারবারি নিহত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অন্টারিওতে নির্বাচনে বিজয়ী বাংলাদেশি ডলি বেগম ॥** কানাডার অন্টারিও প্রদেশের স্কারবরো সাউথওয়েস্টে প্রাদেশিক নির্বাচনে অন্টারিও লিবারেল পার্টির প্রার্থীকে হারিয়ে জয়ী হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত ডলি বেগম। সূত্র: প্রথম আলো

**৯ জুন, শনিবার**

- **জি-৭ সম্মেলনে প্রধানমন্ত্রী ॥** কানাডার কুইবেক শহরে অনুষ্ঠিত জি-৭ সম্মেলনের আউটরিচ সেশনে যোগ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের নিজ দেশে ফেরাতে মিয়ানমারকে চাপ দেওয়ার জন্য বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **খালেদা জিয়ার মাইল্ড স্ট্রোক হয়েছে ॥** খালেদা জিয়ার মাইল্ড স্ট্রোক হয়েছে বলে দাবি করেছেন তাঁর ব্যক্তিগত চিকিৎসকরা। ঢাকার নাজিমউদ্দিন রোডে পুরোনো কেন্দ্রীয় কারাগারে গিয়ে খালেদা জিয়ার চার ব্যক্তিগত চিকিৎসক তাঁর সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের কাছে এ অভিমত ব্যক্ত করেন। সূত্র: প্রথম আলো
- **সমঝোতার ভিত্তিতেই রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়া হবে: সু চি ॥** রোহিঙ্গা সংকট সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তা নিতে মিয়ানমার সম্মত রয়েছে বলে এক সাক্ষাৎকারে জানিয়েছেন দেশটির রাষ্ট্রীয় উপদেষ্টা অং সান সু চি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইসরাইলি সেনার গুলিতে চার ফিলিস্তিনি নিহত ॥** গাজার সীমান্ত এলাকায় ইসরাইলি সৈন্যদের নির্বিচার গুলিতে চার ফিলিস্তিনি নাগরিক নিহত এবং ছয় শতাধিক আহত হয়। শুক্রবার ফিলিস্তিনি বিক্ষোভকারীরা সীমান্তে জড়ো হয়ে প্রচণ্ড বিক্ষোভ শুরু করলে তাদের ছত্রভঙ্গ করতে সৈন্যরা প্রথমে কাঁদানে গ্যাস নিক্ষেপ এবং পরে গুলি চালালে হতাহতের এই ঘটনা ঘটে। সূত্র: যুগান্তর
- **ফাইনালে বাংলাদেশ নারী ক্রিকেট দল ॥** নারী এশিয়া কাপে ইতিহাস গড়েছে বাংলাদেশ ক্রিকেট দল। এবার তারা প্রথমবারের মতো নারী এশিয়া কাপের ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে। বাংলাদেশ দল মালয়েশিয়াকে ৭০ রানে হারিয়ে ফাইনালে ওঠে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ জুন, রোববার**

- **এশিয়া কাপ জিতল নারী দল ॥** নারী এশিয়া কাপে ভারতকে ৩ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হলো বাংলাদেশ। এই বিজয়ে খুশি হয়ে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বার্তায় নারী দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। প্রথমবারের মতো এশিয়া কাপ চ্যাম্পিয়ন হলো বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জি-৭ সম্মেলন বিশৃঙ্খলাপূর্ণভাবে সমাপ্তি ॥** শুল্কনীতি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে জাস্টিন ট্রুডোর মতপার্থক্যের মধ্য দিয়েই শেষ হলো শিল্পোন্নত দেশগুলোর জোট জি-সেভেনের ৪৪তম শীর্ষ সম্মেলন। সূত্র: প্রথম আলো



**১১ জুন, সোমবার**

- **শাহজাহান বাচ্চুকে হত্যা ॥** মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার কাকালদি এলাকায় ইফতারের পূর্বমুহূর্তে বিশাখা প্রকাশনীর স্বত্বাধিকারী এবং মুক্তমনা লেখক-ব্লগার শাহজাহান বাচ্চুকে (৫৫) গুলি করে হত্যা করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মির্জা ফখরুল ইসলাম আলমগীরের অভিযোগ ॥** দলনেত্রী বেগম খালেদা জিয়ার চিকিৎসা বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করে বলেছেন, খালেদা জিয়া গুরুতর অসুস্থ হলেও সরকার তাঁর চিকিৎসার ব্যাপারে কোনো ধরনের উদ্যোগ গ্রহণ করছে না। তিনি খালেদা জিয়ার উন্নত চিকিৎসা বিষয়ে অবিলম্বে পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের প্রতি জোর দাবি জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের নাগরিকত্ব হারালেন পারভেজ মোশাররফ ॥** নাগরিকত্ব হারালেন দেশটির সাবেক সেনাপ্রধান ও ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ জুন, মঙ্গলবার**

- **পাহাড়ধসে শিশুসহ ১৩ জনের মৃত্যু ॥** রাঙ্গামাটির নানিয়ারচর এবং কক্সবাজারের মহেশখালীতে পাহাড়ধসে নারী-শিশুসহ ১৩ জনের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সিঙ্গাপুরে ট্রাম্প-উন ঐতিহাসিক বৈঠক ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের মধ্যে সিঙ্গাপুরে সান্তোষা দ্বীপের বিলাসবহুল ক্যাপেলা হোটেলে এক ঐতিহাসিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কয়েক ঘণ্টা বৈঠক শেষে এক যৌথ ঘোষণায় স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরীয় নেতা কিম জং উন। সূত্র: সমকাল
- **পাকিস্তানি সেনার গুলিতে চার বিএসএফ সদস্য নিহত ॥** ভারতের জম্মু ও কাশ্মীর রাজ্যের সাম্বা জেলার সীমান্ত এলাকায় মঙ্গলবার পাকিস্তানি সৈন্যদের গুলিতে চার বিএসএফ জওয়ান নিহত হয়েছে। সূত্র: সমকাল

**১৩ জুন, বুধবার**

- **বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের আহ্বান স্পিকারের ॥** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বুধবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক ইফতার মাহফিলে বক্তব্য রাখতে গিয়ে সাংবাদিকদের উদ্দেশে বলেছেন, আপনারা বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করুন, সরকারের গঠনমূলক সমালোচনা করুন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিন সিটি নির্বাচনের তফসিল ঘোষণা ॥** বরিশাল, সিলেট ও রাজশাহী সিটি করপোরেশনের নির্বাচনি তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চিকিৎসা বিষয়ে খালেদা জিয়া সম্মতি দেননি ॥** চিকিৎসা বিষয়ে ইতঃপূর্বে কারা কর্তৃপক্ষের দেওয়া প্রস্তাবে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া এখনো তাঁর সম্মতি দেননি বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নন-এমপিও শিক্ষকদের বিক্ষোভে পুলিশের লাঠিচার্জ ॥** শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত শিক্ষকদের ওপর লাঠিচার্জ করেছে পুলিশ। এ সময় তিন নারীসহ পাঁচ শিক্ষককে আটক করা হয়। সূত্র: সমকাল

**১৪ জুন, বৃহস্পতিবার**

- **সুমন জাহিদের লাশ উদ্ধার ॥** রাজধানীর খিলগাঁওয়ে বাগিচাসংলগ্ন রেললাইন থেকে মহান মুক্তিযুদ্ধে শহিদ সাংবাদিক সেলিনা পারভীনের ছেলে সুমন জাহিদের লাশ উদ্ধার করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাইকার সঙ্গে ঋণচুক্তি সই ॥** মেট্রো রেলসহ ছয় প্রকল্পের জন্য জাইকার দুইশ বিলিয়ন জাপানি ইয়েন (১৫ হাজার ৩২৬ কোটি টাকা) ঋণ বিষয়ে একটি বিনিময় নোট বা ঋণচুক্তি সই করা হয়েছে। চুক্তিতে সই করেন বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত এবং জাইকার চিফ রিপ্রেজেনটেটিভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘে ফিলিস্তিনি সুরক্ষা প্রস্তাব পাস ॥** ভেটো দিয়েও ফিলিস্তিনি সুরক্ষা প্রস্তাব ঠেকাতে পারল না যুক্তরাষ্ট্র। সাধারণ পরিষদে ১৯৩ দেশের মধ্যে ইসরাইলের বিপক্ষে ভোট দিয়েছে ১২০ দেশ। আর পক্ষে ভোট পড়ে মাত্র ৮টি। ৪৫ দেশ তাদের ভোটদানে বিরত ছিল। সূত্র: যুগান্তর



- **উদ্বোধন হলো ফুটবল বিশ্বকাপ ॥** রাশিয়ার মস্কোয় লুঝনিকি স্টেডিয়ামে উদ্বোধন করা হলো ২০১৮ ফিফা বিশ্বকাপ ফুটবলের। উদ্বোধন ঘোষণা করেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: কালের কণ্ঠ
- **যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গ নারী মেয়র নির্বাচিত ॥** যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো অঙ্গরাজ্যের ইতিহাসে এই প্রথমবার কোনো কৃষ্ণাঙ্গ নারী জনগণের ভোটে মেয়র নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ জুন, শুক্রবার**

- **বাড্ডায় গুলিতে নিহত আওয়ামী লীগ নেতা ॥** রাজধানীর বাড্ডা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফরহাদ আলী শুক্রবার সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ট্রেনে কাটা পড়ে বাবা ও দুই মেয়ের মৃত্যু ॥** নরসিংদীতে চলন্ত ট্রেনের সঙ্গে সেলফি তুলতে গিয়ে রেলের নিচে কাটা পড়ে বাবাসহ দুই মেয়ের মর্মান্তিক মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৬ জুন, শনিবার**

- **প্রধানমন্ত্রীর ইদ শুভেচ্ছা বিনিময় ॥** গণভবনে ইদুলফিতর উদযাপনকালে সমাজের সর্বস্তরের মানুষের সঙ্গে ইদের শুভেচ্ছা বিনিময় করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গুলিতে বিজয় ত্রিপুরা নিহত ॥** খাগড়াছড়ির পানছড়ি উপজেলায় শনিবার দুর্বৃত্তের গুলিতে পার্বত্য চট্টগ্রাম যুব সমিতির সদস্য বিজয় ত্রিপুরা নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইদের জামাতে আইএসের হামলা ॥** আফগানিস্তানে ইদের জামাতে আইএসের হামলায় শিশুসহ ২৬ জন মুসল্লি নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গুলিবিদ্ধ হয়ে ভারতীয় সাংবাদিকের মৃত্যু ॥** নিজ বাসভবনে দুর্বৃত্তের হামলায় গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন ভারতের বিশিষ্ট সাংবাদিক সাপ্তাহিক লঙ্কেশ পত্রিকার সম্পাদক গৌরী লঙ্কেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোনালদোর হ্যাটট্রিক, মেসির পেনাল্টি মিস ॥** বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে ক্রিশ্চিয়ানো রোনালদো হ্যাটট্রিক করেছেন, আর লিওনেল মেসি করেছেন পেনাল্টি মিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৭ জুন, রোববার**

- **১০ ট্রাক অস্ত্র মামলার গুরুত্বপূর্ণ সাক্ষীর মৃত্যু ॥** ২০০৪ সাল থেকে দেশব্যাপী বহুল আলোচিত চট্টগ্রামের আদালতে চলমান ১০ ট্রাক অস্ত্র মামলার গুরুত্বপূর্ণ সাক্ষী ইনসপেক্টর হেলালউদ্দিন ভূঁইয়া রোববার এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অঘটনের জন্ম দিল মেক্সিকো ॥** মস্কোয় বিশ্বচ্যাম্পিয়ন জার্মানিকে ১-০ গোলে হারিয়ে এবারের আসরের সবচেয়ে বড়ো অঘটনের জন্ম দিল মেক্সিকো। সূত্র: যুগান্তর

**১৮ জুন, সোমবার**

- **খালেদা জিয়ার চিকিৎসার বিষয়ে সরকার আন্তরিক ॥** সোমবার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু জানান, খালেদা জিয়ার চিকিৎসার বিষয়ে সরকার পুরোপুরি আন্তরিক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অস্ট্রেলিয়ায় জঙ্গি সন্দেহে বাংলাদেশি গ্রেফতার ॥** সিডনিতে জঙ্গিবাদে জড়িত সন্দেহে বাংলাদেশি বংশোদ্ভূত এক যুবককে গ্রেফতার করেছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৯ জুন, মঙ্গলবার**

- **তিন জাতীয় অধ্যাপক নিয়োগ ॥** জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ পেলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক ড. আনিসুজ্জামান ও ড. রফিকুল ইসলাম এবং বুয়েটের সাবেক অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গভবনে রাষ্ট্রপতি মো.আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় প্রধানমন্ত্রী সাম্প্রতিক সৌদি আরব, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, ভারত ও কানাডা সফর সম্পর্কে তাঁর অভিজ্ঞতা রাষ্ট্রপতিকে অবহিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রীর ইদ শুভেচ্ছা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের গণতন্ত্র এখন সুরক্ষিত। দেশ এখন যে কোনো দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা অর্জন করেছে। দেশের অর্থনীতি এখন সুদৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়ে। পবিত্র ইদুলফিতরের দিন গণভবনে দলীয় নেতাকর্মী, পেশাজীবী, বিচারক এবং বিদেশি কূটনীতিকসহ সর্বস্তরের



মানুষের সঙ্গে ইদের শুভেচ্ছা বিনিময়ের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

- **আজিজ আহমেদ নতুন সেনাপ্রধান ॥** লেফটেন্যান্ট জেনারেল আজিজ আহমেদকে জেনারেল হিসেবে পদোন্নতি দিয়ে সেনাপ্রধান নিয়োগ দিয়েছে সরকার। রাষ্ট্রপতির আদেশক্রমে সোমবার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব মো. আবু বকর সিদ্দিক স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গা প্রত্যাবাসনে বিশ্ববাসীর প্রতি আহ্বান ॥** জাতীয় প্রেস ক্লাবের সামনে মঙ্গলবার বিশ্ব শরণার্থী দিবস পালন উপলক্ষ্যে সুশীলসমাজ আয়োজিত এক মানববন্ধন কর্মসূচিতে বাংলাদেশে আগত/আশ্রিত রোহিঙ্গা শরণার্থীদের দ্রুত ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের দাবিতে বিশ্ববাসীর প্রতি আহ্বান জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নাজিব রাজাকের বিরুদ্ধে অর্থ পাচারের অভিযোগ ॥** রাষ্ট্রীয় বিনিয়োগ তহবিল থেকে অর্থ পাচারসহ বিভিন্ন অভিযোগে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাকের বিরুদ্ধে তদন্ত করছে দেশটির সরকার। সূত্র: যুগান্তর

**২০ জুন, বুধবার**

- **নারী ক্রিকেটারদের প্রধানমন্ত্রীর সংবর্ধনা ॥** এশিয়া কাপ টি ২০ ক্রিকেট টুর্নামেন্টে বিজয়ী নারী ক্রিকেটারদের সংবর্ধনা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী বলেন, এশিয়া কাপ টি ২০ টুর্নামেন্টে আমাদের নারী দলের খেলোয়াড়রা যেভাবে নৈপুণ্য দেখিয়েছেন, সেভাবে ভবিষ্যতেও যেন তারা তাদের সাফল্য অব্যাহত রাখে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নারী ক্রিকেটারদের পাশে থাকার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী খেলোয়াড়সহ দলের সবাইকে দুই কোটি টাকা পুরস্কার প্রদান করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘ মানবাধিকার পরিষদ 'রাজনৈতিক পক্ষপাতিত্বের নর্দমা'- ঘোষণা যুক্তরাষ্ট্রের ॥** ইউনাইটেড নেশনস হিউম্যান রাইটস কাউন্সিলকে (ইউএনএইচআরসি) 'রাজনৈতিক পক্ষপাতিত্বের নর্দমা' আখ্যায়িত করে সেখান থেকে নিজেদের প্রত্যাহার করে নেওয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: প্রথম আলো

- **৩০ আফগান সৈন্য নিহত ॥** আফগানিস্তানের পশ্চিমাঞ্চলের বাদগিস প্রদেশে সেনা চৌকিতে বেপরোয়া তালেবান হামলায় আইনশৃঙ্খলা বাহিনীর ৩০ সদস্য নিহত হয়েছেস। সূত্র: প্রথম আলো

**২১ জুন, বৃহস্পতিবার**

- **একনেকে ১৪ প্রকল্প অনুমোদন ॥** একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বৃহস্পতিবার অনুষ্ঠিত একনেক বৈঠকে ১৪টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৯৯৯-এর সুফল ॥** গৃহকর্ত্রীর লাগাতার নির্মম নির্যাতন সইতে না পেরে রাজধানীর ইস্কাটন গার্ডেনে একাকী ১১ তলা ভবন থেকে প্লাস্টিকের পাইপ বেয়ে নিচে নেমে নিজেই নিজের জীবন বাঁচাল ১২ বছর বয়সি শিশু গৃহকর্মী শাওন। স্থানীয় এক ব্যক্তি স্বতঃপ্রণোদিত হয়ে জরুরি সেবা '৯৯৯'-এ ফোন দিয়ে বিষয়টি পুলিশের নজরে আনলে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে কিশোরীকে উদ্ধার এবং এক নারীসহ তিনজনকে আটক করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিখোঁজ ২০০ সেনার দেহাবশেষ ফিরিয়ে দিল উত্তর কোরিয়া ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার দেশটির মিনেসোটা অঙ্গরাজ্যের ডুলুশে এক জনসমাবেশে ভাষণদানকালে জানিয়েছেন, কোরীয় যুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের যে ২০০ বীরসেনা নিখোঁজ হয়েছিলেন, তাঁদের দেহাবশেষ ফেরত দিয়েছে উত্তর কোরিয়া। ওই জনসভায় ট্রাম্প বলেন,আমরা আমাদের নিহত বীরসেনাদের ফেরত পেয়েছি। সূত্র: সমকাল

**২২ জুন, শুক্রবার**

- **তিন সিটিতে মেয়র প্রার্থী মনোনয়ন ॥** আসন্ন তিন সিটি করপোরেশন নির্বাচনে রাজশাহীতে মহানগর আওয়ামী লীগ সভাপতি ও সাবেক মেয়র এইচ খায়রুজ্জামান লিটন, বরিশালে মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এবং সিলেটের সাবেক মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি বদরউদ্দিন আহমেদ কামরানকে মেয়র প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **আর্জেন্টিনার পরাজয় ॥** বিশ্বকাপ ফুটবলে সাবেক চ্যাম্পিয়ন আর্জেন্টিনাকে ৩ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে উঠল ক্রোয়েশিয়া। সূত্র: যুগান্তর
- **এপিএমএল ছাড়তে বাধ্য হলেন পারভেজ মোশাররফ ॥** নিজের হাতে গড়া দল 'অল পাকিস্তান মুসলিম লীগ (এপিএমএল)'-এর দলীয় প্রধানের দায়িত্ব ছাড়তে বাধ্য হলেন পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৩ জুন, শনিবার**

- **আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা ॥** আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ভোটে জিততে হলে জনগণের মন জয় করেই জিততে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিজস্ব ভবনে আওয়ামী লীগ ॥** প্রায় তিন দশক পর নিজস্ব ভবনে উঠল বাংলাদেশ আওয়ামী লীগ। দলের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে ১০ তলা ভবন হলো আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **একদিনে সড়কে ঝরল ৪৪ প্রাণ ॥** দেশের বিভিন্ন সড়কে পৃথক দুর্ঘটনায় মারা গেল ৪৪ জন। এর মধ্যে শুধু গাইবান্ধা জেলার পলাশবাড়ীতেই যাত্রীবাহী বাস উলটে নিহত হন ১৮ জন। এ দুর্ঘটনায় আহত হন নারী-পুরুষসহ ৩৮ যাত্রী। একই দিন দেশের অন্যান্য জেলায় আরও কয়েকটি পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে কমপক্ষে ২৬ জন। এসব দুর্ঘটনায় আহতের সংখ্যা অন্তত একশ। সূত্র: সমকাল

**২৪ জুন, রোববার**

- **আঞ্চলিক যোগাযোগ জোরদার করার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেপালের নবনিযুক্ত রাষ্ট্রদূত ড. চোপলাল ভূশালের সঙ্গে সৌজন্য সাক্ষাতে দক্ষিণ এশীয় দেশগুলোর মধ্যে যোগাযোগ জোরদার করার ওপর অধিক গুরুত্বারোপ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ওএফআইডি পুরস্কার ॥** রোহিঙ্গাদের সহায়তায় এগিয়ে আসার জন্য ওএফআইডি (ওপেক ফান্ড ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট) পুরস্কার পেল ব্র্যাক। সূত্র: যুগান্তর

➢ **ভূমধ্যসাগরে ডুবে ৩৫ বাংলাদেশির মৃত্যু ॥** অবৈধ পথে ইউরোপে প্রবেশের চেষ্টাকালে ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ৩৫ বাংলাদেশির মর্মান্তিক মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **রিসেপ তাইপ এরদোগান ফের তুরস্কের প্রেসিডেন্ট ॥** দেড় দশকের শাসনে এবার সবচেয়ে বড়ো নির্বাচনি চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিলেন রিসেপ তাইপ এরদোগান। তুরস্কে অনুষ্ঠিত প্রেসিডেন্ট ও পার্লামেন্ট নির্বাচনে ব্যাপক ভোটে জয়ী হয়েছেন ক্ষমতাসীন প্রেসিডেন্ট রিসেপ তাইপ এরদোগান। সূত্র: যুগান্তর

**২৫ জুন, সোমবার**

➢ **সড়ক দুর্ঘটনা রোধে প্রধানমন্ত্রীর পাঁচ নির্দেশনা ॥** সড়ক দুর্ঘটনা রোধে ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ লক্ষ্যে তিনি পাঁচটি নির্দেশনা দিয়েছেন। নির্দেশনাগুলো হচ্ছে—দূরপাল্লার যাত্রায় থাকবে বিকল্প ড্রাইভার, একজন পাঁচ ঘণ্টার বেশি গাড়ি চালাবেন না, দূরযাত্রায় চলার পথে থাকবে বিশ্রামাগার, রাস্তা পারাপারের সুষ্ঠু ও নিরাপদ ব্যবস্থা এবং চালক ও সহকারীদের জরুরি প্রশিক্ষণের ব্যবস্থা। সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে সড়ক ও মহাসড়কে দুর্ঘটনা প্রতিরোধে উপরোল্লিখিত নির্দেশনাগুলো দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: প্রথম আলো

➢ **তুরস্কের প্রেসিডেন্ট এরদোগানকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার পৃথক বার্তায় রিসেপ তাইপ এরদোগান তুরস্কের প্রেসিডেন্ট পুনর্নির্বাচিত হওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নয়া সেনাপ্রধানের দায়িত্ব গ্রহণ ॥** বাংলাদেশ সেনাবাহিনীর নতুন প্রধান হিসেবে দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল আজিজ আহমেদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৬ জুন, মঙ্গলবার**

➢ **প্রতিবেশীদের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবেশীদের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা রক্ষার



ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এর মাধ্যমে এই অঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত হবে। বাংলাদেশে শ্রীলঙ্কার নবনিযুক্ত হাইকমিশনার জেনারেল এডব্লিউজেসি ডি সিলভা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **১৬ হাজার কোটি টাকার ১৪ প্রকল্প অনুমোদন ॥** শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ১৬ হাজার ১৪৭ কোটি টাকা ব্যয়ে ১৪টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **গাসিক মেয়র জাহাঙ্গীর ॥** গাজীপুর সিটির মেয়র নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগ প্রার্থী মো. জাহাঙ্গীর আলম। তিনি বিপুল ভোটের ব্যবধানে প্রধান প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী হাসানউদ্দিন সরকারকে হারান। সূত্র: দৈনিক জনকণ্ঠ ।

➢ **গাসিক নির্বাচন নিয়ে রিজভীর অভিযোগ ॥** গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে ভোটকেন্দ্র দখল, এজেন্টদের বের করে দেওয়া এবং গণগ্রেফতারসহ নানা অনিয়মের অভিযোগ করেছেন বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ইসির সন্তুষ্টি ॥** গাজীপুরের নির্বাচনে পালটাপালটি অভিযোগ এবং ছোটো ছোটো কিছু অঘটন সত্ত্বেও বড়ো ধরনের কোনো সহিংসতা না ঘটায় নির্বাচন কমিশন এই নির্বাচনে সন্তুষ্টি প্রকাশ করেছে। ইসি সূত্রে বলা হয়েছে, গাজীপুর সিটি নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মার্কিন নিষেধাজ্ঞায় মাথা নত করবে না ইরান ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চাপিয়ে দেওয়া অর্থনৈতিক নিষেধাজ্ঞায় ইরান মাথা নত করবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট হাসান রুহানি। মঙ্গলবার টেলিভিশনে সম্প্রচারিত এক ভাষণে তিনি বলেছেন, নতুন মার্কিন নিষেধাজ্ঞা মোকাবিলার সক্ষমতা তাঁর সরকারের রয়েছে। তাই ট্রাম্পের চাপের কাছে মাথান ত করবে না রুহানি। সূত্র: যুগান্তর

**২৭ জুন, বুধবার**

➢ **অগ্রযাত্রা যেন থেমে না যায় ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের চলমান অগ্রযাত্রা যেন থেমে না গিয়ে অব্যাহত থাকে সেজন্য দেশবাসীর প্রতি

আহ্বান জানিয়েছেন। জাতীয় সংসদে বাজেট আলোচনার সমাপনী ভাষণে শেখ হাসিনা আশা প্রকাশ করে বলেন, আমরা চাই সাফল্যের ধারা অব্যাহত রাখতে। আর এজন্য সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে এবং দেশের উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **জীবনযাত্রার মানোন্নয়নে চাই দীর্ঘমেয়াদি পরিকল্পনা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘনবসতিপূর্ণ বাংলাদেশের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, বাংলাদেশ একটি বদ্বীপ অঞ্চল, এখানে জনসংখ্যার ঘনত্ব খুব বেশি। এ জন্য জনগণের জীবনযাত্রার আরও বেশি মানোন্নয়নে আমাদের সুদূরপ্রসারী পরিকল্পনা প্রয়োজন। তিনি সকালে তাঁর কার্যালয়ে বাংলাদেশ ডেল্টা প্ল্যান- ২১০০-এর চূড়ান্ত খসড়া উপস্থাপন অনুষ্ঠানে এই অভিমত প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাবলিক বিশ্ববিদ্যালয়ের বাজেট অনুমোদন ॥** পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৪,৬৪৩.৫০ কোটি টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ বাজেট অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সরকারি চাকরির বয়স বৃদ্ধি ও অবসর ॥** সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর ও অবসরের বয়সসীমা ৬৫ বছর করার সুপারিশ করেছে জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। একই সঙ্গে এই সুপারিশ বাস্তবায়নে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রণালয়কে বলা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিনিয়োগ ও কর্মসংস্থানে সংসদে বিরোধীদলীয় নেতার গুরুত্বারোপ ॥** প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধীদলীয় নেতা বেগম রওশন এরশাদ দেশকে এগিয়ে নিতে ব্যাপক বিনিয়োগ ও কর্মসংস্থানের ওপর অধিক গুরুত্বারোপ করে বলেছেন, দেশে দিনে দিনে শিক্ষিত বেকার বেড়েই চলেছে। তিনি বলেন, অবিলম্বে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে না পারলে মাদকের ছোবল থেকে যুবসমাজকে রক্ষা করা যাবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **জাতির পিতার সমাধিতে নয়া সেনাপ্রধানের শ্রদ্ধা ॥** গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা জানালেন নবনিযুক্ত সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ। সকাল সোয়া ১০টায় জেনারেল আজিজ জাতির পিতার সমাধিবেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ জুন, বৃহস্পতিবার**

- **প্রধানমন্ত্রীকে এসএমএস পাঠিয়ে স্কুলভবনের অনুমোদন লাভ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার মোবাইল ফোনে সরাসরি এসএমএস পাঠিয়ে মাত্র চার কর্মদিবসে দাবি অনুযায়ী একটি স্কুলভবনের অনুমোদন পেল ফেনী জেলার রতনপুরবাসী। এর ফলে উক্ত এলাকার মানুষের দীর্ঘ কয়েক বছরের প্রতীক্ষার অবসান ঘটল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাজেট-উত্তর নৈশভোজে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রদত্ত বাজেট-উত্তর নৈশভোজে যোগ দেন। রাত ৮টা ১০ মিনিটে প্রধানমন্ত্রী অনুষ্ঠানস্থলে পৌঁছলে অর্থমন্ত্রী তাঁকে অভ্যর্থনা জানান। পরে শেখ হাসিনা অর্থমন্ত্রীকে সঙ্গে নিয়ে অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধান বিচারপতির আদেশ ॥** রেজিস্ট্রার জেনারেলকে না জানিয়ে বিচারকরা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। প্রধান বিচারপতির আদেশক্রমে জারি করা এক প্রজ্ঞাপনে এ কথা বলা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৪ হাজার ৫৬ কোটি টাকা অনুদান দেবে বিশ্বব্যাংক ॥** নির্যাতিত হয়ে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের সহায়তা করার জন্য বাংলাদেশকে ৪ হাজার ৫৬ কোটি টাকা অপরিশোধযোগ্য অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শাহজাহান বাচ্চু হত্যার প্রধান আসামি বন্দুকযুদ্ধে নিহত ॥** মুন্সীগঞ্জে মুক্তমনা লেখক-প্রকাশক শাহজাহান বাচ্চু হত্যার প্রধান আসামি আবদুর রহমান পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নিহত হয়েছে। গ্রেফতারের তিনদিনের মাথায় বুধবার রাত একটার দিকে সিরাজদিখান উপজেলার খাসমহল বালুচরে এই বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **অনশনরত ৮৭ শিক্ষক অসুস্থ ॥** জাতীয় প্রেস ক্লাবের সামনে এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত শিক্ষকদের অনশন কর্মসূচি অব্যাহত। সরকারের পক্ষ থেকে কোনো রকমের আশ্বাস না পাওয়ায় শিক্ষকদের অনশন চলছে। ফলে আন্দোলনকারী ৮৭ জন শিক্ষক অসুস্থ হয়ে পড়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **যুক্তরাষ্ট্রে পত্রিকা অফিসে বন্দুকধারীর হামলা, সাংবাদিকসহ নিহত পাঁচ** ॥ বিকালে যুক্তরাষ্ট্রের ম্যারিল্যান্ড অঙ্গরাজ্যের রাজধানী আনাপলিসে 'ক্যাপিটাল গেজেট' নামে একটি পত্রিকা অফিসের বার্তাকক্ষে ঢুকে এক বন্দুকধারী নির্বিচার গুলি চালালে চার সাংবাদিকসহ পাঁচজন নিহত হন। সূত্রঃ কালের কণ্ঠ

**২৯ জুন, শুক্রবার**

➢ **ইদে সড়ক রেল ও নৌপথে দুর্ঘটনা ॥** পবিত্র ইদুল ফিতরের ছুটিতে দেশের বিভিন্ন স্থানে সড়ক-মহাসড়কে ২৭৭টি দুর্ঘটনায় ৩৩৯ জন নিহত এবং এক হাজার ২৬৫ জন আহত হয়েছে। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির এক রিপোর্টে বলা হয়েছে, ইদের আগে ও পরে ছুটি চলাকালে সারাদেশে সড়ক, রেল ও নৌপথে সম্মিলিতভাবে ৩৩৫টি দুর্ঘটনায় মোট ৪০৫ জন নিহত এবং এক হাজার ২৭৪ জন আহত হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **আয়ারল্যান্ডে ইতিহাস গড়ল বাংলাদেশের নারী ক্রিকেট দল ॥** বাংলাদেশ-আয়ারল্যান্ড নারী ক্রিকেট সিরিজ জিতল বাংলাদেশ। প্রথম টি-২০তে ৪ উইকেটে জেতার পর দ্বিতীয় টি-২০তেও ৪ উইকেটে জিতল বাংলাদেশ নারী ক্রিকেট দল। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**৩০ জুন, শনিবার**

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে মেয়র এবং কাউন্সিলরদের সাক্ষাৎ ॥** গাজীপুরের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলররা গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, গাজীপুরে প্রমাণিত হয়েছে আওয়ামী লীগ একতাবদ্ধ থাকলে যা চায়, তা-ই করতে পারে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **কোটা আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগের হামলা ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোটা বাতিলের প্রজ্ঞাপন জারির দাবিতে কোটা সংস্কার আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগ নামধারী একশ্রেণির উচ্ছৃঙ্খল যুবক হামলা চালিয়েছে। হামলাকারীরা ঢাবি গ্রন্থাগারে ঢুকে আন্দোলনকারীদের খুঁজে খুঁজে ধরে মারধর করে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



➢ **রোনালদো-মেসিবিহীন বিশ্বকাপ ॥** প্রথমে লিওনেল মেসি এবং মাত্র এক ঘণ্টা পর ক্রিশ্চিয়ানো রোনালদো-মেসি হারলেন এমবাপ্পের কাছে, আর রোনালদোকে হারাল কাভানি। ফ্রান্সের কাছে আর্জেন্টিনা ৪-৩ গোলে হারার ঘণ্টাখানেক বাদেই পতুগালও বিদায় নিল উরুগুয়ের কাছে ২-১ গোলে হেরে। সূত্রঃ সমকাল

## জুলাই-২০১৮

**১ জুলাই, রোববার**

➢ **মিয়ানমারকে আরও চাপ দিতে জাতিসংঘের তাগিদ ॥** রোহিঙ্গা সংকট মোকাবিলায় বাংলাদেশকে দেওয়া সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস এবং বিশ্বব্যাংক প্রেসিডেন্ট জিম ইয়ং কিম। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে তাঁরা ১০ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ায় বাংলাদেশের মহানুভবতার প্রশংসা করেন এবং এ বিষয়ে বিশ্ব সম্প্রদায় বাংলাদেশের পাশে রয়েছে বলে প্রশংসা করেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত ॥** যশোরে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে দুই পাইলট নিহত হয়েছে। নিহতরা হলেন স্কোয়াড্রন লিডার মো. সিরাজুল ইসলাম এবং স্কোয়াড্রন লিডার এনায়েত কবির পলাশ। সূত্রঃ কালের কণ্ঠ

➢ **গাইবান্ধায় বজ্রপাতে মা ও ছেলের মৃত্যু ॥** জেলার সাদুল্লাপুর উপজেলার ভাতগ্রাম ইউনিয়নের দক্ষিণ সন্তোলা গ্রামে বজ্রপাতে মা ও ছেলেসহ তিনজনের মৃত্যু হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **প্রবীণ সাংবাদিক নিয়ামত হোসেনের মৃত্যু ॥** চলে গেলেন আরেক প্রবীণ সাংবাদিক নিয়ামত হোসেন। দীর্ঘদিন রোগ-ভোগের পর তিনি মারা যান। তিনি দুই বাংলার অন্যতম জনপ্রিয় ছড়াকার হিসেবেও সুপরিচিত। নিয়ামত হোসেন দেশের একজন খ্যাতিমান সাংবাদিক,

কলামিস্ট ও ছড়াকার। বিশেষ করে রম্যরচনায় তিনি ছিলেন সিদ্ধহস্ত। তাঁর সর্বশেষ কর্মস্থল ছিল দৈনিক জনকণ্ঠ। তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **চলে গেলেন ড. শরিফুল ইসলাম ॥** দেশের বিশিষ্ট লিপিবিশারদ, মুদ্রা তাত্ত্বিক ও গবেষক ড. শরিফুল ইসলাম (৪৮) আর নেই। দীর্ঘদিন ক্যান্সারে ভোগার পর রোববার রাতে তিনি নিজ বাসায় ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দিল্লির একই বাড়িতে ১১ জনের লাশ ॥** ভারতের রাজধানী দিল্লির একটি বাড়ি থেকে একই পরিবারের ১১ জনের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার সকালে উত্তর দিল্লির বুরারি এলাকার একটি বাড়িতে এই মৃতদেহগুলো পাওয়া যায়। তাদের মধ্যে ১০ জনের দেহ সিলিংয়ের লোহার গ্রিলে ঝুলন্ত অবস্থায় এবং একজনের দেহ মেঝেতে শায়িত অবস্থায় পাওয়া যায়। দিল্লি পুলিশ জানিয়েছে, মৃতদেহগুলোর বেশির ভাগের চোখ-মুখ ও দুহাত পেছনের দিকে বাঁধা ছিল। সূত্র: যুগান্তর

**২ জুলাই, সোমবার**

- **কোটা সংস্কার বাতিল সংক্রান্ত কমিটি গঠন ॥** মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমকে আহ্বায়ক করে সরকারি চাকরিতে কোটা সংস্কার বাতিল সংক্রান্ত সাত সদস্যের একটি কমিটি গঠন করেছে সরকার। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ কমিটি গঠন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ধর্ষণ মামলায় শিক্ষকের যাবজ্জীবন কারাদণ্ড ॥** ধর্ষণ মামলায় আবদুল মোতালেব নামে এক শিক্ষকের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩ জুলাই, মঙ্গলবার**

- **চলে গেলেন ভাষাসংগ্রামী ড. হালিমা খাতুন ॥** মাতৃভাষার মর্যাদা রক্ষার আন্দোলনে শঙ্কাহীনচিত্তে বায়ান্নর একুশে ফেব্রুয়ারি তিনি নেমেছিলেন রাজপথে। মৃত্যুভয়কে উপেক্ষা করে সংগঠিত করেছিলেন ছাত্রীদের। নারীদলের অগ্রণী সদস্য হিসেবে মিছিল করে ভেঙে ছিলেন ১৪৪ ধারা। নিয়তির পথরেখায় প্রিয় পৃথিবী ছেড়ে চলে গেলেন সেই সাহসী ভাষাসংগ্রামী ও শিশু সাহিত্যিক ড. হালিমা খাতুন (৮৫)। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **কোটা সংস্কার, উদ্বিগ্ন অভিভাবক সমাজ ॥** কোটা সংস্কার আন্দোলনের শিক্ষার্থীদের ওপর হামলা, গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদে জাতীয় প্রেস ক্লাবের সামনে 'উদ্বিগ্ন অভিভাবক ও নাগরিক সমাজ'-এর মানববন্ধনে পুলিশের বাধা। এ সময় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ দুজনকে আটক করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিশ্বকাপের শেষ আটে সুইডেন ও ইংল্যান্ড ॥** চরম নাটকীয়তার মধ্য দিয়েই শেষ হয়েছে চলতি রাশিয়া বিশ্বকাপের দ্বিতীয় রাউন্ড। মস্কোয় শেষ ষোলোর শেষ ম্যাচে উত্তেজনায় ঠাসা খেলায় টাইব্রেকারে ৪-৩ গোলে কলম্বিয়াকে হারিয়ে শেষ দল হিসেবে কোয়ার্টার ফাইনালে ওঠে ইংল্যান্ড। এর আগের দিন সেন্টপিটার্সবার্গে প্রথম ম্যাচে এমিল ফর্সবার্গের গোলে সুইজারল্যান্ডকে ১-০ গোলে হারিয়ে দীর্ঘ ২৪ বছর পর কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করে সুইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাক গ্রেফতার ॥** রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ তহবিল (অর্থ) আত্মসাতে জড়িত থাকার অভিযোগে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাককে গ্রেফতার করেছে দেশটির পুলিশ। সূত্র: প্রথম আলো

**৪ জুলাই, বুধবার**

- **২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সই ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার তেজগাঁও কার্যালয়ে সব মন্ত্রণালয় ও বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অনুষ্ঠানে ২০৪১ সালের মধ্যে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে সরকারি কর্মচারীদের কাছে মাঠপর্যায়ে প্রাপ্ত অভিজ্ঞতা এবং চিন্তাভাবনা কর্মপরিকল্পনায় সন্নিবেশের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে বলেন, দেশি-বিদেশি নানা চ্যালেঞ্জ মোকাবিলা করে উন্নয়ন অগ্রগতি আর সমৃদ্ধির পথে হাঁটছে আমাদের আজকের বাংলাদেশ। আমরা আজ উন্নয়নশীল দেশের কাতারে শামিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দৈনিক ইত্তেফাক সম্পাদক হলেন তাসমিমা হোসেন ॥** দেশের প্রাচীন ও ঐতিহ্যবাহী খবরের কাগজ দৈনিক ইত্তেফাকের সম্পাদক হিসেবে

দায়িত্ব নিলেন সাবেক সংসদ সদস্য তাসমিমা হোসেন। ২০১৪ সাল থেকে তিনি পত্রিকাটির 'ভারপ্রাপ্ত সম্পাদক' হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **সৌদিতে সড়ক দুর্ঘটনায় ছয় বাংলাদেশি নিহত ॥** সৌদি আরবের জেদ্দায় সড়ক দুর্ঘটনায় অন্তত ছয় বাংলাদেশি নিহত হয়েছেন বলে স্থানীয় দূতাবাস সূত্রে জানা গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৫ জুলাই, বৃহস্পতিবার**

➢ **রাষ্ট্রপতির কাছে ছয় কূটনীতিকের পরিচয়পত্র পেশ ॥** বাংলাদেশে নিযুক্ত ক্রোয়েশিয়া ও ভেনিজুয়েলার রাষ্ট্রদূত এবং গায়না, নামিবিয়া, নাইজিরিয়া ও জাম্বিয়ার হাইকমিশনাররা বিকেলে বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের কাছে পৃথকভাবে তাঁদের পরিচয়পত্র পেশ করেছেন। এ সময় রাষ্ট্রপতি বলেন, সবার সঙ্গে দ্বিপক্ষীয় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে বৈদেশিক নীতি গুরুত্বপূর্ণ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পিজিআরের ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী ॥** ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পিজিআর সদস্যদের উদ্দেশে বলেন, ঊর্ধ্বতনের নির্দেশ মেনে শৃঙ্খলা বজায় রেখে কাজ করুন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নতুন রাষ্ট্রদূতকে বলেছেন, চলতি বছরের শেষের দিকে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হবে। ইইউর নতুন রাষ্ট্রদূত রেন্সজে তিরিঙ্ক বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **খুসিক মেয়রের শপথ গ্রহণ ॥** প্রধানমন্ত্রীর কার্যালয়ে খুলনা সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র তালুকদার আবদুল খালেক এবং কাউন্সিলরদের বৃহস্পতিবার শপথবাক্য পাঠ করান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী (এলজিআরডি) খন্দকার মোশাররফ হোসেন উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **গৃহবধূ হত্যায় স্বামীসহ ছয়জনের মৃত্যুদণ্ড ॥** যৌতুকের জন্য আগুনে পুড়িয়ে গৃহবধূকে হত্যার দায়ে বৃহস্পতিবার স্বামীসহ ছয়জনের মৃত্যুদণ্ডের রায় ঘোষণা করেছে ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৯। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ জুলাই, শুক্রবার**

➢ **২০২০-২০২১ সাল 'মুজিববর্ষ' ঘোষণা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে দলের নবনির্মিত ১০তলা কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদ ও কেন্দ্রীয় কমিটির যৌথসভায় ঘোষণা দেন, আগামী ২০২০-২১ সাল হবে 'মুজিববর্ষ'। ওই বছরকে তিনি সরকারিভাবে 'মুজিববর্ষ' হিসেবে পালনের ঘোষণা দিয়ে বলেন, তাহলে বঙ্গবন্ধুর ঋণ কিছুটা হলেও শোধ করতে সক্ষম হবে জাতি। প্রধানমন্ত্রী বলেন, ২০২০ সালের ১৭ মার্চ জাতির পিতার জন্মদিন থেকে মুজিববর্ষ শুরু হয়ে শেষ হবে ২০২১ সালের ২৬ মার্চ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুর্নীতির দায়ে নওয়াজ শরিফের জেল, সঙ্গে মেয়েও ॥** দুর্নীতির মামলায় পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট নওয়াজ শরিফকে ১০ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। একই সঙ্গে আদালত তার মেয়ে মরিয়ম নওয়াজকে দিয়েছে সাত বছরের সাজা। দুর্নীতির মাধ্যমে অর্জিত অর্থে লন্ডনে চারটি বিলাসবহুল বাড়ির মালিক হওয়ায় নওয়াজ শরিফকে এ সাজা দেওয়া হলো। সূত্র: সমকাল

➢ **বিশ্বকাপের সেমিফাইনালে উঠল বেলজিয়াম ও ফ্রান্স ॥** রাশিয়া বিশ্বকাপ ফুটবলে ব্রাজিলকে ২-১ এবং উরুগুয়েকে ২-০ গোলে হারিয়ে সেমিফাইনালে উঠল বেলজিয়াম ও ফ্রান্স। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ জুলাই, শনিবার**

➢ **সরকারি কর্মচারীদের জন্য ১০টি বহুতল ভবন উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর মতিঝিল এবং আজিমপুর সরকারি কলোনি এলাকায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা সংবলিত ১০টি বহুতল ভবন উদ্বোধন করেছেন। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিদ্যমান আবাসন সুবিধা ৮ শতাংশ থেকে বাড়িয়ে ৪০ শতাংশে উন্নীত করার অংশ হিসেবে সকালে

পৃথক অনুষ্ঠানের মাধ্যমে মতিঝিলে ৪টি ২০তলা ভবনে মোট ৫৩২টি এবং আজিমপুরে ৬টি ২০তলা ভবনে ৪৫৬টি ফ্ল্যাটের উদ্বোধন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **তৃণমূল নেতাদের উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের বর্ধিত সভায় ঢাকা, খুলনা, ময়মনসিংহ ও রংপুর বিভাগের তৃণমূল নেতাদের উদ্দেশে ভাষণদানকালে তাদেরকে আগামী নির্বাচন সামনে রেখে দলের দ্বন্দ্ব-কোন্দল দ্রুত নিরসন করে একতাবদ্ধভাবে এখন থেকেই জনগণের দ্বারে দ্বারে গিয়ে নৌকা মার্কায় ভোট চাওয়ার আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হাতিরঝিল থানার যাত্রা শুরু ॥** রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশে (ডিএমপি) আত্মপ্রকাশ করল আরও একটি নতুন থানা 'হাতিরঝিল থানা'। এটি ডিএমপির ৫০তম থানা। ফিতা কেটে ও পায়রা উড়িয়ে হাতিরঝিল থানার উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এমপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চিকিৎসায় অবহেলা, চাকরি হারালেন দুই চিকিৎসক ॥** চট্টগ্রামের সাংবাদিক রুবেল খানের মেয়ে রাইফা খানের মৃত্যুর পেছনে তিন চিকিৎসকের অবহেলা প্রমাণিত হওয়ায় দুই চিকিৎসককে চাকরিচ্যুত করল হাসপাতাল কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শেষ চারে ক্রোয়েশিয়া, সেমিতে ইংল্যান্ড ॥** শেষ হওয়ার পথে চলতি রাশিয়া বিশ্বকাপ। শনিবার রাতে অনুষ্ঠিত দুটি ম্যাচের মধ্য দিয়ে যবনিকাপাত ঘটল একবিংশ ফিফা বিশ্বকাপ ফুটবলের তৃতীয়পর্ব অর্থাৎ কোয়ার্টার ফাইনাল অধ্যায়ের। তৃতীয় কোয়ার্টার ফাইনালে ইংল্যান্ড ২-০ গোলে সুইডেনকে এবং চতুর্থ কোয়ার্টার ফাইনালে ক্রোয়েশিয়া টাইব্রেকারে ৪-৩ (২-২) গোলে রাশিয়াকে হারিয়ে নিশ্চিত করে নিজেদের সেমিফাইনালে খেলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাপানে টানা বর্ষণ, বন্যা ও ভূমিধসে ৫২ জনের মৃত্যু ॥** জাপানে কয়েকদিনের টানা বর্ষণ, বন্যা ও ভূমিধসে নারী-শিশু, বৃদ্ধসহ অন্তত ৫২ জনের মৃত্যু হয়েছে। দেশটির মধ্য ও পশ্চিমাঞ্চলজুড়ে হওয়া এই বর্ষণ, বন্যা ১৬ লাখের বেশি মানুষকে ঘরছাড়া করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক



**৮ জুলাই, রোববার**

- **সংসদে সপ্তদশ সংশোধনী বিল-২০১৮ পাস ॥** নারীদের জন্য জাতীয় সংসদে আসন সংরক্ষিত রাখার মেয়াদ আরও ২৫ বছর বাড়ল। মেয়াদ বৃদ্ধির এ প্রস্তাব সংবলিত সংবিধানের সপ্তদশ সংশোধনী বিল-২০১৮ জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৬ ॥** আজীবন সম্মাননা পুরস্কার পেলেন চিত্রনায়িকা ফরিদা আক্তার ববিতা ও 'মিয়া ভাই' খ্যাত চিত্রনায়ক আকবর হোসেন ফারুক। ২০১৬ সালে মুক্তিপ্রাপ্ত ছবিগুলোর মধ্যে সেরা কাজের জন্য ২৬টি বিভাগে মোট ৩১ জনের হাতে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের ক্রেস্ট, মেডেল ও চেক তুলে দেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী 'আমাদের দেশেও ভালো মানের ছবি হয়' উল্লেখ করে বিশ্বমানের ছবি বানাতে মনোযোগী হওয়ার জন্য শিল্পী-কলাকুশলীদের প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঝিনাইদহ ও ময়মনসিংহে বন্দুকযুদ্ধে তিন মাদক কারবারি নিহত ॥** ঝিনাইদহ ও ময়মনসিংহে পৃথক বন্দুকযুদ্ধে তিন মাদক কারবারি নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **থাইল্যান্ডের গুহায় রুদ্ধশ্বাস অভিযান, ৬ কিশোর উদ্ধার ॥** গত ২৩ জুন থাইল্যান্ডের গুহায় আটকে পড়ে ১২ কিশোর ফুটবলার ও তাদের কোচ। দুই সপ্তাহ পর এদিন কয়েক ঘণ্টার রুদ্ধশ্বাস অভিযানে ৬ জনকে উদ্ধার করা হয়েছে। সূত্র: সমকাল

**৯ জুলাই, সোমবার**

- **জাতীয় কৃষিনীতির খসড়া অনুমোদন ॥** কৃষিনীতিতে ন্যানো প্রযুক্তি ব্যবহারের বিধান রেখে মন্ত্রিসভার বৈঠকে 'জাতীয় কৃষিনীতি-২০১৮' এর খসড়া অনুমোদন করা হয়েছে। সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রীর আকস্মিক পদত্যাগ, সংকটে প্রধানমন্ত্রী থেরেসা মে ॥** প্রধানমন্ত্রী থেরেসা মের সঙ্গে মতদ্বৈততার কারণে ব্রেক্সিট মন্ত্রী ডেভিড ডেভিসের পদত্যাগের পর তার পদাঙ্ক অনুসরণ করে ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন আকস্মিকভাবে পদত্যাগ করেছেন। ২৪ ঘণ্টায় এ নিয়ে

তিনজন ব্রিটিশ মন্ত্রী পদত্যাগ করলেন। ফলে সংকটে পড়েছেন প্রধানমন্ত্রী থেরেসা মে। সূত্রঃ প্রথম আলো

- **ইউজিসির দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে নবনিযুক্ত তিন জাতীয় অধ্যাপকের অনুভূতি ॥** 'জাতীয় অধ্যাপক সম্মাননা আমার জীবনের সবচেয়ে বড়ো প্রাপ্তি। সারাজীবন শিক্ষকতা করে এই দেশকে যতটুকু দিয়েছি, এই দেশ ও শিক্ষা খাত আমাকে দিয়েছে তার চেয়ে আরও অনেক বেশি। তাই আমি সারা জীবন জাতীয় অধ্যাপকের মর্যাদা রক্ষা করে যেতে চাই। দেশের জন্য, দেশের মানুষের জন্য সারাজীবন কাজ করে যেতে চাই। যে সম্মান আজ পেলাম তা মাথায় তুলে নিলাম।' বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে এভাবেই নিজেদের অনুভূতি ব্যক্ত করলেন সদ্য নিয়োগপ্রাপ্ত তিন জাতীয় অধ্যাপক। তাঁরা হলেন–ইমেরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম, ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান ও অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ওরিয়েন্টাল ব্যাংকের সাবেক পাঁচ কর্মকর্তার কারাদণ্ড ॥** অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা মামলায় ওরিয়েন্টাল ব্যাংকের সাবেক পাঁচ কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করে আদালত তাদের প্রত্যেককে পাঁচ বছর করে কারাদণ্ডের আদেশ দিয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১০ জুলাই, মঙ্গলবার**

- **'বাংলা একাডেমি গ্রন্থাগার অনলাইন চালু' ॥** এখন থেকে পৃথিবীর যে কোনো প্রান্তে বসে www.library.banglaacademy.org.bd এই ওয়েব ঠিকানায় ক্লিক করে সরাসরি ই-বুক পড়া ও ডাউনলোড করা যাবে। বাংলা একাডেমি কর্তৃপক্ষ এই ওয়েবসাইট চালু করে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পুলিশ কর্মকর্তা খুন ॥** ঢাকা থেকে নিখোঁজ পুলিশ কর্মকর্তার লাশ গাজীপুরের একটি জঙ্গল থেকে উদ্ধার করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **অবশেষে জয় হলো জীবনের ॥** শ্বাসরুদ্ধকর ১৭ দিন পর অবশেষে স্বস্তি! থাইল্যান্ডের গুহায় আটকে পড়া কিশোর ফুটবল দলের কোচসহ সব সদস্যকে উদ্ধার করা হয়েছে। থাই নেভিসিল ব্রিটেন ও



অস্ট্রেলিয়াসহ কয়েকটি দেশের চৌকস ডুবুরিদের সমন্বয়ে গঠিত একটি টিম টানা তিন দিনের দুঃসাহসিক অভিযান চালিয়ে এদের গুহা থেকে বের করে আনে। অভিযানের শেষদিনে গুহায় ঢুকে সফল অভিযান চালিয়ে কিশোরদের সঙ্গে নিয়ে ডুবুরিদের ফিরে আসতে সময় লাগে **১১** ঘণ্টা। কিন্তু এই আনন্দ আর স্বস্তির মধ্যেই লুকায়িত আছে এক করুণ ইতিহাস। আটক কিশোরদের জন্য গুহার অভ্যন্তরে অক্সিজেন ট্যাঙ্ক দিয়ে ফিরে আসার পথে নিজের প্রাণ উৎসর্গ করেন সামান গুনান। এ ঘটনায় থাইল্যান্ডে তিনি বীরের খ্যাতি পেয়েছেন। সূত্রঃ সমকাল

**১১ জুলাই, বুধবার**

- **সিঙ্গাপুরের উদ্যোক্তাদের ৫০০ একর জমি দেওয়ার আশ্বাস প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরের বিনিয়োগকারীদের শিল্প স্থাপনের জন্য দেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ৫০০ একর জমি বরাদ্দ দেওয়ার আশ্বাস দিয়েছেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সিঙ্গাপুর ব্যবসায়ী ফোরাম (সিবিএফ) নেতারা তাঁর সঙ্গে দেখা করতে এলে তিনি এ প্রস্তাব দেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপের কোনো সুযোগ নেই ॥** মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপের কোনো সুযোগ নেই। সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি আরও বলেন, সুপ্রিমকোর্টের রায়ে রয়েছে 'এই মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ করতে হবে'। আর কোটা যদি পূরণ না হয়, তাহলে মেধা কোটা থেকে তা পূরণ করা যাবে। কিন্তু মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ বাধ্যতামূলক। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পিআইবি বিল-২০১৮' সংসদে পাস ॥** সাংবাদিকের সংজ্ঞা নির্ধারণ করে 'প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) বিল-২০১৮' সংসদে কণ্ঠভোটে পাস হয়েছে। পিআইবি মূলত ট্রেনিং ইনস্টিটিউট। বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান বা সংস্থার জনসংযোগ কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিকসহ বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের পেশাগত উন্নয়নে স্বল্প মেয়াদে বুনিয়াদি এবং কার্যকরী প্রশিক্ষণ, সনদ প্রদান ও সাংবাদিকতাবিষয়ক প্রকাশনাসহ সংশ্লিষ্ট আরও অনেক কাজ করে থাকে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **হলমার্ক গ্রুপের চেয়ারম্যান জেসমিনের কারাদণ্ড ॥** ঋণ কেলেঙ্কারির ঘটনায় আলোচিত হলমার্ক গ্রুপের চেয়ারম্যান জেসমিনকে তিন বছর কারাদণ্ড দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ জুলাই, বৃহস্পতিবার**

➢ **মুক্তিযোদ্ধা কোটা বাতিল সম্ভব নয় ॥** আদালতের রায়ের কারণে মুক্তিযোদ্ধা কোটা বাতিল সম্ভব নয় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, মুক্তিযোদ্ধাদের কোটা নিয়ে হাইকোর্টের রায়ে বলা হয়েছে, মুক্তিযোদ্ধাদের কোটা সংরক্ষিত থাকবে। তিনি আরও বলেন, আন্দোলনের নামে যারা ভিসির বাড়িতে হামলা ও ভাঙচুর করেছে তাদের গ্রেফতার করা হচ্ছে। দশম সংসদের ২১তম অধিবেশনের সমাপনী ভাষণে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে গিয়ে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দিল্লি থেকেই ফিরে যেতে হলো খালেদা জিয়ার ব্রিটিশ আইনজীবীকে ॥** ভিসা জটিলতার কারণে বুধবার রাতেই দিল্লি থেকে ফেরত গেলেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার ব্রিটিশ আইনজীবী লর্ড কার্লাইল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ জুলাই, শুক্রবার**

➢ **আওয়ামী লীগই এগিয়ে ॥** মার্কিন গবেষণা প্রতিষ্ঠান আইআরআইয়ের পর এবার আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান বিজনেস মনিটর ইন্টারন্যাশনাল রিসার্চের (বিএমআই) এক প্রতিবেদনে উঠে এসেছে বাংলাদেশের রাজনীতি ও আসন্ন সংসদ নির্বাচনের সম্ভাব্য বিভিন্ন দিক। আইআরআইয়ের মতো বিএমআইয়ের প্রতিবেদনেও বলা হয়েছে, জনসমর্থনে বিএনপির তুলনায় এগিয়ে রয়েছে আওয়ামী লীগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দেশে ফিরেই মেয়েসহ বন্দি হলেন নওয়াজ ॥** পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ ও তার মেয়ে মরিয়ম নওয়াজকে স্থানীয় সময় রাত ৮টা ৪৫ মিনিটে লাহোর আন্তর্জাতিক বিমানবন্দরে গ্রেফতার করা



হয়েছে। গ্রেফতারের পরপরই তাঁদের পাসপোর্ট বাজেয়াফত করা হয়। পরে একটি বিশেষ বিমানে তাঁদের রাজধানী ইসলামাবাদে নিয়ে যাওয়া হয়। সূত্র: সমকাল

➢ **পাকিস্তানে নির্বাচনি জনসভায় বোমা হামলায় নিহত ১৩২ ॥** ফের রক্তাক্ত হলো পাকিস্তান। নির্বাচনি জনসভায় দুটি পৃথক বোমা হামলায় প্রার্থীসহ ১৩২ জন নিহত হয়েছেন। নিহতদের একজন নির্বাচনের প্রার্থী। এ ঘটনায় আহত হয়েছেন দুই শতাধিক নারী-পুরুষ। দুটি বোমা হামলার একটি বেলুচিস্তানের কোয়েটায় এবং অপরটি আফগান সীমান্তের কাছে বান্নু এলাকায় ঘটে। সূত্র: যুগান্তর

➢ **ঢাকায় ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং ॥** বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে অংশ নেওয়ার জন্য তিনদিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায় এসেছেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৪ জুলাই, শনিবার**

➢ **পাবনার জনসভায় প্রধানমন্ত্রী ॥** পাবনায় জনসমাবেশে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় নৌকায় ভোট দেওয়ার জন্য দেশবাসীর কাছে উদাত্ত আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, আওয়ামী লীগ যদি আবার ক্ষমতায় আসে তাহলে প্রতিটি গ্রামকে নগরের মতো করে উন্নত করে দেব। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পরমাণু বিদ্যুৎকেন্দ্র নিয়ে উদ্বেগের কিছু নেই– প্রধানমন্ত্রী ॥** রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র সুরক্ষায় সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। এ নিয়ে উদ্বেগের কিছু নেই। পাবনার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় ইউনিট নির্মাণের কংক্রিট ঢালাই কাজ উদ্বোধনের পর প্রধানমন্ত্রী দেশবাসীকে এই আশ্বাসের কথা শোনান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে রুশ উপপ্রধানমন্ত্রীর সাক্ষাৎ ॥** সফররত রুশ উপপ্রধানমন্ত্রী ইউরি ইভোনভিচ বরিসভ রূপপুরে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে প্রধানমন্ত্রী রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে অব্যাহত সহযোগিতার জন্য রুশ সরকারকে ধন্যবাদ জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে রাজনাথ সিংয়ের বৈঠক–আঞ্চলিক সমস্যার সমাধান চায় বাংলাদেশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রতিবেশী দেশগুলোর সঙ্গে বাংলাদেশ সব সময় আলোচনার মাধ্যমে এ অঞ্চলের সব সমস্যার সমাধান করতে চায়। কারণ, অতীতে ভারতের সঙ্গে স্বাক্ষরিত স্থল সীমান্ত চুক্তিসহ বহু সমস্যার সমাধান আলোচনার মাধ্যমেই হয়েছে। সকালে সফররত ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **বাংলাদেশ-ভারত মৈত্রী ভবন এবং আইটি সেন্টার উদ্বোধন ॥** রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে বাংলাদেশ-ভারত মৈত্রী ভবন এবং আইটি সেন্টার উদ্বোধনকালে সফররত ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী রাজনাথ সিং বলেছেন, ভারত-বাংলাদেশ অস্থিতিশীলতা মোকাবিলায় সব সময় হাতে হাত মিলিয়ে চলেছে। তিনি বলেন, আমরা এই যুদ্ধে বাংলাদেশের পাশে আছি। এছাড়া, এদিন পৃথক কর্মসূচিতে রাজধানীর যমুনা ফিউচার পার্কে বিশ্বের সবচেয়ে বড়ো ভারতীয় ভিসা কেন্দ্রের উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও ভারতীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **বাছাইপর্বে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ক্রিকেট দল ॥** নারী টি ২০ বিশ্বকাপের বাছাইপর্বে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। বাছাইপর্বের ফাইনালে আয়ারল্যান্ড নারী দলকে ২৫ রানে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হয় সালমা বাহিনীর বাংলাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৫ জুলাই, রোববার**

➢ **বিশ্বকাপ ফ্রান্সের ॥** রাশিয়া বিশ্বকাপ ফাইনালে ক্রোয়েশিয়াকে ৪-২ গোলে হারিয়ে **১৯৯৮** সালের পর আবারও বিশ্বকাপের শিরোপা ঘরে তুলল ফ্রান্স। সূত্রঃ সমকাল

➢ **এসএসএফের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** সরকারপ্রধান হওয়ায় নিরাপত্তার কড়াকড়িতে জনগণের সঙ্গে যোগাযোগ যেন বিচ্ছিন্ন না হয়, সেদিকে দৃষ্টি দিতে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ফোর্সের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্রঃ দৈনিক ইত্তেফাক



➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে কেরি কেনেডির সৌজন্য সাক্ষাৎ ॥** সফররত রবার্ট এফ কেনেডি হিউম্যান রাইটস অ্যাডভোকেসি অর্গানাইজেশনের প্রেসিডেন্ট কেরি কেনেডি প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতে গেলে প্রধানমন্ত্রী বলেন, সরকার রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের সঙ্গে সংলাপ চালিয়ে যাচ্ছে, তবে নেপিদো এখন পর্যন্ত সম্পূর্ণরূপে অকার্যকর রয়েছে। তিনি বলেন, আমরা শান্তিপূর্ণভাবে এই সমস্যার সমাধান করতে চাই বলে মিয়ানমারের সঙ্গে সংলাপ চালিয়ে যাচ্ছি; কিন্তু মিয়ানমার সবকিছুতে রাজি থাকলেও দুর্ভাগ্যজনকভাবে তারা কোনো কিছুই করছে না। সূত্রঃ যুগান্তর

➢ **নারী ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন ॥** নারী টি ২০ বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করার জন্য বাংলাদেশ নারী ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**১৬ জুলাই, সোমবার**

➢ **রোহিঙ্গাদের উন্নত আবাসনের কাজ চলছে ॥** আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) মহাপরিচালক (ডিজি) উইলিয়াম ল্যাসি সুইং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী বলেছেন, রোহিঙ্গা শরণার্থীদের জন্য বাংলাদেশের পক্ষে যা যা করা দরকার তা করা হবে। তিনি বলেন, তাদের অন্যত্র স্থানান্তর করে উন্নত আবাসন ও অন্যান্য সুবিধা নিশ্চিত করতে কাজ চলছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **'মানসিক স্বাস্থ্য আইন-২০১৮' এর খসড়া অনুমোদন ॥** মানসিক অসুস্থতা নিয়ে উদ্দেশ্যপ্রণোদিতভাবে মিথ্যা বা ভুয়া সনদ দিলে জেল-জরিমানার বিধান রেখে 'মানসিক স্বাস্থ্য আইন-২০১৮' এর খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্রঃ প্রথম আলো

➢ **৩৮ বীরাঙ্গনাকে নারী মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিল জামুকা ॥** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৫৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী আরও ৩৮ জন বীরাঙ্গনাকে নারী মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়া হলো। ফলে তারা এখন সরকারের প্রচলিত নিয়ম অনুযায়ী মুক্তিযোদ্ধাদের সব সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন। সূত্রঃ কালের কণ্ঠ

- **ডিআইজি বরখাস্ত ॥** এক নারীকে জোর করে বিয়ে, তাকে অমানুষিক নির্যাতন এবং এক নারী সাংবাদিককে হুমকি দেওয়ার ঘটনায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার (ডিআইজি) মিজানুর রহমানকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- **পুতিনের সঙ্গে ট্রাম্পের বৈঠক ॥** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠককে 'শুভসূচনা' বলেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পুতিনের সঙ্গে দুই ঘণ্টার বৈঠকে বসেন ট্রাম্প। সূত্র: প্রথম আলো

**১৭ জুলাই, মঙ্গলবার**

- **ইলেকট্রনিক পদ্ধতিতে মুক্তিযোদ্ধাদের সম্মানিভাতা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে মুক্তিযোদ্ধাদের সম্মানিভাতা ইলেকট্রনিক পদ্ধতিতে সরাসরি তাঁদের ব্যাংক হিসাবে প্রদান কার্যক্রম উদ্বোধন করেন। সূত্র: সমকাল
- **মৌলভীবাজারের চার রাজাকারের মৃত্যুদণ্ড ॥** একাত্তরের মানবতাবিরোধী অপরাধ মামলায় মৌলভীবাজারের আকমল আলী তালুকদারসহ চার আসামিকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। চার আসামির বিরুদ্ধে দু'ধরনের অভিযোগ প্রমাণিত হয়েছে। একাত্তরে গণহত্যার প্রথম অভিযোগে চারজনের প্রত্যেককে মৃত্যুদণ্ড এবং হত্যা ও অপরাধ সংঘটনের দ্বিতীয় অভিযোগে তাদের প্রত্যেকের আমৃত্যু কারাদণ্ড দেওয়া হয়েছে। আসামিদের মধ্যে অবসরপ্রাপ্ত মাদ্রাসাশিক্ষক আকমল আলী তালুকদার বর্তমানে কারাবন্দি। বাকি তিন আসামি আবদুর নূর তালুকদার ওরফে লাল মিয়া (৬২), আনিছ মিয়া (৭৬) ও আবদুল মোছাব্বির পলাতক রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মাইক্রোতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ, নারীসহ নিহত তিন ॥** টাঙ্গাইলে অপহৃত নারীকে উদ্ধার করে ফেরার পথে মাইক্রোবাসের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে এক নারীসহ তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন তিন পুলিশ সদস্যসহ চারজন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**১৮ জুলাই, বুধবার**

- **'বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা-২০১৮ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও জাতীয় বৃক্ষমেলা-২০১৮'র উদ্বোধন ॥** 'বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা-২০১৮ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও জাতীয় বৃক্ষমেলা-২০১৮'র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু ও পরিবেশ রক্ষায় নিজেদেরই উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়ে বলেন, কারো মুখাপেক্ষী না হয়ে প্রকৃতির ভারসাম্য রক্ষায় নিজেরাই উদ্যোগী হোন। সূত্র: সমকাল
- **মৎস্য উৎপাদনে দেশ এখন বিশ্বে তৃতীয় ॥** জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থার সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী ২০১৮ সালে অভ্যন্তরীণ মৎস্য উৎপাদনে বাংলাদেশ বিশ্বে তৃতীয় অবস্থানে উন্নীত হয়েছে। 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৮' উপলক্ষ্যে মৎস্য ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **থেরেসা হত্যা পরিকল্পনায় নাইমুর দোষী সাব্যস্ত ॥** যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী থেরেসা মে হত্যা পরিকল্পনার অভিযোগে বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ তরুণ নাইমুর জাকারিয়া রহমান দোষী সাব্যস্ত হয়েছে। সূত্র: যুগান্তর
- **বগুড়ায় মুক্তিপণ না পেয়ে শিশু হত্যা ॥** বগুড়ায় পাঁচ লাখ টাকা মুক্তিপণ না পেয়ে ৮ বছরের শিশু রাকিবুল হাসান রিফাতকে হত্যা করল দুর্বৃত্তরা। জেলার শাহজাহানপুর উপজেলার ভদ্রাবতী নদী থেকে শিশু রাকিবুল হাসান রিফাতের অর্ধগলিত লাশ উদ্ধার করা হয়েছে। সূত্র: প্রথম আলো

**১৯ জুলাই, বৃহস্পতিবার**

- **ভল্টে রক্ষিত স্বর্ণের মান সম্পর্কিত জটিলতা সমাধানের নির্দেশ প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ব্যাংকের ভল্টে রক্ষিত স্বর্ণের মান নিয়ে সৃষ্ট জটিলতা দ্রুত সমাধান করার নির্দেশ দিয়েছেন কেন্দ্রীয় ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ডকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে এবার এইচএসসি পরীক্ষায় যে পদ্ধতি নেওয়া হয়েছে, তার প্রশংসা করে পুরো পরীক্ষার সময় কমিয়ে আনার কথা ভাবতে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সময় কমিয়ে আনতে পারলে শিক্ষার্থীদের যেমন পড়াশোনায় আরও বেশি মনোযোগী করা যাবে, তেমনই পরীক্ষা নিয়ে 'গুজব আর অপপ্রচারের' হাত থেকেও মুক্তি মিলবে। এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ পরামর্শ দেন। সূত্র: প্রথম আলো
- **নিলস অ্যানেনের সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৃঢ় আস্থা প্রকাশ করে বলেছেন, চলতি বছরের শেষদিকে নির্বাচন কমিশন দেশে একটি অংশগ্রহণমূলক অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ জাতীয় নির্বাচন অনুষ্ঠানে সক্ষম হবে। জার্মানির পররাষ্ট্রবিষয়ক প্রতিমন্ত্রী নিলস অ্যানেন দুপুরে প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হলে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হুমায়ূন আহমেদের মৃত্যুবার্ষিকী পালন ॥** পাঠকনন্দিত জনপ্রিয় কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদের ষষ্ঠ মৃত্যুবার্ষিকী গাজীপুরে তাঁর সৃষ্টি প্রিয় নুহাশপল্লীতে সংক্ষিপ্ত পরিসরে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মামুন হত্যায় জড়িত তিন নারী মডেলসহ গ্রেফতার চার ॥** ঢাকা মহানগর পুলিশের বিশেষ শাখার (এসবি) পরিদর্শক মামুন এমরান খান (৩৪) হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে তিন নারীসহ চারজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। সূত্র: সমকাল

**২০ জুলাই, শুক্রবার**

- **প্রথম শর্ত খালেদা জিয়ার মুক্তি ॥** কারাবন্দি দলীয় চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তিকেই একাদশ নির্বাচনে অংশগ্রহণের প্রথম পূর্বশর্ত বলে ঘোষণা দিয়েছে বিএনপি। পাশাপাশি দলটির দাবি, নির্বাচনের আগে সংসদ ভেঙে দিয়ে নির্বাচন কমিশন পুনর্গঠন করতে হবে। একই সঙ্গে নির্বাচনে বিচারিক ক্ষমতা দিয়ে সেনাবাহিনী মোতায়েন করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ভারতে অনাস্থা ভোটের মুখোমুখি মোদি সরকার ॥** বিগত ১৫ বছরের ইতিহাসে ভারতে এই প্রথম কোনো সরকার অনাস্থা ভোটের মুখে পড়ল। স্থানীয় সময় বেলা ১১টায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সরকারের বিরুদ্ধে লোকসভায় অনাস্থা প্রস্তাব নিয়ে বিতর্ক শুরু হয়। বিকেল ৬টা নাগাদ ভোটগ্রহণ শুরুর কথা ঘোষণা দেন স্পিকার সুমিত্রা মহাজন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পক্ষে ভোট পড়ে ৩২৫, বিপক্ষে ১২৬টি। অবশেষে অনাস্থা ভোটে সহজ জয় পেয়ে টিকে গেল মোদি সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দক্ষিণ কোরিয়ার সাবেক নারী প্রেসিডেন্ট হাইকে আরও আট বছরের কারাদণ্ড ॥** দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এবং অর্থনৈতিক প্রভাব খাটানোর অভিযোগে বর্তমানে কারাবন্দি দক্ষিণ কোরিয়ার সাবেক নারী প্রেসিডেন্ট পার্ক জিউন হাইকে আরও আট বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ জুলাই, শনিবার**

- **আওয়ামী লীগের গণসংবর্ধনা ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগ আয়োজিত গণসংবর্ধনায় দেশের চলমান উন্নয়ন ও অগ্রযাত্রা ভবিষ্যতেও যেন অব্যাহত থাকে সেজন্য দেশবাসীর কাছে সহযোগিতা কামনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আরও ৭০ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন ॥** আগামী ডিসেম্বরের মধ্যে আরও ৭০ উপজেলা শতভাগ বিদ্যুতায়নের আওতায় আসবে। রাজধানীর খিলক্ষেতে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের জেনারেল ম্যানেজার (জিএম) সম্মেলনে এই তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়া অসুস্থ ॥** কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে তার পাঁচ স্বজন এবং দুই আইনজীবী সাক্ষাৎ করেছেন। পুরান ঢাকার নাজিমউদ্দিন রোডের পুরোনো কেন্দ্রীয় কারাগারে গিয়ে তারা খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎ শেষে তারা সাংবাদিকদের জানান, খালেদা জিয়া অসুস্থ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুই পাকিস্তান ওপেনারের বিশ্বরেকর্ড ॥** ওয়ানডে ক্রিকেটে উদ্বোধনী উইকেট জুটিতে সর্বোচ্চ রানের বিশ্বরেকর্ড গড়লেন পাকিস্তানের দুই ওপেনার ইমাম-উল-হক ও ফখর জামান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২২ জুলাই, রোববার**

- **সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক** ॥ দেশের গণতন্ত্রকে প্রতিষ্ঠিত এবং সুসংহত করতে সুশৃঙ্খল ও শক্তিশালী সেনাবাহিনী অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকা সেনানিবাসের সেনা সদরের হেলমেট কনফারেন্স কক্ষে এক বৈঠকে প্রধানমন্ত্রী সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশে উপরিউক্ত কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ছাত্রলীগকে বাড়াবাড়ি না করতে প্রধানমন্ত্রীর নির্দেশ** ॥ বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, কোটা সংস্কার আন্দোলন নিয়ে ছাত্রলীগকে বাড়াবাড়ি না করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাবিতে প্রতীকী কর্মসূচি পালন** ॥ কোটা সংস্কারের প্রজ্ঞাপন জারি, গ্রেফতারকৃত আন্দোলনকারীদের মুক্তি, আন্দোলনে হামলাকারীদের বিচার ও ধর্ষণের হুমকিদাতাদের শাস্তি নিশ্চিত করার দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রতীকী বই সমর্পণ কর্মসূচি পালন করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিনামূল্যে চিকিৎসা পাবেন মুক্তিযোদ্ধারা** ॥ মুক্তিযোদ্ধাদের দেশের সব পর্যায়ের সরকারি হাসপাতালে বিনামূল্যে বা স্বল্পমূল্যে চিকিৎসা সুবিধা প্রদানের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানে পিটিআই নেতার গাড়িবহরে আত্মঘাতী বোমা হামলা, নিহত এক** ॥ পাকিস্তানে সাবেক ক্রিকেট তারকা ইমরান খানের রাজনৈতিক দল তেহরিক-ই-ইনসাফ পার্টির (পিটিআই) নেতা ইকরামুল্লাহ খান গান্দাপুরের গাড়িবহরে আত্মঘাতী বোমা হামলায় একজন নিহত হয়েছে। সূত্র: সমকাল

**২৩ জুলাই, সোমবার**

- **বড়পুকুরিয়া কয়লা খনির দুর্নীতি নিয়ে পূর্ণ তদন্তের নির্দেশ প্রধানমন্ত্রীর** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বড়পুকুরিয়া কয়লা খনির দুর্নীতি বিষয়ে উচ্চ পর্যায়ের কয়লা তদন্ত কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হলি আর্টিজানে জঙ্গি হামলা মামলার চার্জশিট** ॥ দীর্ঘ ২২২ দিনের (৭৫২) তদন্ত শেষে দেশ-বিদেশে আলোড়ন সৃষ্টিকারী হলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলা মামলার চার্জশিট দিয়েছে পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিট। আদালতে পেশ করা চার্জশিটে ২১ জনের সম্পৃক্ততার কথা উল্লেখ করা হয়েছে। চার্জশিটে রিপন ও খালিদসহ ৮ জঙ্গি অভিযুক্ত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তিন সিটি নির্বাচনে সেনা মোতায়েনসহ বিএনপির ছয় দাবি** ॥ প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদার কাছে আসন্ন তিন সিটি করপোরেশন নির্বাচনে সেনা মোতায়েনসহ ছয়টি লিখিত দাবি পেশ করেছে বিএনপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৪ জুলাই, মঙ্গলবার**

- **ডিসি সম্মেলনে প্রধানমন্ত্রীর ২৩ দফা নির্দেশনা** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা চাঁদাবাজি, টেন্ডারবাজি, সন্ত্রাস, পেশিশক্তি ও মাদক নির্মূলে জেলা প্রশাসকদের কঠোর হওয়ার নির্দেশ দেন। তার সরকারের জিরো টলারেন্স নীতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, 'এখানে আমি বলতে চাই- বিনাদ্বিধায় আপনারা অপকর্ম নির্মূলে দ্রুত ব্যবস্থা নেবেন।' জেলা প্রশাসকদের সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে দেশের ৬৪ জেলার নির্বাহী কর্মকর্তাদের সামনে তিনি এসব কথা বলেন এবং ২৩ দফা দিকনির্দেশনা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কয়লা খনির ১৯ কর্মকর্তার বিরুদ্ধে মামলা** ॥ দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লা খনি দুর্নীতির ঘটনায় খনির অপসারিত এমডিসহ ১৯ কর্মকর্তার বিরুদ্ধে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। পরে ওইদিন বিকেলে এমডিসহ চার কর্মকর্তার বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা জারি করে দুর্নীতি দমন কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **র‌্যাব-পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত চার** ॥ চার জেলায় র‌্যাব ও পুলিশের সঙ্গে পৃথক বন্দুকযুদ্ধে মাদক কারবারি ও ডাকাতসহ চারজন নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৫ জুলাই, বুধবার**

- **‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭’ বিতরণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের উত্তরণের ধারাবাহিকতা বজায় রাখতে এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ প্রতিষ্ঠা করতে শিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের মাঝে ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭’ বিতরণকালে উপর্যুক্ত কথাগুলো বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারি বর্ষণে কক্সবাজারে পাহাড়ধসে একই পরিবারের চার শিশুসহ নিহত পাঁচ ॥** রেকর্ড বৃষ্টিপাতে মাটি নরম হয়ে কক্সবাজার শহরে এবং রামুতে পাহাড়ধসে একই পরিবারের চারজনসহ পাঁচজনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে চারজনই শিশু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রথম মন্ত্রী কল্পরঞ্জন চাকমার পরলোকগমন ॥** না-ফেরার দেশে চলে গেলেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রথম মন্ত্রী ও সাবেক সংসদ সদস্য বর্ষীয়ান রাজনীতিক কল্পরঞ্জন চাকমা (৯৮)। রাজধানীর একটি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৬ জুলাই, বৃহস্পতিবার**

- **বিএএসএ-এর বার্ষিক সম্মেলন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়ন বাজেটের প্রতিটি পয়সা যাতে যথাযথ ব্যবহার হয়, এ বিষয়ে সতর্ক থাকতে সরকারি কর্মচারীদের প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্টার্টআপ বাংলাদেশের এক্সেলেটর ও দুটি ল্যাব উদ্বোধন করলেন সজীব ওয়াজেদ জয় ॥** প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বৃহস্পতিবার আইসিটি টাওয়ারে স্থাপিত স্টার্টআপ বাংলাদেশের এক্সেলেটর ও দুটি ল্যাব উদ্বোধন করেছেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এই স্টার্টআপ বাংলাদেশের এক্সেলেটর ও ল্যাব স্থাপন করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গাজীপুর সিটি মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণ ॥** প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে শপথ নিলেন গাজীপুরের নতুন মেয়র ও কাউন্সিলররা। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **মোস্তফা রশিদী সুজা আর নেই ॥** খুলনা-৪ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এসএম মোস্তফা রশিদী সুজা (৬৮) আর নেই। তার মৃত্যুতে রাষ্ট্রপতি আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শহিদ প্রীতিলতা ওয়াদ্দেদারের স্নাতক ডিগ্রি ॥** ব্রিটিশবিরোধী আন্দোলনের বিপ্লবী কন্যা শহিদ প্রীতিলতা ওয়াদ্দেদারের স্নাতক ডিগ্রি দীর্ঘ ৮৬ বছর পর বাংলাদেশকে বুঝিয়ে দিল কলকাতা বিশ্ববিদ্যালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পশ্চিমবঙ্গের নাম ‘বাংলা’ রাখার প্রস্তাব পাস ॥** ভারতের পশ্চিমবঙ্গের নাম বদলে ‘বাংলা’ রাখার প্রচেষ্টা দুই বছর ধরে চালিয়ে আসছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। অবশেষে সেই চেষ্টায় তিনি আংশিক সফল হলেন। বিধানসভায় রাজ্যের নাম বদলের বিষয়টি পাস হয়েছে। বিলটি চূড়ান্তভাবে পাস হলেই বাংলা, ইংরেজি ও হিন্দি–এই তিন ভাষাতেই এই রাজ্যের নতুন নাম হবে ‘বাংলা’। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রী হচ্ছেন ইমরান খান ॥** পাকিস্তানে অনুষ্ঠিত বিতর্কিত নির্বাচনে নিজের দল তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) বিজয় দাবি করেছেন সাবেক ক্রিকেট তারকা থেকে রাজনীতিক হয়ে ওঠা ইমরান খান। তিনি পাকিস্তানের নতুন প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন। জাতির উদ্দেশে দেওয়া এক ভাষণে ইমরান খান ঘোষণা দিয়েছেন, নতুন পাকিস্তান গড়ার, যেখানে সব নীতি হবে দেশের মানুষের কল্যাণে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ জুলাই, শুক্রবার**

- **অধ্যাপক মোজাফফর আহমদের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী ॥** মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শতাব্দীর দীর্ঘতম পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ ॥** গেল রাতে ভরা পূর্ণিমা চলছিল। প্রায় মধ্যরাত থেকে দীর্ঘ সময় ধরে কালো আঁধারে ঢাকা ছিল পুরো পৃথিবী। কার্যত রাত **১১**টা **১৩** মিনিটের পর থেকেই ক্রমে আঁধারে ঢেকে যেতে থাকে পৃথিবী নামক গ্রহটা। এক পর্যায়ে রাত দেড়টায় পৃথিবীটা পুরোপুরি অন্ধকারে তলিয়ে যায়। সূত্র: সমকাল

- **১৬ বছর পর রাজশাহী রেশম কারখানায় উৎপাদন শুরু ॥** রাজশাহীর ঐতিহ্য রেশম কারখানাগুলো নানা জটিলতা আর কুচক্রী মহলের কারসাজির পাকে পড়ে বন্ধ ছিল দীর্ঘ ১৬টি বছর। আজ থেকে কারখানার পাঁচটি লুমের কাজ শুরু হয়েছে। সকালে রাজশাহী সদর আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ রেশম বোর্ডের সিনিয়র সহসভাপতি ফজলে হোসেন বাদশা আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। সূত্র: যুগান্তর

**২৮ জুলাই, শনিবার**

- **বাড্ডা ইউলুপ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানী ঢাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং যানজট নিরসনে তাঁর ভবিষ্যৎ পদক্ষেপের কথা উল্লেখ করে বলেছেন, সমগ্র ঢাকাকে ঘিরে একটি এলিভেটেড রিংরোড নির্মাণের পরিকল্পনা সরকারের রয়েছে। বিকেলে রাজধানীর রামপুরা-বাড্ডা-প্রগতি সরণি এলাকায় হাতিরঝিল প্রকল্পের নর্থ ইউলুপ উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাবিতে চার জাতীয় অধ্যাপককে সংবর্ধনা ॥** জাতীয় অধ্যাপক মনোনীত হওয়ায় অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক রফিকুল ইসলাম, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীকে শনিবার সংবর্ধনা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অপহরণের ১০ ঘণ্টা পর মুক্ত আওয়ামী লীগ নেতা ॥** রাজধানীর মোহাম্মদপুর থেকে অপহরণের ১০ ঘণ্টা পর আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের তৎপরতায় অপহরণকারীদের কবল থেকে মুক্ত হলেন কুমিল্লার তিতাস উপজেলার সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা পারভেজ হোসেন সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিএফইউজের নির্বাচনের ফল ঘোষণা ॥** বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) নির্বাচনে মোল্লা জালাল সভাপতি এবং শাবান মাহমুদ মহাসচিব নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানে প্রথম নির্বাচিত হিন্দু এমপি মহেশকুমার মালানি ॥** রক্ষণশীল দেশ হিসেবে পরিচিত পাকিস্তানে প্রথম হিন্দু সংসদ সদস্য



নির্বাচিত হলেন মহেশকুমার মালানি। সদ্য অনুষ্ঠিত দেশটির জাতীয় পরিষদ নির্বাচনে পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) হয়ে সিন্ধুপ্রদেশের একটি আসনে এক লাখেরও বেশি ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন মহেশকুমার মালানি। সূত্র: সমকাল

**২৯ জুলাই, রোববার**

- **সমাজসেবামূলক কাজের প্রতি প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ ॥** লেখাপড়ার পাশাপাশি স্কাউটস এবং গার্লগাইডসের মতো সমাজসেবামূলক কাজের ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গার্লগাইডস অ্যাসোসিয়েশনের জাতীয় কার্যালয় উদ্বোধন এবং স্কাউটসের শতাব্দী ভবনসহ অন্যান্য প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং 'শাপলা কাব অ্যাওয়ার্ড' বিতরণ অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রী। এ সময় শেখ হাসিনা বলেন, 'লেখাপড়ার পাশাপাশি এই সমাজসেবামূলক কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ানডে ক্রিকেট সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। এক বার্তায় শেখ হাসিনা এই জয়ের জন্য দলের সব খেলোয়াড়, কোচ ও জাতীয় দলের কর্মকর্তাদের পাশাপাশি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মোস্তফা রশিদী সুজার স্মৃতির প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় খুলনা-৪ আসনের আওয়ামী লীগের সংসদ সদস্য এসএম মোস্তফা রশিদী সুজার কফিনে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফের সড়কে প্রাণ গেল দুই শিক্ষার্থীর ॥** ঢাকার বিমানবন্দর সড়কে বাসচাপায় ফের দুই শিক্ষার্থী নিহত হয়েছে। নিহতরা শহিদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দ্বাদশ শ্রেণির মানবিক বিভাগের আবদুল করিম ওরফে সজীব এবং একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের দিয়া খানম ওরফে মিম। এ সময় আহত হয়েছে ১৫ শিক্ষার্থী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চালু হলো মোবাইল অ্যাপ 'জয়' ॥** নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে চালু হলো মোবাইল অ্যাপ 'জয়'। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

(আইসিটি) বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে এটি চালু করে। অ্যান্ড্রয়েড ডিভাইসে চালিত এই অ্যাপে ভিকটিম তাৎক্ষণিক সহায়তা পাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **পরলোকে রমাপদ চৌধুরী ॥** প্রখ্যাত সাহিত্যিক রমাপদ চৌধুরী (৯৫) আর নেই। ভারতের কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। রমাপদ চৌধুরীর মৃত্যুতে তাঁর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং রাজ্যের বিশিষ্টজনরা। সূত্র: যুগান্তর

**৩০ জুলাই, সোমবার**

- **তিন সিটি নির্বাচন ॥** রাজশাহী, বরিশাল ও সিলেট সিটিতে একযোগে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন শেষে রাতে ঘোষিত বেসরকারি ফলাফল অনুযায়ী বরিশাল ও রাজশাহীতে মেয়র নির্বাচিত হয়েছেন নৌকার প্রার্থী সাদিক ও লিটন। আর সিলেট সিটিতে মেয়র নির্বাচিত হয়েছেন ধানের শীষের প্রার্থী আরিফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গণভবনের লেকে মাছের পোনা অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় মৎস্য সপ্তাহ -২০১৮ দুপুরে তাঁর সরকারি বাসভবন গণভবনের লেকে মাছের পোনা অবমুক্ত করেন। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. নজিবুর রহমান এবং সংশ্লিষ্ট সচিবরা এ সময় উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাসচাপায় দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় বিক্ষোভে উত্তাল রাজপথ ও হাইকোর্টের আদেশ ॥** রাজধানীর বিমানবন্দর সড়কে দুই গাড়ির রেষারেষির জেরে বাসচাপায় শহিদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থীর মর্মান্তিক মৃত্যুর প্রতিবাদে উত্তাল হয়ে উঠেছে রাজধানী ঢাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষার্থীরা ৯ দফা দাবি জানিয়ে ২৪ ঘণ্টার আলটিমেটাম দিয়েছে। তারা নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খানের পদত্যাগও দাবি করেছে। এদিকে এই দুর্ঘটনাকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতিতে নিহতদের পরিবারকে সাতদিনের মধ্যে পাঁচ লাখ টাকা করে মোট ১০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার জন্য জাবালে নূর পরিবহণ কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ইমরানকে মোদির অভিনন্দন ॥** পাকিস্তানের সাধারণ নির্বাচনে সবচেয়ে বেশি আসন পাওয়ায় ইমরান খানকে অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এক বার্তায় নরেন্দ্র মোদি ইমরান খানের সাফল্য কামনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শিশু ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড ॥** ভারতের লোকসভায় শিশু ধর্ষণের চূড়ান্ত শাস্তি হিসেবে মৃত্যুদণ্ডের বিধান রেখে একটি বিল পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩১ জুলাই, মঙ্গলবার**

- **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর গ্রাউন্ড স্টেশন উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৃঢ় আস্থা ব্যক্ত করে বলেন, দেশের উন্নয়ন তথা আর্থসামাজিক উন্নয়নে বঙ্গবন্ধু স্যাটেলাইট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বর্তমান প্রজন্ম এর মাধ্যমে জ্ঞানবিজ্ঞানের আরও অনেক কিছু জানতে পারবে যা ভবিষ্যতে জাতিকে এগিয়ে নিয়ে যাবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে গাজীপুর ও বেতবুনিয়ায় দুটি ভূ-উপগ্রহ কেন্দ্রের (স্যাটেলাইট-১ গ্রাউন্ড স্টেশন) উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ক্ষমা চাইলেন নৌমন্ত্রী ॥** বাসচাপায় দুই শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনার জেরে তৃতীয় দিনের মতো উত্তাল হয়ে ওঠে গোটা রাজধানী। এদিন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বাসে আগুন ধরিয়ে দেয় এবং যানবাহন নিয়ন্ত্রণের 'দায়িত্ব' অনেকটা নিজেদের হাতে তুলে নেয়। শিক্ষার্থীরাই সকাল থেকে রাত পর্যন্ত পরীক্ষা করতে থাকে চালকদের লাইসেন্স। শিক্ষার্থী নিহত হওয়া প্রসঙ্গে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাব দেওয়ার সময় নিজের 'অশোভন আচরণের' জন্য দুঃখ প্রকাশ করে দেশবাসীর কাছে ক্ষমা চান নৌমন্ত্রী শাজাহান খান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ছাত্রলীগের নতুন কমিটি ঘোষণা ॥** বাংলাদেশ ছাত্রলীগের নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। এই কমিটির সভাপতি হয়েছেন মো. রেজানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## আগস্ট-২০১৮

### ১ আগস্ট, বুধবার

- **রক্তাক্ত-কলঙ্কিত শোকের মাস শুরু ॥** আওয়ামী লীগের মাসব্যাপী কর্মসূচির প্রথমদিনে আজ টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে এবং ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও দলের বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠন ফুলেল শ্রদ্ধা নিবেদন ও ফাতেহা পাঠ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কৃষক লীগের আলোচনাসভায় প্রধানমন্ত্রী ॥** বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর এলাকায় শোকাবহ ১৫ আগস্টের মাসব্যাপী কর্মসূচির সূচনা দিনে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের সঙ্গে জিয়াউর রহমান পুরোপুরি জড়িত ছিলেন বলেই তিনি আত্মস্বীকৃত খুনিদের পুরস্কৃত করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিরাপদ সড়ক আন্দোলনের চতুর্থ দিন ॥** বিক্ষোভকারীদের সব দাবি মেনে নিয়েছে সরকার। শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে বন্ধ ঘোষণা করা হয়েছে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান। গ্রেফতার করা হয়েছে জাবালে নূর বাসমালিক শাহাদাৎ হোসেনকে এবং বাসচালক মাসুম বিল্লাহ সাতদিনের রিমান্ডে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নৌপরিবহণমন্ত্রী শাজাহান খানের ক্ষমা প্রার্থনা ও দুঃখ প্রকাশ ॥** জাবালে নূর বাস দুর্ঘটনায় নিহতদের বিষয়ে বক্তব্য দেওয়ার সময় শোকার্ত অবয়বের পরিবর্তে হাসিমুখে কথা বলায় জনক্ষোভের মুখে নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান নিহত শিক্ষার্থী দিয়া খানম মিমের মহাখালীর বাসায় গিয়ে দুঃখ প্রকাশ করেন ও ক্ষমা চান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাংবাদিক মোয়াজ্জেম হোসেনের মৃত্যু ॥** ইংরেজি দৈনিক ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক এএইচএম মোয়াজ্জেম হোসেন (৭০) ফুসফুসের জটিলতায় রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। বাংলাদেশ ইকোনমিক রিপোর্টার্স ফোরামের প্রতিষ্ঠাতা সভাপতি মোয়াজ্জেম হোসেন স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



### ২ আগস্ট, বৃহস্পতিবার

- **প্রধানমন্ত্রীর সঙ্গে নিহত দুই শিক্ষার্থীর পরিবারের সাক্ষাৎ ॥** জাবালে নূর পরিবহণের বাসচাপায় নিহত দিয়া খানম মিমের বাবা জাহাঙ্গীর ফকির ও আবদুল করিমের মা মহিমা বেগম গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী এ সময় তাঁদের সান্ত্বনা দেন এবং দুইজনের পরিবারকে ২০ লাখ টাকা করে সঞ্চয়পত্র অনুদান দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাবালে নূর পরিবহণের মালিক সাতদিনের রিমান্ডে ॥** বাসচাপায় দুই শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় দায়ের করা মামলায় জাবালে নূর বাসমালিক শাহাদাৎ হোসেনকে সাতদিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। মামলায় ওই গাড়ির চালক মাসুম বিল্লাহকে আগেই সাতদিনের রিমান্ডে নেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

### ৩ আগস্ট, শুক্রবার

- **বাস ধর্মঘটে চরম জনদুর্ভোগ ॥** শিক্ষার্থীদের নিরাপদ সড়ক আন্দোলনের সঙ্গে একমত পোষণ করে সড়ক পরিবহণ মালিক সমিতি। তারা নিরাপত্তার অজুহাতে হঠাৎ বাস চলাচল বন্ধ করে দেয়। ফলে জনদুর্ভোগ চরমে পৌঁছায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দেশজুড়ে ছাত্র ধর্মঘটের ডাক ॥** নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে দেশজুড়ে শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের ডাক দেয় বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সড়কপথে মানুষ হত্যা বন্ধে নাগরিক সমাজের ২১ দফা ॥** দুর্ঘটনার নামে সড়কপথে মানুষ হত্যা বন্ধ, হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, নিরাপদ সড়ক প্রতিষ্ঠা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের জবাবদিহি নিশ্চিত করার দাবিতে জাতীয় জাদুঘরের সামনে নাগরিক সমাজ আয়োজিত সমাবেশে ২১ দফা দাবি পেশ করা হয়। সমাবেশে ৩২টি সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ফাঁকা রাস্তায় বাসচাপায় তরুণ নিহত ॥** মগবাজার গ্র্যান্ড প্লাজার সামনে ফাঁকা রাস্তায় ঢাকা-সাতক্ষীরা রুটের গোল্ডেন লাইন পরিবহণের একটি

বাসের চাপায় মোটরসাইকেল আরোহী মগবাজার কমিউনিটি হাসপাতালের চাকরিজীবী সাইফুল ইসলাম ওরফে রানা নিহত (২৩) হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **কারাগারে খালেদা জিয়ার সঙ্গে স্বজনদের সাক্ষাৎ ॥** নাজিমউদ্দিন রোডের পুরোনো কারাগারে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে পরিবারের সদস্যরা দেখা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শাহজাহান চৌধুরী গ্রেফতার ॥** নাশকতার পরিকল্পনা ও পুলিশের ওপর হামলার অভিযোগে চট্টগ্রামের খুলশী এলাকা থেকে জামায়াতের কেন্দ্রীয় নেতা ও সাতকানিয়া থেকে নির্বাচিত সাবেক সংসদ সদস্য শাহজাহান চৌধুরীসহ ছয়জনকে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আফগানিস্তানে মসজিদে আত্মঘাতী হামলা ॥** দেশটির পূর্বাঞ্চলের পাকিতা প্রদেশের গার্দিজ শহরের খাজা হাসান শিয়া মসজিদে জুমার নামাজের সময় দুই আত্মঘাতীর বোমা বিস্ফোরণ ও বন্দুক হামলায় ২৫ জন নিহত এবং ৪০ জন আহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৪ আগস্ট, শনিবার**

- **শিক্ষার্থীদের আন্দোলন ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা ॥** একটি মহলের ইন্ধনে স্কুলড্রেস পরে ষড়যন্ত্রকারীরা শিক্ষার্থীদের নিরাপদ সড়ক আন্দোলনে যোগ দেয় ও নাশকতামূলক কাজ শুরু করে। আন্দোলনকে ঘিরে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীর 'উসকানিমূলক' ফোনালাপের অডিও ক্লিপ প্রকাশ ও মামলা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাঁচটি বাস দিলেন প্রধানমন্ত্রী ॥** বাসচাপায় নিহত দিয়া খানম মিম ও আবদুল করিমের কলেজ শহিদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজকে আজ পাঁচটি বাস উপহার দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ধানমন্ডিতে আওয়ামী লীগ অফিসে হামলা ॥** শিক্ষার্থীদের মারধর করে আটকে রাখা হয়েছে–ফেসবুকে এমন গুজব ছড়ালে বিক্ষোভকারীরা ধানমন্ডিতে আওয়ামী লীগ অফিসে হামলা করে। এ নিয়ে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়লে পরে ধানমন্ডিতে শিক্ষার্থীদের কর্মসূচিতে হামলা পালটা হামলা হয়। এ সময় সংঘর্ষে শতাধিক আহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **কাজী নওশাবা আহমেদ আটক ॥** নিরাপদ সড়ক আন্দোলন নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে গুজব ছড়ানোর অভিযোগে অভিনেত্রী কাজী নওশাবা আহমেদকে রাজধানীর উত্তরা থেকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন। সূত্র: যুগান্তর
- **স্কুলছাত্রীকে ধর্ষণের পর হত্যা ॥** রাজধানীর তেজগাঁওয়ের উত্তর বেগুনবাড়ী এলাকায় সাগরিকা বেগম তৃপ্তি (১২) নামের পঞ্চম শ্রেণির এক স্কুলছাত্রীকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা করেছে ধর্ষক। সূত্র: প্রথম আলো
- **১৪ দলের সমবেদনা প্রকাশ ॥** রাজধানীর বিমানবন্দর সড়কে বাসচাপায় নিহত দিয়া খানম মিম ও আবদুল করিমের বাসায় গিয়ে সমবেদনা জানান ১৪ দলের কেন্দ্রীয় নেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাজধানীর ৮০ শতাংশ ভবন হচ্ছে আইন অমান্য করে ॥** রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুর রহমান বলেছেন, ভবন নির্মাণের ক্ষেত্রে রাজধানীর ৭০-৮০ ভাগ লোকই নীতিমালা অমান্য করছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ড্রোন হামলা ॥** ভেনিজুয়েলার সেনাবাহিনীর ৮১তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় ড্রোন হামলার শিকার হয়েছেন দেশটির প্রেসিডেন্ট ও বামপন্থি নেতা নিকোলাস মাদুরো। তবে ভাগ্যক্রমে তিনি বেঁচে যান। সূত্র: যুগান্তর
- **বিমান দুর্ঘটনা ॥** সুইজারল্যান্ডের সুইস আল্পসে দুটি বিমান বিধ্বস্ত হয়ে ২৩ জন প্রাণ হারান। এক ঘণ্টার ব্যবধানে বিমান দুটি বিধ্বস্ত হয়। সূত্র: যুগান্তর

**৫ আগস্ট, রোববার**

- **শিক্ষক ও অভিভাবকদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান ॥** নিরাপদ সড়কের দাবিতে চলমান আন্দোলনের অষ্টম দিনে 'তৃতীয় পক্ষের অনুপ্রবেশ ঘটেছে'–এ সতর্কবার্তা উচ্চারণ করে রাস্তায় অবস্থান নেওয়া শিক্ষার্থীদের ক্লাসে ফিরে যেতে এবং তাদের ক্লাসে ফেরাতে শিক্ষক ও অভিভাবকদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১০ জেলায় ৩০০ ইউনিয়নে অপটিক্যাল ফাইবার সংযোগ ॥** দেশের ১০টি জেলার ৩০০ ইউনিয়নে উচ্চগতির ইন্টারনেট সেবা অপটিক্যাল

ফাইবার কানেকটিভিটির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি এই সেবার উদ্বোধন করেন। ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার-থার্ড ফেস) প্রকল্পের আওতায় এ অপটিক্যাল ফাইবার সংযোগ দেওয়া হয়। জেলাগুলো হলো কুড়িগ্রাম, নীলফামারী, বগুড়া, নেত্রকোনা, হবিগঞ্জ, পটুয়াখালী, গাজীপুর, নারায়ণগঞ্জ, রাজশাহী ও চাঁদপুর। সূত্রঃ কালের কণ্ঠ

- **নওশাবা আহমেদ চারদিনের রিমান্ডে ॥** নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের চলমান আন্দোলনের মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে গুজব ছড়ানোর অভিযোগে গ্রেফতার অভিনেত্রী কাজী নওশাবা আহমেদকে ৪ দিনের রিমান্ডে দিয়েছেন আদালত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মোসাদ্দেক আলী ফালুসহ সাত ব্যবসায়ীকে দুদকে তলব ॥** অফশোর কোম্পানি খুলে ৮ মিলিয়ন ডলার (বাংলাদেশি টাকায় ৬৫ কোটি টাকা) দুবাইয়ে পাচারের অভিযোগে বিএনপির সাবেক সংসদ সদস্য মোসাদ্দেক আলী ফালুসহ সাত ব্যবসায়ীকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ধর্ষণ মামলায় চারজনের মৃত্যুদণ্ড ॥** সিলেটের কানাইঘাটে সুলতানা বেগম নামে ১২ বছরের এক শিশুকে ধর্ষণের পর হত্যা ও মরদেহ গুম করার দায়ে চারজনের ফাঁসির আদেশ দিয়েছেন আদালত। এ সময় চার আসামির প্রত্যেককে হত্যার অপরাধে এক লাখ টাকা করে জরিমানা এবং গুমের অপরাধে ১০ হাজার টাকা করে জরিমানা ও অনাদায়ে এক বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**৬ আগস্ট, সোমবার**

- **মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী ॥** সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কোনো ধরনের যাচাই-বাছাই ছাড়া বিভিন্ন ইস্যুতে ফেসবুকে গুজব ও অপপ্রচার চালানোর ফলে ফেসবুক এখন একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এসব গুজব ও অপপ্রচারে কান না দেওয়ার আহ্বান জানান তিনি। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



- **‘সড়ক পরিবহণ আইন-২০১৮’ ॥** ‘সড়ক পরিবহণ আইন-২০১৮’-এর খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। খসড়ায় সর্বোচ্চ সাজা ৫ বছরের জেল এবং সড়কে প্রাণহানির কারণ ইচ্ছাকৃত প্রমাণিত হলে মৃত্যুদণ্ডের বিধান রাখা হয়। ড্রাইভিং লাইসেন্স ছাড়া গাড়ি চালালে চার মাসের জেল দেওয়ার বিধানও রাখা হয়। এছাড়া ড্রাইভিং লাইসেন্স পেতে অষ্টম শ্রেণি পাস হতে হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **তিনটি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা ॥** নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে ঢাকার ইস্ট ওয়েস্ট, নর্থ সাউথ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কানাডার রাষ্ট্রদূত বহিষ্কার ॥** সৌদি আরব তার অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপের অভিযোগ এনে কানাডার রাষ্ট্রদূতকে বহিষ্কার করেছে। আর সৌদি আরব ত্যাগ করার জন্য কানাডীয় রাষ্ট্রদূতকে মাত্র ২৪ ঘণ্টা সময় দিয়েছে। এছাড়াও সৌদি আরব অটোয়া থেকে তাদের রাষ্ট্রদূতকে ফিরে আসারও নির্দেশ দিয়েছে। সূত্রঃ সমকাল
- **বিমান দুর্ঘটনায় নিহতদের বিমার চেক প্রদান ॥** নেপালে ইউএস-বাংলা এয়ারলাইন্স দুর্ঘটনায় নিহতদের মধ্যে সাতজন ও আহত একজনের পরিবারকে চেক প্রদানের মাধ্যমে বিমার অর্থ হস্তান্তর করেছে সেনা কল্যাণ ইনসিওরেন্স কোম্পানি। ক্ষতিপূরণ পাওয়া পরিবারগুলো হলো নিহত ফার্স্ট অফিসার পৃথুলা রশিদ, সাংবাদিক ফয়সাল আহমেদ, এসএম মাহমুদুর রহমান, মতিউর রহমান, নুরুজ্জামান বাবু, কেএইচএম শাফি ও এফএইচ প্রিয়কের পরিবার। আহতদের মধ্যে শেখ রাশেদ রুবায়েতকে ক্ষতিপূরণের চেক হস্তান্তর করা হয়। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **সোনালী ব্যাংকের তিন কর্মকর্তা গ্রেফতার ॥** প্রায় ৫০ কোটি টাকা জালিয়াতির মামলায় সোনালী ব্যাংকের তিন কর্মকর্তাকে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন। তারা হলেন সোনালী ব্যাংকের সাবেক এজিএম মানিকচন্দ্র মণ্ডল, ব্যাংকটির খুলনা প্রিন্সিপাল অফিসের এজিএম মো. সিরাজুল ইসলাম ও দৌলতপুর শাখার সাবেক কর্মকর্তা অজিত কুমার সরকার। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

➢ **টি ২০ সিরিজ জয় টাইগারদের ॥** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় টি ২০ সিরিজে বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজকে ২-১ ব্যবধানে হারিয়ে সিরিজ জিতেছে টাইগাররা। বিদেশের মাটিতে এটা দ্বিতীয় টি ২০ সিরিজ জয় বাংলাদেশের। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ আগস্ট, মঙ্গলবার**

➢ **বোমা মিজান গ্রেফতার ॥** ভারতের বেঙ্গালুরু শহরের গোপন আস্তানা থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবির শীর্ষ নেতা বোমা মিজান গ্রেফতার হয়। ২০১৪ সালে ময়মনসিংহের ত্রিশালে জঙ্গিরা প্রিজন ভ্যানে হামলা চালিয়ে তাকেসহ তিনজনকে ছিনিয়ে নেয়। তাকে ধরিয়ে দিতে পরে পাঁচ লাখ টাকা পুরস্কার ঘোষণা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বেগম ফজিলাতুননেছা মুজিবের ৮৮তম জন্মবার্ষিকী ॥** ১৯৩০ সালের এই দিনে বেগম ফজিলাতুননেছা গোপালগঞ্জের টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা হত্যাকারীদের নিষ্ঠুর ও বর্বরোচিত হত্যাযজ্ঞের শিকার হয়ে স্বামীর সঙ্গে তিনিও শাহাদতবরণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জাপানের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান ॥** জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কানো গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে নিজ দেশে ফিরিয়ে নেওয়ার বিষয়ে মিয়ানমারকে রাজি করানোর জন্য জাপানসহ আন্তর্জাতিক সংস্থার প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **হামলাকারীদের বিচার দাবি ইইউর ॥** নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনে সম্প্রতি সহিংস ঘটনা এবং আন্দোলনকারী শিক্ষার্থী, সাংবাদিক ও অন্যদের ওপর হামলার তদন্ত ও বিচারের দাবি জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **গোল্ডেন লাইন পরিবহণের মালিক ও চালক কারাগারে ॥** রাজধানীর মগবাজারে ফাঁকা রাস্তায় বাসচাপা দিয়ে এক যুবকের প্রাণহানির ঘটনায় এসপি গোল্ডেন লাইন পরিবহণের মালিক ও চালককে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **শহিদুল আলমকে দ্রুত হাসপাতালে নেওয়ার নির্দেশ হাইকোর্টের ॥** শিক্ষার্থীদের আন্দোলনের মধ্যে উসকানিমূলক মিথ্যা সংবাদ প্রচারের অভিযোগে তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারার মামলায় রিমান্ডে থাকা আলোকচিত্রী শহিদুল আলমকে দ্রুত হাসপাতালে নেওয়ার নির্দেশ দেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ইরানের বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা পুনর্বহাল ॥** ইরানের বিরুদ্ধে কঠোর ও একতরফা নিষেধাজ্ঞা পুনর্বহাল করেছে যুক্তরাষ্ট্র। এর মধ্য দিয়ে ওয়াশিংটন তেহরানের বিরুদ্ধে নতুন করে কঠোরতা আরোপ শুরু করে।

**৮ আগস্ট, বুধবার**

➢ **শক্তি এবং সাহসের উৎস ছিলেন বঙ্গমাতা ॥** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, জাতির পিতার জন্য প্রেরণা, শক্তি এবং সাহসের এক উৎস ছিলেন বঙ্গমাতা। স্বাধীনতা সংগ্রামের নেতৃত্বে বঙ্গবন্ধুর সফলতার পেছনে তাঁর অবদান ছিল। যেকোনো সংকটে তাঁর সিদ্ধান্ত দেওয়ার ক্ষমতা ছিল অতুলনীয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুই শিক্ষার্থীকে বাসচাপায় হত্যার দায় স্বীকার ॥** শহিদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থী দিয়া খানম মিম ও আবদুল করিমকে বাসচাপায় হত্যার দায় স্বীকার করে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিলেন জাবালে নূর পরিবহণের বাসচালক মাসুম বিল্লাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আফতাব হত্যা মামলার আসামি গ্রেফতার ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের বহুল আলোচিত সাবেক উপাচার্য অধ্যাপক ড. আফতাব আহমাদকে নিজ বাসায় গুলি চালিয়ে হত্যার ঘটনার একযুগ পর সন্দেহভাজন আসামি হিসেবে বিএনপির সাবেক এমপি মফিকুল হাসান তৃপ্তিকে গ্রেফতার করেছে সিআইডি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নাজিব রাজাকের বিরুদ্ধে অর্থ পাচারের তিন অভিযোগ ॥** তদন্ত কর্মকর্তারা দেশটির সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাকের বিরুদ্ধে মুদ্রা পাচারের তিনটি অভিযোগ এনেছেন। রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ তহবিল

ওয়ান মালয়েশিয়া ডেভেলপমেন্ট বেরহাদ (ওয়ান এমডিবি) থেকে নাজিব রাজাক তার ব্যক্তিগত অ্যাকাউন্টে ৪ কোটি ২০ লাখ রিঙ্গিত সরিয়েছেন বলে অভিযোগ করা হয়। সূত্র: কালের কণ্ঠ

- **মানবতাবিরোধী অপরাধ মামলার সাক্ষীর ভাইকে গলা কেটে হত্যা ॥** যশোরের বাঘারপাড়ার প্রেমচারা গ্রামে তফসির মোল্লা (৭৫) নামে এক বৃদ্ধকে গলা কেটে হত্যা করা হয়। তিনি মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত 'রাজাকার' আমজাদ হোসেনের মামলার সাক্ষী ইয়াহহিয়া রহমানের চাচাতো ভাই। সূত্র: কালের কণ্ঠ
- **দৈনিক চুক্তির ভিত্তিতে বাস না-চালানোর সিদ্ধান্ত ॥** চুক্তিভিত্তিক গাড়ি চালানো বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে ঢাকাভিত্তিক পরিবহণ মালিকদের সংগঠন ঢাকা সড়ক পরিবহণ মালিক সমিতি। সূত্র: কালের কণ্ঠ
- **হলি আর্টিজান মামলার চার্জশিট গ্রহণ ॥** রাজধানীর গুলশানে হলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলার দায় থেকে রেহাই পেলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির সাবেক শিক্ষক হাসনাত করিম। একই সঙ্গে চার্জশিটভুক্ত পলাতক দুই আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের পার্লামেন্টে প্রথম বিদেশি সদস্য ॥** পাকিস্তানের ইতিহাসে প্রথমবারের মতো পার্লামেন্ট সদস্য নির্বাচিত হলেন আফ্রিকান বংশোদ্ভূত তানজিলা কামব্রানি (৩৯) নামের এক নারী। তানজিলা সিন্ধুপ্রদেশের আঞ্চলিক পার্লামেন্টে নারী সংরক্ষিত আসনে নির্বাচিত হয়েছেন। তিনি দেশটির প্রয়াত প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর দল পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিয়েছিলেন। সূত্র: সমকাল
- **কলম্বিয়ার নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন প্রেসিডেন্ট ইভান ডুকো ॥** ৫৪ শতাংশ ভোট পেয়ে প্রেসিডেন্ট পদে নির্বাচিত কলম্বিয়ার রক্ষণশীল নেতা ইভান ডুকো শপথ গ্রহণ করেন। সূত্র: সমকাল

**৯ আগস্ট, বৃহস্পতিবার**

- **সাফ অনূর্ধ্ব-১৫ ফুটবলে পাকিস্তানকে ১৪-০ গোলে হারাল বাংলাদেশ ॥** ভুটানের রাজধানী থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে সাফ অনূর্ধ্ব- ১৫ নারী চ্যাম্পিয়নশিপে নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানকে ১৪-০ গোলে



পরাজিত করে ঐতিহাসিক জয় পেয়েছে বাংলাদেশ ফুটবল দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **প্রধানমন্ত্রীর সঙ্গে কমনওয়েলথ মহাসচিবের সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পরীক্ষায় ডিজিটাল জালিয়াতির মূল চক্র গ্রেফতার ॥** বিসিএস, ব্যাংকসহ সরকারি নানা চাকরির নিয়োগে, বিশ্ববিদ্যালয় ভর্তিতে ডিজিটাল জালিয়াতির বড়ো একটি চক্রের ৯জনকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাস্তার গরম পিচ গায়ে ঢেলে 'খুনি'কে হত্যা ॥** দিনাজপুরের বীরগঞ্জের জগদল গ্রামে সুরুজ আলী (৪০) নামে এক ভ্যানচালককে গলা কেটে হত্যা ও শহিদ (৩৮) নামে এক নৈশপ্রহরীকে ছুরিকাঘাতে আহত করে দুর্বৃত্তরা। এতে জড়িত সন্দেহে রবিউল ইসলাম (৩২) নামে একজনকে রাস্তায় রাখা গরম পিচ গায়ে ঢেলে পুড়িয়ে হত্যা করেছে বিক্ষুব্ধ লোকজন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গ্রামীণফোন ও রবির কর ফাঁকি ১২ হাজার কোটি টাকা ॥** অডিট রিপোর্টের ভিত্তিতে গ্রামীণফোন ও রবির কাছে ১২ হাজার কোটি টাকার বেশি পাওনার কথা জানিয়েছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চাকরিচ্যুত লে. কর্নেল হাসিনুরকে তুলে নেওয়ার অভিযোগ ॥** রাজধানীর মিরপুর সেনানিবাসের ডিওএইচএস থেকে র‍্যাবের সাবেক অধিনায়ক চাকরিচ্যুত লে. কর্নেল হাসিনুর রহমান ডিউককে ডিবি পুলিশ পরিচয়ে একদল লোক উঠিয়ে নিয়ে যায় বলে অভিযোগ করা হয়েছে। ডিউক ২০০৯ সালে চট্টগ্রামে র‍্যাব-৭ এর অধিনায়ক ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ২২ শিক্ষার্থী কারাগারে ॥** নিরাপদ সড়ক আন্দোলনের নামে পুলিশের ওপর হামলা ও ভাঙচুর করার মামলায় দুই দিনের রিমান্ড শেষে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ২২ শিক্ষার্থীকে কারাগারে পাঠান আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **আন্তর্জাতিক আদালতকে সহযোগিতা করতে নারাজ মিয়ানমার ॥** মিয়ানমার বলেছে, রোহিঙ্গাদের বিষয়ে তদন্ত করার ক্ষেত্রে আন্তর্জাতিক আদালতকে কোনো সহযোগিতা করবে না তারা। বরং আন্তর্জাতিক আদালত যদি সদস্য না হওয়া সত্ত্বেও মিয়ানমারকে বিচারের আওতায় নিয়ে আসতে চায় তাহলে তা সংস্থাটির বিধির লঙ্ঘন হিসেবে পরিগণিত হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস পালিত ॥** নতুন শিল্প মালিকদের নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ করবে সরকার। রাজধানীর পেট্রো সেন্টারে আয়োজিত সেমিনারে প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বলেন, নতুন শিল্প-কারখানায় গ্যাস ও বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে কোনো সমস্যা হবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আন্তর্জাতিক আদিবাসী দিবস পালিত ॥** নানা আয়োজনে আন্তর্জাতিক আদিবাসী দিবস পালন করা হয়। কেন্দ্রীয় শহিদ মিনারে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ আদিবাসী ফোরামের সভাপতি জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় (সন্তু) লারমা বলেছেন, আদিবাসী মানুষ দেশান্তরিত হতে চায় না। সূত্র: সমকাল
- **থাইল্যান্ডের নাগরিকত্ব পেল তিন শরণার্থী কিশোর ফুটবলার ও তাদের কোচ ॥** বন্যাকবলিত গুহা থেকে নাটকীয়ভাবে উদ্ধার পাওয়া থাই কিশোর ফুটবল দলের তিন সদস্য ও তাদের কোচকে নাগরিকত্ব দিয়েছে থাইল্যান্ড। উত্তরাঞ্চলীয় চিয়াং রাই প্রদেশের মায়েসাই জেলার একটি পার্বত্য গুহায় কিশোর ফুটবল দলটি আটকা পড়ার পর জানা যায়, দলের তিনজন ফুটবলার ও তাদের কোচ থাইল্যান্ডে আশ্রয় নেওয়া শরণার্থী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ আগস্ট, শুক্রবার**

- **বিদ্যুৎ খাতে বাংলাদেশ-নেপাল সমঝোতা স্মারক স্বাক্ষর ॥** আট বছর আলোচনার পর অবশেষে নেপাল থেকে বিদ্যুৎ আমদানির আনুষ্ঠানিক পথ খুলেছে। বিদ্যুৎ খাতে সহযোগিতা বাড়াতে কাঠমান্ডুতে নেপালের সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে বাংলাদেশ। ফলে দেশটির জলবিদ্যুৎ প্রকল্পে বিনিয়োগ এবং প্রতিবেশী দেশ ভারত হয়ে



বাংলাদেশে বিদ্যুৎ আনার প্রক্রিয়া গতি পাবে বলে আশা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **কাজী নওশাবা আহমেদ আবারও দুই দিনের রিমান্ডে ॥** নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন প্রশ্নে ফেসবুক লাইভে উসকানিমূলক বক্তব্য দেওয়ার অভিযোগে গ্রেফতার অভিনেত্রী কাজী নওশাবা আহমেদকে আবারও দুই দিনের রিমান্ডে নেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ধর্ষণচেষ্টা ও হত্যার ঘটনায় তিনজন গ্রেফতার ॥** টাঙ্গাইলের মির্জাপুরে ২৬ জুলাই সকালে গ্রামীণ পরিবহণের চলন্তবাসে গার্মেন্টসকর্মী শিউলী বেগমকে ধর্ষণচেষ্টায় ব্যর্থ হয়ে বাস থেকে ফেলে হত্যার অভিযোগ ওঠে। এ ঘটনায় শিউলীর স্বামী শরীফ খান বাদী হয়ে অজ্ঞাতনামা কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। ঘটনার প্রায় দুই সপ্তাহ পর পুলিশ বাসচালক রনি শেখ ও তার ছোটো ভাই হেলপার সোহেল রানা ওরফে রানা শেখ এবং শিউলীর সহকর্মী আরিফ খানকে গ্রেফতার করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পানির ট্যাঙ্কে পড়ে তিনজনের মৃত্যু ॥** চট্টগ্রাম নগরীর খুলশী থানার নিউ ঝাউতলা ডিজেল কলোনি এলাকায় ক্রিকেট খেলার সময় পানির ট্যাঙ্কে পড়ে তিনজন মারা গেছে। এরা হলো ইমরান হোসেন ইমু (২৫), মো. রুবেল (১৮) ও মো. সিফাত (১২)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মহাকাশ বাহিনী গঠনের ঘোষণা যুক্তরাষ্ট্রের ॥** ২০২০ সালের মধ্যে যুক্তরাষ্ট্রে আলাদা করে মহাকাশ বাহিনী ( স্পেস ফোর্স) গঠনের পরিকল্পনা ঘোষণা করেছেন দেশটির ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স। ওয়াশিংটন ডিসিতে পেন্টাগনে দেওয়া বক্তব্যে পেন্স বলেন, চীন ও রাশিয়ার হুমকি এবং ক্রমাগত প্রতিযোগিতার মধ্যে মহাকাশে যুক্তরাষ্ট্রের আধিপত্য নিশ্চিত করতে এ বাহিনী গড়া জরুরি। মহাকাশ বাহিনী গড়া হলে এটি হবে যুক্তরাষ্ট্রের সামরিক বিভাগের ষষ্ঠ শাখা। সূত্র: যুগান্তর
- **জাতিসংঘের অভিযোগ অস্বীকার চীনের ॥** জাতিসংঘ জানিয়েছে, মুসলিমসহ ২০ লাখ উইঘুর সম্প্রদায়ের লোকজনকে চীনে গোপন ক্যাম্পে আটকে রাখা হয়েছে। জিনজিয়াং প্রদেশে সংখ্যালঘু উইঘুর

মুসলিমকে আটক রাখার বিষয়ে জাতিসংঘের অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে চীন। সূত্রঃ যুগান্তর

- **জামায়াতের আট নেতাকর্মী আটক ॥** ঝালকাঠিতে গোপন বৈঠককালে জামায়াতে ইসলামীর ৮ নেতাকে আটক করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মার্কিন নাগরিকত্ব পেলেন ট্রাম্পের শ্বশুর-শাশুড়ি ॥** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে মার্কিন অভিবাসন আইনকে 'পৃথিবীর সবচেয়ে নির্বোধ আইন' বলে দীর্ঘদিন ধরে সমালোচনা করে আসছিলেন সেই আইনেই মার্কিন নাগরিকত্ব পেলেন তাঁর শ্বশুর-শাশুড়ি। সূত্রঃ প্রথম আলো

**১১ আগস্ট, শনিবার**

- **সিলেট সিটি করপোরেশন নির্বাচন সম্পন্ন ॥** সিলেট সিটি করপোরেশন নির্বাচনে বিএনপির প্রার্থী আরিফুল হক চৌধুরী বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **স্বরাষ্ট্রমন্ত্রীর গাড়িতে ধাক্কা ॥** স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের গাড়িতে ধাক্কা দেওয়ার অভিযোগে গ্রেফতার নিউ ভিশন পরিবহণের চালক মানিক মিয়া ও সহকারী ইব্রাহীম খলিল ইমনকে (২২) চারদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বিএনপি নেত্রী মাহমুদা হাবিবাকে তুলে নেওয়ার অভিযোগ ॥** বিএনপির তথ্য প্রচার ও প্রকাশনাবিষয়ক কমিটির চেয়ারম্যান মাহমুদা হাবিবা ও তার স্বামী গার্মেন্ট ব্যবসায়ী কামাল আহমেদকে র‍্যাব তুলে নিয়ে গেছে বলে দাবি করেছে তাদের পরিবার। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **পুরান ঢাকায় দুর্বৃত্তদের গুলিতে যুবলীগের তিন নেতাকর্মী আহত ॥** রাজধানীর পুরান ঢাকার ওয়ারীতে সন্ত্রাসীদের গুলিতে ওয়ার্ড যুবলীগের দুই নেতাসহ তিনজন আহত হয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ছাত্রদল নেতা ফয়জুর রহমান রাজু নিহত ॥** সিলেটে অভ্যন্তরীণ কোন্দলের জেরে ছাত্রদল নেতা ফয়জুর রহমান রাজু (৩২) নিহত হয়েছেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **জাবালে নূর পরিবহণের ৬টি বাস আটক ॥** বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) রুট পারমিট বাতিল করা সত্ত্বেও গাড়ি চালানোর অভিযোগে জাবালে নূর পরিবহণের ৬টি বাস জব্দ করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বন্দুকযুদ্ধে চট্টগ্রামের শীর্ষ সন্ত্রাসী নাছির নিহত ॥** চট্টগ্রামে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে ১৯ মামলার আসামি দুর্ধর্ষ সন্ত্রাসী মো. নাছিরউদ্দিন ওরফে মামুন (৩৮) নিহত হয়েছে। এ ঘটনায় দুই পুলিশ সদস্য আহত হন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রাখাইন পরিদর্শনে বাংলাদেশ প্রতিনিধিদল ॥** মিয়ানমারে রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনের প্রস্তুতি সরেজমিনে দেখতে চারদিনের সফরের অংশ হিসেবে রাখাইন রাজ্য পরিদর্শন করেছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সূত্রঃ সমকাল

**১২ আগস্ট, রোববার**

- **সরকারি হলো আরও ২৭১টি কলেজ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী সরকারি হলো আরও ২৭১টি কলেজ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **'বিশ্ব ডাউন সিনড্রোম দিবস অ্যাওয়ার্ড' পেল বাংলাদেশ ॥** জেনেটিক প্রতিবন্ধী সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে বিশেষ অবদান রাখায় 'বিশ্ব ডাউন সিনড্রোম দিবস অ্যাওয়ার্ড' পেল বাংলাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রমনা উদ্যানের লেকে পানিতে ডুবে দুই ছাত্রের মৃত্যু ॥** রাজধানীর রমনা উদ্যানের লেকে গোসল করতে নেমে ডুবে দুই শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শিশু জিহাদের পরিবার পেল ২০ লাখ টাকা ॥** খোলা পাইপে পড়ে নিহত শিশু জিহাদের পরিবারকে ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দিয়েছে রেলওয়ে ও ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **রিমান্ড শেষে শহিদুল আলম কারাগারে ॥** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের মামলায় সাতদিনের রিমান্ড শেষে আলোকচিত্রী শহিদুল আলমকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **সৌদি আরবে জমি কিনেছে বাংলাদেশ ॥** সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশি কনস্যুলেট নতুন জায়গায় সরিয়ে নেওয়ার জন্য জমি

কিনেছে বাংলাদেশ। শহরের বাগদাদিয়াহ সড়কের কাছে কেনা হয়েছে ১০ হাজার ৩০০ বর্গমিটার জমি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ আগস্ট, সোমবার**

- **সাংবাদিক গোলাম সারওয়ারের মৃত্যু ॥** পিআইবি চেয়ারম্যান, সমকাল সম্পাদক এবং সম্পাদক পরিষদের সভাপতি গোলাম সারওয়ার (৭৫) মারা গেছেন। সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। সূত্র: সমকাল
- **মানবতাবিরোধী অপরাধে পটুয়াখালীর পাঁচজনের মৃত্যুদণ্ড ॥** মুক্তিযুদ্ধে মানবতাবিরোধী অপরাধের দায়ে পটুয়াখালীর ইসহাক সিকদারসহ পাঁচজনের বিরুদ্ধে ফাঁসির রায় দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। দণ্ডপ্রাপ্ত অন্য আসামিরা হলেন আবদুল গণি হাওলাদার, আবদুল আওয়াল ওরফে মৌলভী আওয়াল, আবদুস সাত্তার প্যাদা ও সোলায়মান মৃধা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিরোধীদলীয় চিফ হুইপ তাজুল ইসলাম চৌধুরীর মৃত্যু ॥** জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ তাজুল ইসলাম চৌধুরী (৭৩) রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নড়াইলের মামলায় খালেদা জিয়ার জামিন ॥** মুক্তিযুদ্ধে শহিদের সংখ্যা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে বিরূপ মন্তব্যের অভিযোগে নড়াইলে করা মানহানি মামলায় বিএনপি চেয়ারপারসন কারাবন্দি খালেদা জিয়াকে ছয় মাসের জামিন দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ইউনান প্রদেশে ভূমিকম্প ॥** চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ইউনান প্রদেশে ভূমিকম্পে কমপক্ষে ৬ হাজার ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় অর্ধলাখ মানুষ। আর এতে আহত হয়েছেন ১৮ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাফ ফুটবলে গ্রুপ চ্যাম্পিয়ন বাংলাদেশ ॥** ভুটানের রাজধানী থিম্পুর চাংলিমিথান স্টেডিয়ামে সাফ অনূর্ধ্ব-১৫ বালিকা ফুটবল চ্যাম্পিয়নশিপে নেপালকে ৩-০ গোলে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**১৪ আগস্ট, মঙ্গলবার**

- **ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের ২৩টি সেতু উদ্বোধন ॥** গণভবনে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাউথ এশিয়া সাব-রিজিওন্যাল কো-অপারেশনের (সাসেক) অংশ হিসেবে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের চার লেন প্রকল্পের ২৩টি ব্রিজ এবং ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ফেনীর ফতেহপুর রেলওয়ে ওভারপাস উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সড়ক দুর্ঘটনায় নরসিংদীতে সাতজন নিহত ॥** নরসিংদীর শিবপুরে যাত্রীবাহী বাস ও বরযাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে প্রাণ গেছে সাতজনের। বর-কনেসহ আহত হন আরও ২১ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঢাকায় বিদ্যুতের সাড়ে ৮ লাখ প্রিপেইড স্থাপন প্রকল্প অনুমোদন ॥** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ঢাকায় বিদ্যুতের সাড়ে আট লাখ প্রিপেইড মিটার স্থাপন প্রকল্প অনুমোদন দিয়েছে। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইতালিতে সেতুধসে নিহত ৩৫ ॥** ইতালির বন্দরনগরী জেনোয়ায় একটি সেতুধসে কমপক্ষে ৩৫ জন নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ আগস্ট, বুধবার**

- **জাতীয় শোক দিবস পালন ॥** যথাযোগ্য মর্যাদায় ও বিনম্র শ্রদ্ধায় দেশব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়। ঢাকার ধানমন্ডির ৩২ নম্বরে এবং টুঙ্গিপাড়ায় মানুষের ঢল নামে। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে রাষ্ট্রপতি আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কাবুলে আত্মঘাতী হামলায় ৪৮ জন নিহত ॥** আফগানিস্তানের রাজধানী কাবুলে একটি কোচিং সেন্টারে আত্মঘাতী বোমা হামলায় ৪৮ জন নিহত এবং কমপক্ষে ৬৭ জন আহত হয়েছেন। সূত্র: যুগান্তর

**১৬ আগস্ট, বৃহস্পতিবার**

- **পাঁচ পুলিশ কর্মকর্তা প্রত্যাহার ॥** ক্রসফায়ারের ভয় দেখিয়ে টাকা দাবি করায় যশোরের অভয়নগর থানার পাঁচ পুলিশ কর্মকর্তাকে প্রত্যাহার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **লুৎফুন্নাহার লুমা গ্রেফতার॥** নিরাপদ সড়ক আন্দোলন চলাকালে আওয়ামী লীগ কার্যালয়ে মৃত্যু ও ধর্ষণের গুজব ছড়ানোর অভিযোগে রাজধানীর রমনা থানায় দায়ের করা মামলায় কোটা সংস্কার আন্দোলনের কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহ্বায়ক লুৎফুন্নাহার লুমার তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্কুলছাত্রীর আত্মহত্যা ॥** মাদারীপুর পৌর এলাকার চরমুগরিয়া বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নূর হোসেন হাওলাদারের শারীরিক ও মানসিক নির্যাতনে সইতে না পেরে সাথী আক্তার (১৫) নামের দশম শ্রেণির মানবিক শাখার এক ছাত্রী বিষপানে আত্মহত্যা করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারতের সাবেক প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ীর মৃত্যু ॥** ভারতের সাবেক প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ী (৯৩) মারা গেছেন। সূত্র: যুগান্তর
- **ট্রাম্পের বিরুদ্ধে সাড়ে তিন শ মার্কিন পত্রিকার প্রতিবাদ ॥** প্রেসিডেন্ট পদে নির্বাচিত হওয়ার পর থেকেই ট্রাম্প মিডিয়াকে আক্রমণ করে কখনো 'মানুষের শত্রু' আবার কখনো 'ভুয়া খবর' বলে তোপ দেগেছেন। গত সপ্তাহেও পেনসিলভেনিয়ার একটি সমাবেশে সংবাদমাধ্যমগুলোর উদ্দেশে ট্রাম্প বলেন, 'বিরক্তিকর ভুয়া খবর।' এর পরেই 'বোস্টন গ্লোব' ও 'নিউইয়র্ক টাইমস'-এর নেতৃত্বে প্রায় সাড়ে তিন শ মার্কিন সংবাদপত্র ট্রাম্পের বিরুদ্ধে প্রতিবাদে অংশ নেয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাফ নারী ফুটবল ফাইনালে বাংলাদেশ ॥** স্বাগতিক ভুটানকে হারিয়ে সাফ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল ফাইনালে উঠেছে বাংলাদেশের মেয়েরা। ভুটানের চাংলিমিথান স্টেডিয়ামে সেমিফাইনাল ম্যাচে ৫-০ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**১৭ আগস্ট, শুক্রবার**

- **ফারিয়া মাহজাবিন গ্রেফতার ॥** নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনের সময় ফেসবুকে উসকানিমূলক পোস্ট দেওয়া ও গুজব ছড়ানোর অভিযোগে এবার ফারিয়া মাহজাবিন (২৮) নামে এক নারীকে গ্রেফতার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের প্রধানমন্ত্রী হলেন সাবেক ক্রিকেট তারকা ইমরান খান ॥** দেশটির পার্লামেন্ট জাতীয় পরিষদের ১৭৬ জন সদস্য তাঁর পক্ষে ভোট দেন। একসময় ব্যাট-বল হাতে ক্রিকেটবিশ্ব কাঁপানো পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের চেয়ারম্যান এখন দেশ শাসনের ক্ষমতা পেলেন। প্রধানমন্ত্রী পদের জন্য ইমরান খানের প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিলেন পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) প্রেসিডেন্ট শাহবাজ শরিফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দাউদ ইব্রাহিমের সহযোগী জাবির মোতিকে লন্ডনে গ্রেফতার ॥** ভারতের অন্যতম সন্ত্রাসী দাউদ ইব্রাহিমের ঘনিষ্ঠ সহযোগী জাবির মোতিকে লন্ডনে গ্রেফতার করেছে ব্রিটিশ পুলিশ। লন্ডনের হিলটন হোটেল থেকে ৫১ বছর বয়সি পাকিস্তানি এই নাগরিক জাবিরকে গ্রেফতার করা হয়। সূত্র: সমকাল

**১৮ আগস্ট, শনিবার**

- **জাতিসংঘের সাবেক মহাসচিব ও শান্তিতে নোবেলজয়ী কফি আনানের মৃত্যু ॥** জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান (৮০) সুইজারল্যান্ডের বার্নের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। সূত্র: সমকাল
- **ছুরিকাঘাতে সেনা সদস্য নিহত ॥** ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামের হাওনঘাটা এলাকায় সাইফুল ইসলাম (৩২) নামের এক সেনা সদস্যকে কুপিয়ে হত্যা করেছে দুবৃত্তরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাহাড়িদের দুই দলের সংঘর্ষে বার্স্ট ফায়ারে সাতজন নিহত ॥** খাগড়াছড়ি শহরের স্বনির্ভর বাজার এলাকায় পাহাড়িদের দুই দলের সংঘর্ষকালে বার্স্ট ফায়ারে অন্তত সাতজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত ১১ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ইয়াবাসহ পুলিশের এএসআই আটক ॥** চট্টগ্রামের মিরসরাইয়ে ইয়াবা চালান করতে গিয়ে র‍্যাবের হাতে ধরা পড়েছেন পুলিশের সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. আবুল বাশার (৪০)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৯ আগস্ট, রোববার**

- **খেতাবপ্রাপ্ত ১৮ মুক্তিযোদ্ধা পরিবারকে আর্থিক সহায়তার চেক হস্তান্তর ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আর্থিক সহায়তা দিয়েছেন। তিনি ১৮টি খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের আর্থিক সহায়তার চেক হস্তান্তর করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মানব পাচারের দায়ে তেজগাঁও কলেজের প্রভাষক গ্রেফতার ॥** রাজধানীর কারওয়ান বাজার এলাকা থেকে মানব পাচারের দায়ে তেজগাঁও কলেজের প্রভাষক মোহাম্মদ আছেমকে (৩৫) গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মুক্ত হলো ৪২ জন শিক্ষার্থী ॥** নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনে গ্রেফতার হওয়া শিক্ষার্থীর মধ্যে ৪২ জন জামিনে মুক্তি পেয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২০ আগস্ট, সোমবার**

- **'সরকারি চাকরি আইন-২০১৮' এর খসড়া চূড়ান্ত অনুমোদন ॥** ফৌজদারি মামলায় প্রজাতন্ত্রের কোনো কর্মচারীর বিরুদ্ধে অভিযোগপত্র আদালতে গৃহীত না হওয়া পর্যন্ত তাকে গ্রেফতার করা যাবে না। গ্রেফতার করতে হলে সরকার বা তার নিয়োগ কর্মকর্তার পূর্বানুমতি নিতে হবে। তবে চার্জশিট দাখিল হলে পূর্বানুমতি ছাড়াই গ্রেফতার করা যাবে। এমন বিধান রেখে বহুল আলোচিত 'সরকারি চাকরি আইন-২০১৮' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইউনিসেফ পুরস্কার গ্রহণ ॥** ক্ষমতাসীন সরকারের বাল্যবিবাহবিরোধী প্রচারণার স্বীকৃতিস্বরূপ ইউনিসেফের কাছ থেকে দুটি পুরস্কার গ্রহণ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



ইউনিসেফের ওই পুরস্কার দুটির একটি হচ্ছে দ্য একোলড গ্লোবাল ফিল্ম কম্পিটিশন-২০১৭ হিউম্যানিটারিয়ান অ্যাওয়ার্ড এবং আরেকটি দ্য একোলড উইনার অ্যাওয়ার্ড অব এক্সিলেন্স অ্যান্ড চাইল্ড ম্যারেজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট এম মতিউর রহমানের ৪৭তম মৃত্যুবার্ষিকী ॥** ১৯৭১ সালের এইদিনে মতিউর রহমান পাকিস্তানের করাচির মশরুর বিমান ঘাঁটি থেকে একটি প্রশিক্ষণ বিমান নিজের দখলে নিয়ে দেশে আসার সময় সেটি বিধ্বস্ত হয়ে শাহাদতবরণ করেন। তাঁর মৃতদেহ ঘটনাস্থল থেকে প্রায় আধা মাইল দূরে পাওয়া যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৩১ শিক্ষার্থীর জামিন মঞ্জুর ॥** নিরাপদ সড়ক ও সরকারি চাকরিতে বিদ্যমান কোটা পদ্ধতির সংস্কারের দাবিতে আন্দোলনে নেতৃত্ব দেওয়া সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের যুগ্ম আহ্বায়ক রাশেদ খানসহ ৩১ জনের জামিন মঞ্জুর করেছেন ঢাকার আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্যাংকের ২৩ লাখ টাকা লুট ॥** রাজধানীর বাড্ডার লিংক রোডের প্রিমিয়ার ব্যাংকের শাখায় অস্ত্র ঠেকিয়ে ক্যাশ কাউন্টার থেকে ২৩ লাখ টাকা লুট হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **স্ত্রীকে পুড়িয়ে হত্যার অভিযোগে সাভারের যুবলীগ সভাপতিকে বহিষ্কার ॥** স্ত্রীকে পুড়িয়ে হত্যার অভিযোগে সাভার থানা যুবলীগের সভাপতি সেলিম মণ্ডলকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ আগস্ট, মঙ্গলবার**

- **২১ আগস্ট গ্রেনেড হামলার ১৪তম বার্ষিকী ॥** সেই রক্তস্নাত, ভয়াল-বিভীষিকাময়, মৃত্যু-ধ্বংস-রক্তস্রোতের নারকীয় গ্রেনেড হামলার ১৪তম বার্ষিকী। সভ্যজগতের অকল্পনীয় এক নারকীয় হত্যাকাণ্ড চালানো হয় ২০০৪ সালের এই দিনে। ২১ আগস্টের সেই রক্তাক্ত ঘটনায় ঘটনাস্থলেই নিহত হন ১৬ জন। নারীনেত্রী আইভি রহমান ৫৮ ঘণ্টা মৃত্যুর সঙ্গে লড়ে ২৪ আগস্ট মারা যান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বর্বর হামলার বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত স্মরণ অনুষ্ঠানে বলেন,

এ গ্রেনেড হামলায় ২৪ জনকে হত্যার ঘটনায় যে খালেদা জিয়া ও তাঁর ছেলে তারেক রহমান সরাসরি জড়িত, এ বিষয়ে তাঁর কোনো সন্দেহ নেই। এর আগে ২৩ বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ের যে জায়গায় সেদিন ওই হামলা হয়েছিল, সেখানে নির্মিত অস্থায়ী বেদিতে ফুল দিয়ে সেদিনের হতাহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বখাটেদের হাতে কলেজছাত্র খুন ॥** সাভারে কলেজছাত্রীকে ইভটিজিংয়ের প্রতিবাদ করায় বখাটেদের হাতে নৃশংসভাবে খুন হয়েছেন কলেজছাত্র মারুফ খান (২০)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২২ আগস্ট, বুধবার**

- **পবিত্র ইদুল-আজহা উদ্‌যাপিত ॥** ত্যাগের মহিমায় দেশজুড়ে উদ্‌যাপিত হলো পবিত্র ইদুল-আজহা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাপানে যুদ্ধবিমানের প্রথম নারী পাইলট ॥** জাপানে যুদ্ধবিমানের প্রথম নারী পাইলট হলেন মিসা মাৎসুশিমা (২৬)। সূত্র: সমকাল

**২৩ আগস্ট, বৃহস্পতিবার**

- **পুনর্বাসন কেন্দ্রে মাদকসেবীকে হত্যার অভিযোগে চেয়ারম্যান আটক ॥** রাজধানীর দারুসসালামে পুনর্বাসন কেন্দ্রে মাদকসেবী যুবক জাহাঙ্গীরকে (৩০) পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **উপমহাদেশের বিশিষ্ট সাংবাদিক কুলদীপ নায়ারের মৃত্যু ॥** বিশিষ্ট ভারতীয় সাংবাদিক, কলাম লেখক ও লেখক কুলদীপ নায়ার (৯৫) দিল্লির একটি হাসপাতালে মারা গেছেন। নয়াদিল্লির লোধি রোডের শ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ছাত্রকে অপহরণ করে মুক্তিপণ দাবি ॥** মুক্তিপণ আদায়ের জন্য রাজধানীর মধুবাগ এলাকা থেকে ছাত্র সামিরকে (৮) অপহরণ করেন মাদ্রাসা শিক্ষক মো. মঈনুল ইসলাম (২৪)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৪ আগস্ট, শুক্রবার**

- **আইভি রহমানের মৃত্যুবার্ষিকী ॥** ভয়াল-বীভৎস ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহত বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের সাবেক সভানেত্রী আইভি রহমানের ১৪তম মৃত্যুবার্ষিকী আজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **রোহিঙ্গা সংকট সমাধানে বিশ্বনেতারা ব্যর্থ ॥** রোহিঙ্গা শরণার্থী সংকটের এক বছর হয়ে গেলেও বিশ্বনেতাদের ব্যর্থতার কারণে রাখাইনে মানবতাবিরোধী অপরাধ ঘটানো মিয়ানমারের সেনাসদস্যরা এখনো ধরাছোঁয়ার বাইরে রয়ে গেছে বলে মনে করে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **স্কট মরিসন অস্ট্রেলিয়ার নতুন প্রধানমন্ত্রী ॥** অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী হলেন দেশটির অর্থমন্ত্রী স্কট মরিসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৫ আগস্ট, শনিবার**

- **নাটোরে বাস-লেগুনার মুখোমুখি সংঘর্ষে ১৪ জন নিহত ॥** নাটোরের লালপুর উপজেলার কদিমচিলান এলাকায় বাস-লেগুনার মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের তিনজনসহ ১৪ জন নিহত ও প্রায় ২৫ জন আহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গণতন্ত্রের লড়াইয়ে ঐক্যবদ্ধ হওয়ার ডাক খালেদা জিয়ার ॥** সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে নাজিমউদ্দিন রোডের কারাগারে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাক্ষাৎকালে তিনি গণতন্ত্রের লড়াইয়ে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার ডাক দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্রের সিনেটর জন ম্যাককেইনের মৃত্যু ॥** যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সিনেটর, রিপাবলিকান পার্টির নেতা ও ভিয়েতনাম যুদ্ধের অন্যতম নায়ক জন ম্যাককেইন (৮১) আজ মারা গেছেন। সূত্র: সমকাল

**২৬ আগস্ট, রোববার**

- **'উচ্চশিক্ষা কমিশন আইন-২০১৮' এর খসড়া অনুমোদন ॥** সচিবালয়ে প্রশাসনিক উন্নয়নসংক্রান্ত সচিব কমিটির বৈঠকে 'উচ্চশিক্ষা কমিশন আইন-২০১৮' খসড়া আইন অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নবনির্বাচিত সাত কাউন্সিলরের শপথ গ্রহণ ॥** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের একজন ও গাজীপুর সিটি করপোরেশনের ছয়জনসহ মোট সাতজন নবনির্বাচিত কাউন্সিলরের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন কাউন্সিলরদের শপথবাক্য পাঠ করান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সিডিপির সদস্য নিযুক্ত হলেন ড. দেবপ্রিয় ভট্টাচার্য ॥** জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্টের (সিডিপি) সদস্য হয়েছেন বাংলাদেশের প্রখ্যাত অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ক্রিকেটার মোসাদ্দেক হোসেন সৈকতের বিরুদ্ধে যৌতুকের মামলা ॥** জাতীয় দলের ক্রিকেটার মোসাদ্দেক হোসেন সৈকতের বিরুদ্ধে নারী নির্যাতন ও ১০ লাখ টাকা যৌতুকের দাবি করার অভিযোগে মামলা করেছেন স্ত্রী সামিয়া শারমিন উষা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ফ্লোরিডায় বন্দুকধারীদের হামলায় নিহত চার ॥** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার জ্যাকসনভিলে বিনোদন কমপ্লেক্সে একটি ভিডিও গেমস টুর্নামেন্টে গোলাগুলির ঘটনায় কমপক্ষে চারজন নিহত ও ১১ জন আহত হয়েছেন। সূত্র: সমকাল

**২৭ আগস্ট, সোমবার**

➤ **জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪২তম মৃত্যুবার্ষিকী ॥** বাংলা কবিতার বিদ্রোহী জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আজ ৪২তম মৃত্যুবার্ষিকী। ১৩৮৩ বঙ্গাব্দের ১২ ভাদ্র ঢাকার তৎকালীন পিজি হাসপাতালে (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **রোহিঙ্গা গণহত্যার জন্য মিয়ানমার সেনাবাহিনী দায়ী–জাতিসংঘের দাবি ॥** মিয়ানমারের সেনাবাহিনী 'গণহত্যার অভিপ্রায়ে' রোহিঙ্গা মুসলমানদের হত্যা, ধর্ষণের ঘটনা ঘটিয়েছে বলে মনে করে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশন। রোহিঙ্গাদের ওপর নির্যাতনের বিষয়ে প্রকাশিত এক প্রতিবেদনে একথা তুলে ধরা হয়। সূত্র: যুগান্তর

➤ **মিয়ানমারের প্রতি আহ্বান অস্ট্রেলিয়ার ॥** মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা নির্যাতনসহ মানবাধিকার লঙ্ঘনকারী এবং অপরাধীদের বিচার করার জন্য মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে অস্ট্রেলিয়া। পাশাপাশি রোহিঙ্গাদের সংকটে দীর্ঘ সময় উদারতা দেখানো এবং গৃহহীন বিশাল জনগোষ্ঠীকে আশ্রয় দেওয়ার জন্য বাংলাদেশের প্রশংসা করেছে দেশটি। সূত্র: যুগান্তর

➤ **আইসিটি আইনের মামলায় জামিন পেলেন আমীর খসরু মাহমুদ ॥** নাশকতা ও উসকানির অভিযোগে দায়েরকৃত দুটি মামলায় আগাম



জামিন পেয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সন্ত্রাসীদের পেট্রোলের আগুনে দগ্ধ কলেজছাত্রী মৃত্যু ॥** সন্ত্রাসীদের পেট্রোলের আগুনে দগ্ধ পাবনা এডওয়ার্ড কলেজের ছাত্রী মুক্তি খাতুন ৯ দিন মৃত্যুর সঙ্গে লড়ে মারা গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সীতাকুণ্ডে প্রতিপক্ষের হামলায় যুবলীগ কর্মী নিহত ॥** চট্টগ্রামের সীতাকুণ্ডে জাতীয় শোক দিবসের সভা শেষে বাসায় ফেরার পথে প্রতিপক্ষের হামলায় রমজান আলী (৩৫) নামে এক যুবলীগ কর্মী নিহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ আগস্ট, মঙ্গলবার**

➤ **আলোকচিত্রী শহিদুল আলমের মুক্তি চান টিউলিপ সিদ্দিক ॥** বাংলাদেশের কারাবন্দি ফটোসাংবাদিক শহিদুল আলমকে মুক্তি দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছেন তাঁর ভাগনি ও ব্রিটিশ এমপি টিউলিপ সিদ্দিক। লন্ডনের অনলাইন দ্য টাইমস পত্রিকায় 'এমপি আর্জেজ আন্ট টু রিলিজ বাংলাদেশ ফটোগ্রাফার' শীর্ষক রিপোর্টে বলা হয়, বাংলাদেশে বর্তমান সরকারের আমলে শহিদুল আলমের আটক থাকা খুবই উদ্বেগজনক এবং অবিলম্বে এই পরিস্থিতির ইতি ঘটা উচিত বলে মনে করেন টিউলিপ সিদ্দিক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সাংবাদিক সুবর্ণা আক্তার নদীকে কুপিয়ে হত্যা ॥** বেসরকারি টেলিভিশন চ্যানেল 'আনন্দ টিভি'র পাবনা প্রতিনিধি সুবর্ণা আক্তার নদীকে (৩০) কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **জামিন পেলেন ফারিয়া মাহজাবিন ॥** তথ্যপ্রযুক্তি আইনের মামলায় জামিন পেয়েছেন ফারিয়া মাহজাবিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ আগস্ট, বুধবার**

➤ **১৬৩ জন যুগ্মসচিবের পদোন্নতি ॥** জনপ্রশাসনের আরও ১৬৩ জন যুগ্ম সচিবকে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি দেওয়া হয়েছে। ১৬৩ জন কর্মকর্তার মধ্যে যেসব কর্মকর্তা প্রশাসনবহির্ভূত ক্যাডার থেকে উপসচিব পদে আত্তীকৃত হয়েছিলেন, তাঁদের সংখ্যা ৩০ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ইরাকে আত্মঘাতী গাড়িবোমা হামলায় আটজন নিহত ॥** ইরাকের আনবার প্রদেশে আত্মঘাতী গাড়িবোমা হামলায় আটজন নিহত এবং ১২ জন আহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩০ আগস্ট, বৃহস্পতিবার**

➤ **বিমসটেক সহযোগিতা সম্প্রসারণে শেখ হাসিনার আহ্বান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তবাণিজ্য অঞ্চল সৃষ্টি, বিনিয়োগ ও জ্বালানি খাতে যৌথ প্রচেষ্টা, জনগণের মধ্যে যোগাযোগ এবং অর্থায়ন প্রক্রিয়া গড়ে তোলার মাধ্যমে বিমসটেক ফোরামে সহযোগিতা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, 'মুক্তবাণিজ্য অঞ্চল সৃষ্টি, বিনিয়োগ ও জ্বালানি খাতে যৌথ প্রচেষ্টা, জনগণের মধ্যে যোগাযোগ ও অর্থায়ন প্রক্রিয়া গড়ে তোলার মাধ্যমে বিমসটেক ফোরামে আমাদের সহযোগিতা সম্প্রসারিত করা যেতে পারে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **শিশুর মৃত্যু ॥** কুষ্টিয়ার চৌড়হাস মোড়ে বাসের ধাক্কায় মায়ের কোল থেকে রাস্তায় ছিটকে পড়ে আহত এক বছর বয়সি শিশু আকিফা খাতুন মারা গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **চোর সন্দেহে স্কুলছাত্রকে পিটিয়ে হত্যা ॥** ময়মনসিংহের গফরগাঁও উপজেলার উথুরী-ঘাগড়া টাওয়ার মোড় বাজার এলাকায় চোর সন্দেহে রিয়াদ (১৪) নামে এক স্কুলছাত্রকে গাছের সঙ্গে বেঁধে পিটিয়ে হত্যা করেছে একদল লোক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **জেএমবির আঞ্চলিক নেতা আমিনুলসহ পাঁচজন আটক ॥** রাজশাহীর গোদাগাড়ী ও চাঁপাইনবাবগঞ্জের কোদালকাটি মধ্যচর থেকে জেএমবির শীর্ষ নেতা আমিনুলসহ পাঁচ সদস্যকে আটক করেছে র‌্যাব। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩১ আগস্ট, শুক্রবার**

➤ **বিমসটেক অঞ্চলে সৌরবিদ্যুৎ গ্রিড চালুর প্রস্তাব বাংলাদেশের ॥** বিমসটেকভুক্ত অঞ্চলে সৌরবিদ্যুৎ গ্রিড ও যাত্রীবাহী জাহাজ চালুর প্রস্তাব করেছে বাংলাদেশ। দুইদিনের বিমসটেক শীর্ষ সম্মেলনের শেষদিন বিমসটেক লিডার্স রিট্রিট সেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই প্রস্তাব দেন। কাঠমান্ডুর হোটেল সোয়ালটি ক্রাউনি প্লাজায় এই সেশন অনুষ্ঠিত হয়।



➤ **ইভিএম ষড়যন্ত্রে সরকার জড়িত ॥** বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ বলেছেন, 'আগামী জাতীয় নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের পেছনে সরকার জড়িত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **কাশ্মীরের প্রথম মুসলিম নারী পাইলট ইরাম হাবিব ॥** ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের প্রথম মুসলিম নারী পাইলট হয়েছেন ইরাম হাবিব (৩০)। সূত্র: সমকাল

## সেপ্টেম্বর-২০১৮

**১ সেপ্টেম্বর, শনিবার**

➤ **'৭ মার্চ ভবন' উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেগম রোকেয়া হলের '৭ মার্চ ভবন' উদ্বোধনকালে বলেন, 'শিক্ষার্থীদের তাদের বিশ্ববিদ্যালয়গুলোর মর্যাদা সমুন্নত রাখতে হবে এবং কোনোভাবেই কোনো ধরনের উচ্ছৃঙ্খলতা গ্রহণযোগ্য হবে না। বিশ্ববিদ্যালয়ের নিয়ম মেনেই সবাইকে চলতে হবে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সড়কে ঝরল নয় প্রাণ ॥** গাইবান্ধার পলাশবাড়ীতে যাত্রীবাহী বাস ও ট্রাক্টরের (কাঁকড়া গাড়ি) মুখোমুখি সংঘর্ষে পাঁচজন এবং নেত্রকোনার কেন্দুয়া উপজেলার মাসকাবাজার এলাকায় বাস ও সিএনজির মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **শিল্পকর্মে জাতীয় সংস্কৃতি তুলে ধরার আহ্বান ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, 'শিল্পী নিজস্ব চেতনা, পারিপার্শ্বিকতা তথা স্থান-কাল-পাত্রকে ধারণ করে তা ফুটিয়ে তোলেন তাঁর শিল্পকর্মে। তাই দেশ-কাল-সংস্কৃতি ভেদে শিল্পীর স্বরূপ ও কর্মকাণ্ড ভিন্নতর হতে পারে। তাই নিজেদের শিল্পকর্মে জাতীয় সংস্কৃতি ও কৃষ্টি তুলে ধরতে শিল্পীদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **প্রতিদিনই ফ্লাইট ॥** এখন থেকে সপ্তাহের সাতদিনেই বরিশাল-ঢাকা আকাশ পথে উড়োজাহাজ সার্ভিস থাকছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ট্রাম্পের সঙ্গে একমত নন ॥** ওয়াশিংটন পোস্ট ও এবিসি নিউজের পরিচালিত এক মতামত জরিপ প্রকাশিত হয়, যুক্তরাষ্ট্রের ৬০ শতাংশ

মানুষ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কর্মকাণ্ডের সঙ্গে একমত নন। আর প্রায় অর্ধেক মানুষই তাঁর অভিশংসন চান। সূত্র: সমকাল

**২ সেপ্টেম্বর, রোববার**

➢ **জন্মাষ্টমী ॥** শুভ জন্মাষ্টমী। ভাদ্র মাসের শুক্লপক্ষের অষ্টম তিথিতে ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। সনাতন ধর্মানুসারে, পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ অত্যাচারীর বিরুদ্ধে দুর্বলের অধিকার প্রতিষ্ঠা এবং দুষ্টের দমন ও শিষ্টের পালন করতেই এ পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী ॥** নেপালের রাজধানী কাঠমান্ডুতে অনুষ্ঠিত চতুর্থ বিমসটেক সম্মেলনের অর্জন তুলে ধরতে গণভবনে আয়োজিত জনাকীর্ণ সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আগামী জাতীয় নির্বাচন যথাসময়ে হবে ইনশাআল্লাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **১৪ শিশুর মৃতদেহ উদ্ধার ॥** দক্ষিণ কলকাতার হরিদেবপুর থানা এলাকার রাজা রামমোহন সরণিতে কয়েক বিঘার একটি ফাঁকা জমি পরিষ্কার করার সময়ে মিলল প্লাস্টিকে মোড়া ১৪ সদ্যোজাত শিশুর মৃতদেহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মানুষের আয়ু দেড় শ বছর ॥** যুক্তরাষ্ট্রের হার্ভার্ড মেডিকেল স্কুলের সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, মানুষের আয়ু বেড়ে ১৫০ বছর পর্যন্ত হতে পারে। এই যুগান্তকারী গবেষণায় নেতৃত্ব দিচ্ছেন ডেভিড সিনক্লেয়ার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩ সেপ্টেম্বর, সোমবার**

➢ **'শ্রম আইন-২০১৮' ॥** শিশুশ্রম নিষিদ্ধ করে বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০১৮-এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। কেউ যদি শিশুশ্রমিক নিয়োগ করে, তাঁকে পাঁচ হাজার টাকা অর্থদণ্ড করা হবে। ১৪ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত কিশোররা হালকা কাজ করতে পারবে। শ্রমিকদের জন্য বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা ও অধিকার নিশ্চিত করা হয়েছে প্রস্তাবিত আইনে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বীরাঙ্গনা রমা চৌধুরীর পরলোকগমন ॥** একাত্তরের জননীখ্যাত বীরাঙ্গনা রমা চৌধুরী (৭৯) পরলোকগমন করেছেন। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **ট্রাম্পের রুক্ষতা, যুক্তরাষ্ট্র-ভারত সম্পর্ক ॥** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ইংরেজি উচ্চারণ নিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিদ্রূপে ভারত হতভম্ব। ট্রাম্পের একটি ভিডিও নয়াদিল্লিতে ভাইরাল হয়েছে, যেখানে তিনি মোদিকে নকল করেছেন। পাশাপাশি এ খবরও ছড়িয়ে পড়েছে, ট্রাম্প একান্ত আলোচনায় প্রায়ই তাঁর ভারতীয় পক্ষকে নিয়ে তামাশা করে থাকেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **ক্ষমা চাইল সেনাবাহিনী ॥** জাতিসংঘের সত্যানুসন্ধানে মিশনের প্রতিবেদনের পর রোহিঙ্গা নির্যাতন নিয়ে ছবি বিকৃতির জন্য ক্ষমা চাইল মিয়ানমার সেনাবাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **সাফ ফুটবলের ১২তম আসর শুরু ॥** ঢাকায় সাত জাতির ১২তম সাফ চ্যাম্পিয়নশিপ ফুটবলের পর্দা উঠেছে। 'সাফ সুজুকি কাপ' নামের এই আসরে উদ্বোধনী দিনে মাঠে নামে স্বাগতিক বাংলাদেশ। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'এ' গ্রুপের ম্যাচে ভুটানের বিপক্ষে প্রথম ম্যাচ খেলে বাংলাদেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

**৪ সেপ্টেম্বর, মঙ্গলবার**

➢ **বদ্বীপ পরিকল্পনা-২১০০ অনুমোদন ॥** জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় অনুমোদন পেল 'ডেল্টা প্ল্যান-২১০০'। আর এই পরিকল্পনা বাস্তবায়নে গঠন করা হচ্ছে ডেল্টা তহবিল। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও এনইসি চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জনপ্রিয়তা বৃদ্ধি ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি শতকরা ৬৬ ভাগ মানুষ সমর্থন প্রকাশ করেছেন। পাশাপাশি ৬৪ শতাংশ নাগরিক আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের প্রতি সমর্থন জানিয়েছেন। ওয়াশিংটনভিত্তিক ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট (আইআরআই) পরিচালিত এক জরিপের ফলাফলে এ কথা বলা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **হেলমেট ছাড়া তেল পাবে না মোটরসাইকেল ॥** ঢাকা মহানগর পুলিশের কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, 'রাজধানীতে বাস থামানোর জন্য ১২১টি স্থান নির্ধারণ করেছি। সেগুলোতে বোর্ড লাগানো হচ্ছে। এসব স্থানের বাইরে কেউ বাস থামাতে পারবে না।

সেই সঙ্গে মহানগরীর প্রধান সড়কগুলোতে এখন থেকে লেগুনা চলবে না। মোটরসাইকেল আরোহীরা হেলমেট ছাড়া পেট্রোল পাম্পে গিয়ে তেল পাবে না।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ভুটানকে ২-০ গোলে হারিয়েছে বাংলাদেশ ॥** বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপে নিজেদের প্রথম খেলায় ভুটানকে ২-০ গোলে হারিয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৫ সেপ্টেম্বর, বুধবার**

➢ **'আকাশবীণা' উদ্বোধন ॥** বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন এয়ারক্র্যাফট অত্যাধুনিক বোয়িং-৭৮৭-৮ ড্রিমলাইনার 'আকাশবীণা' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণ ॥** রাজশাহী ও সিলেট সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলররা শপথ গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীর মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন ও সিলেটের মেয়র আরিফুল হক চৌধুরীকে শপথবাক্য পাঠ করান। আর এই দুই সিটির নির্বাচিত কাউন্সিলরদের শপথ পড়ান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সাঁতার কাটার রেকর্ড ॥** দূরপাল্লার সাঁতারে বিশ্বরেকর্ড গড়ার স্বপ্নপূরণ হলো নেত্রকোনা মদন উপজেলার জাহাঙ্গীরপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা ক্ষিতীন্দ্র চন্দ্র বৈশ্যর (৬৭)। তিনি ১৮৫ কিলোমিটার নদীপথ পাড়ি দিয়ে এ রেকর্ড গড়লেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

➢ **শিক্ষার্থীর সংখ্যা ৫ কোটি আর শিক্ষক ২৫ লাখ ॥** শিক্ষামন্ত্রী চট্টগ্রাম নগরীর পোর্টসিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বলেন, আজ দেশে পাবলিক বিশ্ববিদ্যালয় ৪৪টি আর বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১০৮। বর্তমানে দেশে শিক্ষার্থীর সংখ্যা ৫ কোটি আর শিক্ষকের সংখ্যা ২৫ লাখ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বিদ্যুৎ উৎপাদনে খরচ ৬ দশমিক ২৫ টাকা/কিলোওয়াট ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮' উদ্‌যাপনে আয়োজিত



অনুষ্ঠানে বলেন, আমরা মাত্র কয়েক বছরের মধ্যেই ১ হাজার ৬০০ থেকে বিদ্যুৎ উৎপাদন ৪ হাজার ৩০০ মেগাওয়াটে নিয়ে যেতে সক্ষম হই। বর্তমানে আমাদের বিদ্যুৎ উৎপাদন খরচ ৬ দশমিক ২৫ টাকা/কিলোওয়াট এবং বিক্রয়মূল্য রাখা হয়েছে ৪ দশমিক ৮২ টাকা/কিলোওয়াট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **পাকিস্তানকে ১-০ গোলে হারাল বাংলাদেশ ॥** ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সাফ চ্যাম্পিয়নশিপের ১২তম আসরে পাকিস্তানকে হারিয়ে সেমিফাইনালের পথে একধাপ এগিয়ে গেল বাংলাদেশ ফুটবল দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ সেপ্টেম্বর, শুক্রবার**

➢ **'গোপন নথিতে বঙ্গবন্ধু' ॥** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে তৎকালীন পাকিস্তান ইন্টেলিজেন্স ব্রাঞ্চের গোপন নথি নিয়ে ১৪ খণ্ডের বইয়ের প্রথম খণ্ডের মোড়ক উন্মোচন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। 'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' শীর্ষক বইটির প্রকাশনা উৎসব অনুষ্ঠানের শুরুতে প্রথম খণ্ডের মোড়ক উন্মোচিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **হেগের আদালতে গৃহীত সিদ্ধান্ত প্রত্যাখ্যান ॥** রাখাইন থেকে রোহিঙ্গা বিতাড়নের ঘটনায় মানবতাবিরোধী অপরাধের বিচার করার এখতিয়ার আন্তর্জাতিক অপরাধ আদালতের রয়েছে বলে হেগের ওই আদালত যে রায় ঘোষণা করেছে, তা প্রত্যাখ্যান করেছে মিয়ানমার সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আট যৌথ সিদ্ধান্ত ॥** নয়াদিল্লিতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ে ৪৭তম সীমান্ত সম্মেলন জয়েন্ট রেকর্ড অব ডিসকাশন স্বাক্ষরের মধ্য দিয়ে শেষ হয়েছে। সম্মেলনে সীমান্ত হত্যা বন্ধ, বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীদের অনুসন্ধান ও মানব পাচার রোধসহ আটটি বিষয়ে ঐকমত্যে পৌঁছে একসঙ্গে কাজ করার যৌথ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৮ সেপ্টেম্বর, শনিবার**

➢ **কেআইবির ষষ্ঠ জাতীয় কনভেনশন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশের (কেআইবি) ষষ্ঠ জাতীয় কনভেনশন এবং

এ উপলক্ষ্যে আয়োজিত আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে বলেন, 'যে অগ্রযাত্রাটা শুরু করেছি, বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করেছি, সেটা যেন থেমে না থাকে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ইলিশের পূর্ণাঙ্গ জীবনরহস্য (জিনোম সিকোয়েন্স) উন্মোচন ॥** ইলিশ মাছের জীবনরহস্য (জিনোম সিকোয়েন্স) উন্মোচন করেছে বাংলাদেশের বিজ্ঞানীদের দুটি দল। এই সফলতা ইলিশ মাছের সংরক্ষণ ও উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন বিজ্ঞানীরা।
- **প্রতিযোগিতা থেকে বাংলাদেশের বিদায় ॥** সাত জাতির সাফ সুজুকি কাপ ফুটবলের 'এ' গ্রুপে নিজেদের শেষ ম্যাচে নেপালের কাছে ২-০ গোলে হেরে সেমিফাইনালে ওঠার আগেই প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে স্বাগতিক বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৯ সেপ্টেম্বর, রোববার**

- **রোহিঙ্গা প্রসঙ্গে আইডিবি ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামি ডেভেলপমেন্ট ব্যাংক গ্রুপের (আইএসডিবিজি) ঢাকাস্থ 'রিজিওনাল হাব' উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বলেন, 'মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠী যখন জাতিগত নির্মূলের মুখোমুখি তখন আইডিবি নিশ্চুপ থাকতে পারে না।' জোরপূর্বক বিতাড়িত রোহিঙ্গাদের নিরাপদে নিজ দেশে ফিরে যাওয়া নিশ্চিত করার জন্য আইডিবিকে দৃঢ়ভাবে তাদের পাশে দাঁড়ানোর অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চিকিৎসার নির্দেশনা চেয়ে রিট ॥** দেশের যে কোনো বিশেষায়িত হাসপাতালে দণ্ডপ্রাপ্ত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় খালেদা জিয়ার পক্ষে তাঁর আইনজীবীরা রিটটি দায়ের করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১০ সদস্যের কমিটি ॥** ঢাকা মহানগরীর গণপরিবহণে শৃঙ্খলা ফেরানো ও যানজট নিরসনে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়রকে আহ্বায়ক করে ১০ সদস্যের কমিটি গঠন করেছে সরকার। প্রজ্ঞাপনে কমিটির ছয়টি কার্যপরিধি ঠিক করে দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **বাংলাদেশের রাজনীতি ও নির্বাচনে হস্তক্ষেপ করবে না ভারত ॥** বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা গণমাধ্যমের প্রশ্নের জবাবে বলেন, বাংলাদেশের আগামী নির্বাচন এবং রাজনীতি একান্তই তাদের নিজস্ব বিষয়। ভারত সরকার বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতি এবং নির্বাচনে কোনোভাবেই হস্তক্ষেপ করবে না। তবে বন্ধুপ্রতিম দেশ হিসেবে বাংলাদেশ কোনো সহযোগিতা চাইলে ভারত সরকার সব সময় সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ সেপ্টেম্বর, সোমবার**

- **৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি ও আখাউড়া-আগরতলা রেললাইন নির্মাণ প্রকল্প উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকার গণভবন এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দিল্লি থেকে আজ এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ বিদ্যুৎ সরবরাহ কার্যক্রমের উদ্বোধন করেন। নতুন যুক্ত হওয়া ৫০০ মেগাওয়াটের পর বাংলাদেশের বিদ্যুৎ আমদানির পরিমাণ দাঁড়াচ্ছে **১** হাজার ৬৬০ মেগাওয়াট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩৫ করার সুপারিশ ॥** সরকারি চাকরিতে ঢোকার বয়স ৩৫ বছরে উন্নীত এবং অবসরের বয়স বাড়ানোর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে কার্যক্রম গ্রহণের জন্য আবারও সুপারিশ করেছে সংসদীয় কমিটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বিল-২০১৮ উত্থাপন ॥** মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুবিধার আওতা বাড়িয়ে 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বিল-২০১৮' সংসদে তোলা হয়েছে। বিলটিতে মুক্তিযোদ্ধার সংজ্ঞাও নির্ধারণ করা হয়েছে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বিলটি সংসদে উত্থাপন করেন। পরে তা পরীক্ষা করে পাঁচ কার্যদিবসের মধ্যে সংসদে প্রতিবেদন দেওয়ার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়। বিলে বলা হয়েছে, বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে তাঁর স্ত্রী বা স্বামী, তাঁদের অবর্তমানে মুক্তিযোদ্ধার পিতা-মাতা, তাঁদের অবর্তমানে সন্তান সুবিধা পাবেন। তবে এদের অবর্তমানে মুক্তিযোদ্ধার ভাইবোন সুবিধা পাবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১১ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- **৬ হাজার কোটি টাকা অনুমোদন ॥** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে 'নির্বাচিত মাদ্রাসাগুলোর উন্নয়ন' শিরোনামে ৫ হাজার ৯১৮ কোটি ৬৩ লাখ টাকার প্রকল্প অনুমোদন পায়। মাদ্রাসা উন্নয়নের লক্ষ্যেই এ প্রকল্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পদক প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি ॥** রাষ্ট্রপতি আবদুল হামিদ নবম ইউজিসি পদক প্রদান অনুষ্ঠানে ভাষণদানকালে বলেন, উচ্চশিক্ষার মান নিশ্চিত করতে আরও উদ্যোগী হতে হবে। বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি অর্জনের পর কেউ যেন শিক্ষিত ও অভিজাত বেকারে পরিণত না হয় সেদিকে লক্ষ রাখতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শেখ হাসিনার সঙ্গে মার্শিয়া বার্নিকাটের বৈঠক ॥** বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শিয়া ব্লুম বার্নিকাট প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। তাঁরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। আসন্ন নির্বাচন, রোহিঙ্গা শরণার্থীদের প্রত্যাবাসন বিষয়ে যুক্তরাষ্ট্রের সহযোগিতা এবং বিদ্যুৎ খাতে সহযোগিতার বিষয়েও তাদের মধ্যে আলোচনা হয়। সূত্র: কালের কণ্ঠ
- **সংবাদকর্মীদের জন্য ৪৫ শতাংশ মহার্ঘ ভাতা ॥** সংবাদপত্র ও সংবাদ সংস্থাগুলোর কর্মীদের জন্য মূল বেতনের ৪৫ শতাংশ মহার্ঘ ভাতা ঘোষণা করে আদেশ জারি করেছে সরকারের তথ্য মন্ত্রণালয়। যা গত ১ মার্চ থেকে কার্যকরের সিদ্ধান্ত হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- **সবচেয়ে বড়ো সামরিক মহড়া রাশিয়ার ॥** রাশিয়ার পূর্ব সাইবেরিয়ায় শুরু হয়েছে ইতিহাসের সবচেয়ে বড়ো সামরিক মহড়া। সপ্তাহব্যাপী এ মহড়ায় চীন ও মঙ্গোলিয়ার সৈন্যসহ প্রায় তিন লাখ সৈন্য অংশ নিয়েছে। পেন্টাগন এই মহড়াকে 'যুদ্ধ খেলা' বলে আখ্যায়িত করে জানিয়েছে, তারা পুরো সময় এর ওপর নজর রাখবে। এ মহড়ার নামকরণ করা হয়েছে 'ভস্তক-২০১৮' (পূর্ব-২০১৮)। সূত্র: কালের কণ্ঠ

**১২ সেপ্টেম্বর, বুধবার**

- **১৪টি কলেজ জাতীয়করণ ॥** সরকারি করা হয়েছে আরও ১৪টি বেসরকারি কলেজ। এর ফলে দেশে এখন সরকারি কলেজ ও সমমানের প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়াল ৬১৭টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **পুঁজিবাজার উন্নয়নে সাত দফা সুপারিশ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুঁজিবাজারের উন্নয়নে সাত দফা সুপারিশমালা বাস্তবায়নের মাধ্যমে বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিতকরণে বিএসইসিসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঋণখেলাপির সংখ্যা ২ লাখ ৩০ হাজার ৬৫৮ ॥** চলতি বছরের জুন পর্যন্ত দেশে ঋণখেলাপির সংখ্যা ২ লাখ ৩০ হাজার ৬৫৮। আর এসব ঋণখেলাপির কাছে অনাদায়ী অর্থের পরিমাণ ১ লাখ ৩১ হাজার ৬৬৬ কোটি টাকা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সুষ্ঠু নির্বাচনে প্রয়োজনীয় সহযোগিতা করবে সরকার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনে নির্বাচন কমিশনকে (ইসি) সাংবিধানিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- **ভিত্তিপ্রস্তর স্থাপন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে নির্মিতব্য, সুপার স্পেশালাইজড হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি দেশের প্রতিটি বিভাগে সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয় তৈরি করা হবে বলে ঘোষণা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সড়ক পরিবহণ বিল-২০১৮ উত্থাপন ॥** কোনো ব্যক্তির বেপরোয়া ও অবহেলাজনিত গাড়ি চালানোর কারণে দুর্ঘটনা ঘটলে এবং সেই দুর্ঘটনায় কেউ আহত বা নিহত হলে সর্বোচ্চ ৫ বছর কারাদণ্ড বা ৫ লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ডের বিধান রেখে জাতীয় সংসদে সড়ক পরিবহণ বিল-২০১৮ উত্থাপন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশকে দায়ী করলেন অং সান সু চি ॥** মিয়ানমার থেকে সামরিক অভিযানের মুখে পালিয়ে আসা লাখ লাখ রোহিঙ্গার প্রত্যাবাসনে ব্যর্থতার জন্য বাংলাদেশকে দায়ী করেছেন অং সান সু চি। সূত্র: প্রথম আলো

**১৪ সেপ্টেম্বর, শুক্রবার**

- **তিন ধাপ এগিয়েছে বাংলাদেশ ॥** মাথাপিছু আয়, গড় আয়ুসহ বিভিন্ন মাপকাঠিতে উন্নতির ফলে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) মানব উন্নয়ন সূচকে (এইচডিআই) তিন ধাপ এগোলো বাংলাদেশ।

১৮৯টি দেশকে নিয়ে করা সূচকে বাংলাদেশ লাভ করেছে ১৩৬তম স্থান। সূচকে সবার উপরে রয়েছে নরওয়ে। ইউএনডিপির ওয়েবসাইটে এ সূচক প্রকাশ করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **জমি বিলীন পদ্মার গর্ভে ॥ ৫১** বছরে ৬৬৩ বর্গকিলোমিটারের বেশি জমি বিলীন হয়ে গেছে পদ্মার গর্ভে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসার এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশ-ভারত সম্পর্ক অনন্য উচ্চতায় ॥** বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন, বাংলাদেশের সঙ্গে ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দিন দিন আরও গভীর হচ্ছে। আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ (ইসকন) মন্দিরের ছাত্রাবাসের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে শ্রিংলা বলেন, আজ বাংলাদেশ চরমপন্থি ধারণাকে দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করেছে এবং এটি প্রতিরোধে সাফল্য অর্জন করেছে। বঙ্গবন্ধু ও ইন্দিরা গান্ধী অতীতে যে সম্পর্কের বীজ রোপণ করেছিলেন তা এখন অনন্য উচ্চতায় পৌঁছেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঘূর্ণিঝড় ফ্লোরেন্স ॥** আটলান্টিক মহাসাগরে সৃষ্ট হারিকেন ফ্লোরেন্স যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূলে আঘাত হেনেছে। এখন পর্যন্ত ঝড়ের কারণে অন্তত পাঁচজনের মৃত্যু হয়েছে। ফ্লোরেন্সের কারণে নর্থ ও সাউথ ক্যারোলিনা এবং ভার্জিনিয়ায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চতুর্দশ আসর শুরু ॥** সংযুক্ত আরব আমিরাতে শুরু হয়েছে এশিয়া কাপ ক্রিকেটের ১৪তম আসর। এ খেলায় দুই গ্রুপে অংশ নিচ্ছে ৬টি দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ সেপ্টেম্বর, শনিবার**

- **নির্বাচন পরিচালনা কমিটির প্রথম বৈঠক ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য আসনভিত্তিক নির্বাচন পরিচালনা কমিটি করবে আওয়ামী লীগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা জাতীয় কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রত্যেক উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ ॥** দক্ষ জনশক্তি গড়ে তুলতে সরকার প্রত্যেক উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও



কলেজ স্থাপনের প্রকল্প বাস্তবায়ন করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সুন্দর আগামীর জন্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারসহ সবাইকে নিবেদিতপ্রাণ হয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শুভসূচনা বাংলাদেশের ॥** দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে মুশফিকুর রহিমের ১৪৪ রানের দুর্দান্ত ইনিংসে ২৬১ রান করে বাংলাদেশ। জবাবে লঙ্কানরা করে ১২৪ রান। ১৩৭ রানের বিশাল ব্যবধানে জিতে এশিয়া কাপে শুভসূচনা করে বাংলাদেশ। সূত্র: সমকাল

**১৬ সেপ্টেম্বর, রোববার**

- **রংপুর ও ব্রাহ্মণবাড়িয়ায় দুটি সেতু উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রংপুর ও ব্রাহ্মণবাড়িয়ায় দুটি সেতুর উদ্বোধনকালে উন্নয়নের উল্লেখযোগ্য চিত্র তুলে ধরে বলেন, দেশের যোগাযোগ ব্যবস্থা যত উন্নত হবে ততই জনগণের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটবে।
- **ঐতিহাসিক রোজ গার্ডেন কিনে নিল সরকার ॥** বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে নেতৃত্ব দেওয়া দল আওয়ামী লীগ প্রতিষ্ঠার স্মৃতিবিজড়িত রোজ গার্ডেন কিনে নিয়েছে সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাড়িটি কেনার রেজিস্ট্রেশন দলিল গ্রহণ করেন। ঐতিহাসিক গুরুত্ব বিবেচনা করে স্থানটিকে জাদুঘরে রূপান্তর করার সিদ্ধান্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পরিবেশ দূষণে শহরাঞ্চলে ৮০ হাজার মানুষ মারা গেছে ॥** বিশ্বব্যাংক বলছে, বাংলাদেশে প্রতিবছর যত মানুষের মৃত্যু হয়, তার ২৮ শতাংশই মারা যায় পরিবেশ দূষণজনিত অসুখবিসুখের কারণে। বিশ্বব্যাংকের প্রকাশিত 'বাংলাদেশের পরিবেশগত সমীক্ষা-২০১৮'র এক প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বব্যাংক ২০১৫ সালের এক পরিসংখ্যান তুলে ধরে বলে, দূষণের কারণে ২০১৫ সালে বাংলাদেশের বিভিন্ন শহরে ৮০ হাজার মানুষের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৭ সেপ্টেম্বর, সোমবার**

- **চট্টগ্রাম ও মোংলা বন্দর ভারতের ব্যবহারের জন্য চুক্তির খসড়া অনুমোদন ॥** চট্টগ্রাম এবং মোংলা বন্দর ব্যবহার করে ভারতীয় পণ্য সে দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যে পরিবহণের জন্য একটি চুক্তির

খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে চুক্তির খসড়াটি অনুমোদন দেওয়া হয়। সূত্র: প্রথম আলো

- **৪০০ রাজনীতিকের শপথ গ্রহণ ॥** সহনশীল ও শান্তিপূর্ণ রাজনৈতিক পরিবেশ, নির্বাচনি প্রচার ও নির্বাচনের সার্বিক পরিবেশ শান্তিপূর্ণ রাখতে ভূমিকা রাখার শপথ নিয়েছেন আওয়ামী লীগ ও বিএনপির কেন্দ্রীয় নেতাসহ দেশের ৪০ জেলা থেকে আগত প্রায় ৪০০ রাজনীতিক। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল (ডিআই) আয়োজিত 'শান্তিতে বিজয়' প্রচারাভিযান কর্মসূচিতে শপথ নেন তাঁরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জিডিপি প্রবৃদ্ধি বেড়ে ৭ দশমিক ৮৬ শতাংশ ॥** ২০১৭-১৮ অর্থবছরে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি বেড়ে রেকর্ড ৭ দশমিক ৮৬ শতাংশ হয়েছে। মাথাপিছু আয় দাঁড়িয়েছে ১৭৫১ মার্কিন ডলারে। দেশে দারিদ্র্যহার কমে ২১ দশমিক ৮ ভাগ হয়েছে। হতদরিদ্র মানুষের হারও ১১ দশমিক ৩ ভাগে নেমেছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় প্রধানমন্ত্রীর সামনে এ প্রতিবেদনটি উপস্থাপন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাহরাইনকে ১০-০ গোলে হারিয়েছে বাংলাদেশ ॥** রাজধানীর কমলাপুর স্টেডিয়ামে এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলের প্রথম খেলায় বাহরাইনকে ১০-০ গোলে হারিয়ে বাংলাদেশ শুভসূচনা করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৮ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- **ফ্রেন্ডশিপ পাইপলাইন নির্মাণকাজের উদ্বোধন ॥** জ্বালানি তেল আমদানির জন্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের নির্মাণকাজের উদ্বোধন করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। 'বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইন' দিয়ে ভারতের আসাম রাজ্যের শিলিগুড়ির নুমালীগড় তেল শোধনাগার থেকে বাংলাদেশের দিনাজপুর জেলার পার্বতীপুর ডিপোতে জ্বালানি তেল সরবরাহ করা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের তারিখ ধার্য ॥** ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী কেন্দ্রীয় কার্যালয়ের সামনের জনসভায়



নৃশংস গ্রেনেড হামলা ও হত্যা মামলার রায় ঘোষণার তারিখ (১০ অক্টোবর) ধার্য করা হয়েছে। একই সঙ্গে জামিনে থাকা আট আসামির জামিন নামঞ্জুর করে সবাইকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **পালটাপালটি শুল্ক আরোপ ॥** পালটাপালটি শুল্ক আরোপ করল যুক্তরাষ্ট্র-চীন। ১৭ সেপ্টেম্বর নতুন করে চীনের ২০ হাজার কোটি ডলার পণ্যে শুল্ক আরোপ করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর জবাবে চীনও যুক্তরাষ্ট্রের ৬ হাজার কোটি ডলার পণ্যে শুল্ক আরোপ করল। সূত্র: সমকাল

**১৯ সেপ্টেম্বর, বুধবার**

- **ডিজিটাল নিরাপত্তা বিল ॥** তথ্যপ্রযুক্তি আইনের ব্যাপক সমালোচিত ৫৭ ধারাসহ কয়েকটি ধারা বাতিল দেখিয়ে নতুন 'ডিজিটাল নিরাপত্তা বিল-২০১৮' সংসদে কণ্ঠভোটে পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রোহিঙ্গাদের বাংলাদেশে দীর্ঘ মেয়াদে অবস্থানের সুযোগ নেই ॥** সংসদে নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গাদের বাংলাদেশে দীর্ঘ মেয়াদে থাকার কোনো সুযোগ নেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রাথমিক তদন্ত শুরু আইসিসির ॥** রোহিঙ্গাদের হত্যা, যৌন নির্যাতন এবং জোরপূর্বক বিতাড়নের ঘটনায় মিয়ানমারের বিরুদ্ধে প্রাথমিক তদন্ত শুরু করেছে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সাংবাদিক কল্যাণ ট্রাস্টে আরও ২০ কোটি টাকার অনুদান ॥** সাংবাদিক কল্যাণ ট্রাস্টে আরও ২০ কোটি টাকা অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সাংবাদিক কল্যাণ ট্রাস্ট থেকে অসুস্থ, অসচ্ছল ও দুর্ঘটনাজনিত কারণে আহত ও নিহত সাংবাদিক পরিবারের সদস্যদের অনুকূলে আর্থিক অনুদানের চেক বিতরণকালে এই ঘোষণা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **কোরীয় উপদ্বীপকে পরমাণু অস্ত্রমুক্ত করতে সম্মত উত্তর কোরিয়া ॥** দুই কোরিয়ার শান্তির জন্য চুক্তিতে সই করেছেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন এবং দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে-ইন। এছাড়া নতুন এক যুগের প্রতিশ্রুতি দিয়েছে দুই কোরিয়া। সূত্র: সমকাল

- **লেবাননকে হারাল বাংলাদেশ** ॥ ঢাকায় এএফসি অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপের এফ গ্রুপের খেলায় লেবাননকে ০-৮ গোলে হারিয়ে মেয়েদের ফুটবলে আরেকটি বড়ো জয় পেয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২০ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- **কোটা বাতিলে সচিব কমিটির সুপারিশ অনুমোদন** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি চাকরিতে কোটা বাতিলে সচিব কমিটির সুপারিশ অনুমোদন করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এখনো জঙ্গি হামলার ঝুঁকি আছে** ॥ বাংলাদেশে এখনো জঙ্গি হামলার ঝুঁকি রয়েছে বলে মনে করছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১৮টি বিল পাস** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাপনী ভাষণের পর সমাপ্তি ঘোষণার মধ্য দিয়ে শেষ হয়েছে দশম সংসদের ২২তম অধিবেশন। ১০ কার্যদিবসের এই অধিবেশনে ডিজিটাল নিরাপত্তা আইন ও সড়ক পরিবহণ আইনসহ ১৮টি আইন পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দুই কোরিয়া এক দেশ** ॥ দুই কোরিয়ার ফের এক দেশ হওয়া উচিত বলে মন্তব্য করেছেন দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জা ইন। তিনি পিয়ংইয়ংয়ের মে ডে স্টেডিয়ামে উত্তর কোরিয়ার বৃহৎ ক্রীড়ানৈপুণ্য প্রদর্শনীর অনুষ্ঠানে বলেন, 'আমি প্রস্তাব করছি, আমাদের উচিত গত ৭০ বছরের শত্রুতা সম্পূর্ণ শেষ করা এবং ফের এক হওয়ার জন্য বড়ো ধরনের শান্তির পদক্ষেপ নেয়া।' সূত্র: সমকাল
- **রোহিঙ্গা সংকটে নিশ্চুপ হয়ে বসে থাকবে না ব্রিটেন** ॥ ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী জেরেমি হান্ট নেপিডোতে মিয়ানমারের নেত্রী অং সান সু চির সঙ্গে বৈঠকে বলেন, রোহিঙ্গা সংকটে বিশ্ব নিশ্চুপ হয়ে বসে থাকবে না। সূত্র: সমকাল

**২১ সেপ্টেম্বর, শুক্রবার**

- **জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৩তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের পথে লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **আরব আমিরাতকে হারাল বাংলাদেশ** ॥ এএফসি অনূর্ধ্ব-১৬ বাছাইপর্বে আরব আমিরাতকে ৭-০ গোলে উড়িয়ে দিয়েছে বাংলাদেশ। আনুচিং মগিনি একাই দিয়েছেন চার গোল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভিক্টোরিয়া লেকে ফেরিডুবি** ॥ আফ্রিকার ভিক্টোরিয়া লেকে ফেরি ডুবে অন্তত ১৩৬ জনের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২২ সেপ্টেম্বর, শনিবার**

- **বিরোধীদলগুলোর মধ্যে বৃহত্তর জাতীয় ঐক্য** ॥ জামায়াতসহ কয়েকটি ইস্যুতে মতপার্থক্যের মধ্যেই বিশ্বাসযোগ্য জাতীয় নির্বাচন আয়োজনের মাধ্যমে দেশে 'কার্যকর গণতন্ত্র' প্রতিষ্ঠার জন্য বৃহত্তর জাতীয় ঐক্য গঠনের লক্ষ্যে রাজধানীর মহানগর নাট্যমঞ্চে ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন ঐক্য প্রক্রিয়ার সমাবেশে যোগ দিয়েছেন বিএনপি নেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সামরিক কুচকাওয়াজে গুলিবর্ষণে নিহত ২৯** ॥ ইরানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় খুজেস্তান প্রদেশের আহভাজ শহরে এক সামরিক কুচকাওয়াজে গুলিবর্ষণের ঘটনায় অন্তত ২৯ জন নিহত হয়েছেন। সূত্র: যুগান্তর

**২৩ সেপ্টেম্বর, রোববার**

- **নিউইয়র্ক পৌঁছেছেন প্রধানমন্ত্রী** ॥ জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আফগানিস্তানকে ৩ রানে হারিয়েছে বাংলাদেশ** ॥ এশিয়া কাপে আফগানিস্তানকে ৩ রানে হারিয়েছে বাংলাদেশ। বাংলাদেশের ৭ উইকেটে তোলা ২৪৯ রানের জবাবে আফগানদের থামতে হলো ৭ উইকেটে ২৪৬ রানে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভিয়েতনামকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন বাংলাদেশ** ॥ কমলাপুরের বীরশ্রেষ্ঠ শহিদ সিপাহি মোস্তফা কামাল স্টেডিয়ামে এএফসি অনূর্ধ্ব-১৬ মহিলা ফুটবলে ভিয়েতনামকে ২-০ গোলে হারিয়ে বাছাইয়ে গ্রুপপর্বে অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'গায়েবি' মামলা তদন্তের নির্দেশনা চেয়ে রিট** ॥ সেপ্টেম্বরে সারাদেশে বিএনপিসহ সরকারবিরোধী নেতাকর্মীদের বিরুদ্ধে করা প্রায় চার

হাজার 'গায়েবি' (ফিকটিশাস) মামলার তদন্তে স্বাধীন তদন্ত কমিটি গঠন করতে স্বরাষ্ট্র সচিবের প্রতি নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **হামলার প্রতিশোধ নেওয়ার হুমকি ইরানের** ॥ খুজেস্তান প্রদেশের আহভাজ শহরে সামরিক কুচকাওয়াজে হামলায় যুক্তরাষ্ট্র ও ইসরাইলের জড়িত থাকার অভিযোগ করে দেশ দুটির বিরুদ্ধে 'রক্তক্ষয়ী ও অভাবনীয়' প্রতিশোধ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে ইরান। শনিবারের ওই হামলায় নিহতের সংখ্যা বেড়ে ২৯ জনে দাঁড়িয়েছে। সূত্রঃ যুগান্তর
- **সার্বভৌমত্বে হস্তক্ষেপের অধিকার জাতিসংঘের নেই** ॥ মিয়ানমারের ক্ষমতাধর সেনাপ্রধান সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং বলেছেন, তার দেশের সার্বভৌমত্বে হস্তক্ষেপ করার কোনো অধিকার জাতিসংঘের নেই। সূত্রঃ কালের কণ্ঠ

**২৪ সেপ্টেম্বর, সোমবার**

- **রোহিঙ্গা সংকট সমাধানের লক্ষ্যে তিন দফা সুপারিশ** ॥ রোহিঙ্গা সংকট স্থায়ী সমাধানের লক্ষ্যে জাতিসংঘে তিন দফা সুপারিশ উপস্থাপন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে 'শরণার্থীবিষয়ক বৈশ্বিক প্রভাব' শীর্ষক এক উচ্চপর্যায়ের বৈঠকে তিনি এ সুপারিশ তুলে ধরেন। প্রথম সুপারিশ, মিয়ানমারকে অবশ্যই বৈষম্যমূলক আইন ও নীতি বিলোপ এবং রোহিঙ্গাদের প্রতি নিষ্ঠুরতা বন্ধ ও তাদের সে দেশ থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত করার প্রকৃত কারণ খুঁজে বের করতে হবে। দ্বিতীয় সুপারিশ, মিয়ানমারকে অবশ্যই সকল রোহিঙ্গার নাগরিকত্ব প্রদানের সঠিক উপায়, নিরাপত্তা নিশ্চিত ও আস্থার পরিবেশ সৃষ্টি করতে হবে। প্রয়োজনে বেসামরিক নাগরিকদের রক্ষায় মিয়ানমারের ভেতরে 'সেফ জোন' তৈরি করতে হবে। তৃতীয় সুপারিশ, মিয়ানমারে রোহিঙ্গাদের বিরুদ্ধে নৈরাজ্য রোধে অপরাধীদের জবাবদিহিতা, বিচার, বিশেষ করে জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলের ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের সুপারিশমালার আলোকে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে। সূত্রঃ প্রথম আলো
- **আন্তর্জাতিক সব বিরোধ নিষ্পত্তির আহ্বান প্রধানমন্ত্রীর**॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত নেলসন ম্যান্ডেলা শান্তি



সম্মেলনে আন্তর্জাতিক সব বিরোধ নিষ্পত্তি এবং সন্ত্রাসবাদের মতো ক্রমবর্ধমান বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, শান্তি এখনো সুদূরপরাহত, ভবিষ্যতে শান্তিপূর্ণ বিশ্ব নিশ্চিত করতে অবশ্যই আন্তর্জাতিক সব বিরোধ শান্তিপূর্ণ উপায়ে নিষ্পত্তি করতে হবে এবং বিদ্যমান সব সংঘাতের অবসান ঘটাতে হবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **ট্রাম্পের অভ্যর্থনাসহ জাতিসংঘের ৬টি গুরুত্বপূর্ণ কর্মসূচিতে শেখ হাসিনার যোগদান** ॥ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভ্যর্থনাসহ জাতিসংঘের ৬টি গুরুত্বপূর্ণ কর্মসূচিতে যোগ দেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২৫ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- **সর্বোচ্চ ৭৫ লাখ টাকা পর্যন্ত গৃহঋণ পাবেন সরকারি কর্মচারীরা** ॥ সরকারি কর্মচারীদের গৃহনির্মাণে ৫ শতাংশ সুদে ঋণ দিতে অর্থ বিভাগের সঙ্গে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশন ও রাষ্ট্রায়ত্ত চারটি ব্যাংকের সমঝোতা স্মারক সই হয়েছে। ব্যাংক চারটি হচ্ছে সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক। পরিপত্র অনুযায়ী, জাতীয় বেতনস্কেলের গ্রেডভেদে ২০ লাখ টাকা থেকে ৭৫ লাখ টাকা পর্যন্ত ঋণ নেওয়া যাবে। ঋণের মোট সুদহার সর্বোচ্চ ১০ শতাংশ। ঋণ পরিশোধের মেয়াদকাল হবে সর্বোচ্চ ২০ বছর। সূত্রঃ দৈনিক ইত্তেফাক
- **ভর্তি পরীক্ষার পাসের হার ১৪** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে কলা অনুষদের অধীন 'খ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষায় ১৪ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২৬ সেপ্টেম্বর, বুধবার**

- **জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের সংস্কার চাইলেন প্রধানমন্ত্রী** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সময় মঙ্গলবার সন্ধ্যায় নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে 'অ্যাকশন ফর পিসকিপিং' (এফোরপি)-এর ওপর একটি উচ্চপর্যায়ের অনুষ্ঠানে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান জানিয়ে

বলেন, বাংলাদেশ এর সংস্কারকে অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। আমাদের অবশ্যই জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মর্যাদা সমুন্নত রাখার প্রতি ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বাণিজ্য বাধা দূর করতে বাংলাদেশ-ভারত ঐকমত্য ॥** অগ্রাধিকার ভিত্তিতে সব বাণিজ্য বাধা দূর করতে ঐকমত্য হয়েছে বাংলাদেশ-ভারত। সেই সঙ্গে দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য বাড়াতে কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ অ্যাগ্রিমেন্টের (সিইপিএ) বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও ভারতের বাণিজ্য, শিল্প ও বেসামরিক বিমান চলাচলমন্ত্রী সুরেশ প্রভু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জলবায়ুর পরিবর্তনজনিত প্রভাবে ক্ষতির ঝুঁকিতে ১৩ কোটি মানুষ ॥** জলবায়ুর পরিবর্তনজনিত প্রভাবে দেশের ১৩ কোটি ৪০ লাখ মানুষ ক্ষতির ঝুঁকিতে রয়েছে। তাপমাত্রা বেড়ে যাওয়া ও অস্বাভাবিক বৃষ্টিপাতের কারণে দেশের কৃষি, স্বাস্থ্য ও উৎপাদনশীলতা ক্ষতির মুখে পড়ছে। এর ফলে চট্টগ্রাম বিভাগের কয়েকটি জেলাসহ দেশের উপকূলীয় এলাকার মানুষ সবচেয়ে বেশি ক্ষতির শিকার হচ্ছেন। বিশ্বব্যাংক প্রকাশিত জলবায়ুবিষয়ক এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। সূত্র: সমকাল
- **পাকিস্তানকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ ॥** সুপার ফোরের ম্যাচটি যেন অঘোষিত এক সেমিফাইনাল হয়ে উঠেছিল, যেখানে ৩৭ রানে পাকিস্তানকে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে পৌঁছেছে বাংলাদেশ। এ নিয়ে তৃতীয়বারের মতো এশিয়া কাপের ফাইনালে উঠেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- **টিকে থাকতে হলে প্রকৃত মেধাবী হতে হবে ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বর্তমান বিশ্ব প্রতিযোগিতার যুগ। এখানে টিকে থাকতে হলে কঠোর পরিশ্রম এবং অধ্যবসায়ের মাধ্যমে প্রকৃত মেধাবী হতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মিয়ানমারের ওপর চাপ বৃদ্ধির প্রচারে নেতৃত্ব দিতে মুসলিম উম্মাহর প্রতি আহ্বান ॥** প্রধানমন্ত্রী বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের টেকসই স্বদেশ



প্রত্যাবর্তনে অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মিয়ানমারের ওপর চাপ বাড়ানোর প্রচারণায় নেতৃত্ব দেওয়ার জন্য মুসলিম উম্মাহর প্রতি আহ্বান জানিয়েছেন। জাতিসংঘ সদর দপ্তরে রোহিঙ্গা মুসলিম সংখ্যালঘুদের বিষয়ে ওআইসি কন্টাক্ট গ্রুপের সভায় দেওয়া বক্তব্যে এই আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ সেপ্টেম্বর, শুক্রবার**

- **বাংলাদেশের জনগণের প্রতি জাতিসংঘের পূর্ণ সংহতি প্রকাশ ॥** জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস বলেছেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ও বাংলাদেশের জনগণের প্রতি জাতিসংঘের পূর্ণ সংহতি ও সহযোগিতা রয়েছে।' জাতিসংঘ সদর দপ্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে মহাসচিব এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে শেখ হাসিনার ভাষণ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে দেওয়া ভাষণে রোহিঙ্গা সমস্যার দ্রুত ও শান্তিপূর্ণ সমাধানে মিয়ানমারের সঙ্গে জাতিসংঘের চুক্তি অবিলম্বে কার্যকরভাবে বাস্তবায়নের তাগিদ দিয়েছেন। তিনি বলেন, যেহেতু রোহিঙ্গা সমস্যার উদ্ভব হয়েছে মিয়ানমারে, তাই এর সমাধানও হতে হবে মিয়ানমারে। সূত্র: প্রথম আলো
- **মর্যাদাপূর্ণ দুইটি পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী ॥** রোহিঙ্গাদের আশ্রয়দানে মানবিক ও দায়িত্বশীল নীতির জন্য অনন্য নেতৃত্বের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মর্যাদাপূর্ণ 'ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' এবং '২০১৮ স্পেশাল ডিস্টিংকশন অ্যাওয়ার্ড ফর আউট স্ট্যান্ডিং অ্যাচিভমেন্ট' দেওয়া হয়েছে। বৈশ্বিক সংবাদ সংস্থা ইন্টার প্রেস সার্ভিস এবং নিউইয়র্ক, জুরিখ ও হংকংভিত্তিক একটি অলাভজনক ফাউন্ডেশনের নেটওয়ার্ক গ্লোবাল হোপ কোয়ালিশন এ সম্মাননা দেয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সু চির নাগরিকত্ব বাতিল করছে কানাডা ॥** কানাডার পার্লামেন্টে মিয়ানমারের নেত্রী অং সান সু চিকে ২০০৭ সালে দেওয়া সম্মানসূচক নাগরিকত্ব বাতিলের প্রস্তাব সর্বসম্মতভাবে পাস হয়েছে। মিয়ানমারে

সংখ্যালঘু রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর গণহত্যা এবং মানবতাবিরোধী অপরাধ ঠেকাতে ব্যর্থ হওয়ায় এই সিদ্ধান্ত নিল কানাডার পার্লামেন্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **এশিয়া কাপের ফাইনালে স্বপ্নভঙ্গ বাংলাদেশের ॥** ৩ উইকেটে জয় তুলে নিল ভারত। শেষ বলে হেরে যায় বাংলাদেশ দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শেখ হাসিনার ৭২তম জন্মদিন ॥** আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিন। ১৯৪৭ সালের আজকের দিনে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি। শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ ফজিলাতুননেছা মুজিবের প্রথম সন্তান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইন্দোনেশিয়ায় ৭.৫ মাত্রার ভূমিকম্প ও সুনামিতে নিহত ৮৩৪ ॥** ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপের পালু এবং আরও কয়েকটি শহরে ৭.৫ মাত্রার ভূমিকম্প আঘাত হেনেছে। এতে ৮৩৪ জন নিহত এবং অসংখ্য মানুষ আহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ সেপ্টেম্বর, শনিবার**

- **বিশ্ব নদী দিবস ॥** বিশ্ব নদী দিবস উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী বলেন, নাব্য সংকট এবং নদীসম্পদের অপব্যবহারের কারণে উল্লেখযোগ্য সংখ্যক নদী বাংলাদেশের মানচিত্র থেকে হারিয়ে যেতে বসেছে। এজন্য বর্তমানে আমাদের নদনদী ও জলাশয় রক্ষা করা অপরিহার্য হয়ে পড়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের আত্মস্বীকৃত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি দাবি ॥** ৪৭ বছরেও পাকিস্তানের আত্মস্বীকৃত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি মেলেনি। আন্তর্জাতিকভাবে স্বীকার করতে হবে, একাত্তরে গণহত্যা ঘটেছে। পাশাপাশি এ গণহত্যার জন্য পাকিস্তান সরকারকে ক্ষমাও চাইতে হবে। রাজধানীর বাংলা একাডেমি মিলনায়তনে '১৯৭১: মুক্তিযুদ্ধ, গণহত্যা ও বিশ্ব' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের সমাপন অধিবেশনে বিভিন্ন দেশের নামকরা গবেষক ও বুদ্ধিজীবীরা এ আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**৩০ সেপ্টেম্বর, রোববার**

- **বাংলাদেশে নির্বাচন করার যথেষ্ট সুন্দর পরিবেশ আছে ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে নির্বাচন করার জন্য 'যথেষ্ট সুন্দর পরিবেশ আছে' এবং আগামী জাতীয় সংসদ নির্বাচনের সময়ও থাকবে। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দেওয়ার পর যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার আগে শনিবার ভয়েস অব আমেরিকাকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে তিন মাদক ব্যবসায়ী নিহত ॥** কক্সবাজারের টেকনাফ ও মহেশখালী এবং নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে পুলিশের সঙ্গে পৃথক বন্দুকযুদ্ধে তিন মাদক ব্যবসায়ী নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ ॥** যেসব সাংবাদিক ও সম্পাদকের মিথ্যা সংবাদ ছাপানোর উদ্দেশ্য নেই, ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ নিয়ে তাঁদের ভয়ের কিছু নেই। কারণ আইনটি জনগণের তথ্য ও গোপনীয়তা সুরক্ষার জন্য প্রণীত হয়েছে। প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় নিজস্ব ফেসবুক অ্যাকাউন্টে ডিজিটাল নিরাপত্তা আইনের কিছু ধারার সমালোচনার ব্যাপারে তাঁর মতামত তুলে ধরতে গিয়ে এ কথা বলেন।

## অক্টোবর-২০১৮

**১ অক্টোবর, সোমবার**

- **আন্তর্জাতিক প্রবীণ দিবস ॥** এ বছরের আন্তর্জাতিক প্রবীণ দিবসের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'মানবাধিকার প্রতিষ্ঠায় প্রবীণদের স্মরণ পরম শ্রদ্ধায়'। প্রবীণদের সুরক্ষা এবং অধিকার নিশ্চিতের পাশাপাশি বার্ধক্যের বিষয়ে বিশ্বব্যাপী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ১৯৯১ সাল থেকে এ দিবসটি পালন করা শুরু হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দলের নেতাকর্মীদের সজাগ থাকার আহ্বান প্রধানমন্ত্রীর ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা দলের নেতাকর্মীদের আত্মতুষ্টিতে

না ভুগে সতর্ক থাকার পাশাপাশি দল ও সরকারের সাফল্য ভোটারদের সামনে তুলে ধরার নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা গঠনের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট ॥** জাতীয় নির্বাচনের ৪২ দিন আগে জাতীয় সংসদ ভেঙে দিয়ে তত্ত্বাবধায়ক সরকার গঠনের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ড. ইউনুস আলী আকন্দ হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **লাওসকে ১-০ গোলে হারাল বাংলাদেশ ॥** লাওসকে হারিয়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে শুভসূচনা করেছে বাংলাদেশ। সিলেট জেলা স্টেডিয়ামে টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে লাল-সবুজ জার্সিধারীরা জিতেছে ১-০ গোলে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২ অক্টোবর, মঙ্গলবার**

- **১৫ প্রকল্প অনুমোদন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে পুরোনো ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই এবং পুনর্ভবা নদীর নাব্য উন্নয়ন ও পুনরুদ্ধারসহ ১৫ প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট খরচ ধরা হয়েছে ১৩ হাজার ২১৮ কোটি ৩৩ লাখ টাকা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **৫০ হাজার কৃষকের মিছিলে পুলিশের বাধা ॥** কৃষকদের বিক্ষোভে রণক্ষেত্রে পরিণত হয়েছে ভারতের দিল্লি ও উত্তরপ্রদেশ সীমান্ত। ১৫ দফা দাবি নিয়ে রাজধানী দিল্লিতে প্রবেশ করার চেষ্টা করছেন প্রায় ৫০ হাজার কৃষক। এ সময় পুলিশের জলকামান আর টিয়ার গ্যাসের শেলের আঘাতে ৩০ কৃষক আহত হয়েছেন। কৃষকদের ছোড়া ইটপাটকেলের আঘাতে আহত হয়েছেন পুলিশের সাত সদস্য। সূত্র: যুগান্তর
- **সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবলে বাংলাদেশ গ্রুপ চ্যাম্পিয়ন ॥** সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপের খেলায় নেপালকে ২-১ গোলে হারিয়ে 'বি' গ্রুপ থেকে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। দলের হয়ে জয়সূচক গোল দুটি করেন সিরাত জাহান স্বপ্না ও কৃষ্ণা রানী। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**৩ অক্টোবর, বুধবার**

- **জাতিসংঘের ৭৩তম অধিবেশন-পরবর্তী সংবাদ সম্মেলন ॥** জাতিসংঘের ৭৩তম অধিবেশন পরবর্তী সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচন নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে কোনো আলোচনা হয়নি। ডিজিটাল আইন সম্পর্কে তিনি বলেন, নোংরামি বন্ধের লক্ষ্যেই ডিজিটাল নিরাপত্তা আইন করা হয়েছে। রোহিঙ্গা প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা নিয়ে মিয়ানমায়ের সঙ্গে চুক্তি হয়েছে। তারা ফিরিয়ে নিতে চেয়েছে। আন্তর্জাতিক সম্প্রদায় মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করেছে। সূত্র: সমকাল
- **অং সান সু চির নাগরিকত্ব বাতিল করেছে কানাডা ॥** মিয়ানমারের রাষ্ট্রীয় উপদেষ্টা অং সান সু চির সম্মানসূচক নাগরিকত্ব আনুষ্ঠানিকভাবে বাতিল করেছে কানাডা। মিয়ানমারে সংখ্যালঘু রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর গণহত্যা এবং মানবতাবিরোধী অপরাধ ঠেকাতে ব্যর্থ হওয়ার প্রতিক্রিয়াতেই এই সিদ্ধান্ত নিয়েছে কানাডা। সূত্র: কালের কণ্ঠ
- **প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদে কোটা বাতিল ॥** সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রচলিত কোটা পদ্ধতি বাতিলের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। সূত্র: কালের কণ্ঠ
- **আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসব ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নেত্রকোনায় আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, 'বাংলার পালাগান বা লোকসংস্কৃতি সারা বাংলায় যেমন গ্রহণযোগ্য, তেমনই বিশ্বব্যাপী প্রশংসিত। পূর্ব ময়মনসিংহের সুজলা সমতল ভূমি, বিলঝিল, হাওর-বাঁওড় ও সবুজ অরণ্যবেষ্টিত পাহাড়ঘেরা নেত্রকোনা, কিশোরগঞ্জ ও ময়মনসিংহ অঞ্চল বাংলার লোকসংস্কৃতির অবারিত পীঠস্থান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৪ অক্টোবর, বৃহস্পতিবার**

- **কোটাব্যবস্থা বাতিল সংক্রান্ত পরিপত্র জারি ॥** নবম থেকে ১৩তম গ্রেডের সরকারি চাকরিতে বিদ্যমান কোটা বাতিল করে পরিপত্র জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। পরিপত্রে বলা হয়, সব সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন করপোরেশনের

চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নবম গ্রেড এবং ১০ থেকে ১৩ তম গ্রেডে মেধার ভিত্তিতে নিয়োগ করা হবে এবং বিদ্যমান কোটা বাতিল করা হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জাতীয় উন্নয়ন মেলা ॥** ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী চতুর্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমি উন্নয়ন মেলা তরুণদের জন্য উৎসর্গ করছি। তরুণরা উন্নয়নের মাধ্যমে সন্ত্রাস ও মাদক দমন করে দেশকে যেন এগিয়ে নিয়ে যেতে পারে সেটাই আমাদের লক্ষ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নিজের নামে পদ্মা সেতুর নামকরণের প্রস্তাব নাকচ ॥** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর নিজের নামে পদ্মা সেতুর নামকরণের প্রস্তাব নাকচ করে দিয়েছেন। এ কারণে নদীর নামেই পদ্মা সেতুর নামকরণ হচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৫ অক্টোবর, শুক্রবার**

➢ **আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কেনার চুক্তি করেছে ভারত ॥** ভারত রাশিয়ার সঙ্গে ৫৪৩ কোটি ডলারের বিনিময়ে পাঁচটি এস-৪০০ আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কেনার চুক্তি স্বাক্ষর করেছে। নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে বৈঠকের সময় এ চুক্তি স্বাক্ষর হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **শান্তিতে নোবেল-২০১৮ ॥** ২০১৮ সালে শান্তিতে যৌথভাবে নোবেল পুরস্কার পেলেন ইরাকের কুর্দি মানবাধিকার কর্মী নাদিয়া মুরাদ ও কঙ্গোর চিকিৎসক ডেনিস মুকওয়েজি। নোবেল কমিটি বলছে, যুদ্ধকালীন সময়ে ও সশস্ত্র সংগ্রামের সময় যৌন সহিংসতা প্রতিরোধে অবদান রাখায় নাদিয়া মুরাদ ও ডেনিস মুকওয়েজিকে এই পুরস্কার দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **গঙ্গা-যমুনা সাংস্কৃতিক উৎসব ॥** সংস্কৃতিকে সঙ্গী করে গঙ্গা আর যমুনা নদীর মতো প্রবহমান বাংলাদেশ ও ভারতের বন্ধুত্ব। সে বন্ধুত্ব আর ভ্রাতৃত্ববোধকে আরও শানিত করার প্রত্যয়ে রাজধানীর শিল্পকলা একাডেমিতে শুরু হয়েছে গঙ্গা-যমুনা সাংস্কৃতিক উৎসব। সূত্র: দৈনিক জনকণ্ঠ



**৬ অক্টোবর, শনিবার**

➢ **জীবনকে দেশের মানুষের জন্য উৎসর্গ করেছি ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলাদেশ গড়ে তোলাই তাঁর লক্ষ্য। রোহিঙ্গা প্রত্যাবাসন প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, 'আশা করি, তাদের (রোহিঙ্গা) ফিরিয়ে দেওয়ার কাজ শুরু করতে পারব।' লায়ন এবং লিও ক্লাব আয়োজিত সমাবেশে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তনে রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বড়ো পদে চাকরি শেষে রাজনীতিতে যুক্ত হওয়ার প্রবণতার কঠোর সমালোচনা করে বলেন, এখন রাজনীতি হয়ে গেছে গ্রামের 'গরিবের বউয়ের মতো'। এখানে কোনো নিয়মনীতি নেই। যার যখন, যেভাবে ইচ্ছা রাজনীতিতে ঢুকছে। রাজনীতির গুণগত পরিবর্তনের ক্ষেত্রে এটি অন্যতম বাধা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সেন্টমার্টিনকে মানচিত্রে মিয়ানমারের অংশ দেখানোয় বাংলাদেশের কড়া প্রতিবাদ ॥** সেন্টমার্টিনের কিছু অংশ মিয়ানমারের মানচিত্রে অন্তর্ভুক্ত দেখানোয় ঢাকায় নিযুক্ত সেদেশের রাষ্ট্রদূতকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয়েছে। ঢাকায় মিয়ানমারের রাষ্ট্রদূত লুইন উ পররাষ্ট্র মন্ত্রণালয়ে উপস্থিত হলে তাকে প্রতিবাদপত্র দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব অবসরপ্রাপ্ত রিয়ার অ্যাডমিরাল খুরশিদ আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **মুক্তিযোদ্ধা কোটা বহালের দাবি ॥** মন্ত্রিপরিষদের কোটা বাতিলের সিদ্ধান্ত প্রত্যাখ্যান করে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা বহাল রাখার দাবিতে শাহাবাগ মোড় অবরোধ করে মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডসহ কয়েকটি সংগঠনের সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ অক্টোবর, রোববার**

➢ **মানচিত্র থেকে সেন্টমার্টিন বাদ দিয়েছে মিয়ানমার ॥** সেন্টমার্টিন দ্বীপপুঞ্জকে নিজেদের ভূখণ্ডের অংশ দাবি করার পর প্রতিবাদের মুখে ওয়েবসাইট থেকে তথ্য সরিয়ে নিয়েছে মিয়ানমার। সূত্র: দৈনিক ইত্তেফাক

- **বাংলাদেশ অপরাজিত চ্যাম্পিয়ন ॥** সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপের প্রথম আসরেই শিরোপা জিতে ইতিহাস গড়েছে বাংলাদেশ। ভুটানে অনুষ্ঠিত আসরের ফাইনালে আজ নেপালকে ১-০ গোলে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ নারী দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাশে থাকবে ভারত ॥** ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৮ অক্টোবর, সোমবার**

- **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮-এর খসড়া অনুমোদন ॥** ইয়াবা (অ্যামফিটামিন) পরিবহণ, কেনাবেচা, ব্যবসা, সংরক্ষণ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, হস্তান্তর, সরবরাহ ইত্যাদি অপরাধের জন্য সর্বোচ্চ মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সাজা ভোগ করতে হবে। অবশ্য ইয়াবার পরিমাণ অনুযায়ী সাজা কমবেশি দেওয়া হবে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই আইনের অধীন অপরাধ সংঘটনে অর্থ বিনিয়োগ, সরবরাহ, মদত ও পৃষ্ঠপোষকতা দিলেও একই ধরনের শাস্তি পেতে হবে। এমন বিধান রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রস্তাবিত আইনে হেরোইন ও কোকেন উদ্ভূত মাদকদ্রব্যের জন্যও ইয়াবার মতোই কঠোর শাস্তি রাখা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে আইনের এই খসড়া অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শের-ই-বাংলা মেডিকেল কলেজের সুবর্ণজয়ন্তী ॥** ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের সুবর্ণজয়ন্তী উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বরিশালে কোনো মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয় করা হবে না। মেডিকেল বিশ্ববিদ্যালয় হবে একেবারে আলাদা। গবেষণা ও পোস্ট গ্র্যাজুয়েটের বিষয়টি প্রাধান্য পাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার শারীরিক অবস্থা ভালো নয় ॥** খালেদা জিয়ার শারীরিক অবস্থা ভালো নয়। তাঁর হাত বাঁকা হয়ে গেছে, হাত তুলতে পারছেন



না। এছাড়া ঘাড়ে ব্যথা, কোমরে ব্যথা, বাম উরুর জয়েন্টে ব্যথা ও বাম হাঁটু ফুলে গেছে। বাম কাঁধ নাড়াতে পারেন না, হাত ঝিম ঝিম করে। তাঁর বাম হিপজয়েন্টে আর্থ্রাইটিস আছে। তাঁর দুই হাঁটু আগে থেকেই প্রতিস্থাপন করা, সেখানে কিছুদিন আগে ফুলে গিয়েছিল। বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জন্য সরকার গঠিত মেডিকেল বোর্ডের প্রধান ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) মেডিসিন বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. মো. আবদুল জলিল চৌধুরী এসব তথ্য জানান। সূত্র: যুগান্তর

**৯ অক্টোবর, মঙ্গলবার**

- **বিশ্বের শক্তিশালী পাসপোর্ট জাপানিদের ॥** বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট জাপানি পাসপোর্ট। নাগরিকত্ব ও বিশ্বে বসবাসকারী নাগরিকদের নিয়ে কাজ করা প্রতিষ্ঠান হেনলি অ্যান্ড পার্টনার্স পাসপোর্ট ইনডেক্স এসব তথ্য জানায়। ১৯০টি দেশে ভিসা ছাড়াই যাতায়াত করতে পারবে জাপানি নাগরিকরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মেরিটাইম অ্যান্ড লজিস্টিক ফোরাম-২০১৮ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দক্ষিণ এশিয়া অঞ্চলের সামুদ্রিক খাতের বিপুল সম্ভাবনাকে কাজে লাগিয়ে এই অঞ্চলের মানুষের আর্থসামাজিক উন্নয়নে বড়ো অর্জন আনা সম্ভব। তিনি 'দ্বিতীয় সাউথ এশিয়া মেরিটাইম অ্যান্ড লজিস্টিক ফোরাম-২০১৮'র উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১৩টি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করার আদেশ জারি ॥** দেশের আরও ১৩টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে। এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের অনুমোদন ॥** সারের চাহিদা পূরণ এবং সুলভমূল্যে কৃষকের কাছে সার সরবরাহ নিশ্চিত করতে সরকার নরসিংদীর পলাশে আধুনিক ও উন্নত প্রযুক্তির উচ্চ ক্ষমতাসম্পন্ন নতুন ইউরিয়া সার কারখানা নির্মাণ করতে যাচ্ছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এ লক্ষ্যে ১০ হাজার ৪৬০ কোটি ৯১ লাখ টাকা ব্যয়ে এ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের অনুমোদন দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **'গায়েবি' মামলা নিয়ে করা রিটে হাইকোর্টের বিভক্ত আদেশ ॥** আওয়ামী লীগ ব্যতীত অন্যান্য রাজনৈতিক দলের নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের হওয়া 'গায়েবি' মামলার তদন্ত বন্ধ, ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং পরবর্তী সময়ে এ ধরনের মামলা না দেওয়ার নির্দেশনা চেয়ে করা রিটের শুনানি নিয়ে দ্বিধাবিভক্ত আদেশ দিয়েছেন হাইকোর্ট। এর ফলে নিয়ম অনুসারে মামলাটি প্রধান বিচারপতির কাছে যাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রাষ্ট্রপতির ক্ষমায় মুক্ত হলেন তাহেরপুত্র ॥** খুনের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত এ এইচএম বিপ্লব রাষ্ট্রপতির ক্ষমায় লক্ষ্মীপুর কারাগার থেকে মুক্তি পেয়েছেন। লক্ষ্মীপুরের পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তাহেরের ছেলে তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাহরাইনে ভবনধসে চার বাংলাদেশি নিহত ॥** বাহরাইনের রাজধানী মানামায় ভবনধসে চার বাংলাদেশি নিহত হয়েছেন। সূত্র: যুগান্তর
- **৯ রান তুলতে ৮ উইকেট ॥** অবিশ্বাস্য স্কোরকার্ড! কুয়ালালামপুরে এশিয়ান অঞ্চলের আইসিসি ওয়ার্ল্ড টি ২০ বাছাইপর্বে এমনই এক স্কোরকার্ডের জন্ম দিয়েছে মিয়ানমার-মালয়েশিয়া ম্যাচ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ অক্টোবর, বুধবার**

- **গ্রেনেড হামলা মামলার রায় ॥** ২০০৪ সালে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের সমাবেশে চালানো ভয়াবহ আর্জেস গ্রেনেড হামলার ঘটনায় জড়িতদের ১৯ জনকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড এবং ১৯ জনকে যাবজ্জীবন দণ্ড দিয়েছেন আদালত। দণ্ডিতদের মধ্যে চারদলীয় জোট সরকারের সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর ও শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু, সাবেক ঊর্ধ্বতন দুই সেনা কর্মকর্তা রেজ্জাকুল হায়দার চৌধুরী ও আবদুর রহিমসহ ১৯ জনকে দুই মামলায় ডাবল মৃত্যুদণ্ড দেওয়া হয়। একই অপরাধে তারেক রহমান, হারিছ চৌধুরীসহ ১৯ জনকে 'ডাবল' যাবজ্জীবন সাজা দিয়েছেন আদালত। এছাড়া পুলিশের সাবেক তিন আইজিসহ ৮ কর্মকর্তা এবং ৩ সেনা কর্মকর্তাকে বিভিন্ন মেয়াদে দণ্ড দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **বাস উলটে প্রাণ গেল ৫০ জনের ॥** কেনিয়ার পশ্চিমাঞ্চলে বাস উলটে সড়কের পাশে খাদে পড়ে ৫০ জন মারা গেছে। ৫২ জন যাত্রী নিয়ে নাইরোবি থেকে বাসটি পশ্চিমাঞ্চলের শহর কাকামেগাতে যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দায়বদ্ধতা থেকে দায়িত্ব পালন করার আহ্বান ॥** বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর প্রতি মুনাফার পাশাপাশি সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে শিক্ষামূলক সম্প্রচারে মনোনিবেশ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বেসরকারি টেলিভিশন চ্যানেল মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অব প্রাইভেট টেলিভিশন চ্যানেল ওনার্সের (এটিসিও) নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে একথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ভারতে ট্রেন দুর্ঘটনায় নিহত সাত ॥** ভারতের উত্তর প্রদেশের রায়বেরেলিতে ট্রেন দুর্ঘটনায় সাতজন নিহত হয়েছেন। আহত অন্তত ২১ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১১ অক্টোবর, বৃহস্পতিবার**

- **২০ জেলায় ৩৩ উন্নয়ন প্রকল্প ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ২০ জেলায় ৩৩টি প্রকল্প উদ্বোধনকালে বলেন, বাংলাদেশ গত ১০ বছরে উন্নয়নের মহাসড়কে যে পথ পাড়ি দিয়েছে, তা অসাধ্য সাধন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গিয়ে বাংলাদেশ ॥** বিশ্বব্যাংকের ২০১৮ সালের মানবসম্পদ সূচক অনুযায়ী, ১৫৭টি দেশের মধ্যে বাংলাদেশ ১০৬তম। ভারত ও পাকিস্তান যথাক্রমে ১১৫ ও ১৩৪তম। ইন্দোনেশিয়ার বালিতে চলমান বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) যৌথ বার্ষিক সভায় বিশ্বব্যাংক এই প্রতিবেদন প্রকাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ অক্টোবর, শুক্রবার**

- **চ্যাম্পিয়ন ফিলিস্তিন ॥** বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে ফিলিস্তিন। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ফাইনালে তারা টাইব্রেকারে ৪-৩ গোলে হারিয়েছে তাজিকিস্তানকে। ফাইনাল শেষে চ্যাম্পিয়ন ফিলিস্তিন দলের অধিনায়কের হাতে ট্রফি তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জঙ্গি হামলার পরিকল্পনা ॥** ভারতীয় গোয়েন্দাদের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, ঢাকায় পাকিস্তান হাইকমিশনের কর্মকর্তারা ভারতবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত। তারা দুই দেশে জঙ্গি হামলার পরিকল্পনা করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **খাসোগি হত্যার প্রমাণ তুরস্কের হাতে ॥** তুরস্কের কর্মকর্তাদের কাছে সৌদি আরবের ভিন্ন মতাবলম্বী সাংবাদিক জামাল খাসোগিকে সৌদি সরকার যে হত্যা করেছে তার প্রমাণ রয়েছে। মার্কিন দৈনিক ওয়াশিংটন পোস্ট বলছে, তুর্কি কর্মকর্তারা তাদের কাছে থাকা খাসোগি হত্যার ভিডিও এবং অডিও ট্রাম্প প্রশাসনের কাছে পাঠিয়েছে যাতে প্রমাণিত হয় যে, ওই হত্যার সঙ্গে সৌদি সরকার জড়িত। জামাল খাসোগিকে ইস্তানবুল কনস্যুলেটে সৌদি আরবের একটি নিরাপত্তা দল কীভাবে নির্যাতন করেছে এবং হত্যার পর কীভাবে টুকরো টুকরো করেছে তা ওই ভিডিওতে রয়েছে। সূত্র: সমকাল

➢ **বিশ্বের দীর্ঘতম বিরতিহীন ফ্লাইট ॥** সিঙ্গাপুর এয়ারলাইন্স বিশ্বের দীর্ঘতম বিরতিহীন বাণিজ্যিক ফ্লাইট চালু করেছে। সিঙ্গাপুর থেকে ফ্লাইটটি যাত্রা শুরু করে ১৫ হাজার কিলোমিটার পথ পাড়ি দিয়ে একটানা ১৭ ঘণ্টা ৫২ মিনিট যাত্রা করে নিউইয়র্কে অবতরণ করে। নতুন যে এয়ারবাসের মাধ্যমে এই ফ্লাইটটির সূচনা করা হয় তার নাম 'এ৩৫০-৯০০'। সূত্র: দৈনিক

**১৩ অক্টোবর, শনিবার**

➢ **জাতীয় ঐক্যফ্রন্টের আত্মপ্রকাশ ॥** বিশিষ্ট আইনজীবী, গণফোরাম সভাপতি ড. কামাল হোসেনের নেতৃত্বে জাতীয় ঐক্যফ্রন্ট নামে নতুন জোটের আত্মপ্রকাশ ঘটেছে। বিকল্পধারাকে বাইরে রেখেই বিএনপি, গণফোরাম, জেএসডি, নাগরিক ঐক্য এবং জাতীয় ঐক্য প্রক্রিয়াকে নিয়ে নয়া এই জোট গঠিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সৌদিকে চরম শাস্তির হুমকি ॥** সাংবাদিক জামাল খাসোগির নিখোঁজের ঘটনায় সৌদি আরবকে চরম শাস্তির হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৯ ॥** সারাবিশ্বে ইন্টারনেটভিত্তিক শ্রমশক্তির ১৫ ভাগ রয়েছে বাংলাদেশে। যাদের সংখ্যা সাড়ে ৬ লাখের বেশি। বিশ্বব্যাংক প্রকাশিত 'ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৯: দ্য চেঞ্জিং নেচার অব ওয়ার্ক' শীর্ষক প্রতিবেদনে এ বিষয়টি উঠে এসেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **প্রধানমন্ত্রী হওয়ার পথে আনোয়ার ইব্রাহিম ॥** মালয়েশিয়ায় উপনির্বাচনে জয় পেয়েছেন ৭১ বছর বয়সি আনোয়ার ইব্রাহিম। দেশটির পোর্ট ডিকসন সংসদীয় আসনে উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে জয়ী হন তিনি। সূত্র: যুগান্তর

**১৪ অক্টোবর, রোববার**

➢ **পদ্মা সেতুর মাওয়া টোল প্লাজায় প্রধানমন্ত্রী ॥** পদ্মা সেতুর মাওয়া টোল প্লাজা গোলচত্বরে আয়োজিত সুধী সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু হবে। আর নিজস্ব অর্থায়নেই আজ পদ্মা সেতুর ৬০ শতাংশ কাজ শেষ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে মামলা ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ছিল ১২ অক্টোবর। পরীক্ষার পর প্রশ্নফাঁসের অভিযোগে শাহবাগ থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হয়েছে। সূত্র: প্রথম আলো

➢ **পালটা ব্যবস্থার হুমকি সৌদির ॥** যুক্তরাষ্ট্রে স্বেচ্ছানির্বাসিত সাংবাদিক জামাল খাসোগির 'অন্তর্ধান'কে কেন্দ্র করে সৌদি আরবের বিরুদ্ধে ওয়াশিংটনের 'শাস্তিমূলক ব্যবস্থা' নেওয়ার হুঁশিয়ারি দেওয়ার পর পালটা হুমকি দিয়েছে রিয়াদ। সৌদি সরকারের মুখপত্রে প্রকাশিত বিবৃতিতে বলা হয়, 'যদি সৌদি রাজতন্ত্রের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেওয়া হয়, তবে এর পালটা বৃহৎ পরিসরের জবাব দিতে বদ্ধপরিকর রিয়াদ।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ অক্টোবর, সোমবার**

➢ **ডা. জাফরুল্লাহ চৌধুরীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা ॥** গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরীর বিরুদ্ধে দায়ের হওয়া সাধারণ ডায়েরিটি (জিডি) রাষ্ট্রদ্রোহ মামলা হিসেবে গ্রহণ করা হয়েছে। একটি বেসরকারি টেলিভিশনের টকশো অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনী প্রধানের বিরুদ্ধে মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দেওয়ার অভিযোগে

জাফরুল্লাহ চৌধুরীর বিরুদ্ধে গত বৃহস্পতিবার সেনা সদরের পক্ষ থেকে রাজধানীর ক্যান্টনমেন্ট থানায় ওই জিডি করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শারদীয় দুর্গোৎসব ॥** রাজধানীর রামকৃষ্ণ মিশন ও ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে পূজামণ্ডপ পরিদর্শনকালে প্রধানমন্ত্রী বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে সরকার কাজ করে যাচ্ছে। দেশের সব ধর্মের মানুষ নিজ নিজ অধিকার নিয়ে স্বাধীনভাবে বাস করছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **গণমাধ্যমকর্মী আইন-২০১৮ এর খসড়া অনুমোদন ॥** সম্প্রচার মাধ্যমের জন্য কমিশন গঠনের প্রস্তাব রেখে 'সম্প্রচার আইন-২০১৮'-এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি সব ধরনের গণমাধ্যমকর্মীর জন্য চাকরির শর্ত ঠিক করে 'গণমাধ্যমকর্মী আইন-২০১৮'-এর খসড়ায়ও নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে মোট ৬টি আইন ও নীতিমালার অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খাসোগিকে হত্যার প্রমাণ পাওয়ার দাবি তুরস্কের ॥** ইস্তানবুলে সৌদি কনসুলেটে তল্লাশি করে সাংবাদিক জামাল খাসোগিকে হত্যার অভিযোগের সপক্ষে প্রমাণ পাওয়ার দাবি করেছেন তুর্কি কর্তৃপক্ষ। সূত্র: যুগান্তর

**১৬ অক্টোবর, মঙ্গলবার**

- **'গর্ডিয়ান নট' অভিযানে নিহত দুই ॥** জঙ্গি আস্তানা সন্দেহে নরসিংদীর মাধবদী ও শেখেরচরে ঘিরে রাখা দুটি বাড়ির মধ্যে শেখেরচরের বাড়িতে সোয়াতের 'অপারেশন গর্ডিয়ান নট' অভিযানে দুই জঙ্গি নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **রিয়াদ পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ॥** সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদের আমন্ত্রণে চারদিনের সফরে সৌদি আরব পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান রিয়াদের ডেপুটি গভর্নর প্রিন্স মোহাম্মদ বিন আবদুল রহমান বিন আবদুল আজিজ, তথ্যমন্ত্রী আওয়াদ বিন সালেহ আল-আওয়াদ এবং সেদেশে বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ্। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **বিশ্ব খাদ্য দিবস ॥** ২০৩০ সালের মধ্যে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বিশ্ব গড়ার লক্ষ্যে পালিত হচ্ছে বিশ্ব খাদ্য দিবস। এ বছর খাদ্য দিবসের প্রতিপাদ্য 'কর্ম গড়ে ভবিষ্যৎ, কর্মই গড়বে ২০৩০-এ ক্ষুধামুক্ত বিশ্ব'। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, সরকারের বহুমুখী উদ্যোগ গ্রহণের ফলে বাংলাদেশ বর্তমানে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সক্ষম হয়েছে। এখন বাংলাদেশ বিশ্বের অন্যতম খাদ্যশস্য উৎপাদনকারী দেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ছেঁউড়িয়ায় লালন স্মরণোৎসব শুরু ॥** কুষ্টিয়ার কুমারখালীর ছেঁউড়িয়ায় বাউলসম্রাট লালন সাঁইজির ১২৮তম তিরোধান দিবস উপলক্ষ্যে তিন দিনব্যাপী লালন স্মরণোৎসব শুরু। সূত্র: যুগান্তর
- **সাংবাদিক খাসোগি হত্যা ॥** পশ্চিমা ও আন্তর্জাতিক চাপের মুখে সাংবাদিক খাসোগি হত্যার কথা স্বীকার করার আভাস দিয়েছে সৌদি আরব। সৌদি কনসুলেটের ভেতরই জিজ্ঞাসাবাদে ব্যর্থ হলে একপর্যায়ে তাঁকে হত্যা করা হয় বলে মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের প্রতিবেদন। সূত্র: প্রথম আলো

**১৭ অক্টোবর, বুধবার**

- **সৌদি বাদশাহর সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরগায় রাজপ্রাসাদে সৌদি বাদশাহ এবং পবিত্র দুটি মসজিদের খাদেম সালমান বিন আবদুল আজিজ আল সৌদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। তারা বৈঠকে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **উত্তর সিটির নির্বাচনি কার্যক্রম স্থগিত ॥** ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়রের শূন্যপদে উপনির্বাচন ও সম্প্রসারিত অংশের কাউন্সিলর নির্বাচনের সব কার্যক্রম স্থগিত ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **এজিফান্ড পুরস্কার ॥** সবার জন্য মানসম্মত শিক্ষা প্রসারে ভূমিকা রাখায় ২০১৭ সালের দ্য আরব গালফ প্রোগ্রাম ফর ডেভেলপমেন্ট (এজিফান্ড) আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে ব্র্যাক। সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের কার্যালয়ে ব্র্যাকের ভাইস চেয়ারপারসন আহমদ মোশতাক রাজা চৌধুরীর হাতে এই পুরস্কার তুলে দেন সৌদি প্রিন্স তালালের পুত্র ও এজিফান্ডের বিশেষ প্রতিনিধি প্রিন্স আবদুল আজিজ বিন তালাল বিন আবদুল আজিজ আল সৌদ। সূত্র: সমকাল

➤ **দুই নারী জঙ্গির আত্মসমর্পণ ॥** নরসিংদীর গাঙপাড় এলাকায় জঙ্গি আস্তানা সন্দেহে ঘিরে রাখা একটি বাড়ি থেকে সন্দেহভাজন দুই নারী জঙ্গি আত্মসমর্পণ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **রাশিয়ায় বোমা বিস্ফোরণে নিহত ১৮ ॥** রাশিয়ায় ক্রিমিয়ার ক্রিস টেকনিক্যাল কলেজের ক্যাফেটেরিয়ায় বোমা বিস্ফোরণের ঘটনায় ১৮ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন ৫০ জনের মতো। হতাহতদের বেশির ভাগই শিক্ষার্থী। সূত্র: সমকাল

➤ **ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর পদত্যাগ ॥** একাধিক নারীকে যৌন হয়রানির অভিযোগের মুখে পদত্যাগ করেছেন ভারতের কেন্দ্রীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও বিশিষ্ট সাংবাদিক এমজে আকবর। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে তিনি তাঁর পদত্যাগপত্রটি পাঠিয়ে দেন। সূত্র: যুগান্তর

➤ **জয়নাবের ধর্ষক-খুনির ফাঁসি কার্যকর ॥** পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের কাসুরে ছয় বছরের শিশু জয়নাব আনসারি ধর্ষণ ও হত্যায় একজনের ফাঁসি কার্যকর করা হয়েছে। লাহোরের কোট লাখপাট কারাগারে ইমরান আলী নামের ওই হত্যাকারীর ফাঁসি কার্যকর করা হয়। ফাঁসি কার্যকরের সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন জয়নাবের বাবা আমিন আনসারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **নাইজেরিয়ায় বোমা হামলায় নিহত ১২ ॥** নাইজেরিয়ার মাইদুগুরি শহরে জোড়া আত্মঘাতী বোমা হামলায় ১২ জন নিহত ও ৪৮ জন আহত হয়েছেন। দেশটির উত্তর-পূর্বাঞ্চলীয় এই শহরের মুনা গ্যারেজ এলাকার একটি বাজারে এই হামলা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৮ অক্টোবর, বৃহস্পতিবার**

➤ **উত্তরায় হবে ৮,৭৩৬টি ফ্ল্যাট ॥** ঢাকার উত্তরায় ৮ হাজার ৭৩৬টি ফ্ল্যাট নির্মাণ করবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ। এতে ৫ হাজার ৯৮ কোটি টাকা ব্যয় হবে। বুধবার সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এই প্রস্তাবের অনুমোদন দিয়েছে।

➤ **শিল্পী আইয়ুব বাচ্চুর ইন্তেকাল ॥** হৃদরোগে আক্রান্ত হয়ে জনপ্রিয় গিটারিস্ট ও বাংলা ব্যান্ডসংগীতশিল্পী আইয়ুব বাচ্চু (৫৬) ইন্তেকাল করেছেন। নিজের বাসায় অসুস্থ হয়ে পড়ায় তাঁকে রাজধানীর স্কয়ার



হাসপাতালে নিয়ে গেলে হাসপাতালের জরুরি বিভাগ জানায়, আইয়ুব বাচ্চুকে হাসপাতালে আনার আগেই তিনি মারা গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **আফগানিস্তানে দেহরক্ষীর গুলিতে পুলিশপ্রধান নিহত ॥** আফগানিস্তানের কান্দাহার প্রদেশে গভর্নরের কম্পাউন্ডে এক দেহরক্ষীর চালানো গুলিতে দেশটির সবচেয়ে প্রভাবশালী নিরাপত্তা কর্মকর্তা আবদুল রাজিক নিহত হয়েছেন। গুলিতে আবদুল রাজিকসহ নিহত হন গোয়েন্দা সংস্থা এনডিএ'র একজন স্থানীয় কমান্ডারও। গুরুতর আহত হন প্রাদেশিক গভর্নর জালমে ওয়েসা। হামলার দায় স্বীকার করেছে তালেবান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **আগুনে পুড়ে ৫২ জনের মৃত্যু ॥** কাজাখস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে একটি যাত্রীবাহী বাসের ভেতর আগুনে পুড়ে অন্তত ৫২ জনের মৃত্যু হয়েছে। দেশটির অক্টোবা অঞ্চলের ইরগিজ জেলায় এ দুর্ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **যুক্তরাষ্ট্রকে ১০ কোটি ডলার দিয়েছে সৌদি আরব ॥** মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও মঙ্গলবার সৌদি সফরে গেছেন। উদ্দেশ্য, জামাল খাসোগির বিষয় নিয়ে আলোচনা। একই দিন সৌদি আরব ১০ কোটি ডলার দিয়েছে যুক্তরাষ্ট্রকে। সূত্র: সমকাল

**১৯ অক্টোবর, শুক্রবার**

➤ **বাংলাদেশ গণতান্ত্রিক ঐক্যফ্রন্টের যাত্রা শুরু ॥** মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে ৩৯ দলের জোট নিয়ে বাংলাদেশ গণতান্ত্রিক ঐক্যফ্রন্ট আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে। জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করে এই জোটের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন চেয়ারপারসন লামিনাল ফিহা। সূত্র: যুগান্তর

➤ **শ্রীলঙ্কার বিরুদ্ধে বাংলাদেশ যুবাদের জয় ॥** কলম্বোয় স্বাগতিক শ্রীলঙ্কার বিপক্ষে প্রথম যুব টেস্টে ১৩ রানে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল নাটকীয় জয় পেয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ট্রেনের ধাক্কায় নিহত পাঁচ ॥** রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার জামালপুর ইউনিয়নের শোলাকুরা রেলক্রসিংয়ে ট্রেনের ধাক্কায় নিহতের সংখ্যা দাঁড়িয়েছে পাঁচে। এই ঘটনায় আহত হয়েছেন নয়জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ভারতে ট্রেনচাপায় নিহত ৬০ ॥** ভারতের অমৃতসরে ধর্মীয় অনুষ্ঠান উদ্‌যাপনের সময় ট্রেনে চাপা পড়ে অন্তত ৬০ জন নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন অন্তত ৩৫ জন। সূত্র: যুগান্তর

**২০ অক্টোবর, শনিবার**

➢ **বিশ্ববিদ্যালয় শিক্ষক সম্মেলন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশন (এফবিইউটিএ) আয়োজিত বিশ্ববিদ্যালয় শিক্ষক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে বলেন, আমি আপনাদের সহযোগিতা চাই, যাতে বর্তমান সরকারের উন্নয়নের চলমান গতি বজায় থাকে এবং আমাদের শুরু করা উন্নয়ন কর্মকাণ্ডগুলো শেষ করা যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **এরশাদের ১৮ দফা ইশতেহার ॥** সম্মিলিত জাতীয় জোটের মহাসমাবেশ থেকে 'সুশাসনের লক্ষ্যে ও জাতির মুক্তির পথে' ১৮ দফা ইশতাহার ঘোষণা করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ছয় দস্যু বাহিনীর ৪৩ সদস্যের আত্মসমর্পণ ॥** কক্সবাজারের মহেশখালীতে উপকূলীয় এলাকার ছয় দস্যু বাহিনীর ৪৩ সদস্য আত্মসমর্পণ করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের হাতে অস্ত্র জমা দিয়ে তারা আত্মসমর্পণ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আফগানিস্তানে সংসদ নির্বাচনের ভোটগ্রহণ ॥** তালেবান হুমকির মধ্যেই আফগানিস্তানে সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ অক্টোবর, রোববার**

➢ **দশম জাতীয় সংসদের শেষ অধিবেশন শুরু ॥** স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বর্তমান সংসদের ২৩তম অধিবেশন শুরু হয়েছে। দশম জাতীয় সংসদের সর্বশেষ অধিবেশন হতে চলেছে এটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মইনুল হোসেনের বিরুদ্ধে মাসুদা ভাট্টির মানহানির মামলা ॥** টকশোতে কটূক্তির অভিযোগে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনের বিরুদ্ধে দৈনিক আমাদের অর্থনীতির নির্বাহী সম্পাদক মাসুদা ভাট্টি মানহানির মামলা করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **পাঁচ মাসের আগাম জামিন ॥** মানহানির দুই মামলায় পাঁচ মাসের আগাম জামিন পেয়েছেন মইনুল হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ভিনদেশি মুক্তিযোদ্ধাকে মোংলায় রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত ॥** সবার শ্রদ্ধা ও ভালোবাসায় সিক্ত হয়ে বাগেরহাটের মোংলা উপজেলার শেহলাবুনিয়ায় চিরনিদ্রায় শায়িত হলেন ফাদার মারিনো রিগন। মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ২০০৯ সালে সরকার ফাদার রিগনকে 'ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার' পদকসহ বাংলাদেশের সম্মানসূচক নাগরিকত্ব প্রদান করে। সূত্র: সমকাল

**২২ অক্টোবর, সোমবার**

➢ **রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের জেনেভা যাত্রা ॥** পাঁচদিনের সফরে সুইজারল্যান্ডের রাজধানী জেনেভার উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বিনিয়োগ ও উন্নয়ন এবং নিরাপত্তা সংক্রান্ত দুটি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দেবেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **শপথ নিলেন বরিশাল সিটি করপোরেশনের মেয়র ॥** শপথগ্রহণ করলেন বরিশাল সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে শপথগ্রহণ করেন তিনি। পাশাপাশি কাউন্সিলরদের শপথ করান স্থানীয় সরকারমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সৌদি বাদশাহকে আমন্ত্রণ জানিয়েছি। তিনি আমন্ত্রণ গ্রহণ করেছেন এবং অদূর ভবিষ্যতে তিনি বাংলাদেশে আসবেন বলে আশা প্রকাশ করেছেন। সৌদি আরব সফরের বিষয় জানাতে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের উন্নয়নের ভূয়সী প্রশংসা করেছেন সৌদি বাদশাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ব্যারিস্টার মইনুল হোসেন গ্রেফতার ॥** সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মির্জা আব্বাসের বিরুদ্ধে করা দুদকের মামলা বাতিলের আবেদন খারিজ ॥** জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে বিএনপি নেতা, সাবেক গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী মির্জা আব্বাসের বিরুদ্ধে দায়ের

করা দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলা বাতিল চেয়ে করা আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। এর ফলে তার বিরুদ্ধে দুদকের মামলা চলতে বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **অস্ট্রেলিয়ার পার্লামেন্টে ক্ষমা চাইলেন স্কট মরিসন ॥** অস্ট্রেলিয়ার পার্লামেন্টে শিশু যৌন নির্যাতনের ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কাছে ক্ষমা চেয়েছেন দেশটির বর্তমান প্রধানমন্ত্রী স্কট মরিসন। 'জাতীয় শিশু সপ্তাহ-২০১৮' উপলক্ষ্যে দেশটির পার্লামেন্টে দেওয়া ভাষণে তিনি শিশু যৌন নির্যাতনের ভুক্তভোগীদের কাছে এই ক্ষমাপ্রার্থনা করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২৩ অক্টোবর, মঙ্গলবার**

- **ব্যারিস্টার মইনুল হোসেন কারাগারে ॥** সাংবাদিক মাসুদা ভাট্টিকে 'চরিত্রহীন' বলার অভিযোগে রংপুরে দায়ের করা একটি মানহানি মামলায় সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনকে কারাগারে পাঠানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল বাতিল ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল বাতিল করেছে কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জামাল খাসোগির লাশের কয়েকটি টুকরা পাওয়া গেছে ॥** তুরস্কের ইস্তানবুলে সৌদি কনসুলেটে খুনের শিকার সাংবাদিক জামাল খাসোগির লাশের বেশ কয়েকটি টুকরো কনসাল জেনারেলের বাসভবনের বাগানে পাওয়া গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চীনে পৃথিবীর দীর্ঘতম সেতু উদ্বোধন ॥** নির্মাণকাজ শুরুর ৯ বছর পর সমুদ্রের উপর দিয়ে নির্মিত পৃথিবীর দীর্ঘতম সেতুর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। ৫৫ কিলোমিটার লম্বা এ সেতুটি হংকংকে ম্যাকাও ও চীনের মূল ভূখণ্ডের ঝুহাইয়ের সঙ্গে সংযুক্ত করেছে। ২০ বিলিয়ন ডলারে নির্মিত দীর্ঘতম এ সেতুটি। সেতুটি বানাতে গিয়ে প্রকল্পে কর্মরত অন্তত ১৮ জন শ্রমিকের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিউজার্সিতে অগ্নিকাণ্ডে ভবন ধস ॥** যুক্তরাষ্ট্রের নিউজার্সি অঙ্গরাজ্যের ডোভার শহরের ব্যস্ত এলাকা নর্থ ওয়ারেনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ফলে



রাস্তার উপর একটি ভবন ধসে পড়েছে। এতে অন্তত ছয়টি ব্যবসা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কয়েক ব্যক্তি আহত হয়েছেন। সূত্র: যুগান্তর

**২৪ অক্টোবর, বুধবার**

- **চতুর্দশ হ্যাকগামের উচ্চপর্যায়ের সভা উদ্বোধন ॥** বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্দশ 'হেডস অব এশিয়ান কোস্টগার্ড' (হ্যাকগাম)-এর উচ্চপর্যায়ের সভা উদ্বোধনকালে বলেন, সমুদ্র নিরাপত্তা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই অঞ্চলের বৃহৎ জনগোষ্ঠী তাদের জীবন-জীবিকার জন্য সমুদ্রসম্পদের ওপর নির্ভরশীল। আমি আশাবাদী, এই সভার মাধ্যমে এশীয় অঞ্চলের সব কোস্টগার্ড ও মেরিটাইম সংস্থার প্রধানরা অভিজ্ঞতা ও মতবিনিময়ের মাধ্যমে সামুদ্রিক নিরাপত্তা আরও জোরদার করার উপায় উদ্ভাবন করতে পারবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **দেশের প্রথম বার্ন ইনস্টিটিউটের যাত্রা শুরু ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে দেশে প্রথম বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের যাত্রা শুরু। যেখানে একসঙ্গে পাঁচ শতাধিক পোড়া রোগীকে চিকিৎসা দেওয়ার সুবিধায় থাকছে ৫০০ শয্যা, ৫০টি নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) এবং ১২টি অপারেশন থিয়েটার। ইনস্টিটিউটের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ২২ দেশের কোস্টগার্ড প্রধানের শ্রদ্ধা ॥** বাংলাদেশ কোস্টগার্ডের তত্ত্বাবধানে ২২ দেশের কোস্টগার্ড প্রধানসহ ৬৯ জন প্রতিনিধি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন। ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু ভবনের সামনে প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন তাঁরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'সরকারি চাকরি বিল-২০১৮' ॥** সরকারি কর্মকর্তা-কর্মচারীরা ফৌজদারি অপরাধ করলে তাঁদের গ্রেফতারের আগে সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি নেওয়ার বিধান রেখে 'সরকারি চাকরি বিল-২০১৮' জাতীয় সংসদে পাস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা ॥** আইনজীবী মইনুল হোসেনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে ঢাকার সাইবার ট্রাইব্যুনালে মামলা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজ জয় বাংলাদেশের ॥** জিম্বাবুয়েকে হারিয়ে ১ ম্যাচ হাতে রেখেই ২-০ ব্যবধানে সিরিজ জিতে নিল বাংলাদেশ। এ জয়ের মাধ্যমে জিম্বাবুয়ের বিপক্ষে টাইগারদের এটি টানা তৃতীয় ওয়ানডে সিরিজ জয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৫ অক্টোবর, বৃহস্পতিবার**

- **বঙ্গবন্ধু কমপ্লেক্স উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আমরা রক্তক্ষয়ী সশস্ত্র মুক্তিসংগ্রামের মাধ্যমে স্বাধীনতা লাভকারী বিজয়ী জাতি। আমরা মাথা উঁচু করে বাঁচব।' যশোরে বাংলাদেশ এয়ার ফোর্স (বিএএফ) একাডেমিতে বঙ্গবন্ধু কমপ্লেক্সের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। বিএএফ প্যারেড গ্রাউন্ডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি ব্রোঞ্জ নির্মিত আবক্ষমূর্তি উন্মোচনের মাধ্যমে তিনি এই কমপ্লেক্সের উদ্বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঘরে ফিরলেন বিএনপির সংস্কারপন্থিরা ॥** ওয়ান-ইলেভেনের সময়ে কথিত 'সংস্কারপন্থি' হিসেবে পরিচিত ১১ নেতা সব বিভেদ ভুলে অবশেষে বিএনপিতে ফিরলেন। দলটির চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এক বৈঠকের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে একসময়ে দলের গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা এসব নেতা সক্রিয় হলেন। সূত্র: প্রথম আলো
- **মায়ের গর্ভেই দুই শিশুর মেরুদণ্ডে অস্ত্রোপচার ॥** মায়ের গর্ভেই দুই শিশুর মেরুদণ্ডে অস্ত্রোপচার করেছেন যুক্তরাজ্যের চিকিৎসকরা। লন্ডনের ইউনিভার্সিটি কলেজ হাসপাতালের ৩০ জন চিকিৎসকের একটি দল ওই অস্ত্রোপচার করে। সূত্র: সমকাল

**২৬ অক্টোবর, শুক্রবার**

- **বাংলাদেশ ও চীনের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক ॥** রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশ, মিয়ানমার ও চীনের মধ্যে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে একটি ত্রিপক্ষীয় বৈঠকের সিদ্ধান্ত হয়েছে। বৈঠকে সন্ত্রাস, কাউন্টার টেরোরিজম, মাদক ও সাইবার ক্রাইম নিয়ন্ত্রণে সহযোগিতা, ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়েছে। এছাড়া আইনশৃঙ্খলা বাহিনীর প্রশিক্ষণ, পুলিশের সরঞ্জামাদি সহযোগিতা ও নিরাপত্তা সহযোগিতায় যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের ব্যাপারে তিনটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই বৈঠকে চীনা প্রতিনিধি দলের নেতৃত্ব দেন দেশটির



জননিরাপত্তাবিষয়ক মন্ত্রী ও স্টেট কাউন্সিলর ঝাও কেঝি। বাংলাদেশের নেতৃত্ব দেন আসাদুজ্জামান খান কামাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **ভারতে বিএনপি নেতা সালাহউদ্দিনকে বেকসুর খালাস ॥** বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদের বিরুদ্ধে দায়ের করা অবৈধ অনুপ্রবেশের মামলায় তাঁকে বেকসুর খালাস দিয়েছেন ভারতের মেঘালয় রাজ্যের শিলংয়ের একটি আদালত। সেই সঙ্গে সালাহউদ্দিন আহমেদকে দ্রুত দেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা করতে ভারত সরকারকে নির্দেশনা দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- **জামায়াতের জেলা আমিরসহ ৬ কর্মী আটক ॥** বরিশালে সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র এবং নাশকতার পরিকল্পনায় গোপন বৈঠকের সময় জামায়াতের জেলা আমিরসহ ৬ কর্মীকে আটক করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইথিওপিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট সাহলে-ওর্ক জেউদি ॥** ইথিওপিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন সাহলে-ওর্ক জেউদি (৬৮)। সূত্র: যুগান্তর
- **রনিল বিক্রমাসিংহেকে বরখাস্ত ॥** শ্রীলঙ্কার বর্তমান প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহেকে বরখাস্ত করেছেন দেশটির প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা। এরপরই সাবেক প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপাকসেকে করা হয়েছে দেশটির নতুন প্রধানমন্ত্রী। সূত্র: যুগান্তর
- **৫ ফিলিস্তিনি নিহত ॥** গাজা সীমান্তে বিক্ষোভকারীদের ওপর ইসরাইলি বাহিনীর নির্বিচার গুলিতে অন্তত পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন দেড় শতাধিক। ইসরাইলি বাহিনীর এ বর্বরতার প্রতিবাদে ইসরাইলের দক্ষিণাঞ্চলে অন্তত ৩০টি রকেট হামলা চালিয়েছে ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন হামাসের সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **টানা তৃতীয়বার হোয়াইটওয়াশ করল বাংলাদেশ ॥** ইমরুল কায়েস ও সৌম্য সরকারের জোড়া সেঞ্চুরিতে টানা তৃতীয়বার জিম্বাবুয়ে ক্রিকেট দলকে হোয়াইটওয়াশ করল বাংলাদেশ দল। সব মিলিয়ে এ পর্যন্ত চতুর্থবার টাইগারদের কাছে হোয়াইটওয়াশ হলো জিম্বাবুয়ে। সূত্র: কালের কণ্ঠ

**২৭ অক্টোবর, শনিবার**

- **৩০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা ॥** পটুয়াখালী পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্র পুনর্বাসন প্রকল্পসহ ২১টি প্রকল্প উদ্বোধনকালে প্রধানমন্ত্রী বলেছেন, দক্ষিণাঞ্চলে ৩০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সরকারি চাকরিতে আবেদনের বয়সসীমা ৩৫ বছর করার দাবি ॥** সরকারি চাকরিতে আবেদনের বয়সসীমা ৩৫ করার দাবিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সুপারিশ দ্রুত বাস্তবায়ন এবং এই নির্দেশনা ৪০তম বিসিএসের আওতাভুক্ত করে প্রজ্ঞাপনের দাবিতে শাহবাগে সমাবেশ ও অবস্থান কর্মসূচি পালন করছে বাংলাদেশ সাধারণ ছাত্র পরিষদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শ্রীলঙ্কার জাতীয় সংসদ স্থগিত ॥** প্রধানমন্ত্রীকে পদচ্যুতির পর এবার দেশটির পার্লামেন্ট স্থগিত করে দিয়েছেন প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা। আগামী ১৬ নভেম্বর পর্যন্ত পার্লামেন্টের সব ধরনের অধিবেশন স্থগিত থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মালদ্বীপকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ ॥** কাঠমাণ্ডুতে সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপে মালদ্বীপকে ৯-০ গোলে হারিয়ে সরাসরি সেমিফাইনাল নিশ্চিত করেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ অক্টোবর, রোববার**

- **'ডেস্টিনেশন বাংলাদেশ' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন ॥** ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত 'ডেস্টিনেশন বাংলাদেশ' শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ক্ষমতায় থাকলে অর্থনৈতিকভাবে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে যা যা করণীয় আমরা তা করব। সূত্র: সমকাল
- **৪৮ ঘণ্টার পরিবহণ ধর্মঘট ॥** সংসদে পাস হওয়া 'সড়ক পরিবহণ আইন-২০১৮' এর কয়েকটি ধারা সংশোধনসহ ৮ দফা দাবিতে সকাল ছয়টা থেকে সারাদেশে ৪৮ ঘণ্টার ধর্মঘটের ডাক দিয়েছে বাংলাদেশ সড়ক পরিবহণ শ্রমিক ফেডারেশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জামায়াতের নিবন্ধন বাতিল করে প্রজ্ঞাপন জারি ॥** রাজনৈতিক দল বাংলাদেশ জামায়াতে ইসলামীর নিবন্ধন বাতিল করে প্রজ্ঞাপন জারি



করেছে নির্বাচন কমিশন (ইসি)। প্রজ্ঞাপনে বলা হয়, ২০০৯ সালে হাইকোর্টে দায়ের করা ৬৩০ নম্বর রিট পিটিশনের রায়ে আদালত জামায়াতে ইসলামীর নিবন্ধন অবৈধ ও বাতিল ঘোষণা করায় গণপ্রতিনিধিত্ব আদেশের ৯০এইচ ধারা অনুযায়ী জামায়াতে ইসলামীর নিবন্ধন বাতিল করা হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **বিহারিদের উচ্ছেদ করা যাবে না ॥** পূর্ব নোটিশ ছাড়া নির্দিষ্ট ক্যাম্প চিহ্নিত না করে বিহারিদের উচ্ছেদ করা যাবে না বলে জারি করা রুল খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আদাবরে বস্তিতে আগুনে শতাধিক ঘর ভস্মীভূত ॥** রাজধানীর আদাবরের শেখেরটেকে একটি বস্তিতে অগ্নিকাণ্ডে শতাধিক ঘর পুড়ে গেছে। শেখেরটেকের ৬ নম্বর সড়কের শেষ মাথায় হাট্টার মোড়ে টিনশেড বস্তিতে এই আগুন লাগে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ অক্টোবর, সোমবার**

- **দশম জাতীয় সংসদের শেষ অধিবেশন সমাপ্ত ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের মধ্য দিয়ে রাতে দশম জাতীয় সংসদের শেষ অধিবেশনের সমাপ্তি টেনেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। শেষদিনে সংসদ নেতা শেখ হাসিনা ও বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ অধিবেশনে উপস্থিতি ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ' (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত হাসপাতাল ভবনসহ স্বাস্থ্য খাতের বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্প উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ব্যারিস্টার মইনুলকে কারাগারে প্রথম শ্রেণির মর্যাদা দিতে হাইকোর্টের নির্দেশ ॥** মানহানির মামলায় গ্রেফতার সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনকে কারাগারে প্রথম শ্রেণির বন্দি সুবিধা দিতে (ডিভিশন) নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: প্রথম আলো
- **ইন্দোনেশিয়ার বিমান বিধ্বস্ত ॥** ইন্দোনেশিয়ার লায়ন এয়ারলাইন্সের একটি বিমান সাগরে বিধ্বস্ত হয়েছে। বিমানটিতে ক্রুসহ ১৮৮ জন আরোহী ছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **নেপালকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ ॥** অনূর্ধ্ব-১৫ সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপে নেপালকে ১-২ গোলে হারিয়ে এ গ্রুপ থেকে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩০ অক্টোবর, মঙ্গলবার**

- **প্রধানমন্ত্রীর সঙ্গে মার্শিয়া বার্নিকাটের বিদায়ি সাক্ষাৎ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্সিয়া ব্লুম বার্নিকাট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **খালেদা জিয়ার সাজা ১০ বছর করেছেন হাইকোর্ট ॥** জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সাজা পাঁচ থেকে বাড়িয়ে ১০ বছর করেছেন হাইকোর্ট। এছাড়া অপর আসামিদের ১০ বছরের সাজা বহাল রাখা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাঁচ ডেপুটি অ্যাটর্নি জেনারেলকে অব্যাহতি ॥** সুপ্রিমকোর্টের পাঁচ ডেপুটি অ্যাটর্নি জেনারেলকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। অব্যাহতি পাওয়া পাঁচ আইন কর্মকর্তা হলেন জহিরুল হক জহির, আবদুল্লাহ আল মামুন, মো. জাহাঙ্গীর আলম, শেখ একেএম মনিরুজ্জামান কবীর ও মনজুর কাদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মুসলিম দেশে বাজল ইসরাইলের জাতীয় সংগীত ॥** সংযুক্ত আরব আমিরাতে বাজানো হলো ইসরাইলের জাতীয় সংগীত। দেশটিতে অনুষ্ঠিত একটি জুডু প্রতিযোগিতায় ইসরাইলি প্রতিযোগী একটি স্বর্ণপদক পাওয়ায় তাদের জাতীয় সংগীত বাজানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নিউজিল্যান্ডে ৬ দশমিক ১ মাত্রার ভূমিকম্প ॥** নিউজিল্যান্ডের উত্তর দ্বীপ অঞ্চলে ৬ দশমিক ১ মাত্রার ভূমিকম্প আঘাত হেনেছে। এ ঘটনায় বাড়তি সতর্কতা হিসেবে পার্লামেন্টের অধিবেশন সাময়িকভাবে স্থগিত করে দেশটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩১ অক্টোবর, বুধবার**

- **শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট উদ্বোধন ॥** শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল ভবনসহ ৯টি উন্নয়ন কর্মকাণ্ডের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **বিএনপিপন্থি আইনজীবীদের বিক্ষোভ ॥** জিয়া অরফারেজ ট্রাস্ট মামলায় খালেদা জিয়ার সাজা বাড়ানোর রায়ের প্রতিক্রিয়ায় আদালত বর্জন করে বিএনপিপন্থি আইনজীবীরা বিক্ষোভ করছেন। এছাড়া আদালত কক্ষে প্রবেশের দুটি পথে তালা দিয়েছেন বিক্ষোভকারী আইনজীবীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **আফগানিস্তানে সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত ॥** আফগানিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ফারাহ প্রদেশে একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে ২৫ জন নিহত হয়েছেন। হেলিকপ্টারটিতে ক্রু, যাত্রীসহ ২৫ জন আরোহী ছিলেন। সবাই নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## নভেম্বর-২০১৮

**১ নভেম্বর, বৃহস্পতিবার**

- **রাষ্ট্রপতির সঙ্গে সিইসির সাক্ষাৎ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল কবে ঘোষণা হবে সেই ব্যাপারে ৪ নভেম্বর সিদ্ধান্ত নেবে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের সংলাপ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের নেতাদের সাড়ে ৩ ঘণ্টা সংলাপ হয়েছে। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার নেতৃত্বে ১৪ দলীয় জোটের ২৩ নেতার সঙ্গে সংলাপে অংশ নেন জাতীয় ঐক্যফ্রন্টের ২০ নেতা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সুন্দরবনকে দস্যুমুক্ত ঘোষণা ॥** বিশ্বের বৃহত্তম প্রাকৃতিক ম্যানগ্রোভ বনের সর্বশেষ ছয়টি দস্যুবাহিনীও স্বাভাবিক জীবনে ফিরতে অস্ত্রসমর্পণ করেছে। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আত্মসমর্পণ অনুষ্ঠানে যুক্ত হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একটা সময় সুন্দরবনকে ভীতসন্ত্রস্ত অবস্থায় যেতে হয়েছে। কিন্তু র‍্যাবের প্রচেষ্টায় সুন্দরবনের অনেক দস্যু আত্মসমর্পণ করেছে। তাই আমি এ মুহূর্তে সুন্দরবনকে দস্যুমুক্ত ঘোষণা করলাম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মোবাইল নেটওয়ার্ক টাওয়ার শেয়ারিং লাইসেন্স ॥** চারটি কোম্পানিকে মোবাইল নেটওয়ার্ক টাওয়ার অবকাঠামো ভাগাভাগি সংক্রান্ত টাওয়ার

শেয়ারিং লাইসেন্স দিয়েছে সরকার। কোম্পানি চারটি হলো ইডটকো বাংলাদেশ কোম্পানি লিমিটেড, সামিট পাওয়ার লিমিটেড, কীর্তনখোলা টাওয়ার বাংলাদেশ লিমিটেড এবং এবি হাইটেক কনসোর্টিয়াম লিমিটেড। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **গ্রেফতার ব্যারিস্টার মইনুল হোসেন ॥** ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় ব্যারিস্টার মইনুল হোসেনকে গ্রেফতার দেখানো হয়েছে। ২৪ অক্টোবর মইনুল হোসেনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে ঢাকার সাইবার ট্রাইব্যুনালে মামলা করেন সুমনা আক্তার লিলি নামের এক নারী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২ নভেম্বর, শুক্রবার**

➢ **১০৩টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন ও ৯৩টির ভিত্তিপ্রস্তর স্থাপন ॥** ময়মনসিংহে ১৯৬টি উন্নয়ন প্রকল্পের মধ্যে ১০৩টি উদ্বোধন ও ৯৩টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মহানগরীর সার্কিট হাউস মাঠ থেকে উন্নয়ন প্রকল্পগুলোর উদ্বোধন করেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বাংলাদেশ হবে উন্নয়নশীল ও সমৃদ্ধিশালী ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী ২১০০ সাল পর্যন্ত উন্নয়নের পরিকল্পনা নিয়েছি। এশিয়ার মধ্যে বাংলাদেশ হবে উন্নয়নশীল ও সমৃদ্ধিশালী দেশ। ময়মনসিংহ সার্কিট হাউস মাঠে জেলা ও মহানগর আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তফ্রন্টের সংলাপ ॥** জাতীয় নির্বাচন সামনে রেখে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সংলাপের অংশ হিসেবে সন্ধ্যায় গণভবনে আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বিকল্প ধারা বাংলাদেশ নেতৃত্বাধীন জোট যুক্তফ্রন্টের সংলাপ অনুষ্ঠিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মার্কিন রাষ্ট্রদূত মার্সিয়া ব্লুম বার্নিকাটের ঢাকা ত্যাগ ॥** চার বছর দায়িত্ব পালন শেষে নিজ দেশে ফিরে গেছেন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্সা বার্নিকাট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আসামে বাঙালি হত্যার প্রতিবাদে উত্তাল পশ্চিমবঙ্গ ॥** ভারতের আসাম রাজ্যে পাঁচ বাঙালিকে হত্যার প্রতিবাদে পশ্চিমবঙ্গ উত্তাল হয়ে উঠেছে।



তৃণমূল কংগ্রেসের ডাকে রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিবাদ মিছিল, বিক্ষোভ ও সমাবেশ করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৩ নভেম্বর, শনিবার**

➢ **২২তম প্রধান বিচারপতি ॥** দেশের ২২তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন সৈয়দ মাহমুদ হোসেন। বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ প্রধান বিচারপতিকে শপথবাক্য পাঠ করান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **মইনুল হোসেনকে রংপুর কারাগারে স্থানান্তর ॥** সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনকে রংপুর কারাগারে পাঠানো হয়েছে। এতদিন তিনি ঢাকার কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে আটক ছিলেন। সূত্র: কালের কণ্ঠ

➢ **সাফ অনূর্ধ্ব-১৫ ফুটবল ॥** সাফ অনূর্ধ্ব-১৫ টুর্নামেন্টের ফাইনালে টাইব্রেকারে পাকিস্তানকে ৩-২ গোলে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ। সূত্র: কালের কণ্ঠ

**৪ নভেম্বর, রোববার**

➢ **সোশ্যাল মিডিয়ার অপপ্রচার কেউ বিশ্বাস করবেন না ॥** 'হাইআতুল উলিয়া লিল জামিয়াতিল কওমি বাংলাদেশ'-এর ব্যানারে শুকরানা মাহফিলের প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সোশ্যাল মিডিয়ায় নানা ধরনের অপপ্রচার চালানো হয়, এই অপপ্রচার কেউ বিশ্বাস করবেন না। এই অপপ্রচার বন্ধ করার জন্য ইতোমধ্যে সাইবার ক্রাইম আইন তৈরি করা হয়েছে। সূত্র: সমকাল

➢ **'তৃণমূল বিএনপি'কে নিবন্ধন দিতে হাইকোর্টের নির্দেশ ॥** ব্যারিস্টার নাজমুল হুদার নেতৃত্বাধীন 'তৃণমূল বিএনপি'কে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন দিতে নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: সমকাল

➢ **বিএনপি নেতা তরিকুল ইসলামের মৃত্যু ॥** বিএনপির স্থায়ী কমিটির সদস্য তরিকুল ইসলাম (৭৮) অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তিনি দীর্ঘদিন ধরে কিডনিসহ নানা রোগে ভুগছিলেন। সূত্র: যুগান্তর

**৫ নভেম্বর, সোমবার**

- **জাতীয় পার্টিকে প্রধানমন্ত্রীর ধন্যবাদ ॥** আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোট এবং জাতীয় পার্টির নেতৃত্বাধীন ইউনাইটেড ন্যাশনাল অ্যালায়েন্সের (ইউএনএ) মধ্যে অনুষ্ঠিত সংলাপের সূচনাবক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের পথে সরকারের অগ্রযাত্রায় পাশে থেকে সহযোগিতা করায় জাতীয় পার্টিকে ধন্যবাদ জানিয়েছেন। সূত্রঃ কালের কণ্ঠ
- **ইসি-ঐক্যফ্রন্ট বৈঠক ॥** নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের নেতাদের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের সংলাপ শেষ না হওয়া পর্যন্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা থেকে বিরত থাকতে নির্বাচন কমিশনকে অনুরোধ করেছে জাতীয় ঐক্যফ্রন্ট। এ নিয়ে প্রতিনিধিদলের সঙ্গে নির্বাচন কমিশনারদের উত্তপ্ত বাক্যবিনিময়ের ঘটনাও ঘটে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**৬ নভেম্বর, মঙ্গলবার**

- **চার টেকনোক্র্যাট মন্ত্রীর পদত্যাগ ॥** পদত্যাগপত্র জমা দিয়েছেন চার টেকনোক্র্যাট মন্ত্রী। তাঁরা হলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার ও ধর্মমন্ত্রী মতিউর রহমান। মন্ত্রিপরিষদ বিভাগে পদত্যাগপত্র জমা দেন তাঁরা। সূত্রঃ কালের কণ্ঠ
- **সংসদ নির্বাচন না পেছানোর দাবি ॥** সাবেক রাষ্ট্রপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরী নেতৃত্বাধীন রাজনৈতিক জোট যুক্তফ্রন্ট একাদশ জাতীয় সংসদ নির্বাচন না পেছানোর দাবি জানিয়েছে। যুক্তফ্রন্টের একটি প্রতিনিধিদল নির্বাচন কমিশনের সঙ্গে দেখা করে জানিয়েছে, অকারণে তফসিল পেছানো ঠিক হবে না। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় ঐক্যফ্রন্টের সমাবেশ ॥** নিরপেক্ষ সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচন, ভোটের আগে সংসদ ভেঙে দেওয়া এবং বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে জাতীয় ঐক্যফ্রন্টের সমাবেশ অনুষ্ঠিত হয়। সূত্রঃ প্রথম আলো



- **প্রথম দুজন মুসলিম নারী নির্বাচিত ॥** যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে এই প্রথম দুজন মুসলিম নারী নির্বাচিত হয়েছেন। মিনেসোটা ও মিশিগানের ভোটাররা তাঁদের প্রতিনিধি হিসেবে ডেমোক্রেট সদস্য ইলহান ওমর (৩৬) ও রাশিদা তালিবকে (৪২) নির্বাচিত করেছেন। সূত্রঃ প্রথম আলো

**৭ নভেম্বর, বুধবার**

- **জাতীয় ঐক্যফ্রন্টের দ্বিতীয় দফা সংলাপ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিতীয় দফায় সংলাপ হয়েছে জাতীয় ঐক্যফ্রন্ট নেতাদের। ড. কামাল হোসেন, সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ, ব্যারিস্টার মওদুদ আহমদ, মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ সবার সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী। আলোচনায় চলে দুই পক্ষের নেতাদের যুক্তি-পালটা যুক্তি। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **২৪ রাজনৈতিক দলের সঙ্গে আওয়ামী লীগের সংলাপ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৪টি রাজনৈতিক দলের সঙ্গে আওয়ামী লীগের চলমান সংলাপে বলেন, 'সরকারের ধারাবাহিকতা থাকায় উন্নয়ন সম্ভব হয়েছে। জনগণ ভোট দিলে সরকারে থাকব, না দিলে নেই। তবে ক্ষমতায় যেই আসুক, উন্নয়নের ধারা যেন অব্যাহত থাকে।' সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **আট এনজিওকর্মী গ্রেফতার ॥** কক্সবাজারের রোহিঙ্গা শরণার্থীশিবিরে এনজিওর আড়ালে জঙ্গি অর্থায়ন ও রোহিঙ্গা শরণার্থীদের মাঝে উগ্রবাদ প্রচারের অভিযোগে আটজনকে আটক করা হয়েছে। সূত্রঃ সমকাল
- **অস্ট্রেলিয়ায় পুরস্কৃত বাংলাদেশি চিকিৎসক দল ॥** অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্য সরকারের ১২তম প্রিমিয়ারস অ্যাওয়ার্ডস পেল সিডনির ব্ল্যাকটাউন হাসপাতালের জরুরি বিভাগ। সেবার মানোন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য স্বাস্থ্য বিভাগে এ পুরস্কার দেওয়া হয়। হাসপাতালের এই সাফল্যের পেছনে যাঁর ভূমিকা সবচেয়ে বেশি, তিনি বাংলাদেশি বংশোদ্ভূত চিকিৎসক সহকারী অধ্যাপক ডা. রেজা আলী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **হোয়াইট হাউসে সিএনএনের সাংবাদিককে 'না' ট্রাম্পের ॥** যুক্তরাষ্ট্রভিত্তিক প্রভাবশালী সংবাদমাধ্যম সিএনএনের সাংবাদিক জিম

অ্যাকোস্টাকে হোয়াইট হাউসে নিষিদ্ধ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদ সম্মেলনে ট্রাম্পের সঙ্গে বিতর্কের জেরে হোয়াইট হাউসে তার পাস বাতিল করা হয়। সূত্র: প্রথম আলো

**৮ নভেম্বর, বৃহস্পতিবার**

- **চার শিল্পীর চিকিৎসায় ৯০ লাখ টাকার অনুদান ॥** প্রবীর মিত্র, রেহানা জলি, নূতন ও কুদ্দুস বয়াতি–এই চার শিল্পীর চিকিৎসায় প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা তহবিল থেকে ৯০ লাখ টাকার অনুদান দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ ২৩ ডিসেম্বর। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদা নির্বাচনের এই তফসিল ঘোষণা করেন। ঘোষিত তফসিল অনুযায়ী প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ১৯ নভেম্বর, বাছাইয়ের তারিখ ২২ নভেম্বর ও প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২৯ নভেম্বর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় ক্রিকেট লিগে রাজশাহী চ্যাম্পিয়ন ॥** বরিশালকে হারিয়ে প্রথম শ্রেণির প্রতিযোগিতা জাতীয় ক্রিকেট লিগে শিরোপা জিতেছে রাজশাহী। এটি তাদের ষষ্ঠ শিরোপা। সূত্র: কালের কণ্ঠ

**৯ নভেম্বর, শুক্রবার**

- **বঙ্গবন্ধু স্যাটেলাইটের দায়িত্ব বুঝে পেল বাংলাদেশ ॥** উৎক্ষেপণের ছয় মাসের মাথায় বাংলাদেশের প্রথম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১) এর পুরোপুরি দায়িত্ব বুঝে পেয়েছে বাংলাদেশ। এখন থেকে এই স্যাটেলাইটের রক্ষণাবেক্ষণ, পরিচালনাসহ সব দায়িত্ব বাংলাদেশের। বাংলাদেশের পক্ষে দায়িত্ব বুঝে নেয় বিসিএসসিএল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় ঐক্যফ্রন্টের মহাসমাবেশ ॥** জাতীয় ঐক্যফ্রন্টের মুখপাত্র বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নির্বাচনের লেভল প্লেয়িং ফিল্ড তৈরি না হওয়ায় ঘোষিত তফসিল গ্রহণযোগ্য নয়। রাজশাহীতে জাতীয় ঐক্যফ্রন্ট আয়োজিত এক জনসমাবেশে প্রধান বক্তার বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ব্রিটেনের পরিবহণমন্ত্রী জো জনসনের পদত্যাগ ॥** ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে মন্ত্রিপরিষদের বৈঠক ডেকে তাঁদের সামনে খসড়া প্রস্তাব তুলে ধরেন। সরকারের অংশীদার নর্দান আয়ারল্যান্ডের প্রাদেশিক দল ডেমোক্রেটিক ইউনিয়নিস্ট পার্টিকেও (ডিইউপি) চিঠি দিয়ে খসড়া প্রস্তাবের বিষয়ে জানান যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী। পরিবহণ দপ্তরের প্রতিমন্ত্রী জো জনসন খসড়া প্রস্তাবের বিরোধিতা করে পদত্যাগ করেছেন। সূত্র: কালের কণ্ঠ
- **বিকেএসপির মেয়েরা চ্যাম্পিয়ন ॥** টানা দ্বিতীয়বারের মতো দিল্লির সুব্রত কাপ অনূর্ধ্ব-১৭ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানের মেয়েরা। আম্বেদকর স্টেডিয়ামে অনুষ্ঠিত টুর্নামেন্টের ফাইনালে হরিয়ানার সেন্ট জোসেফ ইন্টারন্যাশনাল স্কুলকে ১-০ গোলে হারিয়েছে বিকেএসপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ নভেম্বর, শনিবার**

- **জাতীয় ঐক্যফ্রন্টকে নিয়েই বিএনপির নির্বাচনে অংশগ্রহণ ॥** জাতীয় ঐক্যফ্রন্টকে নিয়েই বিএনপি একাদশ সংসদ নির্বাচনে যাচ্ছে। সূত্র: কালের কণ্ঠ
- **বাফুফের ডেভেলপমেন্ট কমিটির প্রধান সালাউদ্দিন ॥** বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডেভেলপমেন্ট কমিটির প্রধানের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে সহসভাপতি বাদল রায়কে। তাঁর স্থলে বসেছেন খোদ বাফুফে সভাপতি কাজী সালাউদ্দিন। বাফুফের নির্বাহী কমিটির সভায় চূড়ান্ত হয়েছে বিষয়টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলা চলচ্চিত্রের শতবর্ষ উদ্‌যাপন ॥** বাংলা চলচ্চিত্রের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে শুরু হয়েছে ২৪তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। কলকাতার নেতাজি ইনডোর স্টেডিয়ামে এই চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করেন বলিউড অভিনেতা অমিতাভ বচ্চন। সূত্র: সমকাল

**১১ নভেম্বর, রোববার**

- **সংসদ নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা ॥** জাতীয় ঐক্যফ্রন্ট নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছে। একই সঙ্গে নির্বাচনের তফসিল এক মাস পিছিয়ে দেওয়ারও দাবি জানিয়েছে নতুন এই জোট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **কলকাতায় বাংলাদেশের একক বইমেলা সমাপ্ত ॥** কলকাতায় আয়োজিত ১০ দিনব্যাপী বাংলাদেশের একক বইমেলা শেষ হয়েছে। মেলা বসেছে কলকাতার রবীন্দ্র সদনের কাছে ঐতিহ্যবাহী মোহরকুঞ্জ প্রাঙ্গণে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জাতীয় ঐক্যফ্রন্টকে স্বাগত ॥** জাতীয় ঐক্যফ্রন্টের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ঐক্যফ্রন্টের সিদ্ধান্ত গণতন্ত্রকে শক্তিশালী করবে। দলের সংসদীয় মনোনয়ন বোর্ডের সভায় শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মুক্তিযোদ্ধা সম্মাননা ও সম্প্রীতি উৎসব ॥** বাংলাদেশের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সুবর্ণজয়ন্তী পালনের জন্য ৫০টি কার্যক্রম হাতে নেয় মুক্তিযুদ্ধ একাডেমি ট্রাস্ট। জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত মুক্তিযোদ্ধা সম্মাননা ও সম্প্রীতি উৎসবে দেশের বিভিন্ন স্থান থেকে আসা ৫০ জন মুক্তিযোদ্ধাকে সম্মাননা পদক ও উত্তরীয় প্রদান করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীর ছবি দিয়ে অস্ট্রেলিয়ায় ডাকটিকিট ॥** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সংবলিত দুটি পৃথক ডাকটিকিট প্রকাশ করেছে অস্ট্রেলিয়া সরকার। দেশটি সরকারিভাবে এই দুটি ডাকটিকিট প্রকাশ করে। যার মূল্য নির্ধারণ করা হয়েছে অস্ট্রেলিয়ান মুদ্রায় এক ডলার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১২ নভেম্বর, সোমবার**

- **বিএনপির পাঁচ নেতা ॥** বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করতে নাজিমউদ্দিন রোডের পুরোনো কারাগারে গেছেন বিএনপির শীর্ষস্থানীয় পাঁচ নেতা। এ পাঁচ নেতা হলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন, মওদুদ আহমদ, জমিরউদ্দিন সরকার ও মির্জা আব্বাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শ্রীলঙ্কায় পার্লামেন্ট ভেঙে দেওয়ার ঘোষণার বিরুদ্ধে কোর্টে চ্যালেঞ্জ ॥** শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার পার্লামেন্ট ভেঙে দেওয়ার ঘোষণার বিরুদ্ধে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করেছে দেশটির প্রধান তিনটি



রাজনৈতিক দল। পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠ আসনের অংশীদার দল তিনটি সর্বোচ্চ আদালতকে প্রধানমন্ত্রীর পদ থেকে রনিল বিক্রমাসিংহেকে বরখাস্ত করাকেও অবৈধ ঘোষণার আবেদন করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **দুটি ডাবল সেঞ্চুরি মুশফিকের ॥** ঢাকা টেস্টে জিম্বাবুয়ের বিপক্ষে বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে এবং টেস্ট ক্রিকেটে প্রথম উইকেটকিপার-ব্যাটসম্যান হিসেবে দুটি ডাবল সেঞ্চুরি করে ইতিহাসে নাম লেখালেন মুশফিকুর রহিম। ৪০৭ বলে ডাবল সেঞ্চুরিতে পৌঁছান তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ নভেম্বর, মঙ্গলবার**

- **'মিথ্যা ও গায়েবি' মামলা ॥** বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে 'মিথ্যা ও গায়েবি' মামলার তথ্যসহ আবারও প্রধানমন্ত্রীর কার্যালয়ে তালিকা দিয়েছে বিএনপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সংসদ নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত বাম গণতান্ত্রিক জোটের ॥** 'একতরফা নির্বাচন' অনুষ্ঠানের ফাঁদে পা না দিয়ে আন্দোলনের অংশ হিসেবে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে বাম গণতান্ত্রিক জোট। এক সংবাদ সম্মেলনে এই জোট নির্বাচনে অংশ নেওয়ার কথা জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হুমায়ূন আহমেদের ৭০তম জন্মদিন ॥** নন্দিত কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদের ৭০তম জন্মদিন আজ। ১৯৪৮ সালে তিনি জন্মগ্রহণ করেন। সূত্র: প্রথম আলো
- **ট্রাম্পের বিরুদ্ধে সিএনএনের মামলা ॥** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার কয়েকজন সহযোগীর বিরুদ্ধে মামলা করেছে মার্কিন সংবাদমাধ্যম সিএনএন। সূত্র: সমকাল
- **ইসরাইল ও ফিলিস্তিনিদের পালটাপালটি হামলা ॥** দখলদার ইসরাইলি বাহিনী রোববার ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ঢুকে গুপ্ত অভিযান চালিয়ে সাতজনকে হত্যা করে। নিহতদের মধ্যে ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন হামাসের শীর্ষস্থানীয় দুজন কমান্ডারও রয়েছেন। এ হামলার জবাবে ইসরাইলি স্থাপনা লক্ষ্য করে প্রায় তিন শ রকেট ও মর্টার হামলা চালায় হামাসের সদস্যরা। সূত্র: যুগান্তর

**১৪ নভেম্বর, বুধবার**

➢ **পূর্ণাঙ্গ রায় প্রকাশ ॥** জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে সাত বছর কারাদণ্ডাদেশ প্রদানের পূর্ণাঙ্গ রায় প্রকাশ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বিএনপির নেতাকর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ॥** নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে দলটির নেতাকর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে। এ ঘটনায় বিএনপির অন্তত ২০ নেতাকর্মী আহত এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ২০ সদস্য আঘাতপ্রাপ্ত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সরকারি চাকরিজীবী স্ত্রী মারা গেলে আজীবন পেনশন সুবিধা পাবেন স্বামী ॥** সরকারি চাকরিজীবী স্ত্রী মারা গেলে আজীবন পেনশন সুবিধা পাবেন স্বামী। তবে এক্ষেত্রে শর্ত হলো স্বামী দ্বিতীয় বিয়ে করতে পারবেন না। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ নভেম্বর, বৃহস্পতিবার**

➢ **তোষাখানার উদ্বোধন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু সামরিক জাদুঘরের পাশে নবনির্মিত তোষাখানার উদ্বোধনকালে বলেন, আমরা ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করব এবং ওই সময়ের মধ্যে দেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত করে গড়ে তুলব। মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে পরিচালিত এই তোষাখানায় দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ এবং কর্মকর্তারা যেসব রাষ্ট্রীয় উপহার পাবেন তা সংরক্ষণ করা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **১৬টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি হলো ॥** দেশের আরও ১৬টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এগুলো নিয়ে এখন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল ৬৫৫টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ঢাকা আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ॥** লোকসংগীতের মিলনমেলা ঢাকা আন্তর্জাতিক লোকসংগীত উৎসব রাজধানীর আর্মি স্টেডিয়ামে শুরু হয়। সান ফাউন্ডেশনের উদ্যোগে 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট-২০১৮' এর চতুর্থ আসর এটি। সূত্র: প্রথম আলো



➢ **নিপুণ রায় চৌধুরী গ্রেফতার ॥** রাজধানীর পল্টন থানায় নাশকতার মামলায় বিএনপির নির্বাহী কমিটির সদস্য অ্যাডভোকেট নিপুণ রায় চৌধুরীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জাতীয় নবান্ন উৎসব ॥** নানা আয়োজনে রাজধানীসহ সারাদেশে উদ্‌যাপিত হয় নবান্ন উৎসব। জাতীয় নবান্নোৎসব উদ্‌যাপন পর্ষদের উদ্যোগে মূল আয়োজন ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বকুলতলায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **'ধানের শীষ' নিয়ে সংসদ নির্বাচনে লড়বে জাতীয় ঐক্যফ্রন্ট ॥** জাতীয় ঐক্যফ্রন্ট ধানের শীষ প্রতীকে নির্বাচন করবে বলে জানিয়েছেন নাগরিক ঐক্যের আহ্বায়ক ও জাতীয় ঐক্যফ্রন্টের নেতা মাহমুদুর রহমান মান্না। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **থেরেসা মের মন্ত্রিসভায় বড়ো ধরনের বিপর্যয় ॥** ব্রেক্সিট নিয়ে থেরেসা মের মন্ত্রিসভায় বড়ো ধরনের বিপর্যয় ঘটেছে। পদত্যাগ করেছেন খোদ ব্রেক্সিটবিষয়ক মন্ত্রী ডোমিনিক রাব, কর্ম ও পেনশনবিষয়ক মন্ত্রী এসথার ম্যাকভি এবং সঙ্গে আরও তিন প্রতিমন্ত্রী। সূত্র: যুগান্তর

**১৬ নভেম্বর, শুক্রবার**

➢ **লাঙল প্রতীকেই জাতীয় পার্টির নির্বাচন ॥** জাতীয় পার্টির মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদার বলেছেন, দেশের সর্বত্র জাতীয় পার্টির যথেষ্ট জনসমর্থন রয়েছে। নৌকা যেমন একটি ব্র্যান্ড, লাঙলও একটি ব্র্যান্ড। আগামী নির্বাচনে দলীয় প্রতীকেই অংশ নেবে জাতীয় পার্টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নিপুণ রায় চৌধুরীর পাঁচদিনের রিমান্ড ॥** রাজধানীর পল্টন থানার নাশকতা মামলায় গ্রেফতার বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য নিপুণ রায় চৌধুরীর পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **প্রেসিডেন্টের সামনেই লঙ্কাকাণ্ড ॥** প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার সামনেই মরিচের গুঁড়া গোলা পানি, চেয়ার-টেবিল আর তাক ভাঙা বই ছুড়ে মেরে পার্লামেন্টে লঙ্কাকাণ্ড ঘটান তার ইউনাইটেড পিপলস ফ্রিডম অ্যালায়েন্স (ইউপিএফএ) জোটের আইনপ্রণেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **জাতিসংঘে মিয়ানমারের বিরুদ্ধে আরেকটি প্রস্তাব পাস ॥** রাখাইনে সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গাদের ওপর নিপীড়ন ও মানবাধিকার লঙ্ঘনের নিন্দা জানিয়ে মিয়ানমারের বিরুদ্ধে আরেকটি প্রস্তাব পাস করেছে জাতিসংঘ। সাধারণ পরিষদের মানবাধিকার বিষয়ক কমিটিতে (থার্ড কমিটি) ১৪২-২৬ ভোটে প্রস্তাবটি পাস হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

**১৭ নভেম্বর, শনিবার**

➤ **এরশাদের চিঠি ॥** দ্রুত মহাজোটের আসন বণ্টনের আলোচনা চেয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে চিঠি পাঠিয়েছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **৩৫ আসনে প্রার্থী দিল নাগরিক ঐক্য ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩৫টি আসন থেকে নিজেদের প্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় ঐক্যফ্রন্টের শরিকদল নাগরিক ঐক্য। সংগঠনটির কেন্দ্রীয় সমন্বয়ক শহিদুল্লাহ কায়সার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তালিকা ঘোষণা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **আইসিসি আম্পায়ারদের প্যানেল ॥** আইসিসি আম্পায়ারদের প্যানেলে জায়গা পেলেন আরও দুজন বাংলাদেশি। তাঁরা হলেন গাজী সোহেল ও তানভীর আহমেদ। সূত্র: কালের কণ্ঠ

➤ **সম্পাদক শাহরিয়ার শহীদের ইন্তেকাল ॥** বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) ব্যবস্থাপনা সম্পাদক শাহরিয়ার শহীদ ইন্তেকাল করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **এশিয়ান ক্রিকেট কাউন্সিলের সভাপতি ॥** দুই বছরের জন্য এশিয়ান ক্রিকেট কাউন্সিলের সভাপতি নির্বাচিত হলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৮ নভেম্বর, রোববার**

➤ **তদন্ত প্রতিবেদন ॥** দলীয় মনোনয়ন ফরম বিতরণের সময় নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনার তদন্ত প্রতিবেদন নির্বাচন কমিশনে জমা দিয়েছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **আমজাদ হোসেন লাইফ সাপোর্টে ॥** 'গোলাপী এখন ট্রেনে', 'ভাত দে', কসাই, 'নয়নমণি', 'দুই পয়সার আলতা', 'জন্ম থেকে জ্বলছি' ছবিগুলোর কাহিনিকার, চিত্রনাট্যকার ও পরিচালক আমজাদ হোসেন



এবং অভিনয়শিল্পী মস্তিষ্কে রক্তক্ষরণজনিত রোগে আক্রান্ত হয়ে রাজধানীর তেজগাঁওয়ের ইমপালস হাসপাতালে লাইফ সাপোর্টে আছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত মিলার ঢাকায় ॥** বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার ঢাকায় পৌঁছেছেন। তিনি রাষ্ট্রদূত মার্সা বার্নিকাটের স্থলাভিষিক্ত হন। সূত্র: যুগান্তর

**১৯ নভেম্বর, সোমবার**

➤ **'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮' এর খসড়া অনুমোদন ॥** প্রতিবন্ধী, বয়স্ক, বিধবাসহ সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে কাজ করা পাঁচজন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রতিবছর 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' দেওয়া হবে। এজন্য 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮' এর খসড়ায় অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রতিবছর ২ জানুয়ারি 'সমাজকল্যাণ দিবসে' এই পদক দেওয়া হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **৮১তম বাংলাদেশি সীমা সরকার ॥** বিবিসির করা বিশ্বের ১০০ অনুপ্রেরণাদায়ী ও প্রভাবশালী নারীর তালিকায় স্থান পেয়েছেন সীমা সরকার। এক বাংলাদেশি মা। তাঁর ছেলে শারীরিক প্রতিবন্ধী হৃদয় সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটে ভর্তির সুযোগ পেয়েছেন। গত ২১ সেপ্টেম্বর মায়ের কোলে উঠে ভর্তি পরীক্ষা দিতে বিশ্ববিদ্যালয়ে যান হৃদয়। সেই ছবি সাড়া জাগায় সামাজিক যোগাযোগমাধ্যমে। মায়ের এমন ভালোবাসায় মুগ্ধ হয় দেশের মানুষ। প্রতিবন্ধী ছেলেকে পড়াশোনা করানোয় নিগ্রহের শিকারও হয়েছেন সীমা সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সাত খুন মামলায় হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ ॥** নারায়ণগঞ্জে সাত খুন মামলায় হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২০ নভেম্বর, মঙ্গলবার**

➤ **মিয়ানমারের প্রতি ডেনমার্কের আহ্বান ॥** বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ডেনমার্কের নতুন রাষ্ট্রদূত উইনি এস্ট্রাপ পিটারসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **আমজাদ হোসেনের চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী ॥** চলচ্চিত্র নির্মাতা আমজাদ হোসেনের চিকিৎসার দায়িত্ব নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রধানমন্ত্রীর সঙ্গে বি. চৌধুরী ও জিএম কাদেরের বৈঠক ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারি জোটের শরিক হয়ে অংশগ্রহণ ও আসন ভাগাভাগি নিয়ে আলাপ করতে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ এবং বিকল্প ধারার সভাপতি ও যুক্তফ্রন্ট চেয়ারম্যান এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী। তাঁরা আলাদাভাবে আওয়ামী লীগ সভাপতির সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অভিবাসী ঠেকাতে ট্রাম্পের নিষেধাজ্ঞা স্থগিত ॥** যুক্তরাষ্ট্রের দক্ষিণ সীমান্ত দিয়ে আসা অভিবাসীদের ঠেকাতে নিষেধাজ্ঞা জারি করেছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেই নিষেধাজ্ঞা সাময়িকভাবে স্থগিত করেছেন আদালত। সূত্র: প্রথম আলো
- **কাবুলে আত্মঘাতী বোমা বিস্ফোরণে নিহত ৪০ ॥** আফগানিস্তানের রাজধানী কাবুলে একটি শক্তিশালী আত্মঘাতী বোমা বিস্ফোরণে অন্তত ৪০ জন নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সুব্রত কাপ অনূর্ধ্ব-১৭ ফুটবলে বিকেএসপি চ্যাম্পিয়ন ॥** দিল্লিতে অনুষ্ঠিত সুব্রত কাপ অনূর্ধ্ব-১৭ ফুটবলে আফগানিস্তানকে ১-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২১ নভেম্বর, বুধবার**

- **সশস্ত্র বাহিনী দিবস ॥** সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধে শহিদ সেনা, নৌ ও বিমানবাহিনীর সদস্যদের প্রতি ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর সম্মিলিতভাবে সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল নিজামউদ্দিন আহমেদ এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত নিজ নিজ বাহিনীর পক্ষ থেকে শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **ঢাকা সেনানিবাসে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ॥** বীরশ্রেষ্ঠদের উত্তরাধিকারী, নির্ধারিত সংখ্যক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সংবর্ধনা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে এ সময় তাঁদের হাতে সম্মানী ও উপহারসামগ্রী তুলে দেন তিনি। এছাড়া প্রধানমন্ত্রী নয়জন সেনা, একজন নৌ এবং তিনজন বিমানবাহিনীর সদস্যকে ২০১৭-১৮ সালের শান্তিকালীন পদকে ভূষিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যৌন হয়রানির অভিযোগ থেকে মুক্তি ॥** হ্যাশট্যাগ মি টু দারুণ ধাক্কা দিয়েছিল ভারতীয় ক্রিকেটে। ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) প্রধান নির্বাহী রাহুল জোহরির বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ তুলেছিলেন সাবেক এক সহকর্মী। সেই অভিযোগ থেকে মুক্তি পেলেন বোর্ডপ্রধান। সূত্র: কালের কণ্ঠ
- **ব্রেক্সিট ইস্যুতে ব্রিটিশ প্রধানমন্ত্রী ইইউ সদর দপ্তরে ॥** ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে হঠাৎ করে ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর ব্রাসেলসে গেছেন। ব্রেক্সিট সংক্রান্ত বকেয়া ও কিছু বিতর্কিত বিষয়ে নিষ্পত্তির জন্য যে শীর্ষ সম্মেলন হওয়ার কথা রয়েছে, সেই বিষয়ে আগেভাগেই কিছু সমাধান খুঁজে বের করাই তাঁর এ সফরের লক্ষ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২২ নভেম্বর, বৃহস্পতিবার**

- **বিশ্ব চাহিদাকে গুরুত্ব দিয়ে রপ্তানি বাণিজ্য এবং আয় বৃদ্ধি ॥** বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদার গুডস ইন্টারন্যাশনাল সোর্সিং গুডসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বিশ্বের বিভিন্ন দেশের মানুষের চাহিদার ওপর জোর দিয়ে আমাদের রপ্তানি বাণিজ্য নির্ধারণ করা হয়েছে। এতে করে কর্মসংস্থান ও আয় বাড়ানোর পথ সুগম হবে। সূত্র: প্রথম আলো
- **গিয়াসউদ্দিন কাদের চৌধুরীকে কারাগারে পাঠানোর আদেশ ॥** বিএনপির ভাইস চেয়ারম্যান গিয়াসউদ্দিন কাদের চৌধুরীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- **কারাগারে নিপুণ রায় চৌধুরী ও আরিফা সুলতানা ॥** বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য নিপুণ রায় চৌধুরী ও ছাত্রদলের কেন্দ্রীয় সহসাধারণ সম্পাদক আরিফা সুলতানাকে রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে। সূত্র: কালের কণ্ঠ

২৩ নভেম্বর, শুক্রবার

➢ **'লেটস টক উইথ শেখ হাসিনা'** ॥ সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন আয়োজিত 'লেটস টক উইথ শেখ হাসিনা' অনুষ্ঠানে ভবিষ্যৎ স্বপ্নের বাংলাদেশ গড়ে তুলতে তরুণদের বিভিন্ন উদ্যোগ, পরামর্শ ও চাওয়া-পাওয়ার কথা শুনলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে বর্তমান প্রজন্মের সঙ্গে ভবিষ্যৎ বাংলাদেশ গড়ে তোলার স্বপ্ন ও পরিকল্পনা নিয়ে আলোচনা করেন প্রধানমন্ত্রী। সেই সঙ্গে তরুণদের কাছ থেকে গ্রহণ করেন দেশ গঠনে তাদের পরিকল্পনা ও পরামর্শের কথা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **'ভারত-বাংলাদেশ সাহিত্য উৎসব-২০১৮'** ॥ 'শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত সূর্যোদয়'-এই স্লোগান নিয়ে কলকাতায় শুরু হয়েছে দুই দিনব্যাপী 'ভারত-বাংলাদেশ সাহিত্য উৎসব-২০১৮'। কলকাতার শিশির মঞ্চে এই সাহিত্য উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রখ্যাত কবি শঙ্খ ঘোষ। উৎসবে যোগ দিয়েছেন বাংলাদেশসহ ভারতের বিভিন্ন রাজ্যের কবি-সাহিত্যিকরা। সূত্র: সমকাল

➢ **চীনা কনস্যুলেটে সন্ত্রাসী হামলায় নিহত পাঁচ** ॥ পাকিস্তানের বন্দরনগরী করাচিতে চীনা কনস্যুলেটে সন্ত্রাসী হামলায় দুই নিরাপত্তারক্ষী নিহত হয়েছেন। পুলিশের পালটা গুলিতে তিনজন বন্দুকধারী নিহত হন। নিরাপত্তারক্ষীদের বাধা টপকে চীনা কনস্যুলেটে ঢোকার সময় বন্দুকধারীরা এলোপাতাড়ি গুলি ছোড়ে। এ সময় পালটা গুলি ছোড়েন কনস্যুলেটের নিরাপত্তারক্ষীরাও। সূত্র: যুগান্তর

➢ **ট্রাম্পের মামলা খারিজের আবেদন প্রত্যাখ্যান** ॥ নিজের দাতব্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা খারিজের মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আবেদন প্রত্যাখ্যান করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **হ্যাটট্রিক চ্যাম্পিয়ন আবাহনী** ॥ বসুন্ধরাকে হারিয়ে ফেডারেশন কাপে হ্যাটট্রিক চ্যাম্পিয়ন হয়েছে আবাহনী। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সানডে চিজোবা ও কেরেভেন্স ফিলস বেলফোর্টের গোলে ৩-১ ব্যবধানে জিতেছে আবাহনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৪ নভেম্বর, শনিবার

➢ **গণভবনে ইউরোপীয় সংসদীয় প্রতিনিধিদল** ॥ ইউরোপীয় সংসদীয় একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ



করেছে। এ সময় বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে আওয়ামী লীগ সরকারের বিভিন্ন কর্মকাণ্ড তুলে ধরেন প্রধানমন্ত্রী। প্রতিনিধিদলের সদস্যরা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন বিশেষ করে নারীর ক্ষমতায়নের প্রশংসা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **৬টি পূর্ণ আসনে ইভিএম ব্যবহারের সিদ্ধান্ত** ॥ ৩০ ডিসেম্বর অনুষ্ঠেয় একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৬টি পূর্ণ আসনে ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহার করা হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। ইসি সচিব বলেন, আসনগুলো বাছাই করা হবে দৈবচয়নের মাধ্যমে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি** ॥ প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের অনুপস্থিতিতে আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি মোহাম্মদ ইমান আলী প্রধান বিচারপতির দায়িত্ব পালন করবেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে আইন মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **কর্ণাটকে বাস খালে পড়ে নিহত ২৫** ॥ ভারতের কর্ণাটক রাজ্যে যাত্রীবাহী একটি চলন্ত বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে খালের পানিতে পড়ে ডুবে গেছে। এতে পাঁচ শিশুসহ অন্তত ২৫ জনের প্রাণহানি হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৫ নভেম্বর, রোববার

➢ **২০ দলীয় ঐক্যজোটের বৈঠক** ॥ অতীতে তত্ত্বাবধায়ক সরকারের সময় দলগুলোর দাবির ভিত্তিতে যেভাবে ব্যবস্থা নেওয়া হতো, বর্তমান নির্বাচন কমিশনকেও একইভাবে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ওয়াসায় দুদকের অভিযান** ॥ দুর্নীতির অভিযোগ পেয়ে মিরপুরে ওয়াসার একটি অঞ্চলে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন। অভিযান চলাকালে দুদকের সুপারিশের পরিপ্রেক্ষিতে ওয়াসার ছয় পরিদর্শককে তাৎক্ষণিকভাবে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **ব্রেক্সিট চুক্তি অনুমোদন** ॥ যুক্তরাজ্যের সঙ্গে বিচ্ছেদ চুক্তি অনুমোদন করেছে ইউরোপীয় ইউনিয়ন। ব্রাসেলসে ইইউর বিশেষ সম্মেলনে সদস্য দেশগুলোর সর্বসম্মতিক্রমে চুক্তিটি পাস হয় বলে এক টুইট বার্তায় জানান ইউরোপিয়ান কাউন্সিলের প্রেসিডেন্ট ডোনাল্ড টাস্ক। এর

মধ্য দিয়ে প্রায় ৪৬ বছরের সম্পর্ক গুটিয়ে নিতে সম্মত হলো উভয়পক্ষ। যুক্তরাজ্য ও ইইউ পার্লামেন্টের অনুমোদন সাপেক্ষে চুক্তিটি কার্যকর হবে। সূত্র: সমকাল

- **৪২ লাখ টাকা অনুদান ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গুরুতর অসুস্থ প্রখ্যাত চলচ্চিত্রকার আমজাদ হোসেনের চিকিৎসার জন্য ৪২ লাখ ৩৫ হাজার টাকা অনুদান দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৬ নভেম্বর, সোমবার**

- **বি. চৌধুরীর সঙ্গে রাষ্ট্রদূতদের বৈঠক ॥** ভোটের আগে বিদেশি কূটনীতিকদের সঙ্গে বৈঠক করেছেন যুক্তফ্রন্টের চেয়ারম্যান ও বিকল্প ধারার সভাপতি এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী। চীনের কূটনীতিকদের সাথে বৈঠকের পর বৈঠক চলে ইউরোপীয় ইউনিয়ন, সুইডেন, ফ্রান্স, কানাডা, অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূত ও যুক্তরাষ্ট্রের মিশন প্রধানদের সঙ্গে। সূত্র: যুগান্তর
- **সাবেক সংসদ সদস্য রনি বিএনপিতে ॥** আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য গোলাম মাওলা রনি বিএনপিতে যোগদান করেছেন। সূত্র: যুগান্তর
- **সাকা চৌধুরীর আইনজীবীর সাজা স্থগিতের আবেদন খারিজ ॥** সালাউদ্দিন কাদের চৌধুরীর রায় ফাঁসের মামলায় তার আইনজীবী ফখরুল ইসলামকে দেওয়া বিচারিক আদালতের সাজা স্থগিতের আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ নভেম্বর, মঙ্গলবার**

- **গ্রামপুলিশ ব্যবহার করবে নির্বাচন কমিশন ॥** জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবারের মতো গ্রামপুলিশ ব্যবহার করতে যাচ্ছে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **আওয়ামী লীগের সঙ্গে একাত্মতা প্রকাশ ॥** আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে নৌকার নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের লক্ষ্যে দেড় শতাধিক অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তা আওয়ামী লীগের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন। বিকেলে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার উপস্থিতিতে এক অনুষ্ঠানে বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তারা আওয়ামী লীগের সঙ্গে এই একাত্মতা প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **'একুশ আগস্ট' গ্রেনেড হামলা মামলা ॥** 'একুশ আগস্ট' নারকীয় গ্রেনেড হামলা মামলায় বিচারিক আদালতে থাকা মামলার রায়সহ মূল নথিপত্র হাইকোর্টে পাঠানো হয়েছে। হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইনের দুই মামলায় রায়ের কপিসহ মোট ৩৭ হাজার ৩৮৫ পৃষ্ঠার এ নথি হাইকোর্টের রেকর্ড রুমে সংরক্ষিত থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মোহাম্মদ আজিজের ইন্তেকাল ॥** বলিউডের প্রখ্যাত সংগীতশিল্পী মোহাম্মদ আজিজ (৬৪) আর নেই। মুম্বাইর নানাবতী হাসপাতালে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সূত্র: সমকাল

**২৮ নভেম্বর, বুধবার**

- **চারজনকে ১০ বছরের কারাদণ্ড ॥** দুর্নীতির মামলায় ঢাকার সাবেক মেয়র ও বিএনপি নেতা সাদেক হোসেন খোকাসহ চারজনকে ১০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। একই সঙ্গে খোকাকে ২০ লাখ টাকা ও অন্যদের ১০ লাখ টাকা করে জরিমানা করেছেন আদালত। দণ্ডিত অপর তিন আসামি হলেন বনানীর ঢাকা সিটি করপোরেশনের সুপার মার্কেট দোকান মালিক সমিতির সভাপতি আবদুল বাতেন, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান আজাদ ও পার্কিং স্থানের ব্যবস্থাপক এএইচএম তারেক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইইউ প্রতিনিধিদল ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদল আসবে না বলে জানিয়েছেন ইইউ রাষ্ট্রদূত রেনজি টেরিংক। তিনি বলেন, পর্যবেক্ষকের মতো বড়ো মিশন পাঠানোর জন্য পর্যাপ্ত প্রস্তুতির জন্য কমপক্ষে ছয় মাসের মতো সময় প্রয়োজন হয়। তাই ইইউর সদস্য দেশগুলো এই নির্বাচনে পর্যবেক্ষক না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চিকিৎসার জন্য আমজাদ হোসেনের ব্যাংকক যাত্রা ॥** চলচ্চিত্র নির্মাতা আমজাদ হোসেনকে উন্নত চিকিৎসার জন্য ব্যাংককের বামরুনগ্রাদ হাসপাতালে নেওয়া হয়েছে। আমজাদ হোসেনের দুই ছেলে তাঁর সঙ্গে গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শ্রীলঙ্কার সেনাপ্রধান গ্রেফতার ॥** শ্রীলঙ্কার সেনাপ্রধান অ্যাডমিরাল রবীন্দ্র বিজয়গুনারত্নেকে গ্রেফতার করা হয়েছে। গৃহযুদ্ধের সময় সংখ্যালঘু ১১ তামিল যুবককে হত্যা এবং অপহরণের অভিযোগে তাকে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **মার্কিন বিমান হামলায় নিহত ৩০ ॥** আফগানিস্তানে মার্কিন বিমানবাহিনীর হামলায় নারী ও শিশুসহ অন্তত ৩০ বেসামরিক লোক নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৯ নভেম্বর, বৃহস্পতিবার**

➢ **রাষ্ট্রপতির কাছে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত মিলারের পরিচয়পত্র ॥** যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত আর্ল আর মিলার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁর পরিচয়পত্র পেশ করেছেন। রাষ্ট্রপতি আবদুল হামিদ নতুন রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে প্রয়াস চালানোর আহ্বান জানান। রাষ্ট্রদূত বলেন, যুক্তরাষ্ট্র সব সময় বাংলাদেশের সঙ্গে উন্নয়ন সম্পর্ককে প্রাধান্য দেয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **সিইসির সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সাক্ষাৎ ॥** প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদার সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেইক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **এরশাদের বনানী কার্যালয় ভাঙচুর ॥** নির্বাচনকে ঘিরে জাতীয় পার্টির মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদারের লাগামহীন মনোনয়ন বাণিজ্যে ক্ষুব্ধ হয়ে নেতাকর্মীরা দলের চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের বনানী কার্যালয় ভাঙচুর করে এবং তালা লাগিয়ে দিয়েছেন। পার্টির প্রেসিডিয়াম সদস্য ও মহানগর উত্তরের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সেন্টুর নেতৃত্বে দলটির বিক্ষুব্ধ নেতাকর্মীরা বিকেলে এ হামলা চালায়। সূত্র: প্রথম আলো

➢ **জর্জিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট সালোমে জোরাবিসভিলি ॥** জর্জিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন দেশটির ক্ষমতাসীন দলের প্রার্থী সালোমে জোরাবিসভিলি। দ্বিতীয় দফা নির্বাচনে ৫৯ দশমিক ৬১ শতাংশ ভোট পেয়ে তিনি নির্বাচিত হয়েছেন। সূত্র: যুগান্তর

**৩০ নভেম্বর, শুক্রবার**

➢ **প্রথম নারী হাইকমিশনার সাইদা মুনা তাসনিম ॥** যুক্তরাজ্যে বাংলাদেশের নতুন হাইকমিশনার হিসেবে যোগদান করেছেন সাইদা মুনা তাসনিম। তিনি যুক্তরাজ্যে বাংলাদেশ হাইকমিশনে প্রথম নারী হাইকমিশনার। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **ভারতে বাংলাদেশবিষয়ক বাণিজ্যিক সেমিনার ॥** ভারতের অন্যতম উদীয়মান শিল্পশহর আওরঙ্গাবাদে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়েছে 'বাংলাদেশ-অ্যান অ্যাট্রাকটিভ বিজনেস ডেসটিনেশন অ্যান্ড পোটেনশিয়ালস ফর গ্রোথ ইন ইন্ডিয়া-বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট' শীর্ষক এক বাণিজ্যিক সেমিনার। সূত্র: প্রথম আলো

➢ **মোদির সঙ্গে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের বৈঠক ॥** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেছেন সৌদি সিংহাসনের উত্তরসূরি মোহাম্মদ বিন সালমান। এ সময় তারা নিরাপত্তা, জ্বালানি ও বিনিয়োগের ক্ষেত্রে দুই দেশের সহযোগিতা নিয়ে আলোচনা করেন। আর্জেন্টিনায় জি-২০ সম্মেলনে অংশ নিতে দুই নেতাই এখন রাজধানী বুয়েন্স আইরেসে রয়েছেন। সম্মেলনের ফাঁকে মোদির সঙ্গে আলাপে ভারতকে তেল ও পেট্রোলিয়াম পণ্য সরবরাহে নিজেদের প্রস্তুতির কথা জানিয়েছেন মোহাম্মদ বিন সালমান। সূত্র: প্রথম আলো

➢ **তেলেঙ্গানা রাজ্যের কংগ্রেস প্রধান ক্রিকেটার আজহারউদ্দিন ॥** ভারতের ক্রিকেট দলের সাবেক অধিনায়ক এবং সাবেক সাংসদ মোহাম্মদ আজহারউদ্দিনকে তেলেঙ্গানা রাজ্যের কংগ্রেস প্রধানের দায়িত্ব দেওয়া হয়েছে। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী তাঁকে আনুষ্ঠানিকভাবে এ দায়িত্ব প্রদান করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

## ডিসেম্বর-২০১৮

**১ ডিসেম্বর, শনিবার**

➢ **তাবলিগ জামাতের দুই পক্ষের সংঘর্ষ ॥** বিশ্ব ইজতেমায় আধিপত্যকে কেন্দ্র করে তাবলিগ জামাতের দুই গ্রুপের সংঘর্ষে ১ ব্যক্তির মৃত্যু হয়েছে। এ ঘটনায় অন্তত ১৩৮ জন আহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বীরপ্রতীক মুক্তিযোদ্ধা তারামন বিবির ইন্তেকাল ॥** স্বাধীনতাযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখা খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা বীরপ্রতীক তারামন বিবি (৬২) আর নেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আলোকচিত্রী ও মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেনের লাশ উদ্ধার ॥** রাজধানীর শেরেবাংলা নগর থানাধীন হোটেল ওলিও ইন্টারন্যাশনাল

থেকে সকালে জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত আলোকচিত্রী ও মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেনের লাশ উদ্ধার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২ ডিসেম্বর, রোববার**

- **জাতীয় রপ্তানি ট্রফি ২০১৫-১৬ ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচনে যে-ই ক্ষমতায় আসুক না কেন, কেউ দেশের উন্নয়নে বাধা দিতে পারবে না। বাংলাদেশের এগিয়ে যাওয়াকে আর কেউ থামাতে পারবে না। জাতীয় রপ্তানি ট্রফি ২০১৫-১৬ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মনোনয়নপত্র বাতিল ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির চেয়ারপারসন কারাবন্দি খালেদা জিয়াসহ সারাদেশে বিএনপির অন্তত ৮১ জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হয়েছে। মামলায় সাজা, ঋণখেলাপি, মনোনয়নপত্রে প্রয়োজনীয় তথ্য না দেওয়াসহ আরও কিছু অসংগতির কারণে এসব প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **টেস্ট ইতিহাসে সবচেয়ে বড়ো জয় ॥** প্রথম টেস্টে ৬৪ রানের জয়ের পর দ্বিতীয় টেস্টে টাইগাররা জিতেছে ইনিংস ও ১৮৪ রানের বিশাল ব্যবধানে। বাংলাদেশের টেস্ট ইতিহাসে সবচেয়ে বড়ো জয়ের রেকর্ড এটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **সন্ত্রাসী ও মাদক কারবারি হাসান নিহত ॥** নারায়ণগঞ্জে র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে তালিকাভুক্ত শীর্ষ সন্ত্রাসী ও চিহ্নিত মাদক ব্যবসায়ী হাসান নিহত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **জি-২০ সম্মেলন ॥** চীন ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান বাণিজ্য যুদ্ধে সাময়িক বিরতি ঘোষণা করা হয়েছে। ৯০ দিনের এ বাণিজ্য যুদ্ধবিরতি আগামী ১ জানুয়ারি থেকে কার্যকর হবে। এরপর থেকে একে অপরের বিরুদ্ধে নতুন করে শুল্কারোপ করবে না। ইতোমধ্যে দুদেশের পণ্যের ওপর যে শুল্কারোপ কার্যকর হয়েছে তা বহাল থাকবে। জানুয়ারি থেকে মার্চের মধ্যে আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করতে হবে। অন্যথায় ফের শুরু হবে বাণিজ্য যুদ্ধ। আর্জেন্টিনার বুয়েন্স আইরেসে জি-২০ সম্মেলনের শেষদিন শনিবার টানা দুই ঘণ্টার তর্কবিতর্কের পর



এ বিষয়ে একমত হন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনা প্রেসিডেন্ট শি জিনপিং। সূত্র: সমকাল

- **প্রধানমন্ত্রী নেতানিয়াহু ও তার স্ত্রীর বিরুদ্ধে অভিযোগ গঠনের সুপারিশ ॥** প্রতারণা ও ঘুস গ্রহণের মামলায় ইসরাইলের প্রধানমন্ত্রী বেনজামিন নেতানিয়াহু ও তার স্ত্রী সারাহ নেতানিয়াহুর বিরুদ্ধে অভিযোগ গঠনের সুপারিশ করেছে পুলিশ। সূত্র: সমকাল

**৩ ডিসেম্বর, সোমবার**

- **কোটা বাতিল হলেও প্রতিবন্ধীরা সরকারি চাকরি পাবেন ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোটা বাতিল হলেও নীতিমালার মাধ্যমে প্রতিবন্ধী এবং সমাজের অনগ্রসর মানুষ সরকারি চাকরি পাবে। এজন্য একটি নীতিমালা করা হয়েছে। ২৭তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস-২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মনোনয়নপত্র বাতিল ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের বাছাইয়ে বিএনপির ১৪১ জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হয়েছে। আর ক্ষমতাসীন আওয়ামী লীগের প্রার্থীদের মধ্যে মনোনয়নপত্র বাতিল হয়েছে তিনজনের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **অরিত্রীর আত্মহত্যা ॥** স্কুল থেকে ছাড়পত্র দেওয়ায় এবং শিক্ষার্থীদের সামনে বাবা-মাকে অপমান করায় দুঃখে ও ক্ষোভে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের প্রধান শাখার নবম শ্রেণির ছাত্রী অরিত্রী অধিকারী (১৫) আত্মহত্যা করেছে। নিজ বাসায় আত্মহত্যার এ ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **১৬তম অবস্থান ॥** মিরপুর টেস্টে ১২ উইকেট পেয়ে আইসিসি টেস্ট র‍্যাংকিংয়ে এগিয়ে গেলেন মেহেদি হাসান মিরাজ। টেস্ট বোলারদের মধ্যে ১৬তম অবস্থানে আছেন তিনি। সূত্র: কালের কণ্ঠ

**৪ ডিসেম্বর, মঙ্গলবার**

- **অরিত্রীর আত্মহত্যার কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি ॥** ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির শিক্ষার্থী অরিত্রী অধিকারীর আত্মহত্যার ঘটনার কারণ নির্ণয়ে কমিটি গঠনের আদেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপিল ॥** আসন্ন সংসদ নির্বাচনে প্রার্থিতা ফিরে পেতে মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে দ্বিতীয় দিনে আরও ২৩৫ জন আপিল করেছেন। এছাড়া মনোনয়ন গ্রহণের বিরুদ্ধে আপিল করেছেন একজন সংক্ষুব্ধ প্রার্থী। সূত্র: যুগান্তর
- **রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে মার্কিন রাষ্ট্রদূত মিলার ॥** বাংলাদেশে নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, রোহিঙ্গাদের মিয়ানমারে তাদের বসতভিটায় ফিরে যাওয়ার জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে হবে এবং তাদের অধিকার ফিরিয়ে দিতে হবে। প্রত্যাবাসন হতে হবে অবশ্যই স্বেচ্ছামূলক। নিরাপদ এবং স্বেচ্ছায় প্রত্যাবাসনের পরিবেশ সৃষ্টির জন্য যুক্তরাষ্ট্র সরকার আন্তর্জাতিক সম্প্রদায়কে নিয়ে কাজ অব্যাহত রেখেছে। সূত্র: দৈনিক কালেরকণ্ঠ

**৫ ডিসেম্বর, বুধবার**

- **ড্রিমলাইনার 'হংস বলাকা' পরিদর্শনে প্রধানমন্ত্রী ॥** বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন উড়োজাহাজ 'হংস বলাকা' পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী উড়োজাহাজটির ককপিটসহ বিভিন্ন অংশ ঘুরে দেখেন এবং কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিশ্বের ২৬তম ক্ষমতাধর নারী শেখ হাসিনা ॥** বিশ্বের ক্ষমতাধর ১০০ নারীর তালিকায় ২৬তম অবস্থানে উঠে এসেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুক্তরাষ্ট্রভিত্তিক প্রভাবশালী ব্যবসায়িক সাময়িকী ফোর্বস গত মঙ্গলবার তালিকাটি প্রকাশ করেছে। ফোর্বসের এবারের তালিকায়ও শীর্ষে রয়েছেন জার্মানির চ্যান্সেলর আঙ্গেলা মার্কেল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ৫৫তম মৃত্যুবার্ষিকী ॥** উপমহাদেশের প্রখ্যাত রাজনীতিবিদ, গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ৫৫তম মৃত্যুবার্ষিকী আজ। বরেণ্য এ নেতা ১৯৬৩ সালের ৫ ডিসেম্বর লেবাননের বৈরুতে একটি হোটেল কক্ষে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **অধ্যক্ষসহ তিন শিক্ষক বরখাস্ত ॥** রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী অরিত্রী অধিকারীর আত্মহত্যার ঘটনায় প্ররোচনাকারী হিসেবে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ, শাখাপ্রধান এবং এক শ্রেণিশিক্ষককে চিহ্নিত করেছে শিক্ষা মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটি। এ ঘটনায় অভিযুক্ত তিন শিক্ষককে বরখাস্ত করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **৫৪৩টি আপিল আবেদন ॥** নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, সংসদ নির্বাচনে মনোনয়নপত্র বাতিল হওয়ার বিরুদ্ধে বৈধতা চেয়ে এবং বৈধ প্রার্থীর বিরুদ্ধে বিপরীত পক্ষের প্রার্থী মনোনয়নপত্র বাতিল চেয়ে ইসির কাছে মোট ৫৪৩টি আপিল আবেদন জমা পড়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **'বঙ্গমাতা ফজিলাতুননেছা' মুরাল উদ্বোধন ॥** চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা ফজিলাতুননেছা হলে নবনির্মিত 'বঙ্গমাতা ফজিলাতুননেছা মুরাল' উদ্বোধন করা হয়েছে। মুরালটি উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছিরউদ্দীন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শীর্ষ জলদস্যু তারেক নিহত ॥** কক্সবাজারের পেকুয়ার মগনামা লঞ্চঘাট চ্যানেলে ভোরে র‍্যাবের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' কুতুবদিয়া চ্যানেলের জলদস্যু তারেক (৩১) নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৬ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- **আপিলে বিএনপির অধিকাংশ প্রার্থীর ন্যায়বিচার ॥** রিটার্নিং অফিসার প্রার্থিতা বাতিল করলেও আপিলে বিএনপির অধিকাংশ প্রার্থী ন্যায়বিচার পেয়েছেন বলে মন্তব্য করে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রার্থিতা ফিরে পেয়েছেন ৮০ জন প্রার্থী ॥** নির্বাচন কমিশনে প্রথমদিনে ১৬০ জন প্রার্থীর শুনানি হয়। এর মধ্যে ৮০ জন তাঁদের প্রার্থিতা ফিরে পান, ৭৬ জনের প্রার্থিতা অবৈধ ঘোষণা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ইউপিডিএফের শীর্ষ সন্ত্রাসী আনন্দ চাকমার আত্মসমর্পণ ॥** ইউপিডিএফ (মূল)-এর শীর্ষ সন্ত্রাসী আনন্দ চাকমা দীঘিনালায় খাগড়াছড়ি সেনাবাহিনীর কাছে একটি বিদেশি পিস্তল ও তিনটি গুলিসহ আত্মসমর্পণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জাহাঙ্গীর রাজু নামে এক শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বিশ্ববিদ্যালয়ের

সোহরাওয়ার্দী হলের পাশে এতিম আলী কটেজের একটি কক্ষ থেকে ওই ছাত্রের লাশ উদ্ধার করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**৭ ডিসেম্বর, শুক্রবার**

- **অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তার সংহতি প্রকাশ ॥** সরকার অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন চায় উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আমরা চাই আসন্ন জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হোক।' ৩০৭ জন জ্যেষ্ঠ অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। এসব কর্মকর্তা আওয়ামী লীগের সঙ্গে সংহতি প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মহাজোটের আসন ভাগাভাগি ॥** আগামী জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোটের আসন ভাগাভাগি সম্পন্ন হয়েছে। চূড়ান্ত মনোনীতদের চিঠি দিয়েছে আওয়ামী লীগ। ৩০০ আসনের মধ্যে আওয়ামী লীগ নিয়েছে ২৪০টি। ৬০ আসন শরিকদের দেওয়া হয়েছে। জোটের প্রধান শরিক জাতীয় পার্টি পেয়েছে ৩৭টি আসন। তবে ৭টি আসন উন্মুক্ত রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রার্থীর নাম ঘোষণা বিএনপির ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে বিএনপি ২০৬ আসনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **প্রার্থিতা ফিরে পেলেন আরও ৭৮ জন ॥** মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে করা আপিল শুনানির দ্বিতীয় দিন আজ বিএনপির **২১** জনসহ ৭৮ জন তাঁদের প্রার্থিতা ফিরে পেয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদে বাংলাদেশের নির্বাচন নিয়ে প্রস্তাব উত্থাপন ॥** আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক, শান্তিপূর্ণ ও বিশ্বাসযোগ্য করার আহ্বান জানিয়ে যুক্তরাষ্ট্র কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে একটি প্রস্তাব তোলা হয়েছে। সূত্র: যুগান্তর

**৮ ডিসেম্বর, শনিবার**

- **স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষায় সজাগ থাকতে হবে ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশের কষ্টার্জিত স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সজাগ থাকতে বাংলাদেশ সেনাবাহিনীর নতুন কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। চট্টগ্রামের ভাটিয়ারির বাংলাদেশ মিলিটারি



একাডেমিতে ৭৬তম বিএমএ লং কোর্সের ক্যাডেট অফিসারদের কমিশন লাভ উপলক্ষ্যে প্রেসিডেন্টস প্যারেড-২০১৮ অনুষ্ঠানে এ আহ্বান জানান রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শেখ হাসিনার চিঠি ॥** আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে যারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন এবং যারা আবেদন করে দলীয় মনোনয়ন পাননি তাদের প্রত্যেককে আলাদাভাবে চিঠি দেন। 'বিদ্রোহী' প্রার্থীর উদ্দেশে চিঠিতে শেখ হাসিনা বলেছেন, 'আপনার কাছে আমার বিশেষ অনুরোধ, ঐক্যবদ্ধ নির্বাচন অনুষ্ঠানের স্বার্থে মহাজোট প্রার্থীর পক্ষে আপনার প্রার্থিতা প্রত্যাহার করে মহাজোটকে বিজয়ী করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন। আপনার ত্যাগ, শ্রম ও আন্তরিকতা সবকিছুই আমার বিবেচনায় আছে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **মনোনয়নবঞ্চিত ক্ষুব্ধ প্রার্থীর কর্মী-সমর্থকদের হামলা ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনয়নবঞ্চিত কয়েকজন নেতার বিক্ষুব্ধ কর্মী-সমর্থকরা সন্ধ্যায় দলটির চেয়ারপারসন খালেদা জিয়ার গুলশানের কার্যালয়ে হামলা চালিয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- **আপিলেও অবৈধ ঘোষণা ॥** আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থিতা পেতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মনোনয়ন বাতিলে রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে করা আপিলও সংখ্যাগরিষ্ঠের মতের ভিত্তিতে খারিজ করে দিয়েছে নির্বাচন কমিশন। সূত্র: কালের কণ্ঠ
- **জাতীয় ঐক্যফ্রন্ট ও ২০ দলীয় জোটকে ৫৮টি আসন ছাড়ল বিএনপি ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৪২টি আসন দলের প্রার্থীদের জন্য রেখে জাতীয় ঐক্যফ্রন্ট ও ২০ দলীয় জোটের শরিকদের জন্য ৫৮টি আসনে ছাড় দিয়েছে বিএনপি। এর মধ্যে জাতীয় ঐক্যফ্রন্টের শরিকরা পেয়েছে **১৯**টি আসন। আর ২০ দলীয় জোটের শরিকরা পেয়েছে **৩৯**টি আসন। সূত্র: সমকাল
- **বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে আহত ৩০ ॥** ফরাসি দাঙ্গা পুলিশের সঙ্গে 'ইয়েলো ভেস্ট' আন্দোলনকারীদের ব্যাপক সংঘর্ষ হয়েছে। এতে অন্তত ৩০ জন আহত হয়েছে। সূত্র: সমকাল

**৯ ডিসেম্বর, রোববার**

➤ **কুচকাওয়াজ অনুষ্ঠান ॥** আধুনিক প্রশিক্ষণ সুবিধা কাজে লাগিয়ে সমুদ্রসীমার সার্বভৌমত্ব রক্ষায় আত্মনিয়োগের জন্য নৌ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সকালে পতেঙ্গা নেভাল একাডেমিতে শীতকালীন রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান রাষ্ট্রপতি। সূত্র: সমকাল

➤ **বেগম রোকেয়া দিবস ॥** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বেগম রোকেয়া দিবস উদ্‌যাপন এবং রোকেয়া পদক-২০১৮ প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক–এসব থেকে সন্তানেরা যেন দূরে থাকে। তার জন্য সন্তানের ওপর মায়ের বিশেষ নজর রাখতে হবে।' সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **মনোনয়নপত্র বাতিলের বৈধতা চ্যালেঞ্জ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিন আসনে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মনোনয়নপত্র বাতিলের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করা হয়েছে। আসন তিনটি হলো ফেনী-১, বগুড়া-৬ ও বগুড়া-৭। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১০ ডিসেম্বর, সোমবার**

➤ **নির্বাচনি প্রচারের প্রথমদিনে সংঘর্ষ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনি প্রচারের প্রথমদিনে কুমিল্লা, চাঁদপুর, খুলনা, রাজশাহী, ঠাকুরগাঁও, চুয়াডাঙ্গাসহ আরও কয়েকটি এলাকায় পৃথক সংঘর্ষ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **ছয় জেলায় সড়কে প্রাণ গেল সাতজনের ॥** ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় ৭ জন নিহত হয়েছে। এ নিয়ে **১০৯** দিনে সড়কে প্রাণ গেল **১** হাজার ৯৪ জনের। সূত্র: দৈনিক ইত্তেফাক

**১১ ডিসেম্বর, মঙ্গলবার**

➤ **বিএনপির লোকজনের ওপর হামলা ॥** নির্বাচন থেকে দূরে রাখতেই ক্ষমতাসীন দলের লোকজন পরিকল্পিতভাবে ঠাকুরগাঁওয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের গাড়িবহরে হামলা চালিয়েছে বলে অভিযোগ করেছে বিএনপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **নির্বাচনি সংঘর্ষে নিহত দুই ॥** নির্বাচনি প্রচারকালে ঠাকুরগাঁও, নওগাঁ, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নরসিংদী, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, খাগড়াছড়ি, চট্টগ্রাম, বাগেরহাট, ফরিদপুর, রাজশাহী, বরিশাল, পটুয়াখালী, সিলেট ও মানিকগঞ্জে সংঘর্ষ হয়েছে। এর মধ্যে নোয়াখালী ও ফরিদপুরে আওয়ামী লীগের দুইজন নিহত হয়েছেন। সূত্র: কালের কণ্ঠ

➤ **বাংলাদেশকে ৪ উইকেটে হারাল ওয়েস্ট ইন্ডিজ ॥** মিরপুরে দ্বিতীয় ওয়ানডেতে টাইগারদের ৪ উইকেটে হারিয়ে সিরিজে সমতায় ফিরল ওয়েস্ট ইন্ডিজ। সূত্র: সমকাল

➤ **রোহিঙ্গাদের জন্য ৫০টি বাড়ি ॥** মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের জন্য ৫০টি বাড়ি করে দিয়েছে ভারত। বাংলাদেশের শিবির থেকে রাখাইনে প্রত্যাবাসনের পর প্রাথমিকভাবে এসব বাড়িতে থাকবে রোহিঙ্গারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **সিইসির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূত রবার্ট মিলারের বৈঠক ॥** আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণায় উপযুক্ত পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল আর মিলার। সূত্র: কালের কণ্ঠ

**১২ ডিসেম্বর, বুধবার**

➤ **আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাচনি প্রচার শুরু ॥** টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে নিজের এবং দলের নির্বাচনি প্রচারাভিযান আনুষ্ঠানিকভাবে শুরু করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি দেশবাসীর সাহায্য ও দোয়া কামনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➤ **জাতীয় ঐক্যফ্রন্টের নির্বাচনি প্রচার শুরু ॥** সিলেটে হযরত শাহ জালাল (রহ.) মাজার জিয়ারতের মধ্য দিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে 'ধানের শীষের' আনুষ্ঠানিক প্রচারণা শুরু করেছেন জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতারা। সূত্র: দৈনিক প্রথম আলো

➤ **বিমানবাহিনী ৭৫তম বাফা কোর্স ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ যশোর বিমানবাহিনী একাডেমির প্যারেড গ্রাউন্ডে বাংলাদেশ বিমানবাহিনীর ৭৫তম বাফা কোর্স ও ডিরেক্ট এন্ট্রি-২০১৮ কোর্সের কমিশন প্রাপ্তি উপলক্ষ্যে রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বলেন, বাংলাদেশ বিমানবাহিনী জাতির গর্বের

প্রতীক। দেশের আকাশসীমার প্রতিরক্ষা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি জাতীয় যে কোনো প্রয়োজনে দেশ ও জনগণের পাশে দাঁড়িয়ে বিমানবাহিনীর সদস্যগণ তাঁদের ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **আওয়ামী লীগ নেতার লাশ উদ্ধার ॥** পাবনার ঈশ্বরদীতে এক আওয়ামী লীগ নেতা আসাদুল ইসলাম এরশাদের (৩৪) চোখ উপড়ে ও কান কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নির্বাচনকে কেন্দ্র করে ১৭ জেলায় হামলা, ভাঙচুর ও সংঘর্ষ ॥** নির্বাচনকে কেন্দ্র করে দেশের ১৭ জেলায় হামলা, ভাঙচুর ও সংঘর্ষে অন্তত ১৩১ জন নেতাকর্মী আহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৩ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- **উন্নয়ন অব্যাহত রাখতে ভোট চাইলেন প্রধানমন্ত্রী ॥** আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়ন কর্মকাণ্ড অব্যাহত রাখার পাশাপাশি আগামী প্রজন্মের জন্য সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণে আওয়ামী লীগকে ভোট দিতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **তৃতীয় কোনো শক্তির ষড়যন্ত্র ॥** নির্বাচন কমিশনার নির্বাচন নিয়ে তৃতীয় কোনো শক্তির ষড়যন্ত্র আছে কি না, সাম্প্রতিক সহিংসতা তারই বহিঃপ্রকাশ কি না, তা খতিয়ে দেখার তাগিদ দেওয়ার পাশাপাশি গোয়েন্দা সংস্থাগুলোকে সতর্ক নজরদারিতে থাকার কথাও বলেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পালটাপালটি হামলায় আহত ১২৫ ॥** ১৩ ডিসেম্বর ধানের শীষ প্রার্থী অধ্যাপক আবু সাইয়িদের গাড়িবহরে ও জোনায়েদ সাকির মিছিলে হামলা হয়। এদিন সারাদেশের ১৬ আসনে হামলা-পালটা হামলার ঘটনা ঘটে, যাতে ১২৫ জন আহত হন। সূত্র: প্রথম আলো

**১৪ ডিসেম্বর, শুক্রবার**

- **শহিদ বুদ্ধিজীবী দিবস ॥** সারাদেশে যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত। বাঙালি জাতির ইতিহাসে এক বেদনাঘন দিন ১৪ ডিসেম্বর। ১৯৭১ সালের এই দিনে হানাদার পাকিস্তানি ঘাতক বাহিনী বীর মুক্তিযোদ্ধাদের প্রবল পরাক্রমের সামনে পরাজয় নিশ্চিত জেনে এক



ঘৃণ্য ষড়যন্ত্রে মেতেছিল। বাঙালিকে মেধা-মননশূন্য করতে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, চিকিৎসক, সাহিত্যিক, সাংবাদিক, দার্শনিক ও সংস্কৃতি ক্ষেত্রের অগ্রগণ্য মানুষদের বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে নির্মমভাবে হত্যা করে। পাকিস্তানি ঘাতকদের এ বর্বর হত্যাকাণ্ডে প্রত্যক্ষ সহযোগিতা করেছিল রাজাকার-আলবদর বাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগের আলোচনাসভা ॥** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতিত্ব করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ড. কামাল হোসেনের গাড়িবহরে হামলা ॥** মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়ে ফেরার পথে জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ও গণফোরাম সভাপতি ড. কামাল হোসেনের গাড়িবহরে হামলার ঘটনা ঘটেছে। একই সঙ্গে জেএসডির সভাপতি আ স ম রবের গাড়িতেও হামলার ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **চলচ্চিত্র নির্মাতা আমজাদ হোসেনের মৃত্যু ॥** চলচ্চিত্রের গুণী পরিচালক ও অভিনয়শিল্পী আমজাদ হোসেন (৭৬) ব্যাংককের বামরুনগ্রাদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বাংলাদেশের ওয়ানডে সিরিজ জয় ॥** সিরিজ নির্ধারণী ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে হারিয়ে ২-১ ব্যবধানে ওয়ানডে সিরিজ জয় নিশ্চিত করেছে বাংলাদেশ। সূত্র: সমকাল
- **রোহিঙ্গাবিরোধী নৃশংসতাকে গণহত্যা বলল মার্কিন কংগ্রেস ॥** রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর চালানো নৃশংসতাকে 'গণহত্যা' আখ্যা দিয়েছেন মার্কিন আইনপ্রণেতারা। মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ- প্রতিনিধি পরিষদে এ সংক্রান্ত একটি প্রস্তাব পাস করেছেন তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৫ ডিসেম্বর, শনিবার**

- **আওয়ামী লীগ-বিএনপি সংঘর্ষ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচার-প্রচারণাকে কেন্দ্র করে ১৯ জেলায় আওয়ামী লীগ-বিএনপির মধ্যে সংঘর্ষে দুই পক্ষের ১৫০ জন নেতাকর্মী আহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- **নির্বাচন কমিশনারের প্রেস ব্রিফিং** ॥ প্রেস ব্রিফিংয়ে প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা জানান, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটকক্ষ থেকে সাংবাদিক ও পর্যবেক্ষকরা সরাসরি কোনো তথ্য সম্প্রচার করতে পারবেন না। ভোটকক্ষের ছবি তোলা যাবে কিন্তু সম্প্রচার করা যাবে না ভোটকেন্দ্র থেকে। ভোটগ্রহণে প্রিসাইডিং অফিসারদের অনুমতি নিয়ে ভোটকেন্দ্রে সীমিত আকারে সাংবাদিক ও পর্যবেক্ষক ঢুকতে পারবেন। আর কোনো জায়গায় বিশৃঙ্খলা হলে সেনাবাহিনী হস্তক্ষেপ এবং গ্রেফতার করতে পারবে। সূত্র: প্রথম আলো
- **জিম ব্যাংকসের আশাবাদ** ॥ ওয়াশিংটন ডিসির হাডসন ইনস্টিটিউটের উদ্যোগে 'স্টাবিলিটি ডেমোক্রেসি অ্যান্ড ইসলামিজম ইন বাংলাদেশ' শীর্ষক এক আলোচনাসভায় মার্কিন কংগ্রেসম্যান জিম ব্যাংকসের আশাবাদ ব্যক্ত করেছেন যে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র: প্রথম আলো
- **মাহিন্দা রাজাপাসের পদত্যাগ** ॥ নিয়োগ পাওয়ার সাত সপ্তাহ পরই পদত্যাগ করলেন শ্রীলঙ্কার বিতর্কিত প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে। নিজ বাড়িতে এক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে তিনি পদত্যাগপত্রে স্বাক্ষর করেন। সূত্র: প্রথম আলো

**১৬ ডিসেম্বর, রোববার**

- **মহান বিজয় দিবস** ॥ আজ ৪৮তম মহান বিজয় দিবস। বাঙালি জাতির হাজার বছরের শৌর্য-বীরত্বের এক অবিস্মরণীয় দিন। বীরের জাতি হিসেবে আত্মপ্রকাশ করার দিন। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন ভূখণ্ডের অস্তিত্ব প্রতিষ্ঠার চিরস্মরণীয় দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পুলিশের ওপর ছাত্রলীগের হামলা** ॥ মেহেরপুর স্টেডিয়ামে বিজয় দিবসের কুচকাওয়াজ অনুষ্ঠানে পুলিশের ওপর হামলার ঘটনায় জেলা ছাত্রলীগ সভাপতি আবদুর সালাম বাঁধনসহ ছাত্রলীগের চারজনকে আটক করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **পাকিস্তানের পক্ষে থাকার সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রের ভুল ছিল** ॥ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে এসে একাত্তরে পাকিস্তানের পক্ষে যুক্তরাষ্ট্রের ভূমিকা নিয়ে নিজের যাতনার কথা বললেন ইউনিভার্সিটি অব হিউস্টনের স্বাস্থ্য বিভাগের অধ্যাপক মাইকেল কটিংহ্যাম। তিনি বলেন, 'আমি অনুভব করি, আমার দেশ অনেক ভুল করেছে। আমি আমার দেশ ও দেশের সমস্যা নিয়ে অনেক কথা শুনেছি। আমি সেজন্য দুঃখও প্রকাশ করছি। আমি মনে করি, আমরা অনেক খারাপ সিদ্ধান্ত নিয়েছিলাম। আমি সেজন্য যাতনা বোধ করি।' সূত্র: দৈনিক জনকণ্ঠ



- **প্রধানমন্ত্রী পদে ফিরলেন রনিল বিক্রমাসিংহে** ॥ প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার কাছে শপথবাক্য পাঠ করে ফের শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর দায়িত গ্রহণ করেছেন রনিল বিক্রমাসিংহে। এ নিয়ে পঞ্চমবারের মতো শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর দায়িত্ব নিলেন বিক্রমাসিংহে। সূত্র: সমকাল

**১৭ ডিসেম্বর, সোমবার**

- **প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল মিলারের সাক্ষাৎ** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে প্রথমবারের মতো সাক্ষাৎ করেছেন মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। এ সময় তিনি ৩০ ডিসেম্বর বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, গ্রহণযোগ্য ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে যুক্তরাষ্ট্রের প্রত্যাশার কথা প্রধানমন্ত্রীকে জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **ঐক্যফ্রন্টের নির্বাচনি ইশতেহার ঘোষণা** ॥ একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ১৪ দফা প্রতিশ্রুতি দিয়ে ইশতেহার ঘোষণা করেছে জাতীয় ঐক্যফ্রন্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **টি ২০** ॥ বাংলাদেশের দেওয়া ১৩০ রানের লক্ষ্যে খেলতে নেমে জিতল ওয়েস্ট ইন্ডিজ। ১০ ওভারেই লক্ষ্য অতিক্রম করে তারা। সূত্র: কালের কণ্ঠ

**১৮ ডিসেম্বর, মঙ্গলবার**

- **আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা** ॥ একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি ইশতেহার প্রকাশ করেছে আওয়ামী লীগ। ইশতেহার প্রকাশ করেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **বিএনপির নির্বাচনি ইশতেহার ঘোষণা** ॥ ১৯-দফা অঙ্গীকার নিয়ে আসন্ন একাদশ সংসদ নির্বাচনের ইশতেহার ঘোষণা করছে বিএনপি। ইশতেহার ঘোষণা করেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**১৯ ডিসেম্বর, বুধবার**

- **ব্যবসায়ী সম্মেলন** ॥ এফবিসিসিআই আয়োজিত ব্যবসায়ী সম্মেলনে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণ যাকে ভোট দেবে, তারাই ক্ষমতায় আসবে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কূটনীতিকদের সঙ্গে বৈঠক জাতীয় ঐক্যফ্রন্টের** ॥ একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে প্রায় ৩৫টি রাষ্ট্রের কূটনীতিকদের সঙ্গে বৈঠক করেছেন জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতারা। এ সময় ড. কামাল হোসেন বলেন, নির্বাচনি তফসিল ঘোষণার পরও তাঁদের ৬ জন প্রার্থীসহ ২ হাজার ১৭১ জন নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে। সূত্রঃ প্রথম আলো
- **আওয়ামী লীগ-বিএনপি সংঘর্ষ** ॥ একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচার-প্রচারণাকে কেন্দ্র করে বিভিন্ন জেলায় আওয়ামী লীগ-বিএনপির মধ্যে সংঘর্ষে ৭৮ জন আহত হয়েছে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কাজে অবহেলায় প্রত্যাহার** ॥ নির্বাচনি কাজে অবহেলার অভিযোগে একজন রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক, একজন অতিরিক্ত জেলা প্রশাসক ও চারজন ওসিকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২০ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- **প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্স** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজশাহী, জয়পুরহাট, নড়াইল ও গাইবান্ধায় এই চার জেলায় নির্বাচনি সমাবেশে বক্তৃতা করেন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মানুষের ভালোবাসা ও সমর্থন** ॥ বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমাদের ওপর এত নির্যাতনের পরও আমরা টিকে আছি শুধু মানুষের ভালোবাসায় ও সমর্থনে। সূত্রঃ প্রথম আলো
- **শ্রমিক-পুলিশ পালটাপালটি সংঘর্ষ** ॥ মজুরি কাঠামোতে বৈষম্যের অভিযোগে ঢাকার শিল্পাঞ্চল সাভার-আশুলিয়ায় আবারও বিক্ষোভ করেছে পোশাক শ্রমিকরা। এ সময় পুলিশ বাধা দিলে উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া ও সংঘর্ষে অন্তত ২০ জন আহত হন। পরিস্থিতি নিয়ন্ত্রণে অর্ধশতাধিক কারখানায় ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ। সূত্রঃ সমকাল



- **ওয়েস্ট ইন্ডিজকে হারাল বাংলাদেশ** ॥ টি ২০তে ৩৬ রানের জয়ে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে সিরিজে সমতা ফেরাল বাংলাদেশ। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

**২১ ডিসেম্বর, শুক্রবার**

- **নির্বাচনি প্রচারণা** ॥ গুলশান ইয়ুথ ক্লাব মাঠে নির্বাচনি জনসভায় আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'দেশে শান্তি, নিরাপত্তার জন্য, দুর্নীতি দমন করার জন্য আমরা আপনাদের কাছে নৌকা মার্কায় ভোট চাই।' সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **কেন্দ্র পাহারা** ॥ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় আয়োজিত জাতীয় ঐক্যফ্রন্টের নির্বাচনি জনসভায় বলেন, ভোট চুরি ঠেকাতে আগের রাত থেকে প্রতিটি কেন্দ্রে বিএনপির নেতাকর্মীদের পাহারা বসাতে হবে। সূত্রঃ প্রথম আলো
- **হিন্দু সম্প্রদায়ের বাড়িতে আগুন** ॥ ঠাকুরগাঁও সদর উপজেলার জগন্নাথপুর ইউনিয়নের সিংগিয়া শাহাপাড়া গ্রামের কৃষ্ণ ঘোষের বাড়িতে আগুন দেওয়ার ঘটনা ঘটে। আগুনে আটটি ঘর, সাতটি ছাগল, ৬০ মন ধান ও আসবাবপত্র পুড়ে পাঁচ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। সূত্রঃ যুগান্তর
- **মার্কিন প্রতিরক্ষামন্ত্রীর পদত্যাগ** ॥ মার্কিন প্রতিরক্ষামন্ত্রী জিম ম্যাটিস পদত্যাগ করেছেন। আগামী বছর ফেব্রুয়ারির শেষে তিনি সরে দাঁড়াবেন। স্থানীয় সময় বৃহস্পতিবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, ম্যাটিস আর তাঁর প্রশাসনে থাকছেন না। সূত্রঃ যুগান্তর

**২২ ডিসেম্বর, শনিবার**

- **নির্বাচনি পথসভা** ॥ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর দিনাজপুর ও ঠাকুরগাঁওয়ের বিভিন্ন পথসভায় প্রশাসনের উদ্দেশে বলেন, আপনারা প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারী। দলমতের ঊর্ধ্বে থেকে জনস্বার্থে আপনারা কাজ করুন। সূত্রঃ যুগান্তর
- **কুমিল্লা থেকে অপহৃত শিশুকে গাজীপুরে উদ্ধার** ॥ কুমিল্লার মুরাদনগর থেকে অপহৃত মো. আল আবদুল্লাহ (৭) নামে এক শিশুকে গাজীপুরের রাজেন্দ্রপুর থেকে উদ্ধার করেছে র‍্যাব-১। এ সময় ঘটনার

সঙ্গে জড়িত সন্দেহে দুই অপহরণকারীকে শুক্রবার রাতে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **কলারোয়া থানার ওসি প্রত্যাহার ॥** সাতক্ষীরা-১ আসনে পুলিশের পোশাক পরে প্রকাশ্যে নৌকা প্রতীকে ভোট চাওয়ার অভিযোগে কলারোয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মারুফ আহম্মেদকে প্রত্যাহার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুই নারী পর্যটককে হত্যা ॥** গত সোমবার আটলাস পর্বতের জনপ্রিয় একটি পর্যটক স্পটে ওই দুই নারীর মৃতদেহ পাওয়া যায়। নিহত ২৪ বছরের তরুণী লুইসা ভাস্টারজার জেসপারসেন ডেনমার্কের নাগরিক। অন্যজন নরওয়ের মারেন ওল্যান্ড (২৮)। ইসলামিক স্টেটের জঙ্গিরা এ হত্যা করেছে বলে অভিযোগ করা হয়েছে। তাদের একজনের শিরচ্ছেদের একটি ভিডিও অনলাইনে প্রকাশ পেয়েছে। পরীক্ষার পর ওই ভিডিও সত্য বলে প্রমাণ পেয়েছে নরওয়ের পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **দুটি গাড়ি বোমা বিস্ফোরণে নিহত ১৩ ॥** সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে প্রেসিডেন্টের বাসভবনের পাশে দুটি গাড়ি বোমা হামলায় ১৩ জন নিহত ও ১৭ জন আহত হয়েছেন। নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠী আল কায়েদার সঙ্গে সংশ্লিষ্ট আল শাবাব হামলা দুটি করার দায় স্বীকার করেছে তাদের নিয়ন্ত্রিত রেডিও চ্যানেল রেডিও আন্দালুসে। সূত্র: সমকাল

➢ **আফগানিস্তানে নিরাপত্তা বাহিনীর অভিযান ॥** আফগানিস্তানের তিনটি প্রদেশে নিরাপত্তা বাহিনীর অভিযানে কমপক্ষে ২৫ তালেবান জঙ্গি নিহত হয়েছে। সূত্র: সমকাল

**২৩ ডিসেম্বর, রোববার**

➢ **ন্যাশনাল ডিফেন্স ও আর্মড ফোর্সেস ওয়ার কোর্সের সনদ বিতরণ ॥** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ন্যাশনাল ডিফেন্স কলেজের ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৮ ও আর্মড ফোর্সেস ওয়ার কোর্স-২০১৮-এর সমাপন অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেন। এ বছর ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৮ এ বাংলাদেশ সশস্ত্রবাহিনী, বেসামরিক প্রশাসন ও বিদেশি সামরিক কর্মকর্তাসহ মোট ৭৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **নির্বাচনি জনসভা ॥** আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা রংপুরে নির্বাচনি জনসভায় বিএনপি-জামায়াত জোট সম্পর্কে দেশবাসীকে সজাগ ও সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **জামায়াতে ইসলামীর প্রার্থিতা বাতিলের আইনগত কোনো সুযোগ নেই- ইসি ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতায় নামা জামায়াতে ইসলামীর ২৫ নেতার প্রার্থিতা বহালই থাকছে। আইন অনুযায়ী তাদের প্রার্থিতা বাতিলের সুযোগ না থাকায় বহাল রাখার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। একই সঙ্গে উচ্চ আদালতের আদেশে যেসব বিএনপি প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়েছে, তাদের আসনগুলোতে পুনঃতফসিল করে নতুন করে নির্বাচন আয়োজন বা প্রার্থী পরিবর্তনের সুযোগ না দেয়ারও সিদ্ধান্ত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **বঞ্চনার কারণেই বাংলাদেশ সৃষ্টি হয়েছে ॥** মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ সৃষ্টির পেছনে বঞ্চনাই প্রধান কারণ ছিল বলে স্বীকার করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। গতকাল শনিবার পাঞ্জাব সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষ্যে লাহোরে এক অনুষ্ঠানে এসব কথা বলেন ইমরান খান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৪ ডিসেম্বর, সোমবার**

➢ **সরকারের ধারাবাহিকতা রাখার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ ॥** নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের মহাপরিকল্পনা বাস্তবায়নে সরকারের ধারাবাহিকতা রাখতে মহাজোটকে বিজয়ী করার আহ্বান জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নির্বাচনের মাঠে সেনাবাহিনী ॥** সেনাবাহিনী নির্বাচনের দায়িত্ব পালনে মাঠে নামছে আজ। একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সারাদেশের ২৯৯টি সংসদীয় এলাকায় 'ইনস্ট্রাকশন রিগার্ডিং ইন এইড টু দ্য সিভিল পাওয়ার' অনুযায়ী সেনাবাহিনী কাজ করবে। সোমবার থেকে ২ জানুয়ারি পর্যন্ত মোট ১০ দিন মাঠে থাকবে ৫০

হাজারের অধিক সশস্ত্রবাহিনীর সদস্য। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা এক পরিপত্রে সশস্ত্রবাহিনীর কর্মপরিধি নির্ধারণ করে দেওয়া হয়েছে। সূত্র: প্রথম আলো

- **জেএসসি ও পিইসি সমাপনী পরীক্ষার ফল প্রকাশ ॥** জেএসসি ও জেডিসি, পিইসি ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার সম্মিলিতভাবে ৮৫ দশমিক ৮৩ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান গণভবনে পরীক্ষা ফলের অনুলিপি তুলে দেন। সূত্র: সমকাল
- **সংগীতশিল্পী মোহাম্মদ রফির জন্মদিন ॥** ব্রিটিশ ভারতের পাঞ্জাব প্রদেশে ১৯২৪ সালের ২৪ ডিসেম্বর জন্ম রফির। সংগীত কলায় অসামান্য অবদান রাখায় শ্রেষ্ঠ গায়ক হিসেবে জাতীয় পদক এবং ছয়বার ফিল্মফেয়ার পুরস্কারে ভূষিত হয়েছেন মোহাম্মদ রফি। এ ছাড়াও ১৯৬৭ সালে ভারত সরকার প্রদত্ত পদ্মশ্রী সম্মানেও অভিষিক্ত হয়েছেন তিনি। সূত্র: কালের কণ্ঠ
- **কোবরা সাপের ২৭ পাউন্ড বিষসহ চারজন আটক ॥** রাজধানীর ওয়ারী এলাকা থেকে কোবরা সাপের ২৭ পাউন্ড বিষসহ চারজনকে আটক করেছে র‍্যাব। সূত্র: কালের কণ্ঠ
- **ভারতে ঘন কুয়াশায় ৫০ গাড়ির সংঘর্ষ ॥** ভারতের হরিয়ানা রাজ্যের ঝাজ্জর এলাকার মহাসড়কে ঘন কুয়াশার মধ্যে একে একে ৫০টি গাড়ি সংঘর্ষে পড়ে আটজন নিহত ও বেশ কয়েকজন আহত হয়েছেন। এ ঘটনায় নিহতদের মধ্যে সাতজনই নারী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নওয়াজ শরিফের সাত বছরের কারাদণ্ড ॥** পাকিস্তানের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে আল আজিজিয়া স্টিল মিল দুর্নীতি মামলায় সাত বছরের কারাদণ্ড দিয়েছেন পাকিস্তানের একটি আদালত। অন্য এক মামলায় তাঁকে বেকসুর খালাস দেওয়া হয়। এছাড়াও দুই মামলায় পাকিস্তান মুসলিম লীগ-নেয়াজ-এর নেতাকে ২৫ মিলিয়ন ডলার এবং দেড় মিলিয়ন পাউন্ড জরিমানা করেছে আদালত। সূত্র: প্রথম আলো



**২৫ ডিসেম্বর, মঙ্গলবার**

- **শুভ বড়োদিন ॥** সারাবিশ্বের মতো বাংলাদেশেও সাড়ম্বরে ও উৎসবমুখর পরিবেশে দিবসটি উদ্‌যাপন করছে খ্রিষ্ট ধর্মাবলম্বীরা। সূত্র: প্রথম আলো
- **উত্তপ্ত বাক্যবিনিময় ॥** জাতীয় সংসদ নির্বাচনে পুলিশের ভূমিকা নিয়ে জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষনেতা ড. কামাল হোসেন ও প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদার মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময় হয়েছে। বাক্যগুলো এতটাই তিক্ত ছিল যে, শেষ পর্যন্ত ঐক্যফ্রন্টের নেতারা ক্ষুব্ধ হয়ে নির্বাচন কমিশনে কোনো অভিযোগ জমা না দিয়েই চলে যান। সূত্র: প্রথম আলো
- **সিইসির পদত্যাগ চাইল জাতীয় ঐক্যফ্রন্ট ॥** পক্ষপাতমূলক আচরণের অভিযোগ তুলে প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ চেয়েছে জাতীয় ঐক্যফ্রন্ট। সুষ্ঠু নির্বাচনি পরিবেশ তৈরিতে ব্যর্থ হয়েছে অভিযোগ করে সিইসির অবিলম্বে পদত্যাগ চায় তারা। সূত্র: প্রথম আলো
- **নির্বাচনি প্রচারের হামলায় আহত ২৭ ॥** ঢাকা-৩ আসনে গণসংযোগের সময় বিএনপির প্রার্থী ও দলটির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়ের ওপর হামলার অভিযোগ পাওয়া গেছে। এতে গয়েশ্বর চন্দ্র রায়সহ বিএনপির ২০ জন নেতাকর্মী আহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৬ ডিসেম্বর, বুধবার**

- **শান্তিপূর্ণ পরিবেশ ॥** আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি-জামায়াত-ঐক্যফ্রন্ট আগামী জাতীয় সংসদ নির্বাচনের শান্তিপূর্ণ পরিবেশ নষ্ট করছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **২৫৮টি আসনে প্রার্থী দিয়েছে বিএনপি ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি এককভাবে ২৫৮টি আসনে প্রার্থী দিয়েছে। বাকি ৪২টি আসন ছেড়েছে ২০-দলীয় জোট ও জাতীয় ঐক্যফ্রন্টের শরিকদের। এর মধ্যে ২৩টি আসনে ধানের শীষের প্রার্থীর প্রার্থিতা উচ্চ আদালতে স্থগিত করা হয়েছে। সূত্র: যুগান্তর
- **তারুণ্যের শক্তি, বাংলাদেশের সমৃদ্ধি ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আওয়ামী লীগের দেওয়া ইশতেহার নিয়ে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন 'তারুণ্যের শক্তি, বাংলাদেশের সমৃদ্ধি' শীর্ষক এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা ও অটিজম বিশেষজ্ঞ সায়মা

ওয়াজেদ হোসেন বলেছেন, দেশের নির্বাচনে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে তরুণ-তরুণীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৭ ডিসেম্বর, বৃহস্পতিবার**

➢ **নির্বাচনি প্রচারের শেষদিন ॥** নির্বাচনি প্রচারের শেষদিনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টাঙ্গাইল, কুমিল্লা, যশোর, পাবনা, পঞ্চগড়ে এবং অডিও কনফারেন্সে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় নির্বাচনি সভায় যোগ দিয়ে আওয়ামী লীগ সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ভোটের দিনে কেউ সন্ত্রাসী কর্মকাণ্ড করতে এলে তাকে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **কারাবন্দিরা ভোট দিতে পারছেন না ॥** বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াসহ যেসব রাজনৈতিক ব্যক্তিত্ব, প্রতিদ্বন্দ্বী প্রার্থী কারাগারে রয়েছেন– একাদশ জাতীয় সংসদ নির্বাচনে তারা তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না বলে জানিয়েছে নির্বাচন কমিশন। যদি আদালত অনুমতি দেয় তাহলে তাঁরা ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **আইনশৃঙ্খলা বাহিনী ব্যর্থ হলে সেনাবাহিনী পদক্ষেপ নেবে ॥** নির্বাচনে নিয়মিত আইনশৃঙ্খলা বাহিনী কোনো পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হলে সেখানে সেনাবাহিনী গিয়ে কাজ করবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শাহাদাত হোসেন চৌধুরী। পুলিশিং কাজ কখনোই সশস্ত্রবাহিনী করে না বলে, তিনি বলেন, 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর অধীনে সশস্ত্রবাহিনী দায়িত্ব পালন করবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

➢ **নির্বাচন কমিশনারের সঙ্গে আর্ল রবাট মিলারের সাক্ষাৎ ॥** প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদার সঙ্গে সাক্ষাৎ শেষে এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবাট মিলার বলেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে দৃশ্যত বিরোধীদলের প্রার্থীরাই সহিংসতার শিকার হচ্ছেন। গত দুই সপ্তাহ ধরে চলমান ব্যাপক নির্বাচনি সহিংসতায় যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন। আগামী ৩০ ডিসেম্বরের জাতীয় সংসদ নির্বাচন সহিংসতামুক্ত ও শান্তিপূর্ণ দেখতে চায় যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ



➢ **জাতিসংঘ মহাসচিবের আহ্বান ॥** নিউইয়র্কে জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস এক বিবৃতিতে বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভয়ভীতিহীন ও দমন-পীড়নহীন পরিবেশ নিশ্চিত করতে সব পক্ষের কাছে আহ্বান জানিয়েছেন। নির্বাচন যাতে শান্তিপূর্ণ, বিশ্বাসযোগ্য ও অংশগ্রহণমূলক হয়, এ কথাও বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

**২৮ ডিসেম্বর, শুক্রবার**

➢ **প্রচার শেষ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শেষ হয়েছে। এখন ভোটের অপেক্ষা। মাত্র একদিন পর ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন। সূত্র: যুগান্তর

➢ **সজাগ ও সতর্ক থাকতে হবে ॥** আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ভোটকেন্দ্র ও তার আশেপাশে এলাকায় জ্বালাও-পোড়াও, বিশৃঙ্খলা ও ভোট বানচালের চেষ্টা যাতে কেউ করতে না পারে সেজন্য সবাইকে সজাগ ও সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। সূত্র: যুগান্তর

➢ **সেনাবাহিনীর নিয়মিত টহল ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সারাদেশে সেনাবাহিনীর টহল বৃদ্ধি পেয়েছে। নির্বাচন কমিশন ১৫ ডিসেম্বর থেকে সেনাবাহিনী মাঠে নামানোর ঘোষণা দিলেও ২৪ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনে সেনাবাহিনী মাঠে নামানো হয়। সূত্র: যুগান্তর

➢ **নতুন পররাষ্ট্রমন্ত্রী ইব্রাহিম আল আসাফ ॥** মন্ত্রিসভাসহ প্রশাসন ও নিরাপত্তা বাহিনীর গুরুত্বপূর্ণ পদে ব্যাপক রদবদল করেছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ। রাজকীয় ডিক্রির মাধ্যমে গত বৃহস্পতিবার দেশটির নতুন পররাষ্ট্রমন্ত্রী করা হয়েছে ইব্রাহিম আল আসাফকে। আর পররাষ্ট্রমন্ত্রী আদেল আল জুবেইরকে পদাবনতি দিয়ে প্রতিমন্ত্রী করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

➢ **সবচেয়ে বেশি বয়সি ব্যক্তির মৃত্যু ॥** রিচার্ড ওভারটন ছিলেন বিশ্বর সবচেয়ে বয়স্ক ব্যক্তি। ১১২ বছর বয়সে বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের টেক্সাসে মারা গেছেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

**২৯ ডিসেম্বর, শনিবার**

- **ভোটারদের ভোটাধিকার ॥** সম্মিলিত সামরিক হাসপাতালে আওয়ামী লীগ নেতা ডা. মাহবুবুর রহমানকে দেখতে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি কারও অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে সবার প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- **ঐক্যফ্রন্ট ভোটের মাঠে টিকে থাকবে ॥** ড. কামাল হোসেনের নেতৃত্বে ঐক্যফ্রন্টের নেতারা প্রথমে স্থানীয় সাংবাদিকদের ও পরে বিদেশি গণমাধ্যমের সামনে সংবাদ সম্মেলন করেন। সম্মেলনে ড. কামাল ঘোষণা দেন যে কোনো উপায়েই নির্বাচনে শেষ পর্যন্ত মাঠে থাকবেন তারা। সূত্র: সমকাল
- **নির্বাচনের সার্বিক পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলন ॥** রোববার অনুষ্ঠেয় জাতীয় সংসদ নির্বাচনের নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে দায়িত্বরত সব বাহিনীর প্রতি নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা। নির্বাচনের সার্বিক পরিস্থিতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ নির্দেশ দেন। পাশাপাশি দল-মতের ঊর্ধ্বে থেকে নির্ভয়ে সবাইকে দায়িত্ব পালনের জন্য নির্বাচনসংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন তিনি। নির্বাচনি প্রতিযোগিতা যেন সহিংসতায় রূপ না নেয় সেজন্য অংশগ্রহণকারী দল ও প্রার্থীদের দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান জানান সিইসি। সূত্র: সমকাল
- **সেনাবাহিনীর ৫০ হাজার সদস্য মোতায়েন ॥** সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ বলেছেন, 'জাতীয় সংসদ নির্বাচনে সারাদেশে সেনাবাহিনীর ৫০ হাজার সদস্য মোতায়েন রয়েছে। যদি প্রয়োজন হয় তাহলে আরও সেনাসদস্য নিয়োজিত করার জন্য স্ট্যান্ডবাই রাখা হয়েছে।' সূত্র: সমকাল
- **অন্তত ৪০ জন সন্দেহভাজন জঙ্গি নিহত ॥** মিসরে পর্যটকবাহী বাসে হামলার জবাবে সন্দেহভাজন ৪০ জন জঙ্গিকে হত্যা করা হয়েছে বলে জানিয়েছে দেশটির পুলিশ। সূত্র: সমকাল

**৩০ ডিসেম্বর, রোববার**

- **জাতীয় নির্বাচন সম্পন্ন ॥** সারাদেশে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন। সূত্র: যুগান্তর



- **জনগণ নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে পুনর্নির্বাচিত করবে ॥** নিজের ভোট দিয়ে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, আমার বিশ্বাস দেশের মানুষ স্বাধীনতার সপক্ষের শক্তিকে জয়ী করতে নৌকায় ভোট দেবে। তিনি এ-ও বলেন, নির্বাচনে যে ফলাফলই আসুক না কেন, আমরা অবশ্যই তা মেনে নেব। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। সূত্র: সমকাল
- **'ফলাফল' প্রত্যাখ্যান জাতীয় ঐক্যফ্রন্টের ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে পাওয়া ফলাফল প্রত্যাখ্যান করেছে জাতীয় ঐক্যফ্রন্ট। এই ফলাফল বাতিল করে নির্দলীয় সরকারের অধীনে পুনর্নির্বাচন দাবি করেন তাঁরা। সংবাদ সম্মেলনে ঐক্যফ্রন্টের আহ্বায়ক ড. কামাল হোসেন এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- **নির্বাচনি সহিংসতা ॥** দেশের বিভিন্ন স্থানে আজ ভোটের দিন ও গতকাল শনিবার রাতে নির্বাচনি সহিংসতায় ১৭ জন নিহত ও ৩০৪ জন আহত হয়েছেন। আহত ব্যক্তিদের মধ্যে ৮ জন পুলিশ সদস্য। সূত্র: কালের কণ্ঠ
- **নির্বাচনি পরিবেশ ॥** প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা বলেছেন, সারাদেশে নির্বাচনের পরিবেশ ভালো। কিছু জায়গায় বিচ্ছিন্ন ঘটনা ঘটলেও সেগুলো নিয়ন্ত্রণে রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- **পর্যবেক্ষকদের সন্তুষ্টি প্রকাশ ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন সার্ক, ইসলামি সহযোগী সংস্থা-ওআইসি, ভারত ও নেপালের পর্যবেক্ষকরা। আজ বিভিন্ন ভোটকেন্দ্র পরিদর্শন করে তাঁরা তাঁদের পর্যবেক্ষণ সাংবাদিকদের জানান। সূত্র: কালের কণ্ঠ

**৩১ ডিসেম্বর, সোমবার**

- **নিরঙ্কুশ জয় আওয়ামী লীগের ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় পেয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন। নির্বাচন কমিশন ২৯৮টি আসনের বেসরকারি ফলাফল ঘোষণা করেছে। এতে ২৫৯টি আসন পেয়েছে আওয়ামী লীগ। এইচএম এরশাদের জাতীয় পার্টি পেয়েছে ২০টি আসন। বিএনপি

৫টি, ওয়ার্কার্স পার্টি ৩টি, জাসদ ২টি, বিকল্পধারা ২টি, গণফোরাম ২টি এবং তরিকত ফেডারেশন ও জেপি পেয়েছে ১টি করে আসন। স্বতন্ত্র প্রার্থীরা পেয়েছেন ৩টি আসন। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ

- **রাষ্ট্রপতির অভিনন্দন ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। আবদুল হামিদ বলেন, 'আমি অভিনন্দন জানাচ্ছি দেশবাসীসহ বিজয়ী সব প্রার্থীকে। আমি ধন্যবাদ জানাচ্ছি অংশগ্রহণকারী সব রাজনৈতিক দলের নেতাকর্মী ও নির্বাচনসংশ্লিষ্ট সবাইকে, যাদের সক্রিয় সহযোগিতায় একাদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হয়েছে।' সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **মহাজোটের জয় ॥** আওয়ামী লীগের নিরঙ্কুশ জয় ও টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হতে যাওয়া আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করলেন রাজনৈতিক ব্যক্তি ও সেনাবাহিনীর প্রধানসহ বিভিন্ন সংস্থার শীর্ষকর্মকর্তারা। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **শেখ হাসিনাকে বিশ্বনেতাদের অভিনন্দন ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের পর প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিজেপির সাধারণ সম্পাদক রাম মাধব, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব দেব, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ও প্রধানমন্ত্রী লি কেচিয়াং, ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক ও প্রধানমন্ত্রী লোটে শেরিং এবং ফিলিস্তিন প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ইসির সংবাদ সম্মেলন ॥** বাংলাদেশে বিরোধী জোট নির্বাচনের ফল প্রত্যাখ্যান করে পুনরায় নির্বাচন আয়োজনের দাবির পরিপ্রেক্ষিতে এক সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা বলেছেন, যে নির্বাচন হয়েছে, তা নতুন করে করার আর কোনো সুযোগ নেই। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ



- **সার্ক হিউম্যান রাইটস ফাউন্ডেশন ও ইলেকশন মনিটরিং ফোরামের মন্তব্য ॥** একাদশ জাতীয় সংসদ নির্বাচন অতীতের চেয়ে অনেকাংশে ভালো, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে বলে মন্তব্য করেছে সার্ক হিউম্যান রাইটস ফাউন্ডেশন ও ইলেকশন মনিটরিং ফোরাম। সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সার্ক হিউম্যান রাইটস ফাউন্ডেশনের মহাসচিব ও ইলেকশন মনিটরিং ফোরামের নির্বাহী পরিচালক আবিদ আলী। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **ভলিবল খেলাকে কেন্দ্র করে সংঘর্ষে নিহত এক ॥** গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় ভলিবল খেলাকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে ফয়জর আলী শেখ (৪৫) নামে এক ব্যক্তি নিহত ও ৫ জন আহত হয়েছেন। নিহত ফয়জর আলী শেখ উপজেলার দক্ষিণ হিরণ গ্রামের আজিজুল শেখের ছেলে। সূত্রঃ দৈনিক জনকণ্ঠ
- **বছরের সেরা মুসলিম ব্যক্তিত্ব মাহাথির মোহাম্মদ ॥** ২০১৮ সালের সেরা মুসলিম ব্যক্তিত্ব নির্বাচিত হয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ডা. মাহাথির মোহাম্মদ। জর্ডানভিত্তিক ম্যাগাজিন 'দ্য মুসলিম ফাইভ হান্ড্রেড' এর নির্বাচিত ৫০০ মুসলিমের মধ্যে সবচেয়ে সফল ব্যক্তি হিসেবে মনোনীত হয়েছেন তিনি। সূত্রঃ যুগান্তর

## ২০১৮ সালের উল্লেখযোগ্য ঘটনাবলি : দেশ-বিদেশ

- ২০১৮ সালের সর্বাধিক আলোচিত ঘটনা ছিল একাদশ জাতীয় সংসদ নির্বাচন। এ বছর ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত এই নির্বাচনে জয়লাভ করে স্বাধীনতা-সংগ্রামে নেতৃত্বদানকারী রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগ। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হন।
- ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি বিশেষ আদালত জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দোষী সাব্যস্ত করে পাঁচ বছরের কারাদণ্ড দেন। আদালত কর্তৃক এ রায় ঘোষণার পর খালেদা জিয়াকে সেখান থেকে পুরান ঢাকার নাজিমউদ্দিন রোডের পুরোনো কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়।
- ২০১৮ সালের ১০ জুন মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে এশিয়া কাপ ক্রিকেট ফাইনালের ম্যাচে টানা ছয়বারের চ্যাম্পিয়ন ভারতকে ৩ উইকেটে হারিয়ে শিরোপা জেতে বাংলাদেশের মেয়েরা। নারী ক্রিকেট দলের তো বটেই, দ্বিপক্ষীয় সিরিজে দেশের বাইরে আন্তর্জাতিক ক্রিকেটে এটাই বাংলাদেশের প্রথম শিরোপা জয়।
- ২৯ জুলাই বেপরোয়া বাসের চাপায় ঢাকার শহিদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থী নিহত হলে স্কুল-কলেজের শিক্ষার্থীরা সড়কের নিরাপত্তার দাবিতে ঢাকাসহ দেশজুড়ে ব্যাপক আন্দোলন গড়ে তোলে। এক পর্যায়ে আন্দোলনকারী শিক্ষার্থীরাই রাজপথে যানবাহন নিয়ন্ত্রণের দায়িত্ব নিজেদের কাঁধে তুলে নেয়। সর্বস্তরের জনসাধারণ আন্দোলনের প্রতি সমর্থন জানায়।
- সংবিধানের ষোড়শ সংশোধনী বিষয়ে আদালতের রায়ের জেরে সরকারের সঙ্গে বিরোধে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার (এসকে) সিনহা পদত্যাগ ও দেশত্যাগ করেন। ছুটিতে থাকা অবস্থায় কানাডা যাওয়ার পথে ১০ নভেম্বর সিঙ্গাপুরে বাংলাদেশের হাইকমিশনে তিনি রাষ্ট্রপতি বরাবর পদত্যাগপত্র জমা দেন।



- কোরীয় উপদ্বীপকে সম্পূর্ণ পরমাণুমুক্তকরণের প্রতিশ্রুতি দিয়ে সিঙ্গাপুরের স্যান্তোসা দ্বীপে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উনের মধ্যে ঐতিহাসিক বৈঠক অনুষ্ঠিত হয় ১২ জুন। প্রথমবার এ দুই দেশের শীর্ষ পর্যায়ের এ ধরনের বৈঠকে পিয়ংইয়ংয়ের ভূমিকার বিষয়ে তারা একটি চুক্তিতে স্বাক্ষর করেন।
- ২ অক্টোবর নির্বাসিত সৌদি সাংবাদিক ও প্রখ্যাত লেখক জামাল খাসোগি তুরস্কের ইস্তানবুলে সৌদি কনস্যুলেটে প্রবেশের পর তাঁকে হত্যা করা হলে বিশ্বজুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। খাসোগি সৌদি আরবের ভিন্নমতাবলম্বী, বিশেষ করে সৌদি যুবরাজ সালমানের কট্টর সমালোচক হিসেবে পরিচিত ছিলেন। ২১ অক্টোবর সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত দৃশ্যে খাসোগির কনসুলেটে প্রবেশের ছবি দেখা যায়। তুরস্কের কর্মকর্তারা প্রথম থেকেই বলছিলেন, খাসোগিকে হত্যা করা হয়েছে। তুর্কি তদন্তকারীদের দাবি, সৌদি আরব থেকে আগত একটি ঘাতক স্কোয়াডের ১৫ জন এজেন্ট কনসুলেটের ভেতরেই খাসোগিকে নির্মমভাবে হত্যা করেছে। এ হত্যাকাণ্ডে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের দিকেই ওঠে সন্দেহের তির। পরে তারা দাবি করে, 'এজেন্টদের সঙ্গে হাতাহাতিতে' খাসোগীর মৃত্যু হয়েছে। খাসোগির স্বজনরা তাঁর লাশ ফেরত চাইলে সৌদি আরব তা ফিরিয়ে দিতে ব্যর্থ হয়।
- মিয়ানমার সেনাবাহিনী কর্তৃক দেশটির রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর চালিত নির্যাতনের প্রমাণ আন্তর্জাতিক গণমাধ্যমে প্রকাশ হয়। এই বর্বর নির্যাতনের প্রমাণ পায় জাতিসংঘের তদন্ত দলও। কিন্তু মিয়ানমার সেনাবাহিনীর পক্ষ থেকে এই বর্বরতা সম্পর্কে শুরু থেকেই কিছু না বলা এবং সংকট নিরসনে কার্যকর ভূমিকা রাখতে না পারায় মিয়ানমারের স্টেট কাউন্সেলর ও নোবেলজয়ী নেত্রী অং সান সু চিকে বছরজুড়েই যেমন তিরস্কারের মুখোমুখি হতে হয়েছে, তেমনি কানাডাসহ বেশ কয়েকটি দেশ ও আন্তর্জাতিক সংস্থা একের পর এক তাঁকে দেওয়া পদক ও সম্মাননা ফিরিয়ে নিয়েছে।

- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে যুক্তরাজ্যের আনুষ্ঠানিক প্রক্রিয়া ব্রেক্সিট নিয়ে বিরোধীদের পাশাপাশি নিজ দল এবং নিজের মন্ত্রিসভায় বিব্রতকর অবস্থায় পড়েন ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে। বিষয়টি নিয়ে ধারাবাহিক আলোচনার পর বছরের শেষ নাগাদ ইইউর সঙ্গে সম্পাদিত একটি চুক্তিতে বলা হয়, বিচ্ছেদের পর যুক্তরাজ্য ও ইইউ যদি এমন কোনো বাণিজ্য চুক্তি করতে ব্যর্থ হয়, যা আয়ারল্যান্ডে সীমান্ত চৌকি স্থাপন অনিবার্য করে তুলবে, তবে এর সীমান্ত খোলা রাখতে যুক্তরাজ্যের অংশ নর্দান আয়ারল্যান্ড ইইউর আইনের অধীনে থাকবে।
- ২০১৭ সালে জনপ্রিয় হয়ে উঠা হ্যাশট্যাগ মি টু আন্দোলন সামাজিক যোগাযোগ মাধ্যমে ২০১৮ সালে ব্যাপক প্রসার ঘটে। যুক্তরাষ্ট্র, ইউরোপের দেশগুলোসহ এশিয়াতেও এই আন্দোলনের ঢেউ এসে লাগে। যুক্তরাষ্ট্রের সুপ্রিমকোর্টের অ্যাটর্নি জেনারেল পদের নমিনি ব্রেট কাভানার বিরুদ্ধে ২৭ সেপ্টেম্বর স্বদেশি অধ্যাপক ক্রিস্ট্রিন ব্রেইজি ফোর্ড সিনেট জুডিশিয়ারি কমিটিতে সাক্ষ্য দেন। ভারতের একজন মন্ত্রীর বিরুদ্ধে একাধিক অভিযোগ ওঠার পর তিনি পদত্যাগ করতে বাধ্য হন। দক্ষিণ কোরিয়ায়ও এমন বিষয় নিয়ে বিক্ষোভ হয়।
- সৌদি আরবের নারীরা এ বছরের ২৪ জুন গাড়ি চালানোর অধিকার লাভ করেন। আইনটি পাস হওয়ার আগে কোনো পরিবারের গাড়ি থাকলেও কোনো পুরুষ সদস্য কিংবা ভাড়া করা চালক ছাড়া নারীরা গাড়ি ব্যবহার করতে পারতেন না।
- ২০১৮ সালের জুনে বিশ্বকাপ চলাকালে থাইল্যান্ডের এক গুহায় আটকে পড়া ১২ কিশোর ও তাদের ফুটবল কোচকে অক্ষতভাবে উদ্ধারে চলে শ্বাসরুদ্ধকর অভিযান। ৯ দিনের টানা অনুসন্ধানের পর গুহার ভেতরে তাদের খোঁজ মেলে। ১৭ দিন পর ওই কিশোর ফুটবলার ও তাদের কোচকে গুহা থেকে বাইরে নিয়ে আসা সম্ভব হয়।



## ২০১৮ সালে যাদের হারিয়েছি

- মুক্তিযোদ্ধা-ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণী ৭১ বছর বয়সে ৬ মার্চ রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ইন্তেকাল করেন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য সরকার ২০১৬ সালে তাঁকে মুক্তিযোদ্ধা খেতাব দেয়। এর আগে ২০১০ সালে তিনি স্বাধীনতা পদক পান।
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও দৈনিক সমকালের সম্পাদক, দেশবরেণ্য সাংবাদিক গোলাম সারওয়ার চিকিৎসাধীন অবস্থায় ১৩ আগস্ট সিঙ্গাপুরের একটি হাসপাতালে ইন্তেকাল করেন। একুশে পদকপ্রাপ্ত এই সাংবাদিকের বয়স হয়েছিল ৭৫ বছর।
- 'একাত্তরের জননী'খ্যাত বীরাঙ্গনা রমা চৌধুরী ৩ সেপ্টেম্বর ভোরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইহলোক ত্যাগ করেন। ৭৯ বছর বয়সি রমা চৌধুরী দীর্ঘদিন ডায়াবেটিস, গলব্লাডার স্টোন, অ্যাজমাসহ বিভিন্ন বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। ১৯৩৬ সালে চট্টগ্রামের বোয়ালখালীতে জন্মগ্রহণকারী রমা চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি নেন। মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে দুই ছেলেকে হারানোর পাশাপাশি তিনি নিজের সম্ভ্রমও হারান।
- দেশের ব্যান্ডসংগীতের অন্যতম অগ্রপথিক ও গিটারিস্ট আইয়ুব বাচ্চু ৫৬ বছর বয়সে ১৮ অক্টোবর সকালে রাজধানী ঢাকার নিজ বাসায় হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুর খবরে সর্বত্র নেমে আসে শোকের ছায়া।
- বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা তারামন বিবি (৬১) ১ ডিসেম্বর ইন্তেকাল করেন। ১৯৭১ সালে তারামনের বয়স ছিল ১৩ বা ১৪ বছর। তিনি তখন মুক্তিযুদ্ধে ১১নং সেক্টরের অধীনস্থ এলাকায় নিজ গ্রামে ছিলেন। এ সময় তারামন বিবি অনেক সম্মুখযুদ্ধে পুরুষ মুক্তিযোদ্ধাদের সঙ্গে অংশ নেন।

➢ 'নয়নমণি', 'দুই পয়সার আলতা', 'সুন্দরী', 'গোলাপী এখন ট্রেনে', 'গোলাপী এখন বিলেতে', 'ভাত দে', 'জন্ম থেকে জ্বলছি', 'কসাই', 'সখিনার যুদ্ধ'-এর মতো দর্শকনন্দিত চলচ্চিত্রের নির্মাতা এবং গুণী অভিনয়শিল্পী আমজাদ হোসেন ১৪ ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় থাইল্যান্ডের বামরুনগ্রাদ হাসপাতালে ইন্তেকাল করেন।

➢ পাকিস্তানের প্রতিবাদী কণ্ঠস্বর, প্রখ্যাত আইনজীবী আসমা জাহাঙ্গীর (৬৬) লাহোরের একটি হাসপাতালে ১১ ফেব্রুয়ারি ইন্তেকাল করেন। আসমা জাহাঙ্গীরের বাবা মালিক গোলাম জিলানী ১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তান সেনাবাহিনীর গণহত্যার প্রতিবাদ করার কারণে নিগৃহীত হন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য আসমা জাহাঙ্গীরের বাবাকে ২০১৩ সালে সম্মাননা দেয় বাংলাদেশ সরকার।

➢ সর্বকালের সবচেয়ে বেশি বিক্রি হওয়া বইয়ের অন্যতম 'অ্যা ব্রিফ হিস্ট্রি অব টাইম'-এর লেখক ব্রিটিশ পদার্থবিদ স্টিফেন হকিং ১৪ মার্চ চলে যান না-ফেরার দেশে। ব্ল্যাকহোল বা কৃষ্ণ গহ্বর ও আপেক্ষিকতা নিয়ে গবেষণার জন্য বিশ্বজোড়া খ্যাতি এই বিজ্ঞানীর বয়স হয়েছিল ৭৬ বছর।

➢ ভারতের সাবেক প্রধানমন্ত্রী ও ভারতীয় জনতা পার্টির সাবেক সভাপতি 'ভারতরত্ন' খেতাবপ্রাপ্ত অটল বিহারি বাজপেয়ী প্রায় দুই মাস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৯৩ বছর বয়সে ১৩ আগস্ট দিল্লিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য ২০১৫ সালে 'মুক্তিযোদ্ধা সম্মাননা' পান।

➢ ভারত তথা উপমহাদেশের বিশিষ্ট সাংবাদিক, লেখক ও রাজনৈতিক বিশ্লেষক কুলদীপ নায়ার এ বছর ২২ আগস্ট ৯৫ বছর বয়সে দিল্লির একটি হাসপাতালে পরলোকগমন করেন। তাঁর বিখ্যাত কলাম 'বিটুইন দ্য লাইন' দেশ-বিদেশের ১৭টি ভাষার ৮০টি পত্রিকায় ছাপা হতো।

➢ জাতিসংঘের মহাসচিব হিসেবে দুই মেয়াদে দায়িত্বপালনকারী কফি আনান মারা যান এ বছরের ১৮ আগস্ট। তাঁর জন্ম ১৯৩৮ সালে আফ্রিকার ঘানায়। জাতিসংঘকে পুনরুজ্জীবিত করে মানবাধিকারকে প্রাধান্য দেওয়ায় ২০০১ সালে জাতিসংঘ এবং আনান যৌথভাবে



শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তিনিই প্রথম জাতিসংঘের নিজস্ব কর্মকর্তাদের মধ্য থেকে মহাসচিব হন এবং সংস্থাটির আমলাতন্ত্রের সংস্কার করেন।

➢ দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম নেতা উইনি ম্যান্ডেলা এ বছরের ২ এপ্রিল ৮১ বছর বয়সে পরলোকগমন করেন। তিনি দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলার সাবেক স্ত্রী।

➢ যুক্তরাষ্ট্রের ৪১তম প্রেসিডেন্ট জর্জ এইচডব্লিউ বুশ (সিনিয়র বুশ) ৯৪ বছর বয়সে ৩০ নভেম্বর মারা যান। মার্কিন ভাইস প্রেসিডেন্ট হিসেবে দুই মেয়াদে দায়িত্ব পালনের পর ১৯৮৯ সালে দেশটির প্রেসিডেন্ট হন।

OOO

নোট



নোট

নোট



নোট